The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা
উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 889 | 26 September 2025 | শুক্রবার ১১ আশ্বিন ১৪৩২


China and India are sponsors of the Ukraine war Trump
→ Page 18


Govt regrets over troubling incident in NY, vows legal
→ Page 19


Rents continued climbing across the board Queens
→ Page 18


Mamdani works to win NYC's Black voters
→ Page 19

### ড. ইউনূসের দুই মেয়েসহ ১০৪ জনের লটবহর

# দূতাবাসের গোপন মিশনে রাজনৈতিক তান্ডব!

আজকাল রিপোর্ট



যুক্তরাষ্ট্রে বাংলাদেশ দূতাবাস ও জাতিসংঘ স্থায়ি মিশনের গোপন পরিকল্পনার অংশ হিসেবে রাজনৈতিক তান্ডব ঘটিয়ে প্রধান উপদেষ্টা ড. ইউনূসের সফরসঙ্গীদের হেনস্থা করার অভিযোগ উঠেছে। জাতিসংঘে ১০৪ জনের বিশাল লটবহরে ড. ইউনূসের ২ মেয়ে, আসিফ নজরুলসহ ৬ উপদেষ্টা, ২১ জন সামরিক কর্মকর্তা (নিরাপত্তা), চৌধুরী আশিক মাহমুদ, বিনিয়োগ বোর্ড বিডার এরপর ৩৯ পৃষ্ঠায়

## আখতারকে নিরাপত্তা দিতে ব্যর্থদের শাস্তি চাই : নাহিদ

ঢাকা অফিস

নিউইয়র্কের বিমানবন্দরে আখতার হোসেনকে হেনস্তা ও তাঁর ওপর ডিম নিক্ষেপের ঘটনার প্রতিবাদ জানিয়েছে এনসিপি। আখতার হোসেনসহ অন্যদের নিরাপত্তা দিতে 'ব্যর্থতার' জন্য দায়ী এরপর ২৮ পৃষ্ঠায়



## ডিম নিক্ষেপকারি মিজানকে হাসিনার ফোন

আজকাল রিপোর্ট

নিউ ইয়র্কে জাতীয় নাগরিক পার্টি'র (এনসিপি) সদস্য সচিব আখতার হোসেনের ওপর ডিম নিক্ষেপকারী ও জেষ্ঠ সদস্য সচিব ডা. তাসনিম জারাকে হেনস্থাকারি যুবলীগ নেতা মিজানুর রহমান চৌধুরীকে গ্রেফতারের ১ দিন পর ২৩ সেপ্টেম্বর জামিনে এরপর ৩৯ পৃষ্ঠায়

## নিউইয়র্কে ডিম নিক্ষেপকারীকে টাকা দিয়ে গ্রেপ্তার আ.লীগ নেতা



ঢাকা অফিস

নিউইয়র্কে এনসিপির সদস্য সচিব আখতার হোসেনের ওপর ডিম নিক্ষেপের ঘটনায় ঢাকা থেকে টাকা পাঠাবার অভিযোগে পুলিশ একজনকে গ্রেপ্তার করেছে। তিনি নিষিদ্ধ আওয়ামী লীগের সাংস্কৃতিক বিষয়ক উপ-কমিটির এরপর ২৮ পৃষ্ঠায়

## কোন ষড়যন্ত্রই নির্বাচন রুখতে পারবে না

### প্রধান উপদেষ্টার প্রেস সচিব

আজকাল রিপোর্ট

কোন ষড়যন্ত্রই ফেব্রুয়ারির সংসদ নির্বাচন রুখতে পারবে না। এ ব্যপারে অর্ন্তবর্তিকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. ইউনূস বদ্ধ পরিকর। ১৫ ফেব্রয়ারির পর এরপর ২৭ পৃষ্ঠায়

## 'গোল্ড কার্ড' ভিসার দাম ১০ লাখ ডলার

### আমেরিকান নাগরিকত্ব নিয়ে ট্রাম্পের ব্যবসা

আজকাল রিপোর্ট



ট্রাম্পের 'গোল্ড কার্ড' ভিসার দাম ১০ লাখ ডলার। মিলবে যুক্তরাষ্ট্রে নাগরিকত্ব। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প একটি নতুন নির্বাহী আদেশে একটি নতুন 'গোল্ড কার্ড' ভিসা প্রোগ্রাম চালুর ঘোষণা দিয়েছেন। এই কর্মসূচির অধীনে উচ্চ আর্থিক সক্ষমতাসম্পন্ন বিদেশিরা যুক্তরাষ্ট্রে স্থায়ী বসবাসের সুযোগ পাবেন। নতুন 'গোল্ড কার্ড' ভিসা প্রোগ্রামটির মূল লক্ষ্য হলো এমন 'অসাধারণ' এবং 'শীর্ষ স্তরের' মানুষদের যুক্তরাষ্ট্রে নিয়ে আসা। যারা আমেরিকানদের জন্য ব্যবসা ও কর্মসংস্থান তৈরি করতে পারবেন। এই ভিসার জন্য আবেদন করতে ব্যক্তিগতভাবে একজন বিদেশিকে মার্কিন ট্রেজারিতে ১০ লাখ ডলার দিতে হবে। যদি কোনো আমেরিকান করপোরেশন কোনো এরপর ২৭ পৃষ্ঠায়

আরবি শিখুন, বাচ্চাদের শেখান
Contact Us
আপনার জন্য থাকবে একজন একান্ত নিবেদিত শিক্ষক, যিনি কেবল আপনাকেই শেখাবেন। বাংলা বা ইংরেজিতে শিখতে পারবেন। সন্তুষ্টি গ্যারান্টি ও সাশ্রয়ী মাসিক ফি।
যোগাযোগ: (646) 400-0786
TWO FREE SESSIONS!

Real Estate
New York, Dubai & Dhaka
Mijan Rahman
Chairman & CEO
Mijan Real Estate Limited
Mijan Multi Services Inc.
Mijan Home Care Inc.
Mijan Travel Inc.
M&F Trading Inc.
ঢাকার বসুন্ধরা, পূর্বাচল, উত্তরা, ধানমন্ডি, বনানী, গুলশানে বাড়ি, প্লট ও ফ্ল্যাট ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন।
+1 917-631-5050 RealtorMijan@gmail.com

সরকারী অনুদানে বাসা ও ব্যবসা প্রতিষ্ঠানে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?
GREE MECHANICAL YONKERS
সরকারী অনুদান $8000-$10000 ডলার।
বিস্তারিত জানতে কল করুন
914-222-9477, 914-989-0089
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave,Yonkers NY 10710
তোফায়েল চৌধুরী

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ২টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $20.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312065

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন, নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরুহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs • Inquiries • Collections • Garnishment • Bankruptcy • Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কন্সট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকালাঙ্গ শিশুর জন্য, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ
917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury
Attorney at Law

RAJIB AHMED
PRESIDENT & CEO
LICENSED REAL ESTATE EXPERT
MEGA insurance BROKERAGE
TLC UBER, LYFT, YELLOWCAB, BLACK CAR
ইন্স্যুরেন্সের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
আমরা দিচ্ছি ফ্রি কোটেশন সুবিধা
TAXI-LIMOUSINE INSURANCE EXPERT
WE OFFER DMV/TLC SERVICES & CLAIMS
Uber lyft NYC TAXI
DIRECT: 718-730-5290 OFFICE: 212-721-0001
32-47 57TH ST, WOODSIDE, NY 11377

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স
পেরোল | বিজনেস সেটআপ
ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেল্থ কেয়ার এজেন্সী
হোম কেয়ার
PCA & CDPAP SERVICE
সর্বোচ্চ পেমেন্টের নিশ্চয়তা
Please Contact
Shah Nawaz MBA
President & CEO
646-591-8396
Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com


NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR ADULT DAY CARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
Health Insurance for New Yorkers
CenterLight
HealthSystem
Anthem.
Hamaspik
MANAGED CARE
MetroPlusHealth
S W H
Senior Whole Health.
FUHAD HUSSAIN
LIFE & HEALTH INSURANCE AGENT
MOHAMMAD ZAHID ALAM
CHIEF FINANCIAL OFFICER
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF
SHAH NAWAZ GROUP
Design by: ihopeprint.com, 929-538-7903
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ
GROUP
CONTACT US:
Off: 718-516-3425
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
78-06 101 Ave, Suite C
Ozone Park, NY 11416

ড. মাহরুফ চৌধুরী-এর লেখক
সঙ্গীত চর্চা ও ধর্ম শিক্ষা: তর্ক-বিতর্কের জায়গাটি কোথায়?
১০ পৃষ্ঠায়



সামছুদ্দীন আজাদ-এর লেখক
জয় বাংলা ছিল মুক্তিযুদ্ধের চেতনা শ্লোগান
০৬ পৃষ্ঠায়



ড. মাহবুব উল্লাহ্-এর
লেখক ফিলিস্তিনিদের প্রতি সহমর্মিতা জাগ্রত হোক
১২ পৃষ্ঠায়







# ভিন্নমাত্রার আবেদন নিয়ে নবান্নের চাইনিজ

আজকাল রিপোর্ট

বাংলাদেশিদের হাব হিসেবে পরিচিত জ্যাকসন হাইটসের নবান্ন রেস্টুরেন্ট নতুন সাজে হাজির হয়েছে ভোজনবিলাসীদের কাছে। উপরের তলায় শত শত মানুষের আনাগোনায় মুখরিত। কিন্তু সিঁড়ি দিয়ে নীচে নামলেই ভিন্ন এক জগতে প্রবেশ করবেন খাবার পিপাসুরা। কাঁচ আর নানা কারুকার্যে ঘেরা আধুনিক সাজে সজ্জিত চাইনিজ রেস্টুরেন্ট। বাঙালীয়ানার শোভা দেয়ালে দেয়ালে। নীরবতা ও পারিবারিক পরিবেশের হাতছানী এই চাইনিজে। সেখানে প্রবেশ করা মাত্রই বাঙালী এরপর ৪২ পৃষ্ঠায়

# নিউইয়র্কে ফিলিস্তিনকে রাষ্ট্রের স্বীকৃতি দিল ফ্রান্স

আজকাল রিপোর্ট

নিউ ইয়র্কে জাতিসংঘে ভাষণ দিতে গিয়ে ফরাসি প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রন বলেন, শান্তির সময় এসে গেছে এবং গাজার চলমান যুদ্ধকে কোনোভাবেই ন্যায়সঙ্গত বলা যায় না। বৃটেন, কানাডা ও অস্ট্রেলিয়ার পর এবার ফিলিস্তিনকে রাষ্ট্রের স্বীকৃতি দিলো ফ্রান্স। ওদিকে মার্কিন প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্পের মঙ্গলবার জাতিসংঘ সাধারণ পরিষদে ভাষণ দেয়ার কথা। জর্ডান ও কাতারের মতো আঞ্চলিক প্রভাবশালী দেশগুলোর নেতারাও এতে ভাষণ দেবেন। সোমবার ফ্রান্স ও সৌদি আরব আয়োজিত একদিনের সম্মেলনে যুক্তরাষ্ট্র যোগ দেয়নি। ওই সম্মেলনের মূল লক্ষ্য ছিল দ্বিরাষ্ট্রভিত্তিক সমাধানের রূপরেখা। জি-৭ সদস্য জার্মানি ও ইতালিও এতে অনুপস্থিত ছিল। ইতিমধ্যে বৃটেন, কানাডা, অস্ট্রেলিয়া ও পর্তুগাল স্বীকৃতি দিয়েছে ফিলিস্তিন রাষ্ট্রকে। এরপর বেলজিয়াম, লুক্সেমবার্গ, এরপর ৩৬ পৃষ্ঠায়

## জাতিসংঘ সাধারণ অধিবেশনে ট্রাম্পের ভাষণ

# চীন ও ভারতের বিরুদ্ধে ক্ষোভ প্রকাশ

আজকাল রিপোর্ট



প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্প এবার হোয়াইট হাউসে দ্বিতীয় দফা ফেরার পর জাতিসংঘে তাঁর প্রথম ভাষণে নির্দয়ভাবে কটাক্ষ করেছেন বলে সংবাদমাধ্যমগুলো উল্লেখ করেছে। গত মঙ্গলবার জাতিসংঘ সাধারণ পরিষদে দেয়া এক বক্তৃতায় তিনি অভিযোগ করেন, জাতিসংঘ শান্তি প্রতিষ্ঠায় ব্যর্থ হয়েছে এবং উল্টো অবৈধ অভিবাসনকে উৎসাহিত করছে। যা পশ্চিমা দেশগুলোর ওপর এক ধরনের আক্রমণ এবং এর ফলে এসব দেশ নরকে যাচ্ছে। ট্রাম্প জলবায়ু পরিবর্তন মোকাবিলার বৈশ্বিক উদ্যোগগুলোকেও আক্রমণ করেন। একে তিনি 'বিশ্বের সবচেয়ে বড় প্রতারণা' বলে অভিহিত করেন। তিনি প্রশ্ন তোলেন- জাতিসংঘের উদ্দেশ্য কী? এরা কেবলমাত্র শক্ত শব্দে লেখা চিঠি পাঠায়। ফাঁপা কথায় যুদ্ধ বন্ধ হয় না। ৭৯ বছর বয়সী ট্রাম্প জাতিসংঘ সদরদপ্তরের ভাঙা এসকেলেটর ও খারাপ টেলিপ্রম্পটার নিয়েও বিদ্রূপ করেছেন। জাতিসংঘের প্রকৃত হাল তিনি তুলে ধরেন।

তিনি বলেন, জাতিসংঘ থেকে আমি যা পেয়েছি তা হলো খারাপ এসকেলেটর আর খারাপ টেলিপ্রম্পটার। নিজের বক্তব্যে ট্রাম্প দাবি করেন, তিনি সাতটি যুদ্ধ শেষ করার চেষ্টা করেছেন। তবে রাশিয়ার ইউক্রেন আগ্রাসন এবং হামাসের ২০২৩ সালের ৭ অক্টোবরের আক্রমণের পর গাজায় এরপর ৩৬ পৃষ্ঠায়

# নিউইয়র্ক আন্তর্জাতিক বাণিজ্য মেলা আজ

আজকাল রিপোর্ট

নিউইয়র্কের হৃদয় খ্যাত টাইমস স্কয়ারের প্রাণকেন্দ্রে ম্যারিয়ট মার্কুইস হোটেলে আজ ২৬ সেপ্টেম্বর শুক্রবার শুরু হচ্ছে চতুর্থ নিউইয়র্ক আন্তর্জাতিক বাণিজ্য মেলা ও চেম্বার এক্সপো ২০২৫। গ্রেটার নিউইয়র্ক চেম্বার অব কমার্স এবং বাংলাদেশ ইউএসএ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ ২০২২ সাল থেকে নিয়মিতভাবে এই আয়োজন করছে। এ আয়োজনের প্রতিপাদ্য- ক্রিয়েটিং ইকোনোমিক অপরচুনিটিজ সেইপিং এ বেটার ফিউচার টুগাদের- 'অর্থনৈতিক সুযোগ সৃষ্টি করি, গড়ি উন্নত ভবিষ্যৎ'।
প্রতিবছরের মতো বাংলাদেশ এবারেও বিশেষভাবে আলোচনায় থাকবে। পোশাকশিল্প, তথ্যপ্রযুক্তি এবং পাট- এই তিন খাতকে আলাদা গুরুত্ব দিয়ে উপস্থাপন করা এরপর ২২ পৃষ্ঠায়



# নিহত পুলিশ অফিসার দিদারুলের পরিবারের সঙ্গে প্রধান উপদেষ্টার সাক্ষাৎ

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে বন্দুকধারীর হামলায় বাংলাদেশি বংশোদ্ভূত মার্কিন পুলিশ কর্মকর্তা দিদারুল ইসলামের মৃত্যুতে তার পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন প্রধান উপদেষ্টা প্রফেসর ড. মুহাম্মদ ইউনূস। স্থানীয় সময় গত ২২ সেপ্টেম্বর রাতে নিউইয়র্কের একটি হোটেলে প্রধান উপদেষ্টার সঙ্গে সাক্ষাৎ করেছেন দিদারুল ইসলামের পরিবারের সদস্যরা। এ সময় দিদারুল ইসলামের প্রতি সম্মাননা স্বরূপ পরিবারের সদস্যদের হাতে একটি ক্রেস্ট তুলে দেন প্রধান উপদেষ্টা। এ সময় উপস্থিত ছিলেন দিদারুল ইসলামের এরপর ৪০ পৃষ্ঠায়

# জাতিসংঘের সদর দপ্তরে ট্রাম্পের চলন্ত সিঁড়ি বন্ধ

আজকাল রিপোর্ট

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প মঙ্গলবার (২৩ সেপ্টেম্বর) জাতিসংঘের সদর দপ্তরের চলন্ত সিঁড়িতে পা রাখতে না রাখতেই সেটি থেমে যায়। শুধু তাই নয়, জাতিসংঘের সাধারণ অধিবেশনে বক্তব্য দেওয়ার সময় টেলিপ্রম্পটারটিও (বক্তব্যের লিখিত রূপ ভেসে ওঠার স্ক্রিন) কাজ করছিল না। খবর দিয়েছে দ্য গার্ডিয়ানের। চলন্ত সিঁড়ি এবং টেলিপ্রম্পটার নষ্ট হয়ে যাওয়ার ঘটনায় কিছুটা রেগে গেছেন ট্রাম্প এবং ওয়াশিংটন এ ঘটনাকে গুরুতর ঘটনা হিসেবে দেখছে। হোয়াইট হাউস জানিয়েছে, চলন্ত সিঁড়ি ইচ্ছাকৃতভাবে থামানো হয়েছিল কি না তা খতিয়ে দেখার জন্য তদন্ত শুরু হয়েছে।
হোয়াইট হাউজের প্রেস সেক্রেটারি ক্যারোলিন লেভিট ফক্স নিউজকে বলেন, যদি এরপর ৪০ পৃষ্ঠায়




# কাজী জহিরুল ইসলামকে নিয়ে 'অথর্স টক'

আজকাল রিপোর্ট

নিউইয়র্কের বাংলা ভাষার লেখক ও কবি কাজী জহিরুল ইসলামকে নিয়ে 'অথর্স টক' ও বই স্বাক্ষর অনুষ্ঠান নিউইয়র্কের কুইন্স পাবলিক লাইব্রেরিতে গত ২০ সেপ্টেম্বর অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের শুরুতে লাইব্রেরি ম্যানেজার ক্লিসান বাউতিস্তা স্বাগত বক্তব্য দেন। তিনি বলেন, বহুগ্রন্থের প্রণেতা কবি কাজী জহিরুল ইসলামকে এই সিরিজে পেয়ে লাইব্রেরি কৃতজ্ঞ এবং ভবিষ্যতে আরো বাংলা ভাষার লেখককে যুক্ত করার ইচ্ছা রয়েছে। পরে লাইব্রেরির ঊর্ধ্বতন কর্মকর্তা আরশিয়া হোসেন কবির জীবনের উল্লেখযোগ্য দিক পড়ে এরপর ৪০ পৃষ্ঠায়




ওঁ সর্বমঙ্গল মঙ্গল্যে শিবে সর্বার্থসাধিকে ।
শরণ্যে ত্র্যম্বকে গৌরি নারায়ণী নমোহস্তুতে ॥
শ্রী শ্রী শারদীয় দুর্গা পূজা ২০২৫ ইং
স্থান ঃ দিব্যধাম সেবাশ্রম মন্দির
৩৪-৬৩ ৫৬ স্ট্রিট, উডসাইড, নিউইর্য়ক ১১৩৭৭
সময় ঃ সকাল ১০:০০ টা-রাত ১১:০০টা
তারিখ : ২৭শে সেপ্টেম্বর (শনিবার) থেকে ১লা অক্টোবর (বুধবার)
কলকাতা থেকে আগত সারেগামাপা শিল্পী
নৃত্যানুষ্ঠান
Live Music
উপস্থাপনায় ঃ
উৎপল চৌধুরী
তপু মন্ডল
শ্রেয়সী ভট্টাচার্য্য
বিপ্লব চক্রবর্তী
বিশেষ আকর্ষন:
ধামাইল নৃত্য ও ভাতিয়া
রাত ১০:০০ টা
শাহ মাহবুব
কৃষ্ণা তিথী
প্রণব কর্মকার
তমা চক্রবর্তী
দেবাশীষ কর্মকার
মিতা কর্মকার
উদীপ্ত চৌধুরী
বীণা সরকার
নির্জন
জুলি খাস্তগীর
"আগমনী"
সার্বজনীন পূজা উদ্‌যাপন পরিষদ ইউএসএ, ইন্‌ক

সম্পাদকীয়

# জাতিসংঘস্থ বাংলাদেশ স্থায়ী মিশনকে দায় বহন করতে হবে

জাতিসংঘস্থ বাংলাদেশ স্থায়ী মিশন দায় এড়াতে পারেন না। প্রধান উপদেষ্টা ড. ইউনূসের টিমকে অপদস্থ করা হবে বা করার চেষ্টা করা হবে তা ছিল পূর্ব ঘোষিত। যুক্তরাষ্ট্র আওয়ামীলীগ ঘোষনা দিয়েছে ১৫ দিন আগে 'যেখানে ইউনূসের লোকজন, সেখানেই হামলা'। সকল মিডিয়ায় এ খবর এসেছে। ২২ সেপ্টেম্বরের আগে তারা প্রতিদিন জ্যাকসন হাইটসে সভা সমাবেশ করেছে। বলেছে, ভয়ংকর আঘাত হানা হবে ইউনূস ও তার টিমের উপর।

প্রশ্নটি হচ্ছে বাংলাদেশ ডেলিগেটসের নিরাপত্তার দায়িত্ব কার? জাতিসংঘ সংক্রান্ত সকল দায়ভার নিশ্চিত মিশনের। সরকার প্রধান এই ধরনের প্রোগ্রামে এলে এডভান্স একটি গোয়েন্দা টিম আসে। এবারও নিশ্চয়ই এসেছে। তারা কি শুধু হোটেলে বসে আরাম আয়াসে মগ্ন ছিলেন। তারা কি দায়িত্ব পালন করেছেন? ঝুঁকিপূর্ন এমন পরিস্থিতিতে একটি সিকিউরিটি টিম কি হায়ার করতে পারতেন না? ধরে নিলাম, প্রধান উপদেষ্টার মূল টিম থেকে ফখরুল, আখতার ও জারারা বিচ্ছিন্ন হয়ে পড়েছিলেন। ভিআইপি মর্যাদায় বেরুতে পারেন নি। এ তথ্যটি কি মিশন জানতো না? জানলে তারা কি সরকারের সহায়ক শক্তি বিএনপি নেতাদের জানাতে পারতেন না? তারা তো বিমানবন্দরে ফখরুলকে স্বাগত জানাতেই গিয়েছিল। বিএনপির নেতৃত্ব ধরেই নিয়েছিলেন তাদের নেতারা জনাব ইউনূসের সাথে বেরিয়ে গেছেন। সেতাই তারা কর্মিদের ফিরে যেতে বলেছিলেন। সুযোগটা কাজে লাগিয়েছে আওয়ামী লীগ। ফখরুলের মতো সিনিয়র নেতা বিমানবন্দরে জংবাংলা শ্লোগানের মধ্যদিয়ে বেরিয়ে এলন। শুনতে হলো শিষ্ঠাচার বর্হিভূত কটূক্তি। এনসিপি নেতা আখতারকে ডিম ছুড়ে মারা হলো। পরিচ্ছন্ন, তরুণ ও উচ্চ শিক্ষিতা তাসনিম জারাকে অকথ্য ভাষা হজম করতো হলো। এমনি একটি অপ্রীতিকর ঘটনার দায় কি মিশন এড়াতে পারেন। এর নিরপেক্ষ তদন্ত হওয়া উচিত। অবহেলাকারিদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া জরুরী। কনসাল জেনারেল মোজাম্মেল হক পরিস্কারভাবে বলেছেন, প্রধান উপদেষ্টা ও তার টিমের যাবতীয় দায়িত্ব ছিল পারমানেন্ট মিশনের ওপর। কনস্যুলেটের সেখানে কিছু করার ছিল না।

> কনস্যুলেটের সেখানে কিছু করার ছিল না। সামাজিক যোগাযোগমাধ্যমে পাওয়া ভিডিওগুলোতো স্পষ্টভাবে দেখা গেছে, প্রধান উপদেষ্টার সফরসঙ্গী রাজনীতিবিদদের নিরাপত্তার অভাব ছিল। তবে কেন সরকার ও স্থায়ী মিশন ঘটনা মোকাবিলার জন্য যথাসম্ভব পূর্বপরিকল্পনা ও নিরাপত্তা নিশ্চিত করতে ব্যর্থ হলো?
> বাস্তবতা হলো প্রবাসে এই রাজনৈতিক সহিংসতা শুধু বিদেশে অশান্তি তৈরি করবে না, বরং বাংলাদেশের রাজনীতিকে আরও অস্থিতিশীল করবে। পাশাপাশি সরকার কূটনৈতিক পর্যায়ে নিরাপত্তাসংকট পূরণ করতে ব্যর্থ হয়েছে। বিদেশের মাটিতে দূতাবাসগুলোর নিরাপত্তা ব্যর্থতা বাংলাদেশের অভ্যন্তরীণ সংঘাতকে আরও উসকে দেবে।

সামাজিক যোগাযোগমাধ্যমে পাওয়া ভিডিওগুলোতো স্পষ্টভাবে দেখা গেছে, প্রধান উপদেষ্টার সফরসঙ্গী রাজনীতিবিদদের নিরাপত্তার অভাব ছিল। তবে কেন সরকার ও স্থায়ী মিশন ঘটনা মোকাবিলার জন্য যথাসম্ভব পূর্বপরিকল্পনা ও নিরাপত্তা নিশ্চিত করতে ব্যর্থ হলো?

বাস্তবতা হলো প্রবাসে এই রাজনৈতিক সহিংসতা শুধু বিদেশে অশান্তি তৈরি করবে না, বরং বাংলাদেশের রাজনীতিকে আরও অস্থিতিশীল করবে। পাশাপাশি সরকার কূটনৈতিক পর্যায়ে নিরাপত্তাসংকট পূরণ করতে ব্যর্থ হয়েছে। বিদেশের মাটিতে দূতাবাসগুলোর নিরাপত্তা ব্যর্থতা বাংলাদেশের অভ্যন্তরীণ সংঘাতকে আরও উসকে দেবে।

# নিউইয়র্কে আ.লীগের সহিংস আচরণ, সরকারের ব্যর্থতা ও নতুন সংঘাতের লক্ষণ

আসিফ বিন আলী



বাংলাদেশের অভ্যন্তরীণ রাজনীতির সহিংসতা দেশের সীমানা ছাড়িয়ে বিদেশের মাটিতেও পৌঁছে গেছে অনেক আগেই। যে-ই বিরোধী পক্ষে থাকে, সে-ই প্রবাসে চেষ্টা করেছে নিজেদের আধিপত্য বজায় রাখতে ও ক্ষমতায় থাকা মানুষদের প্রবাসে হেনস্তা করতে। সাম্প্রতিক সময়ে আমরা দেখলাম যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য ও ইউরোপসহ সবখানেই আওয়ামী লীগের (দেশে কার্যক্রম নিষিদ্ধ) সমর্থক দাবি করে এমন কিছু মানুষের সহিংস আচরণ।

সাম্প্রতিকতম ঘটনা হলো আমেরিকার নিউইয়র্কে জন এফ কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছানোর পর জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সদস্যসচিব আখতার হোসেনকে লক্ষ্য করে ডিম ছোড়ার ঘটনা। এই হামলার সঙ্গে প্রবাসী আওয়ামী লীগের স্থানীয় নেতা-কর্মীরাই জড়িত ছিলেন। আখতার হোসেনের সঙ্গে ছিলেন সফরসঙ্গী হিসেবে আসা বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ও এনসিপির জ্যেষ্ঠ যুগ্ম-সদস্য সচিব তাসনিম জারা।

স্থানীয় আওয়ামী লীগের সমর্থকেরা এ সময় তাসনিম জারাকে কটূক্তি বা অশ্লীল মন্তব্য করেন। বাংলাদেশের একজন জ্যেষ্ঠ রাজনীতিবিদ মির্জা ফখরুলও এই অশোভন আচরণ থেকে নিরাপদে ছিলেন না। তাঁরা জাতিসংঘ সাধারণ পরিষদের ৮০তম অধিবেশনে যোগ দিতে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসের সফরসঙ্গী হিসেবে যুক্তরাষ্ট্রে পৌঁছান।

এই ঘটনা মোটেই নতুন নয়। আমরা ইতিপূর্বে দেখেছি, সুইজারল্যান্ডের জেনেভা বিমানবন্দরে আইন উপদেষ্টা ড. আসিফ নজরুলকে একদল আওয়ামী লীগ সমর্থক হেনস্তা করেন। সাম্প্রতিক সময়ে লন্ডনে তথ্য উপদেষ্টা মাহফুজ আলমের ওপর হামলার চেষ্টা করেন আওয়ামী লীগের নেতা-কর্মীরা। ওই সময় হাইকমিশনের গাড়িতে মাহফুজ আছেন, এই সন্দেহে গাড়ির ওপর ডিম নিক্ষেপ করা হয়। কয়েকজন গাড়ির সামনে শুয়ে পড়ার চেষ্টা করেন। তবে পুলিশের হস্তক্ষেপে তাঁদের চেষ্টা ব্যর্থ হয়। আমরা জানতে পারি ওই গাড়ির ভেতরে মাহফুজ আলম ছিলেন না। আওয়ামী লীগের ওই নেতা-কর্মীরা যে মাহফুজ আলমকেই টার্গেট করেছিলেন, সে বিষয়ে সন্দেহের অবকাশ খুব কমই আছে। এর আগে যুক্তরাষ্ট্র সফরেও মাহফুজ আলমকে হেনস্তার চেষ্টা করে আওয়ামী লীগের নেতা-কর্মীরা। নিউইয়র্কে বাংলাদেশ কনস্যুলেট ভবনের কাচের দরজা ভেঙে ফেলেন তাঁরা।

এই ঘটনাগুলো আমাদের কয়েকটি প্রশ্নের মুখোমুখি করে। প্রথম প্রশ্ন, এই ঘটনার দায় কাদের? উত্তর আমেরিকা ও ইউরোপে আওয়ামী লীগের সমর্থকেরা সংগঠিতভাবে জুলাই আন্দোলনে সম্পৃক্ত ব্যক্তিদের ও বিশেষ করে যাঁরা সরকারে আছেন, তাঁদের টার্গেট করে আগ্রাসী বিক্ষোভ করেছেন, অনেক ক্ষেত্রেই সেটি সহিংস হয়েছে।

সরকারপন্থী কারও বিরুদ্ধে প্রবাসে বিক্ষোভ কি নতুন কিছু? যেমন ২০০৮ সালে আওয়ামী লীগ নেতৃত্বাধীন সরকার ক্ষমতায় আসার পর থেকে যখনই ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা যুক্তরাজ্যে রাষ্ট্রীয় বা ব্যক্তিগত সফর করেছেন, প্রতিবারই তাঁর অবস্থানস্থল, এয়ারপোর্ট ও অনুষ্ঠানস্থলের সামনে বিভিন্ন ধরনের বিক্ষোভ ও প্রতিবাদী কর্মসূচি পালিত হয়েছে। যুক্তরাজ্যের বিএনপি মূলত এর আয়োজন করে।

> বাস্তবতা হলো প্রবাসী রাজনৈতিক সহিংসতা শুধু বিদেশে অশান্তি তৈরি করবে না, বরং বাংলাদেশের রাজনীতিকে আরও অস্থিতিশীল করবে। পাশাপাশি সরকার কূটনৈতিক পর্যায়ে নিরাপত্তাসংকট পূরণ করতে ব্যর্থ হয়েছে। বিদেশের মাটিতে দূতাবাসগুলোর নিরাপত্তা ব্যর্থতা বাংলাদেশের অভ্যন্তরীণ সংঘাতকে আরও উসকে দেবে

বাংলাদেশি রাজনীতিতে প্রবাসে নেতাদের টার্গেট করে বিক্ষোভ বা লাঞ্ছনার ঘটনা নতুন নয়। কিন্তু সাম্প্রতিক সময়ে সেটি আরও চরম পর্যায়ে চলে গেছে।

২০১৪, ২০১৮, ২০২৪-এর বিতর্কিত নির্বাচনের মাধ্যমে দেশের গণতান্ত্রিক কাঠামোকে অকেজো করে দিয়ে স্বৈরতান্ত্রিক সরকার প্রতিষ্ঠা করেছিল আওয়ামী লীগ। ২০২৪ সালের জুলাই-আগস্ট মাসে সরকার রাষ্ট্রীয় ক্ষমতা ব্যবহার করে নাগরিকদের বিরুদ্ধে সহিংসতা ও হত্যাযজ্ঞ চালায়। যার প্রেক্ষিতে ক্ষমতাচ্যুত হয় আওয়ামী লীগ। এর নেতৃত্বও পালিয়ে গিয়ে বিদেশে আশ্রয় নেয়।

এই বিষয়ে সন্দেহ নেই যে আওয়ামী লীগ রাজনীতিতে ফেরত আসতে মরিয়া। তবে তারা যে প্রক্রিয়ায় অর্থাৎ প্রবাসে নিজেদের একত্রিত করে সরকার ও জুলাই আন্দোলনের জড়িত ব্যক্তিদের প্রতি আক্রমণাত্মক হয়ে রাজনীতিতে ফেরার চেষ্টা করে, তা বরং জনগণকে আরও বেশি ক্ষুব্ধ করে তোলে তাদের প্রতি। যদিও আওয়ামী লীগের বয়ানে জুলাই গণ-অভ্যুত্থান 'সন্ত্রাসী কার্যক্রম', কিন্তু সেই বয়ান দেশের মানুষের কাছে এবং আন্তর্জাতিক মহলেও অগ্রহণযোগ্য। তাই আওয়ামী লীগ যদি মনে করে গায়ের জোরে ও সহিংসতা করে তারা রাজনীতিতে ফিরতে পারবে, তবে এরপর ২৪ পৃষ্ঠায়

# রাজনীতির মাঠে ডুগডুগি বাজায় কে...

খায়রুল আনোয়ার

রাজনীতির মাঠে বেশ জোরেশোরেই ডুগডুগি বেজে চলেছে। আর এ ডুগডুগির তালে তালে নাচানাচিও জমে উঠেছে। তবে প্রশ্ন হচ্ছে, ডুগডুগিটা বাজাচ্ছে কে? জাতীয় নির্বাচন সামনে রেখে রাজনীতিতে নানামুখী তৎপরতা চলছে। জুলাই সনদ নিয়ে রাজনৈতিক দলগুলোর সঙ্গে ঐকমত্য কমিশনের সংলাপ যেন শেষ হওয়ার নয়। মার্চ মাসে শুরু হওয়া এ সংলাপ সাত মাসেও চূড়ান্ত পরিণতি পায়নি। জুলাই সনদ বাস্তবায়ন ও নির্বাচনের পদ্ধতি নিয়ে রাজনৈতিক দলগুলোর বিভাজন এখন তীব্র হয়ে উঠেছে। জামায়াতে ইসলামীসহ কয়েকটি দল নির্বাচনের আগেই সনদের পূর্ণাঙ্গ বাস্তবায়নের দাবিতে যুগপৎ আন্দোলনে নেমেছে। উচ্চকক্ষ-নিম্নকক্ষ, পিআর, গণভোট, গণপরিষদ এক গোলকধাঁধার মধ্যে ঘুরপাক খাচ্ছে। এ নিয়ে যে অস্থিরতা তৈরি হয়েছে, তা নির্বাচনকে অনিশ্চয়তার দিকে ঠেলে দিচ্ছে। প্রফেসর ইউনূসের অন্তর্বর্তী সরকার 'নির্বাচন দিতে গড়িমসি করছে, কালক্ষেপণ করছে' জুন মাসের আগে এমন অভিযোগ ছিল। এখন সরকার ফেব্রুয়ারিতে নির্বাচন করার দৃঢ় সংকল্পের কথা বারবার জানান দিচ্ছে। এমনকি 'কোনো শক্তি ফেব্রুয়ারিতে নির্বাচন বন্ধ করতে পারবে না' বলে প্রধান উপদেষ্টার প্রেস সচিব ঘোষণা দিয়েছেন। প্রফেসর মুহাম্মদ ইউনূস এরই মধ্যে কয়েকবার ঘোষণা দিয়েছেন, 'আগামী নির্বাচন হবে দেশের ইতিহাসে সেরা নির্বাচন।' আবার কখনো বলেছেন, 'অন্তর্বর্তী সরকার জাতিকে সবচেয়ে সুন্দর নির্বাচন উপহার দেবে।' তিনি এমনও বলেছেন যে, উৎসবমুখর জাতীয় নির্বাচনের মাধ্যমে জাতি নবজন্ম লাভ করবে। তবে প্রধান উপদেষ্টা সম্প্রতি ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধিদলকে বলেছেন, 'কিছু শক্তি এখনো নির্বাচন বিলম্বিত করার চেষ্টা করছে।' এই 'কিছু শক্তি' কারা, তা অবশ্য তিনি খোলাসা করেননি। নির্বাচন বিলম্বিত করার চেষ্টায় নিয়োজিত শক্তি কি রাজনৈতিক দল, নাকি এ চেষ্টায় বিদেশি শক্তি সক্রিয়—এ প্রশ্ন থেকেই যায়।

শেখ হাসিনার স্বৈরাচারী সরকারের পতনের এক বছরের বেশি সময় অতিবাহিত হওয়ার পরও গণতন্ত্রের দাবিতে একসময় আন্দোলনে থাকা দলগুলো সংবিধান সংশোধনসহ নির্বাচনের পদ্ধতি নিয়ে এখনো সমঝোতায় পৌঁছাতে পারেনি। অথচ নির্বাচনের পাঁচ মাসও সময় নেই। নির্বাচন কমিশন নির্বাচনী নকশা তৈরি করার কাজে ব্যস্ত সময় পার করছে। সংবাদপত্রে খবর বেরিয়েছে, ইসিতে পৌঁছাচ্ছে গালা, সিলসহ বিভিন্ন নির্বাচনী সরঞ্জাম। এ ধরনের কেনাকাটার কাজ ৩০ সেপ্টেম্বরের মধ্যে শেষ হবে বলে ইসি জানিয়েছে। ইসির প্রস্তুতিকে অনেকেই ঘোড়ার আগে গাড়ি জুড়ে দেওয়ার মতো মনে করছেন। নির্বাচন কোন পদ্ধতিতে হবে—পিআর নাকি বিদ্যমান পদ্ধতিতে, শুধু ৩০০ আসনের সংসদ নির্বাচন হবে নাকি উচ্চকক্ষ-নিম্নকক্ষের বিধান আসবে, গণভোট-গণপরিষদের বিষয় থাকবে কি না—এর কোনোটারই সুরাহা হয়নি। জাতীয় ঐকমত্য কমিশনের মেয়াদ আরেক দফা বাড়িয়ে ১৫ অক্টোবর করা হয়েছে। এ সময়ের মধ্যে রাজনৈতিক দলগুলো চূড়ান্ত সমঝোতায় পৌঁছাতে পারবে কি না, তা নিয়ে সংশয় থেকেই যায়। ঐকমত্য কমিশন শেষ পর্যন্ত অনৈক্য কমিশনে পরিণত হয় কি না—এ প্রশ্ন তোলা হচ্ছে। কবি রুদ্রপ্রথ আহমদের কবিতার পঙ্ক্তি মনে করে বলতে ইচ্ছে করছে 'সংলাপ শেষ হওয়ার আর কত দেরী পাঞ্জেরী।'



সংলাপে নেতৃত্ব দেওয়া ঐকমত্য কমিশনের সহসভাপতি অধ্যাপক আলী রীয়াজ এরই মধ্যে সতর্কবার্তা দিয়েছেন। সম্প্রতি এক গোলটেবিল বৈঠকে তিনি বলেছেন, আসছে ফেব্রুয়ারিতে নির্বাচন না হলে দেশে অভ্যন্তরীণ অস্থিতিশীলতা বৃদ্ধি পাবে। পাশাপাশি জাতীয় নিরাপত্তাও হবে বিঘ্নিত। এ প্রসঙ্গে অধ্যাপক রীয়াজ বলেছেন, জুলাই সনদ বাস্তবায়ন ও ফেব্রুয়ারিতে নির্বাচন আয়োজনে তিনটি পথ রয়েছে। তার মতে, প্রথম পথ রাজনৈতিক সমঝোতা, দ্বিতীয় পথ সরকার দৃঢ় অবস্থান নেবে, তৃতীয় পথ কিছু না করে বসে থেকে দেখা, কী হয়। প্রথম আলো আয়োজিত ওই গোলটেবিল বৈঠকে অর্থনীতিবিদ ড. দেবপ্রিয় ভট্টাচার্য দ্রুত নির্বাচনের তাগিদ দিয়ে বলেছেন, 'রাজনীতির নিয়ম হলো যতটুকু সম্ভব, ততটুকু করতে হবে। বাকিটার ক্ষেত্রে আকাঙ্ক্ষা থাকতে পারে। এ বাস্তবতা থাকা দরকার।' ড. দেবপ্রিয়র মতে, সংস্কারের বিষয়টির নিষ্পত্তি না হলে চারটি অর্থনৈতিক বিষয়ে এর প্রতিঘাত আসবে। সেগুলো হলো—দ্রব্যমূল্য, শ্রমিক অসন্তোষের আশঙ্কা, কর্মসংস্থান ও বিনিয়োগ।

রাজনীতি ও নির্বাচন ঘিরে যেমন অনিশ্চয়তার মেঘ জমাট বাঁধছে, তেমনি দেশের সামগ্রিক পরিস্থিতিও মোটেই ভালো না। হানাহানি, মারামারি, খুনোখুনি লেগেই আছে। মব-সন্ত্রাস কিছুতেই বন্ধ করা যাচ্ছে না। সর্বশেষ ১৮ সেপ্টেম্বর মাইকে ঘোষণা দিয়ে কুমিল্লায় চার মাজারে হামলা ও আগুন দেওয়ার ঘটনা ঘটেছে। দেশের মানুষ একটি দিনও স্বস্তির সঙ্গে পার করতে পারছে না। জনজীবনে নিরাপত্তাহীনতা প্রবল হয়ে উঠেছে। এমনকি বাংলাদেশ ভ্রমণে উচ্চমাত্রার সতর্কতা জারি করেছে কানাডা। নাগরিকদের উদ্দেশে কানাডা সরকার বলেছে, বাংলাদেশে যে কোনো মুহূর্তে নিরাপত্তা পরিস্থিতির অবনতি ঘটতে পারে, যার আগাম সংকেত নাও এরপর ২৪ পৃষ্ঠায়

> এ নির্বাচন থেকে রাজনৈতিক দল সহ দেশবাসীর অনুধাবনের অনেক কিছু আছে।মান্ধাতার আমলের রাজনৈতিক কলা কৌশল হালে পানি পাবেনা।তা বুঝতে যাদের দেরী হবে তারাই পিছিয়ে পড়বে।আর তাই ডাকসু নির্বাচনের শিক্ষা রাজনৈতিক দল ও পুরা জাতির জন্য সতর্কতা। আশা করা যায় জাতীয় সংসদের নির্বাচনে এর ধারাবাহিকতা অব্যাহত থাকবে

Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights, NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# জয় বাংলা ছিল মুক্তিযুদ্ধের চেতনা শ্লোগান

সামছুদ্দীন আজাদ

প্রিয় পাঠক,এখানে দুটি শ্লোগান উপস্থাপন করলাম। একটি ১৯৭১ সালের শ্লোগান যেখানে স্বাধীনতাকামী বাঙালিরা উজ্জীবিত ছিল অনুপ্রাণিত ছিল - যে শ্লোগান তাদের মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করতে সাহস যুগিয়ে ছিল এবং যার ফলশ্রুতিতে দীর্ঘ নয় মাস যুদ্ধ শেষে স্বাধীন বাংলাদেশের জন্ম হয়েছিল। আর এই শ্লোগানটি দিয়েছিল - বাংলার সাড়ে সাত কোটি মানুষ। আর পরের যে শ্লোগান - ঘরের চালে কাউয়া - তমুক্কের সা... এই শ্লোগানটি মূলত কোন শ্লোগান নয় - এটি একটি জঘন্য খারাপ গালি, এটি কোন মানুষের মুখে উচ্চারণ করার মতো শব্দ নয়।

কিছু অমানুষ যারা এদেশে সন্ত্রাস সৃষ্টি করে দেশ দখল করেছে, তারা নাকি ২৪ এর বিপ্লবী আর এই বিপ্লবী শ্লোগান নাকি ২৪ এর আন্দোলনে প্রেরণা যুগিয়ে ছিল। এদের নেতা ড. ইউনূসের নেতৃত্বে এই সুন্দর বাংলাদেশটা আজ ধ্বংসপ্রাপ্ত। ভাবতে অবাক লাগে ড. ইউনূস একজন অর্থনীতির শিক্ষক - আর তার নেতৃত্বে বাংলাদেশের বিভিন্ন কলেজ বিশ্ববিদ্যালয়ের ছেলেমেয়েরা এভাবে প্রকাশ্যে অসভ্য আর অশালীন ভাষায় শ্লোগান দিচ্ছে - তিনি দেশটাকে আজ কোথায় নিয়ে গেছেন। আর ওইসব ছেলে মেয়েদের কি কোন বাবা মা নাই? ওদের এই খারাপ শ্লোগান কি ওদের মা বাবার কানে প্রবেশ করে না? অবশ্যই করে। কোন ভদ্র ঘরের ভদ্র মা বাপের সন্তান এভাবে প্রকাশ্যে এমন অশালীন অশ্রাব্য শ্লোগান দিতে পারেনা। এটি সম্ভব কেবল ঠিকানা বিহীন টোকাই যাদের কোন ঘরবাড়ি আশ্রয় নাই, যাদের জন্ম ও বেড়ে ওঠা বস্তিতে - সমাজ সভ্যতা বলে যারা কিছু বোঝেনা - জানেনা। ওইসব সন্তানের পক্ষেই কেবল সম্ভব এসব শ্লোগান দেয়া। এদেশের সভ্য মানুষ - সভ্য সমাজ আজ বিব্রত সরকারি পৃষ্ঠপোষকতায় এমন শ্লোগান দিতে দেয়ার জন্য, শেম ড. ইউনূস, শেম ইউনূসের উপদেষ্টা মন্ডলী, শেম যারা ইউনূসকে সমর্থন করছেন।

আজ বাংলাদেশের পরিণতি কোথায় গিয়ে দাঁড়াচ্ছে - বাংলাদেশ আজ এই পৃথিবীর সবচেয়ে খারাপ জঘন্য বর্বর একটি রাষ্ট্রের পরিণত হয়েছে, এদেশের সমস্ত কৃষ্টি কালচার, আদব-কায়দা ধ্বংস করে দেয়া হয়েছে, ধ্বংস করে দেয়া হয়েছে আমাদের পুরা শিক্ষা ব্যবস্থা - স্কুল, মাদ্রাসা, কলেজ, বিশ্ববিদ্যালয় ধ্বংস করে দেয়া হয়েছে - ছেলেমেয়েরা এখন আর কোন লেখাপড়া পারেনা - বছর শেষে তারা দাবি তুলছে তাদের অটোপাশ দিতে হবে - না হয় শিক্ষা প্রতিষ্ঠান তাণ্ডব করবে, শিক্ষা প্রতিষ্ঠান আসবাবপত্র কাগজপত্র দলিল দস্তাবেজ সব পুড়িয়ে দেবে। বিশ্ববিদ্যালয় আর কলেজ গুলিতে শুধু মিছিল শ্লোগান আর পরস্পর মারামারি, এক কলেজের ছাত্ররা গিয়ে অন্য কলেজে হামলা করে, আবার কলেজ ছাত্ররা আশেপাশে থাকা মার্কেট দোকানপাটে তাণ্ডব করে চাঁদাবাজি করে - ব্যবসায়ীদের উপর চড়াও হয়, দোকানপাটে আগুন লাগিয়ে দেয় - তাদের মারধর করে টাকা পয়সা নিয়ে যায়। আবার তাদের মাথায় ঢুকিয়ে দেয়া হয়েছে আওয়ামী লীগ নিধন করতেই হবে। স্কুল-কলেজে এখন আওয়ামী লীগ সমর্থন করা ছেলে মেয়েরা যেতে পারে না - কোনরকম আওয়ামী সংশ্লিষ্টতার গন্ধ পেলে শুরু হয় মারধর, মেয়েদেরকে এমনকি শিক্ষিকাদেরকে কাপড়চোপড় খুলে উলঙ্গ করা হয় - ধর্ষণ করা হয়, মারধর করে - একেবারে মেরে ফেলা হয় না। মেরে মুমূর্ষ অবস্থায় রেখে ফেলে দেয়। পুরুষ শিক্ষকদের জোরপূর্বক পদত্যাগে বাধ্য করা হয় - তাকে কাপড় চোপড় খুলে ন্যাংটা করে গলায় জুতার মালা পরিয়ে অপমান করে কলেজ বিশ্ববিদ্যালয় থেকে বের করে দেয়া হয়।



আর যারা মাদ্রাসায় পড়েছে এবং পড়াচ্ছে তারা কি করে - তাদের প্রত্যেকের মাথায় টুপি মুখে দাড়ি, হাতে লাঠি - চাপাতি - রামদা - তারা দাবি করে তারা তৌহিদি জনতা - তারা প্রতি শুক্রবারকে বেছে নিয়েছে সন্ত্রাসী কর্মকাণ্ড করার জন্য, জুম্মার নামাজের শেষে লাঠি নিয়ে রাস্তায় বের হয় - আক্রমণ করে কোন রাজনীতিবিদ কে, তার ঘরবাড়িতে আগুন জ্বালিয়ে দেয়া হয়, মাজারে সুফি সাধকরা ঘুমিয়ে আছেন - যারা এই বাংলায় হাজার হাজার বছর পূর্বে ইসলাম প্রচারে এসেছিলেন ওইসব সাধক সন্ন্যাসীর কবর মাজারে ভেঙে দেয়া হয় - কোন ভক্ত অনুরক্ত থাকলে তাকে পিটিয়ে মেরে ফেলা হয়, এরপর ওই সাধক যেখানে শুয়ে আছেন সেই কবর তাণ্ডব করা হয় - কবরে আগুন লাগিয়ে দেয়া হয়। সর্বশেষ নুরা পাগলার লাশ কবর থেকে তুলে এনে পুড়ে ছাই করে ফেলা হয়। সারাদেশে একযোগে চলছে সন্ত্রাস চাঁদাবাজি। একদিকে বিএনপি একদিকে জামাত আরেক দিকে এনসিপির মৌলবাদীরা - সমানতালে চাঁদাবাজি, লুটপাট, হত্যা, ধর্ষণ চালিয়ে যাচ্ছে। সম্প্রতি বিএনপ্থির সন্ত্রাসীরা যে ভয়াবহ নৃশংসতা চালিয়েছে সারা বিশ্বের মানুষ দেখেছে সামাজিক যোগাযোগ মাধ্যমে। সোহাগ পরিবহনের অফিসে হামলা করে বিএনপ্থির সন্ত্রাসীরা ২০ লক্ষ টাকা লুটপাট করে নিয়ে গেছে - কর্মরত যারা ছিলেন সোহাগ পরিবহনের অফিসে তাদের এলোপাথাড়ি কুপিয়ে পালিয়ে যায় বিএনপ্থির সন্ত্রাসীরা। একুশে আগস্ট এর গ্রেনেড হামলার অন্যতম প্রধান আসামি তারেক রহমান, মানুষ হত্যার দায়ে তার ফাঁসির আদেশ দিয়েছিল আদালত, আজ তাকে

এরপর ২২ পৃষ্ঠায়




চট্টগ্রাম বন্দরকে বিশ্বমানের বন্দরে পরিণত করা, চালনা বন্দরকে আধুনিক বন্দরে রূপান্তরিত করা, পায়রা বন্দর নির্মাণ করে অর্থনীতিতে যুগান্তকারী উদাহরণ সৃষ্টি করেছেন শেখ হাসিনা। মহাকাশে বঙ্গবন্ধু স্যাটেলাইট স্থাপন করে বাংলাদেশের মান অনেক উঁচুতে নিয়ে গেছেন তিনি। সবচেয়ে দুঃসাধ্য যে কাজটি শেখ হাসিনা করে গেছেন চট্টগ্রাম থেকে কক্সবাজার পর্যন্ত রেললাইন স্থাপন করে, দুর্গম পাহাড়, খাল বিল নদী নালা সংস্কার করে সেখানে সমতল ভূমি তৈরি করে যে অসাধ্য সাধন তিনি করে গেছেন আগামী শত বছর পরেও এমন সাহসী, দৃঢ় মনোবল সম্পন্ন একজন দেশ প্রেমিক নেতা এই বাংলায় আর কোনদিন জন্ম নেবে না। সারা দেশের মানুষ এখন বলছেন, শেখ হাসিনাই ভালো ছিলেন'

# জনপ্রতিনিধি নির্বাচন

আব্দুর রাজ্জাক

এখনো আমাদের সমাজে ভয়ভীতি প্রদর্শনের নমুনা আছে, যেটা আমরা আগে দেখেছি, ভবিষ্যতে সেই ব্যবস্থা যেন না দেখি, সেই জন্যই আমাদের সতর্কতা অবলম্বন করা দরকার। কথায় কথায় আমরা বলি, জনগণই ক্ষমতার উৎস। কথাটা সত্যি, জনগণ যাঁকে নির্বাচিত করে তিনিই জনগণের প্রতিনিধিত্ব করেন। তবে সেই জনতা হতে হবে সচেতন জনতা, যে জনতা সঠিক ব্যক্তিকে নির্বাচিত করবে, নিজের স্বার্থ হাসিল করে জনগণের দোহাই দিয়ে ভুল মানুষকে নির্বাচিত করবে না। আমরা সেই জনতাকে চাই, যে জনতা লোভ-লালসার উর্ধ্বে উঠে সঠিক ব্যক্তিকে নির্বাচন করবে, সঠিক প্রতিনিধিকে সংসদে পাঠাবে অথবা স্থানীয় সরকারের সর্বোচ্চ পর্যায়ে পাঠাবে, সেই জনতাকে দেখতে চাই, যে জনতা আসলেই হয়ে উঠবে ক্ষমতার উৎস

পারিপার্শ্বিক অবস্থা, রাজনৈতিক সিদ্ধান্ত, লোকমুখের প্রচার ও রাষ্ট্রীয় ব্যবস্থাপনা বিশ্লেষণ করলে এক বাক্যে উপনীত হওয়া যায় যে নির্বাচন আসন্ন। কিছুটা দ্বিমত ও সন্দেহ প্রকাশ করছেন কেউ কেউ। তবে নির্বাচন হলে কারা জনপ্রতিনিধি হবেন, তা নিয়ে কথা বলা দরকার।



জনপ্রতিনিধি হওয়ার যোগ্যতা কী? যোগ্যতা বলতে বোঝাচ্ছি শিক্ষাগত যোগ্যতা, জনগণকে সেবাদানের যোগ্যতা, মানুষকে সেবা দেওয়ার জন্য নিঃস্বার্থভাবে প্রতিনিধি প্রস্তুত কি না, সেই যোগ্যতা। এসব যোগ্যতা বিশ্লেষণ করেই জনপ্রতিনিধি নির্বাচন করা উচিত। সারা বিশ্বের গণতান্ত্রিক সমাজে এই ধরনের মানুষকেই তাদের প্রতিনিধি হিসেবে নির্বাচিত করে।

জাতীয় নির্বাচনে কে কোন পার্টির প্রার্থী, সেই পার্টির আদর্শ কী, এটা মানুষ অবশ্যই বিবেচনায় নেয়। জাতীয় স্বার্থে, সার্বিকভাবে জাতির উন্নতির স্বার্থে কর্মসংস্থান ও রাষ্ট্র ব্যবস্থাপনার ম্যানিফেস্টো বিশ্লেষণ করে, ওই দলের প্রতিনিধিকে ভোট দেওয়ার ক্ষেত্রে বিষয়টা হিসাবে ধরে। বাংলাদেশের স্বাধীনতা-সার্বভৌমত্ব রক্ষার ক্ষেত্রে কোন দল বেশি অবদান রেখেছে, জনগণের মতামতকে কোন দল সব সময় অগ্রাধিকার দেয়, এটাও মাথায় রেখে জনগণ ভোট দেয়। কোন দলের মধ্যে গণতন্ত্র আছে, নিজের দলের মধ্যে গণতন্ত্র আছে কি না, সেটাও কিন্তু জনগণ বিবেচনায় নেয় অনেক ক্ষেত্রেই। তবে বেশির ভাগ ক্ষেত্রেই মানুষ স্থানীয় প্রার্থীর যাবতীয় যোগ্যতা, গুণাগুণ, আচার-ব্যবহার সাধারণ মানুষের মধ্যে মিথস্ক্রিয়া বিবেচনায় নিয়ে জনপ্রতিনিধি নির্বাচনের চেষ্টা করে।

আমাদের দেশে যখন নির্বাচন অনুষ্ঠিত হবে, তার কয়েক মাস আগেই আপনারা রাস্তাঘাটে, পথেপ্রান্তরে বিভিন্ন রঙের বিভিন্ন সাইজের পোস্টারে লেখা দেখবেন, অমুক ভাইয়ের চরিত্র, ফুলের মতো পবিত্র। অমুক ভাই চায় কী জনগণের শান্তি। অমুক ওয়ার্ডের একটি ফুল, নাম তার...রুল। সংগত কারণে নামটি উল্লেখ করলাম না। তোমার ভাই আমার ভাই অমুক ভাই অমুক ভাই। এ রকম শ্লোগানসংবলিত পোস্টার-ব্যানার-ফেস্টুন নির্বাচন আসার আগে আগে দেখতে পাব, অতীতেও দেখেছি। যে কথা পোস্টারে, ব্যানারে, ফেস্টুনে লেখা থাকে, সেগুলো বিশ্লেষণ করলে দেখবেন, যে ভাইয়ের চরিত্র ফুলের মতো পবিত্র বলা হচ্ছে, তা শুনলে ফুল আর ফুটবে না। যে ভাই জনগণের শান্তি চায়, তার চরিত্র বিশ্লেষণ করলে দেখবেন ওই অঞ্চলের যত অশান্তির মূলে ওই ভাই। আবার যে সবার ভাই, তার চরিত্র বিশ্লেষণ করলে দেখবেন আসলে সে সবার সাক্ষাৎ যমদূত। আমি উল্লেখ করেছি অমুক ওয়ার্ডের একটি ফুল, নাম তার... রুল। আসলে সে ওই ওয়ার্ডের কয়েকটি খুনের মামলার আসামি, সবচেয়ে কুখ্যাত ব্যক্তি। কিন্তু তাঁর চরিত্রকে পোস্টার-ফেস্টুন-ব্যানারে চিত্রায়িত করা হয়েছে ফুলের মতো পবিত্র হিসেবে। ওপরের লিখিত এই ধরনের পোস্টার, বিলবোর্ড, ফেস্টুনের কোনো দোষ দেখি না, যে যার কথা তো বলবেই, অবশ্যই সবাই সবাইকে নিজের চরিত্র সম্পর্কে ভালো ধারণা দেওয়ার চেষ্টা করবেন। এই ক্ষেত্রে আমাদের করণীয় কী, সেই সম্পর্কে আমরা কী সিদ্ধান্ত নেব, তার দায়িত্ব তো আমাদের নিজেদের। আজকের আলোচনার মূল বিষয়বস্তু, সাধারণ জনগণ কাকে নির্বাচিত করবে? প্রার্থীরা নিজেদের প্রচার চালিয়ে গেলেন, আমরা শুনলাম, দেখলাম, বুঝলাম, তারপর আমরা যদি সঠিক সিদ্ধান্ত না নিতে পারি, তাহলে তো নির্বাচিত প্রতিনিধিদের খুব একটা দোষ দেওয়া যাবে না।

বহু বছর ধরে আমরা দেখে আসছি, সঠিক যোগ্য ব্যক্তি অনেক স্থান থেকেই নির্বাচিত হয়ে আসেন না। আমাদের মজ্জাগত একটা ধারণা-কোন প্রার্থী কত টাকা খরচ করতে পারবেন, তিনি এলাকায় নির্বাচিত হওয়ার আগেই কী ধরনের উন্নয়নকাজ করেন, সাহায্য-সহযোগিতা করেন-এসবের ওপরই আমরা নির্ভর করে ভোট প্রদান করি। আমরা কোনো সময় ভেবে দেখি না যে ভদ্রলোক নির্বাচনের আগে যে টাকা খরচ করলেন, তার উৎস কী, তাঁর এত টাকা খরচ করার সামর্থ্য আছে কি না। নিঃস্বার্থভাবে মানুষকে ভালোবাসা, নিঃস্বার্থভাবে এলাকার উন্নয়ন করা, নিঃস্বার্থভাবে মানুষের মঙ্গলের জন্য নিজের জীবনকে ব্যয় করার মানুষ আমাদের সমাজে আছে, তবে যাঁকে আমরা নির্বাচিত করব, তাঁর সেই যোগ্যতা আছে কি না, সেটা বিবেচনার ব্যাপার। শুধু শ্লোগানের মাধ্যমে যে কথাগুলো বলে, তার ওপর বিশেষ নজর না দিয়ে তাঁর চরিত্রের গুণাবলির ওপর নজর দেওয়া দরকার।

আমাদের দেশের মানুষ হঠাৎ কিছু পেতে চায়। নির্বাচনের আগে কোনো ব্যক্তি এলাকায় গিয়ে প্রতিটা অঞ্চলের ইউনিয়নের গ্রামের মানুষকে নিজের মতো করে পোষ মানিয়ে নেন। এই নিজের মতো করে নেওয়ার মানে হলো, তিনি বেছে বেছে সমাজে যাঁদের একটু গ্রহণযোগ্যতা আছে, তাঁদের টাকা দিয়ে কিনে ফেলেন। এসব মানুষ ওই ব্যক্তির গুণগান করতে থাকেন। একটা কথা আছে-প্রচারেই প্রসার। এ রকম প্রচার পেয়ে অনেকে জনপ্রতিনিধি নির্বাচিত হয়ে যান। তারপর যা হওয়ার তা-ই হয়, এলাকার উন্নয়ন, জনগণের স্বার্থ-এসব আর মনে থাকে না। প্রথমে তাঁর খেয়াল থাকে তিনি কত টাকা খরচ করেছিলেন, সেই টাকার সুদ এবং আসল উশুল করা। এরপর তিনি যান লাভের দিকে। অতএব বুঝে দেখুন, আপনি কাকে নির্বাচিত করেছেন বা করবেন বলে মনস্থির করেছেন, তাঁর অবস্থা কী, তাঁর চারিত্রিক গুণাবলি কী। বর্তমান সময়ে একটা ফ্যাশন হয়ে দাঁড়িয়েছে, নির্বাচনের আগে

এরপর ৪২ পৃষ্ঠায়



# শিবিরের উত্থানের রাজনীতি, বাস্তবতা ও নানা সমীকরণ

> তবে শিবিরের রাজনীতির পর্যবেক্ষণকারী ও সাবেক শিবির নেতাদের মধ্যে অনেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিবিরের একচেটিয়া জয় আশা করেননি। এটিকে তাঁরা শিবিরের জন্য চ্যালেঞ্জিংও মনে করছেন। এতে শিবিরের রাজনীতি জন্য 'বুমেরাং' হওয়ার আশঙ্কাও করছেন তাঁরা। আর, ক্যাম্পাসে কোনো কিছু ঘটলে সবাই মিলে শিবিরের ওপর চাপ তৈরি করবে। ফলে শিবিরের পক্ষে ছাত্র সংসদ চালানো সহজ হবে না। অন্যদিকে শিবিরের রাজনীতির সমালোচকদের মতে, দলটির প্যানেলের একচেটিয়া জয় ক্যাম্পাসে নতুন আধিপত্যবাদী রাজনীতির প্রকাশ ঘটাতে পারে। শিবির-প্রভাবিত ক্যাম্পাসের পুরোনো দিনগুলোর কথাও স্মরণে করিয়ে দেন তাঁরা। তবে চব্বিশের গণ-অভ্যুত্থানের পর সেটি কতটা সম্ভব হবে, সেই প্রশ্নও আছে কারও কারও

রাফসান গালিব



ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) এবারের নির্বাচন এতটা প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ ও উত্তেজনাপূর্ণ হবে, তা ছিল অভাবনীয়। মূলত চব্বিশের গণ-অভ্যুত্থানই সেটি সম্ভব করেছে।

একইভাবে নির্বাচনে ইসলামী ছাত্রশিবির-সমর্থিত প্যানেলের যে ভূমিধস বিজয়, সেটিও ছিল অভাবনীয়, অনেকের কাছে অপ্রত্যাশিতও। নির্বাচনের দিন ও আগের দিন রাত পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে দীর্ঘ সময় কাটিয়ে এবং ফলাফল ঘোষণার পর অনেকের প্রতিক্রিয়া দেখে, তেমনটিই মনে হলো।

ডাকসু নির্বাচনে এবার রেকর্ডসংখ্যক ভোট গ্রহণও ছিল অভাবনীয়। শিবির-সমর্থিত প্যানেলের বিপক্ষে ছাত্রদল, বামপন্থী ও এনসিপি-সমর্থিত সংগঠনের প্যানেলের প্রার্থীদের প্রচারণায় একটি বিষয় লক্ষণীয় ছিল, বেশিসংখ্যক ভোটারদের ভোটকেন্দ্রে আসতে উদ্বুদ্ধ করা। তাঁদের ধারণা ছিল, শিবির-সমর্থিত প্যানেলের ভোট 'ফিক্সড', মানে তাদের ভোটব্যাংক নির্দিষ্ট। সেটাকে ছাপিয়ে যেতে পারে বেশিসংখ্যক ভোট গ্রহণের মধ্য দিয়েই। অবাক করা বিষয় হচ্ছে, শিবিরই বরং এটির সবচেয়ে বেশি সুফলভোগী হয়েছে। প্রাপ্ত ভোটে কয়েকটি পদে তাদের নিকটতম প্রতিদ্বন্দ্বীর সঙ্গে ব্যবধানকে 'নিকটতম' বলা যায় না, দূরবর্তীই বলতে হবে। এমনকি স্বতন্ত্র প্রার্থীরা ছাড়া বিভিন্ন দল-সমর্থিত প্রার্থীদের ভোটের যোগফল থেকেও কয়েকটি পদে শিবিরের প্রার্থীরা বেশি ভোট পেয়েছেন। ফলে বিভিন্ন দল-সমর্থিত প্রার্থীদের মধ্যে ভোট ভাগ হয়ে যাওয়ায় শিবির-সমর্থিত প্রার্থীরা জিতে এসেছেন, সেই যুক্তিও আসলে সব ক্ষেত্রে টেকে না।

সর্বত্র এখন একটাই আলোচনা, শিবিরের এই অভাবনীয় বিজয়ের কারণ কী? এখানে যেমন শিবিরের পরিকল্পিত সাংগঠনিক প্রস্তুতির বিষয়টি সামনে এসেছে, আবার রেকর্ডসংখ্যক ভোট পড়া নিয়ে কোনো সূক্ষ্ম কারচুপি বা ইলেকশন ইঞ্জিনিয়ারিং হয়েছে কি না, সেই সন্দেহেরও প্রকাশ ঘটেছে। যদিও নির্বাচনের দিন দৃশ্যমান কিছু অনিয়ম ও অব্যবস্থাপনা দেখা গেছে, যাকে ঢালাওভাবে কারচুপি বলাটা সংগত হবে না। যদিও ইতোমধ্যে ডাকসুতে শিবিরের প্রতিদ্বন্দ্বী প্যানেল ও প্রার্থীরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সঙ্গে দেখা করে নির্বাচন নিয়ে তাঁদের কিছু অভিযোগ জানিয়েছেন।



শিবির অপেক্ষাকৃত ভালো করতে যাচ্ছে, বিশেষ করে প্রধান তিন পদের একটিসহ আরও কিছু পদে জিততে যাচ্ছে, সেটি প্রচারণার শুরু থেকে ধারণা করা যাচ্ছিল। কিন্তু প্রধান তিনটি পদই তারা পেতে যাচ্ছে, এটি যখন নির্বাচনের দিন সন্ধ্যার কিছু সময় পর থেকে ক্যাম্পাসজুড়ে চাউর হতে থাকল, তা অনেকে বিশ্বাস করতে পারছিলেন না। সে সময় শিবিরের বিপক্ষে তো অবশ্যই, পক্ষে থাকা কয়েকজন শিক্ষার্থীদের সঙ্গে কথা বলে মনে হলো, তাঁদের কাছেও বিষয়টি অবিশ্বাস্য ঠেকছে।

এ রকম অনেক না-মেলা হিসাব-নিকাশ থেকে হয়তো কারও কারও মনে ইলেকশন ইঞ্জিনিয়ারিংয়ের বিষয়টি ঢুকে গেছে। কিন্তু বিষয়টি এখন পর্যন্ত আমাদের সন্দেহ, অবিশ্বাস বা অভিযোগ আকারেই দেখতে হবে। কারণ, এর কোনো নির্ভরযোগ্য তথ্যপ্রমাণ আমাদের কাছে নেই। আবার জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে জাকসুতেও শিবিরের অধিকাংশ পদে জিতে আসার বিষয়টিও আমাদের মাথায় রাখতে হবে। অনেকের মতে, এসব বিশ্ববিদ্যালয়ে শিবিরের সাংগঠনিক ভিত্তি কতটা শক্তিশালী ছিল, সেটি অধিকাংশের কাছে স্পষ্ট ছিল না। ফলে শিবিরের এই সাফল্য অনেকের কাছে অকল্পনীয় মনে হচ্ছে, অনেকে মেনে নিতে পারছেন না।

ঢাকা বিশ্ববিদ্যালয় ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে শিবিরের এই উত্থানের পেছনে অনেকগুলো প্রশ্ন সামনে আসছে। যেমন কেন এসব বিশ্ববিদ্যালয়ের মতো প্রগতিশীল, অসাম্প্রদায়িক ও মুক্তচিন্তাচর্চার বৃহত্তর পরিসরে শিবিরের মতো ধর্মীয় রাজনীতির ছাত্রসংগঠন এতটা জনপ্রিয়তা পেল? তাদের কী ধরনের সাংগঠনিক প্রস্তুতি ছিল? ঢাকা বিশ্ববিদ্যালয় বা জাহাঙ্গীরনগরকে চিন্তাগত জায়গায় যেসব মানদণ্ডে দেখা হতো, সেখানে কী পরিবর্তন ঘটে গেছে? এ ছাড়া শিবিরের এ সাফল্যের বিপরীতে অন্য ছাত্রসংগঠনগুলোর ব্যর্থতা কতটা ভূমিকা পালন করেছে?

ডাকসুর ফলাফল ঘোষণার পর থেকে এসব নিয়ে নাগরিক সমাজে নানামুখী চুলচেরা বিশ্লেষণ চলছে। ডান-বাম-মধ্যপন্থী রাজনীতি নির্বিশেষে রাজনৈতিক কর্মী, সাবেক রাজনৈতিক কর্মী, সাবেক ডাকসু সদস্য, রাজনৈতিক বিশ্লেষক, শিক্ষক, শিক্ষার্থী, সাংবাদিক, অ্যাকটিভিস্ট-যাঁর যাঁর পর্যবেক্ষণ হাজির করছেন। তাঁদের অনেকের সঙ্গে কথা বলেছি। এর মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিবিরের রাজনীতির সঙ্গে যুক্ত ছিলেন, এমন কয়েকজনও আছেন।

চব্বিশের গণ-অভ্যুত্থান নিঃসন্দেহে শিবিরকে ক্যাম্পাস রাজনীতিতে প্রকাশ্যে আসতে, স্বাভাবিক সাংগঠনিক কার্যক্রম চালাতে এবং বিশ্ববিদ্যালয়গুলোতে প্রভাব বিস্তার করতে বড় সুযোগ এনে দিয়েছে। অধিকাংশজনের বক্তব্যে প্রকাশ পাচ্ছে, ফ্যাসিবাদী শাসনে ক্যাম্পাসে যে অগণতান্ত্রিক ও বলপ্রয়োগের রাজনীতি ছিল, সেখানে সবচেয়ে বেশি কোণঠাসা ছিল শিবির।

কিন্তু বাস্তবতা হচ্ছে, নব্বইয়ের পর থেকেই ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিবিরের রাজনীতি একপ্রকার 'নিষিদ্ধ' ছিল। প্রায় কাছাকাছি সময় থেকে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়েও ছাত্রদলের সঙ্গে সংঘর্ষের জেরে ক্যাম্পাস-ছাড়া হয় শিবির। ফলে কয়েক দশকের বাস্তবতা এরপর ২২ পৃষ্ঠায়



# BEST TAX EXPRESS INC.

BEST TAX EXPRESS INC.

# ট্যাক্স

## একটি গুরুত্বপূর্ণ বিষয়

অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন।

tax refund

AUTHORIZED IRS e-file PROVIDER

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং,অডিট,ফাইন্যানসিয়াল স্টেটমেন্ট, বুককিপিং , অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠান, লাইসেন্স ও পে-রোল,আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ।

**Individual And Business Tax, Audit, Financial Statement, Bookkeeping, Non-profit Business Setup, Licensing & Payroll, Specialized In IRS & NYS Tax Problem Resolution**

**FINANCE, ACCOUNTING, TAX FILING, AUDIT & CONSULTING**
**( Business & Non profit )**

**Call Us**
+1 (646) 253-4798
+1 (718) 878-6878

**Email Us**
besttaxexpress@gmail.com

**OpenTime**
Seven Days in a Week
(07.00 AM - 10.00 PM)

**Website**
www.besttaxexpress.com

**Endicott Branch**
103 Washingtone Avenue 2nd Fl, Endicott, NY 13760

**Main Branch**
168-29 Hillside Ave. 2nd floor, Suit-2 Jamaica, NY 11432

**Buffalo Branch**
1288 Fillmore Avenue, Buffalo, NY 14211

**Jamaica Branch**
159-06 Hillside Avenue, Jamaica, NY 11432

**Woodside Branch**
69-07 Roosevelt Avenue 2nd Fl, Woodside, NY 11377

# কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল’



## এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

**Hon. Democratic District Leader at Large, Queens, NY**

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাস্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

# 917-282-9256

**Moin Choudhury, Esq**

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



**Timothy Bompart**
Attorney at Law

## এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
**Immigration**



**Moin Choudhury**
Attorney at Law

(To Schedule Appointment Only)

**Call:917-282-9256**

E-mail: moinlaw@gmail.com

**Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372**

**Manhattan Office By Appointment Only.**

**Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076**

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

# সঙ্গীত চর্চা ও ধর্ম শিক্ষা: তর্ক-বিতর্কের জায়গাটি কোথায়?

ড. মাহরুফ চৌধুরী



অযথা উল্টাসিধা তর্ক-বিতর্ক করা আমাদের সামাজিক অভ্যাসের একটি অংশে পরিণত হয়েছে। এজন্যই হয়তো বাংলা প্রবাদে আমরা তার প্রতিফলন দেখি, 'নাই কাজ তো খৈ ভাজ'। অর্থাৎ কাজের কাজ ফেলে আমরা অনেক সময় অকাজ বা কুকাজে শক্তি, সামর্থ্য ও সময় ব্যয় করি। এর পেছনে রয়েছে আমাদেও সাংস্কৃতিক দারিদ্র্য, যা দীর্ঘদিন ধরে জাতির চিন্তাধারা ও অভ্যাসকে ক্ষতিগ্রস্ত করেছে। তবে সব তর্ককে যে অমূলক বলা যায় তা নয়; কিছু তর্ক-বিতর্ক সমাজের কল্যাণে এবং সময়ের প্রয়োজন মেটাতে অপরিহার্য হয়ে ওঠে। বাংলাদেশের শিক্ষাঙ্গনে সঙ্গীত চর্চা ও ধর্ম শিক্ষা নিয়ে সাম্প্রতিক বিতর্কও এমন একটি গুরুত্বপূর্ণ জাতীয় আলোচনার অংশ। এক শ্রেণির মানুষ মনে করেন, সঙ্গীত মানেই ভোগবাদী সংস্কৃতি ও ধর্মবিরোধী আনন্দের উৎস; অন্যদিকে আরেক শ্রেণি বিশ্বাস করেন সঙ্গীত হলো মানবিকতা ও আধ্যাত্মিকতার স্বতঃস্ফূর্ত বহিঃপ্রকাশ। আসলে এই মতভেদ তৈরি হয়েছে একে অপরের দৃষ্টিভঙ্গিকে যথাযথভাবে অনুধাবন না করা এবং ব্যবহারিক প্রেক্ষাপটের ভিন্ন ব্যাখ্যা থেকে। সঠিকভাবে অনুধাবন করলে স্পষ্ট হয় যে, বিদ্যালয়ে সঙ্গীত চর্চা ও ধর্ম শিক্ষা পরস্পরের পরিপূরক হয়ে উঠতে পারে, যদি আমরা অন্তর্ভুক্তি ও সমন্বয়ের দৃষ্টিতে বিষয়টি বিবেচনা করি।

উপমহাদেশের সামাজিক ও সাংস্কৃতিক ইতিহাস সাক্ষ্য দেয় যে মানুষের দৈনন্দিন জীবনে সঙ্গীত কখনো ধর্ম থেকে বিচ্ছিন্ন ছিল না। এ অঞ্চলে মুসলিম সুফি দরবেশরা সঙ্গীতকে ব্যবহার করেছেন আধ্যাত্মিকতার উন্মেষের হাতিয়ার হিসেবে। তাই আমরা দেখতে পাই, লালন শাহ, হাছন রাজা কিংবা ভাটিয়ালি গানের স্রষ্টারা ধর্ম ও দর্শনকে একসূত্রে গেঁথে মানবিক বার্তা পৌঁছে দিয়েছেন সাধারণ মানুষের কাছে। হিন্দু ঐতিহ্যে কীর্তন ও ভজন একইভাবে সঙ্গীতকে ভক্তির বাহন করেছে। ইসলামি সংস্কৃতিতেও কাওয়ালি কিংবা হামদ-নাত ধর্মীয় চেতনার গুরুত্বপূর্ণ অঙ্গ হয়ে উঠেছে। ফলে জীবনচর্যায় সঙ্গীতকে ধর্মের বিপরীতে দাঁড় করানো ইতিহাস ও বাস্তবতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়।



ঐতিহাসিক দৃষ্টিকোণ থেকে দেখা যায়, ভারতীয় উপমহাদেশে ধর্মীয় আচার-অনুষ্ঠানের সঙ্গেই সঙ্গীতের বিকাশ ঘটেছে। ভক্তিমূলক গান, সুফি সঙ্গীত কিংবা কীর্তন সব ক্ষেত্রেই সঙ্গীতকে আধ্যাত্মিক উন্মেষের মাধ্যম হিসেবে ব্যবহার করা হয়েছে। তবে আধুনিক রাষ্ট্রব্যবস্থায় শিক্ষাক্রমে ধর্ম শিক্ষা আলাদা গুরুত্ব পাওয়ার পর পাঠ্যসূচিতে সঙ্গীতের অবস্থান অনেকের মনে দ্বিধাদ্বন্দ্বের জন্ম দিয়েছে। দর্শনের দিক থেকে সঙ্গীতকে বলা যায় নন্দনতত্ত্বের অনন্য অভিব্যক্তি। গ্রিক দার্শনিক প্লেটো সঙ্গীতকে আত্মার উৎকর্ষ সাধনের এক মাধ্যম হিসেবে বিবেচনা করেছিলেন। আবার আল-ফারাবি ও ইবনে সিনার মতো মুসলিম দার্শনিকরা সঙ্গীতকে জ্ঞানের একটি শাখা হিসেবে ব্যাখ্যা করেছেন। অন্যদিকে ধর্ম শিক্ষার মূল উদ্দেশ্য যদি হয় নৈতিক ও সৎ মানুষ তৈরি করা, তবে সঙ্গীতও সেই নৈতিকতা ও মানবিকতাকে অনুভব করার এক ভিন্নতর পথ হয়ে উঠতে পারে। এসব বিবেচনায় না নিয়ে সাম্প্রতিক সময়ে বিদ্যালয়ে সঙ্গীত চর্চা ও ধর্ম শিক্ষা নিয়ে অহেতুক তর্ক-বিতর্ক সৃষ্টির প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে। অথচ গভীরভাবে ভেবে দেখলে বিষয়টি এতটা জটিল মনে হওয়ার কথা নয়। রাষ্ট্রের ভবিষ্যৎ প্রজন্মকে গড়ে তুলতে শিক্ষানীতি ও শিক্ষাক্রম সাধারণত রাষ্ট্রীয় দর্শন, উদ্দেশ্য এবং লক্ষ্যের ভিত্তিতে তৈরি হয়। এতে যেমন দেশের সংখ্যাগরিষ্ঠ জনগোষ্ঠীর আশা-আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটে, তেমনি অন্যান্য সংখ্যালঘিষ্ঠ জনগোষ্ঠীর অধিকার ও অন্তর্ভুক্তির বিষয়েও গুরুত্ব দেওয়া হয়।

মানবিক ও সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠায় একে আধুনিক গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থার মৌল নীতি হিসেবে বিবেচনা করা হয়। রাষ্ট্রবিজ্ঞানের ভাষায়, গণতান্ত্রিক পরিবেশে শিক্ষা হলো 'সামাজিক চুক্তির বাস্তব বা কল্পিত রূপ' যেখানে সংখ্যাগুরুর সংস্কৃতি ও মূল্যবোধের প্রতিফলন ঘটে, পাশাপাশি সংখ্যালঘুর অধিকারও সুরক্ষিত থাকে।

মূলত সঙ্গীত চর্চা ও ধর্ম শিক্ষাকে পরস্পর বিরোধী করে সমস্যা সৃষ্টির কেন্দ্রবিন্দুতে রয়েছে ব্যাখ্যার ভিন্নতা এবং পরমতসহিষ্ণুতার অভাব। আগেই উল্লেখ করা হয়েছে, কেউ কেউ সঙ্গীতকে কেবল ভোগবাদী সংস্কৃতির প্রতিফলন হিসেবে দেখেন, আবার অন্যরা তা মনে করেন সৃষ্টিকর্তার প্রশংসা বা সত্য-সুন্দরের অনুসন্ধানের মাধ্যম। যদি ধর্মের উদ্দেশ্য হয় মানুষকে ন্যায়ের পথে চালিত করা, আর সঙ্গীত যদি হয় অন্তরের সত্যকে প্রকাশ, তবে এ দুইয়ের মধ্যে প্রকৃতপক্ষে কোনো সংঘাত থাকার কথা নয়। বরং শিক্ষার্থীদের সামনে সঙ্গীত ও ধর্ম শিক্ষা দুটোকেই সুষমভাবে উপস্থাপন করা গেলে সমাজে মানবিকতা, সহমর্মিতা ও সৃজনশীলতা বৃদ্ধি পাবে। আজকের বাংলাদেশে আমাদের মুখ্য প্রশ্ন হওয়া উচিত, দায় ও দরদের ভিত্তিতে দেশ ও দশের কল্যাণে অন্তর্ভুক্তিমূলক যে সমাজ আমরা বির্নিমাণ করতে চাই।

লিখেছেন: ড. মাহরুফ চৌধুরী, ভিজিটিং ফ্যাকাল্টি, ইউনিভার্সিটি অব রোহ্যাম্পটন, যুক্তরাজ্য।

আগেই উল্লেখ করা হয়েছে, কেউ কেউ সঙ্গীতকে কেবল ভোগবাদী সংস্কৃতির প্রতিফলন হিসেবে দেখেন, আবার অন্যরা তা মনে করেন সৃষ্টিকর্তার প্রশংসা বা সত্য-সুন্দরের অনুসন্ধানের মাধ্যম। যদি ধর্মের উদ্দেশ্য হয় মানুষকে ন্যায়ের পথে চালিত করা, আর সঙ্গীত যদি হয় অন্তরের সত্যকে প্রকাশ, তবে এ দুইয়ের মধ্যে প্রকৃতপক্ষে কোনো সংঘাত থাকার কথা নয়। বরং শিক্ষার্থীদের সামনে সঙ্গীত ও ধর্ম শিক্ষা দুটোকেই সুষমভাবে উপস্থাপন করা গেলে সমাজে মানবিকতা, সহমর্মিতা ও সৃজনশীলতা বৃদ্ধি পাবে। আজকের বাংলাদেশে আমাদের মুখ্য প্রশ্ন হওয়া উচিত, দায় ও দরদের ভিত্তিতে দেশ ও দশের কল্যাণে অন্তর্ভুক্তিমূলক যে সমাজ আমরা বির্নিমাণ করতে চাই

# এত শঙ্কা এত ভয় তবু আশায় থাকা

আজাদুর রহমান চন্দন

আগামী বছরের ফেব্রুয়ারিতে নির্বাচন অনুষ্ঠান নিয়ে অন্তর্বর্তী সরকারের পক্ষ থেকে যতই জোর দেওয়া হচ্ছে, চারপাশে ততই বইছে আশঙ্কার গুমোট হাওয়া। আশঙ্কা দানা বাঁধছে সরকারেরই কিছু কথায়। সরকারের পক্ষ থেকে ফেব্রুয়ারির প্রথমার্ধে নির্বাচন অনুষ্ঠানের বিষয়ে জোর দেওয়ার পাশাপাশি বলা হচ্ছে নির্বাচন ভন্ডুল করার ষড়যন্ত্রের কথাও। ২ সেপ্টেম্বর কয়েকটি রাজনৈতিক দলের সঙ্গে বৈঠকে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস সতর্ক করে বলেন, 'যারা অন্তর্বর্তী সরকারকে নির্বাচন পর্যন্ত পৌঁছাতে দিতে চায় না, তারা যত রকমভাবে পারে বাধা দেবে। বাংলাদেশের সত্তাকে গড়ে তুলতে তারা বাধা দেবে। তারা সর্বোচ্চ চেষ্টা করবে নির্বাচন বানচাল করার। এমন পরিস্থিতি সৃষ্টি করার, যাতে নির্বাচন না হয়।'

কোনো কোনো রাজনৈতিক দলের পক্ষ থেকেও এমন ষড়যন্ত্রের আশঙ্কা ব্যক্ত করা হচ্ছে। যদিও প্রথম দিকে সম্ভাব্য ষড়যন্ত্রকারী হিসেবে প্রায় সবারই অভিযোগের তির ছিল পতিত আওয়ামী লীগ ও প্রতিবেশী দেশ ভারতের দিকে। তবে দিনদিন তিরের লক্ষ্য ঘুরে যাচ্ছে ক্রিয়াশীল প্রতিদ্বন্দ্বী কোনো কোনো রাজনৈতিক দলের দিকেও। কিছু রাজনৈতিক দলের পক্ষ থেকে নানা ধরনের অপরিণামদর্শী দাবি তোলা হচ্ছে। আলোচনার টেবিলেও প্রাধান্য পাচ্ছে হুমকির সুর। এভাবে গণতন্ত্রের সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদান অবাধ ও সুষ্ঠু নির্বাচনকে অনিশ্চিত করে তোলা হচ্ছে।

এ দেশের মানুষের কাছে ভোট একটি বড় উৎসবের মতো। পাকিস্তান আমলে বছরের পর বছর সাধারণ নির্বাচন না হওয়ায় ভোট-উৎসবের আনন্দ থেকে বঞ্চিত ছিল বাংলাদেশের মানুষ। পাকিস্তানের দুই অংশের বৈষম্য আর ভোট-বঞ্চনার জবাব বাঙালি খুব ভালোভাবেই দিয়েছিল সত্তরের সাধারণ নির্বাচনে। শেখ হাসিনার ১৫ বছরের কর্তৃত্ববাদী শাসনের ১৫ বছরেও আর্থিক দুর্নীতির পাশাপাশি নির্বাচনকে তামাশায় পরিণত করায় দেশের সাধারণ মানুষ ভেতরে ভেতরে কতটা ফুঁসছিল, তারই বহিঃপ্রকাশ ঘটে ২০২৪ সালের গণ-অভ্যুত্থানে। ছাত্র-জনতার আন্দোলনে নেপথ্যে যার যে ডিজাইন বা ভূমিকাই থাকুক না কেন, মানুষের ক্ষোভ যে স্বতঃস্ফূর্ত ছিল, সে কথা অস্বীকার করার উপায় নেই। আন্দোলনে বৈষম্যমুক্তির যে আওয়াজ তোলা হয়েছিল, তা সহি ছিল নাকি মেকি, সেটিও বিচার করতে যায়নি বিক্ষুব্ধ জনতা।

প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস সম্প্রতি বলেছেন, 'ফেব্রুয়ারির প্রথমার্ধে নির্বাচনের কোনো বিকল্প আমাদের হাতে নেই।' ১১ সেপ্টেম্বর তাঁর বাসভবন যমুনায় জাতীয় ঐকমত্য কমিশনের বৈঠকে তিনি এ কথা বলেন। প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম সেদিন ব্রিফিংয়ে আরও এক ধাপ এগিয়ে বলেন, দেশের মানুষ উৎসবমুখর পরিবেশে ভোট দিতে আসবে। কোনো শক্তিই সুষ্ঠু নির্বাচন ঠেকাতে পারবে না। তিনি অবশ্য এও বলেন, সুষ্ঠু নির্বাচন শুধু সরকারের ইচ্ছায় নয়, সমাজের বিভিন্ন অংশ ও রাজনৈতিক দলগুলোর সদিচ্ছার ওপরও নির্ভর করে। ইলেকশন করে সোসাইটি, পলিটিক্যাল পার্টিগুলো-তারা যদি চায়, তাহলে একটি ভালো নির্বাচন অবশ্যই সম্ভব। এর মাত্র পাঁচ দিন আগে শফিকুল আলম বলেছিলেন, নির্বাচন যে করেই হোক ফেব্রুয়ারির প্রথমার্ধে হবে। পৃথিবীর কোনো শক্তি নেই এই নির্বাচনকে ঠেকাতে পারে।



নির্বাচন কমিশন (ইসি) ফেব্রুয়ারিতে নির্বাচনের সুনির্দিষ্ট তারিখ ঘোষণা না করলেও এরই মধ্যে রোডম্যাপ ঘোষণা করেছে। কিন্তু নতুন করে সীমানা নির্ধারণের পর দেশের কয়েকটি স্থানে এই সীমানা নিয়ে চলছে বাদ-প্রতিবাদ ও বিক্ষোভ। ৩০০ আসনের সীমানা নতুন করে নির্ধারণ করার কারণে ৩৭টি আসনে পরিবর্তন এসেছে। এর প্রভাব পড়েছে ঢাকাসহ সারা দেশের ৪৬টি আসনে। তবে ইসির পক্ষ থেকে নির্বাচনী রোডম্যাপ ঘোষণা করা হলেও রাজনৈতিক দলগুলো সে অর্থে নির্বাচনমুখী হয়নি এখনো। জুলাই সনদের বাস্তবায়ন, সংসদের উভয় কক্ষে সংখ্যানুপাতিক প্রতিনিধিত্ব বা পিআর পদ্ধতি চালুসহ পাঁচ দফা দাবিতে জামায়াত, ইসলামী আন্দোলন ও বাংলাদেশ খেলাফত মজলিসসহ ধর্মভিত্তিক কয়েকটি দল যুগপৎ আন্দোলনের কর্মসূচি নিয়ে মাঠে নেমেছে। এই দলগুলো ১৮ সেপ্টেম্বর থেকে বিক্ষোভের অভিন্ন কর্মসূচি পালন করছে। স্পষ্টই বোঝা যাচ্ছে, দলগুলোর টার্গেট হলো বিএনপি।

জামায়াতে ইসলামীসহ সাতটি দলের চলমান কর্মসূচিকে 'অহেতুক চাপ সৃষ্টি' হিসেবে গণ্য করছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেছেন, 'আলোচনার মধ্যে এ ধরনের কর্মসূচির অর্থই হচ্ছে-অহেতুক একটা চাপ সৃষ্টি করা; যা গণতন্ত্রের জন্য শুভ নয়।' বিএনপি, জামায়াত ও জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মধ্যে নির্বাচন নিয়ে নানা ইস্যুতে মতভেদ আছে। জুলাই সনদ ও এর বাস্তবায়ন পদ্ধতি নিয়ে আছে মতবিরোধ। বিএনপি চায় নির্বাচিত সংসদ এটা করবে। জামায়াত গণভোট চায়। আর

এরপর ৩৬ পৃষ্ঠায়




যেসব প্রার্থী স্বতন্ত্র বা নির্দলীয়ভাবে অংশ নিয়েও বেশি ভোট পেয়েছেন, দেখা গেছে, তাঁদের ক্ষেত্রেও ব্যক্তিগত পরিচিতি তাঁদের এগিয়ে নিয়েছে। নির্বাচনের এই ফল মেনে নিতে না পারা ছাত্রনেতাদের বুঝতে হবে, বর্তমান শিক্ষার্থীরা ক্যাম্পাসের ছাত্ররাজনীতির প্রচলিত ধরনকে আর দেখতে চান না। এই রায় যতটুকু না শিবিরের পক্ষে, তার চেয়ে বেশি আক্রমণাত্মক আচরণ ও বক্তব্যের বিপক্ষে। কোনো পক্ষ বা ছাত্রসংগঠন যদি মনে করে নিষিদ্ধ ছাত্রলীগের অনুপস্থিতিতে আগামী দিনগুলোয় তারাই ক্যাম্পাস নিয়ন্ত্রণ করবে, তবে সেটি ভুল হবে। বরং গঠনমূলক ও ইতিবাচক ছাত্ররাজনীতি দিয়েই সাধারণ শিক্ষার্থীদের ভোট টানতে হবে। শক্তি প্রয়োগ করে আধিপত্য কায়েম করা যেতে পারে, নিজেদের স্বার্থও হাসিল হতে পারে, কিন্তু এভাবে শিক্ষার্থীদের সমর্থন পাওয়া যাবে না



দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন
স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০
• ওমরাহ প্যাকেজ
• ওমরাহ ভিসা
• মোয়াল্লেম
• হোটেল ও ট্রান্সপোর্ট
বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়
সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি
৭৪৯
JFK-Dhaka-JFK Return
আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত
DELTA AIR LINES
Biman BANGLADESH AIRLINES
AmericanAirlines
ETIHAD AIRWAYS
QATAR AIRWAYS
Emirates
KUWAIT AIRWAYS
Emirates
Mohammad B Hossain (Belal)
President & CEO
বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
BANGLA TRAVELS JACKSON HEIGHTS, NEW YORK
আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার
বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।
আবু তাহের খান ট্রাভেল কনসালটেন্ট
কাঞ্চন ট্রাভেল কনসালটেন্ট
জামান রঞ্জু ট্রাভেল কনসালটেন্ট
কে.এম. শহিদ ট্রাভেল কনসালটেন্ট
মাহির ট্রাভেল কনসালটেন্ট
জাহাঙ্গীর ট্রাভেল কনসালটেন্ট
নিলয় ট্রাভেল কনসালটেন্ট
NEW YORK OFFICE
73-05 37th Road, Jackson Heights NY 11372
ATLANTA OFFICE
4229 1st Ave, Suite B, Tucker, GA 30084 Tel: 404-704-7753
DHAKA OFFICE
Floor #03, House #09 Road # 17, Block-E, Banani, Dhaka-1213 +88 01711256872
Phone: 917-396-4140, 917-592-7828

# ফিলিস্তিনিদের প্রতি সহমর্মিতা জাগ্রত হোক

ড. মাহবুব উল্লাহ্

আজ যখন সংবাদপত্রের পাতায় গাজায় মানবিক ট্র্যাজেডির কথা পড়ি অথবা টেলিভিশনের পর্দায় হিংস্র ইসরাইলি বাহিনীর চরম বর্বরতা, হত্যাকাণ্ড ও ধ্বংসলীলার ছবি দেখি, তখন অশ্রু সংবরণ করতে পারি না। দুর্ভিক্ষ ও ক্ষুধায় গাজার শিশুদের হাড্ডিসার দেহ ও পাণ্ডুর চোখ দেখে সব খাওয়া-দাওয়া বিষাক্ত মনে হয়। বলা হয়, বিংশ ও একবিংশ শতাব্দীতে মানবসভ্যতা চরম শিখরে আরোহণ করেছে; কিন্তু সভ্যতার লেশমাত্রও কোথাও দেখি না, ফিলিস্তিনে তো নয়ই। আমাদের ইতিহাসে ১৯৭১-এ ৯ মাস পাকিস্তানি সামরিক বাহিনীর বর্বরতা আমরা লক্ষ করেছি। কিন্তু ফিলিস্তিনে ২০২৩ সাল থেকে যে বর্বরতা চলছে, তা আমাদের জীবনে যে বর্বরতা লক্ষ করেছি, তাকেও হার মানায়। ইসরাইলি বাহিনী গাজায় শুধু হত্যাকাণ্ডই চালাচ্ছে না, তার সঙ্গে ধ্বংস করছে সব ধরনের অবকাঠামো, শিক্ষাপ্রতিষ্ঠান, হাসপাতাল, বাসস্থান ও মসজিদ। ২০২৩ সালের ৭ অক্টোবর থেকে গত সোমবার পর্যন্ত ইসরাইলি হামলায় গাজায় নিহত হয়েছে ৬৫ হাজার ৩৪৪ জন, নিহত শিশুর সংখ্যা ২০ হাজার এবং আহতের সংখ্যা ১ লাখ ৬৬ হাজার ৭৯৫। নিহত ১ হাজার ৯ জনের বয়স ১ বছরের কম, জন্ম নেওয়ার পরই নিহত হয়েছে ৪৫০ শিশু এবং ক্ষুধায় মারা গেছে ১৩৫ শিশু। খুনি ইসরাইলি বাহিনী গাজায় কোনো খাদ্যবাহী গাড়িবহর প্রবেশ করতে দিচ্ছে না। কোনো আন্তর্জাতিক শক্তি গাজায় মানবিক সাহায্য হিসাবে খাদ্য পৌঁছে দেওয়ার তাগিদ অনুভব করছে না। ইসরাইলি বাধাকে অগ্রাহ্য করে কোনো আন্তর্জাতিক শক্তি গাজায় আকাশ থেকে খাদ্য ভূমিতে নিক্ষেপ করছে না। গাজাকে পরিণত করা হয়েছে এক ভয়াবহ মৃত্যুপুরীতে। সেখানে অবস্থান করলে একদিন না একদিন ইসরাইলি বোমাবর্ষণে অথবা গোলাবর্ষণে মৃত্যু অবধারিত বলে সেই নিয়তি হিসাবে মেনে নিতে হবে।

এখন পর্যন্ত ধ্বংস হয়েছে প্রায় ২ লাখ ৪৭ হাজার ১৯৫টি ভবন ও অবকাঠামো। ভেবে দেখুন, রোদ-বৃষ্টি ও শৈত্যপ্রবাহে গাজার লোকগুলোর যারা বেঁচে আছে, তারা কেমন করে বেঁচে থাকছে। মৃত্যুর সঙ্গে যখন মানুষ লড়তে থাকে, তখন তার প্রাণশক্তি অপরিসীম হয়ে দাঁড়ায়। গাজার যারা এখনো ধুঁকছে, তাদের প্রাণশক্তি যে অপরিমেয়, তাতে কোনো সন্দেহ নেই। আমার বিশ্বাস, গাজার নির্যাতিত মানুষের দুঃসহ রাতের অবসান একদিন হবে এবং তাদের মধ্যে যারা বেঁচে থাকবে, তারা একদিন সভ্যতার সেরা আবাসভূমিটি গড়ে তুলবে। মৃত্যুর মধ্য দিয়ে গেলেও তারা হয়ে গেছে মৃত্যুঞ্জয়ী। তারা জেনেছে স্বর্গের চেয়েও প্রিয় জন্মভূমি। গাজার প্রায় ৭৫ শতাংশ ভূমি ইসরাইলি সামরিক নিয়ন্ত্রণে রয়েছে। ফিলিস্তিনকে এ পর্যন্ত ১৫১টি দেশ স্বীকৃতি দিয়েছে। এ রকম দেশের সংখ্যা ভবিষ্যতে আরও বাড়বে। জাতিসংঘের ভোটাভুটিতে বিপুল সংখ্যাগরিষ্ঠতায় গাজায় যুদ্ধবিরতির প্রস্তাব গৃহীত হলেও, মার্কিন ভেটোতে তা নাকচ হয়ে যাচ্ছে। বস্তুত জাতিসংঘের সাধারণ পরিষদের কোনো দুর্বৃত্ত দেশের ওপর কোনো রকমের নিষেধাজ্ঞা বা কড়াকড়ি আরোপের ক্ষমতা নেই। বিশ্ব মোড়ল মার্কিন সাম্রাজ্যবাদ ও তার প্রেসিডেন্ট ট্রাম্প একের পর এক বিবৃতি দিয়ে, উসকানি দিয়ে খুনি ইসরাইলকে দুর্বিনীত করে তুলছে। বিশ্বে শক্তির ভারসাম্য ধীরে ধীরে পালটাচ্ছে। এ ভারসাম্য এখনো সর্বোচ্চ পারমাণবিক অস্ত্রধারী মার্কিন যুক্তরাষ্ট্রের পক্ষে থাকলেও তা ধীরে ধীরে ক্ষয়প্রাপ্ত হচ্ছে। মার্কিন মোড়লিপনা আর অনির্দিষ্টকাল ধরে অব্যাহত থাকবে না।



চীনকে কেন্দ্র করে চীন, রাশিয়া ও উত্তর কোরীয় অক্ষশক্তি কোমর বেঁধে দাঁড়াতে শুরু করেছে। আমেরিকাকে প্রমাদ গুনতে হবে। দ্বিতীয় মহাযুদ্ধের সময় আমেরিকা অনেকটাই নিরাপদ অবস্থানে ছিল। কারণ এ দেশটির দুই পাশে ছিল আটলান্টিক ও প্রশান্ত মহাসাগর। সেসময় এ মহাসাগরগুলো পাড়ি দিয়ে কোনো রাষ্ট্রের পক্ষে তার ওপর হামলা চালানো সম্ভব হয়নি। তাই ২য় মহাযুদ্ধে আমেরিকা ছিল কার্যত ধরাছোঁয়ার বাইরে। এ কারণে আমেরিকা ছিল প্রায় অক্ষত এবং দেশটি তার সামরিক ও অর্থনৈতিক সম্পদ অক্ষত রাখতে পেরেছিল। আজ পরিস্থিতি ভিন্ন। আমেরিকার প্রতিপক্ষ দেশগুলোর হাতে শব্দের চেয়েও দ্রুতগতিসম্পন্ন আন্তঃমহাদেশীয় ব্যালেস্টিক মিসাইল রয়েছে। রয়েছে নিউক্লিয়ার ওয়ারহেডও। সুতরাং, আমেরিকাকে ভাবতে হবে 'এই দিন দিন নয়'। আমরা যুদ্ধ চাই না। শান্তি চাই। সে শান্তি যদি আসে ক্ষমতার ভারসাম্যের মধ্য দিয়ে অথবা মিউচুয়ালি এশিওরড ডিসট্রাকশনের কারণে, তাহলেও সে শান্তি কাম্য।

ফিলিস্তিনিদের কপালে দুর্যোগের লিখন লেখা হয়েছিল ১৯১৭ সালে বেলফু'র ডিক্লারেশনের মাধ্যমে। বেলফু-এর ঘোষণায় বলা হয়েছিল, 'His majesty's Government view with favour the establishment in Palestine of a national home for the Jewish people, and will use their best endeavours to facilitate the achievement of this object, it being clearly understood that nothing shall be done which may prejudice the civil and religious rights of existing non

এরপর ২২ পৃষ্ঠায়



> ইসরাইল ক্রমান্বয়ে বিশ্ব থেকে বিচ্ছিন্ন হয়ে পড়ছে। পাশ্চাত্যের বেশকিছু পুঁজিবাদী দেশ ফিলিস্তিনকে স্বীকৃতি দিয়েছে। আগামী দিনে আরও অনেক দেশের স্বীকৃতি আসবে। বিশ্ব জনমত এখন ফিলিস্তিনের পক্ষে। আমরা বাংলাদেশেও নিজেদের ফিলিস্তিনবাসীদের থেকে আলাদা করে ভাবতে পারি না। প্রতি শুক্রবার মসজিদে-মসজিদে নির্যাতিত ফিলিস্তিনবাসীর জন্য অশ্রুসিক্ত চোখে দোয়া করা হয়। কিন্তু খুব দুঃখ লাগে যখন দেখি, ঢাকার রাজপথে ইসরাইলি হানাদারদের বিরুদ্ধে তেমন কোনো বিক্ষোভ হচ্ছে না। একটা সময় ছিল যখন বাংলাদেশি জওয়ানরা ফিলিস্তিনি মুক্তিযোদ্ধাদের কাঁধে কাঁধ মিলিয়ে যুদ্ধ করেছিল। কোথায় হারিয়ে গেল সেই বিশ্বমানবতাবাদী তরুণদের আদর্শ। আবারও ঢাকার রাজপথে নামুক ফিলিস্তিন সংহতির মিছিল। মিছিলে মিছিলে সয়লাব হয়ে যাক ঢাকা নগরী

# আদার ব্যাপারী জাহাজের মালিক

ইলিয়াস হোসেন



কোথাও কিছু ঘটছে। চারপাশে সারাক্ষণ গুজুর গুজুর ফুসুর ফুসুর চলছে। গুজবের গজবে জর্জরিত সারা দেশ। জানার চেষ্টায় কৌতূহলী জনতা হাঁসফাঁস করে। তেমন কিছু জানতে না পারলে ধারণা করে রটিয়ে দেয় মনগড়া গল্প। কোনো কোনো সংস্থা ফায়দা নিতে পরিকল্পিতভাবে উত্তেজক বা রসালো তথ্য বাতাসে ছেড়ে দেয়। তারপর প্রতিক্রিয়া দেখে ক্রীড়াচর্চা করে। হরদম চলছে এ খেলা। ক্ষণে ক্ষণে মাঠ বা খেলোয়াড় পাল্টালেও ক্লান্তি নেই কোচ বা ম্যানেজারের। কোনো কোনো ঘটনার চেয়ে রটনা বেশি। ক্রিয়ার চেয়ে প্রতিক্রিয়া মারাত্মক। সাধারণ মানুষ বিভ্রান্ত। মূলধারার গণমাধ্যমের ব্যর্থতা আর তথ্যপ্রযুক্তির সহজলভ্যতায় গজিয়ে উঠেছে অসংখ্য ভুঁইফোঁড় এবং নকল মিডিয়া। বাকস্বাধীনতা ফিরে পাওয়ার কথা বলার ক্ষেত্রে স্বেচ্ছাচারিতার সুযোগ নিচ্ছে অনেকে। সবাই সবকিছু দ্রুত হতে চাচ্ছে। জুলাই অভ্যুত্থানের পর এ প্রবণতা মারাত্মক হারে বেড়েছে। সরকারের অদক্ষতায় দিন দিন স্বাধীনতার নামে স্বেচ্ছাচারিতা মহামারি আকার পাচ্ছে। ঢাকার রাজপথে সামান্য অটোরিকশার দৌরাত্ম্য থামাতে পারেনি ইউনূস সরকার। জনশ্রুতি আছে, রাজধানীতে পরিকল্পিতভাবে অটোরিকশার সংখ্যা বাড়াচ্ছে পতিত আওয়ামী লীগ। ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাদের অনুমতি দিয়ে গেছেন। সেই কৃতজ্ঞতায় অন্তর্বর্তী সরকার উৎখাতে ভূমিকা রাখবে তারা। এটা ষড়যন্ত্র নাকি গুজব, প্রমাণিত না হলেও প্রচারিত হচ্ছে দেদার।

শুধু কি অটোরিকশা! উড়োজাহাজে চড়ে প্রধান উপদেষ্টা ড. ইউনূসের সঙ্গে রাজনৈতিক দলের নেতাদের পাশাপাশি আর কে কে গেলেন মার্কিন মুলুকে? জাতিসংঘ অধিবেশনে তাদের কাজইবা কী? অভূতপূর্ব ও ব্যতিক্রম এ রাজনৈতিক সফর ঘিরে চলছে ব্যাপক জল্পনা-কল্পনা। সফরসঙ্গী বিবেচনায় বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের সম্মান ক্ষুন্ন হয়েছে বলেও মনে করছেন কেউ কেউ। শেখ হাসিনার পতনের পর নির্বাচন ও সংস্কার ইস্যুতে বিভেদ দেখা দিয়েছে অভ্যুত্থানে অংশ নেওয়া দলগুলোর মধ্যে। তাদের পাশে রেখে সরকারি ব্যর্থতা এবং অনৈক্য ঢাকতে এ আয়োজন বলে মন্তব্য করছেন কোনো কোনো বিশ্লেষক। যদিও প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম জানিয়েছেন, দেশের নির্বাচনকেন্দ্রিক কোনো মধ্যস্থতা বা আলোচনার জন্য এ সফর নয়। বর্তমান সরকারের অংশীজন হিসেবে তারা নিউইয়র্ক সফরে প্রধান উপদেষ্টার সফরসঙ্গী। এখন প্রশ্ন হচ্ছে, অংশীজন তো আরও অনেকে রয়েছেন। তারা এরই মধ্যে জানতে চাচ্ছেন, কীসের ভিত্তিতে সফরসঙ্গীর তালিকা করা হয়েছে। প্রেস সচিব অবশ্য বলেছেন, পর্যায়ক্রমে অন্যরাও যাবে। এতে আরও কৌতূহল তৈরি হয়েছে। পর্যায়ক্রমে বলতে কতদিন? এই অন্তর্বর্তী সরকার আরও কত মাস থাকতে পারবে বা থাকতে চায়? সরকার গঠনের শুরু থেকেই এ প্রশ্ন নানা আঙ্গিকে ঘুরেফিরে বাজছে। আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ, বৈদেশিক সম্পর্ক ও রুটিন ওয়ার্কে আশানুরূপ সাফল্য দেখাতে পারেনি এই সরকার। নির্বাচিত সরকার ছাড়া এ ক্ষেত্রে ব্যর্থতা এড়ানো সম্ভব নয়। এ জনমত এখন প্রায় প্রতিষ্ঠিত। রাজনৈতিক দল ও জনতা এখন নির্বাচনের জন্য মুখিয়ে আছে। ইউনূস সরকারও আগামী ফেব্রুয়ারির প্রথমার্ধে নির্বাচনের ঘোষণা দিয়ে রেখেছে। বারবার সে প্রতিশ্রুতির কথা স্মরণও করিয়ে দেয় তারা। কিন্তু কোথায় যেন খটকা। একেক দেলে এই কথা বিশ্বাস করতে পারছে না অনেকে। সংশয়-সন্দেহ দূর করার উদ্যোগও নেই। সরকার ও নির্বাচন কমিশনে কেমন ঢিলেঢালা ভাব। দুশ্চিন্তা নিয়ে প্রার্থী বাছাই ও গণসংযোগ করছে বিএনপি। খোশমেজাজে মনোনয়ন ও ইসলামী জোট গঠনের পাঁয়তারা করলেও পিআরের দাবিতে দুর্যোগের হুমকি দিচ্ছে জামায়াত। এখনো নিবন্ধন পায়নি জাতীয় নাগরিক পার্টি-এনসিপি। নির্বাচন নিয়ে তাদের হেলদোল দেখা যাচ্ছে না। এরকম পরিস্থিতিতে যুক্তরাষ্ট্র সফর গুজবের হাটখোলা হিসেবে সামনে এসেছে।

মার্কিন মধ্যস্থতায় বাংলাদেশের জাতীয় সরকার গঠন বা জাতীয় নির্বাচন হতে পারে। এ ভাবনায় আমজনতার আলোচনা এখন কাঁঠালের আঠার মতো লেগে আছে ময়দানে। এরকম বিজাতীয় উদ্যোগ নিয়ে একটি মহল আবার সন্দিগ্ধ। যদিও তারা ভারতীয় অভিভাবকত্বে গত দেড় দশক আওয়ামী লীগের রাষ্ট্র পরিচালনায় কোনো দোষ দেখেননি। তারা অবশ্য ভারতকে বিদেশই মনে করেন না। কিন্তু সার্বভৌমত্ব রক্ষায় অঙ্গীকারবদ্ধ জুলাই অভ্যুত্থানকারী দলগুলোকে নিজেদের অবস্থান পরিষ্কার করতে হবে। দেশের প্রধান দল বিএনপি ক্ষমতায় যাওয়ার স্বপ্ন দেখছে। বিশ্লেষকরাও এগিয়ে রাখছেন। দীর্ঘদিন নির্যাতন সহ্য করে দলটি এখনো ঐক্যবদ্ধ রয়েছে। দেশি-বিদেশি এজেন্ট দিয়ে বারবার ভাঙার চেষ্টা করেও ব্যর্থ হয়েছে ফ্যাসিস্ট সরকার। বর্তমানে নির্বাচনের জন্য উদ্বেগ নিয়ে অপেক্ষা করছে বিএনপি। দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান বারবার বলছেন, এবারের নির্বাচন কঠিন হবে। তবে তার নেতাকর্মীদের মাঝে এর প্রতিফলন

এরপর ২২ পৃষ্ঠায়



> বড় দল হিসেবে বড় মনের পরিচয় দিতে হবে বিএনপিকে। বাপ-দাদার উল্লেখযোগ্য পরিচয় নেই বলে কোনো আদার ব্যাপারী জাহাজের মালিক হতে পারবে না-এমন কথা এখন টেকে না। এখন অনেক আদার ব্যাপারী, শুধু জাহাজের খবর রাখে না; মালিকও হয়েছে। তবে, এই নতুন মালিকদের অনেকের শরীর থেকে আদার ঝাঁজালো গন্ধ আসে। শিক্ষা-রুচি-আচরণে মিষ্টি গন্ধ অর্জন করতে হয়। সেটা হলে সমস্যা কম হবে। ডেনিশ দার্শনিক ও কবি সোরেন কিয়েের্কেগার্দ বলেছেন, 'চিন্তার স্বাধীনতাকে মানুষ কম ব্যবহার করে বলেই কথার স্বাধীনতা দিয়ে পুষিয়ে দেওয়া হয়।' সরকার ও দলগুলোকে এ কথা বুঝতে হবে। অভ্যুত্থানের মাধ্যমে স্বৈরাচারীর পতন হয়েছে। এখন কথার চেয়ে কাজ জরুরি। পরস্পরকে ফ্যাসিস্ট আসার ভয় না দেখিয়ে নিজ নিজ দল ও এলাকায় গণতন্ত্রের চর্চা করতে হবে

www.careeracademyny.com

# CAREER ACADEMY OF NEW YORK



## BECOME A CERTIFIED HOME HEALTH AIDE TODAY!

HHA, PCA & PCA TO HHA CERTIFICATION COURSE

347-425-3878
CALL NOW

A CONCERN OF SHAH NAWAZ GROUP

347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208





বাংলাদেশী আমেরিকানদের পক্ষ থেকে
বাংলাদেশ জামায়াতে ইসলামীর নায়েবে আমীর
সাবেক সংসদ সদস্য জননেতা

ডা: সৈয়দ আব্দুল্লাহ মোহাম্মদ তাহের
এর সম্মানে

# গণসংবর্ধনা

তারিখ: শুক্রবার, ২৬ সেপ্টেম্বর, ২০২৫
সময়: বিকাল ৬:৩০টা
স্থান: Astoria World Manor
25-22 Astoria Blvd, Astoria, NY 11102

COALITION OF BANGLADESHI AMERICAN ASSOCIATION (COBAA)
কোয়ালিশন অফ বাংলাদেশী আমেরিকান এসোসিয়েশন (কোবা)
Email: cobaausa@gmail.com

Directions: Bus: Q18, Q66, B62 Subway: N Train Astoria Blvd


RE-ELECT
ERIC
FOR NEW YORK CITY MAYOR
Join Eric in his vision for a safer, stronger, and more equitable city for all New Yorkers. With decades of experience in government and a proven track record of results, Eric has the leadership skills needed to guide our city through its most pressing challenges and build a better future for all communities.
VOTE FOR
ERIC ADAMS
AND RE-ELECT HIM
Election date
November 4, 2025
Design & Print by: ihopeprint.com, 929-538-7903


পূনরায় নির্বাচিত করুন
এরিক
এডামস -কে
নিউইয়র্ক সিটি মেয়র পদে
"একটি নিরাপদ, শক্তিশালী ও ন্যায়সঙ্গত শহরের স্বপ্নে এরিকের সঙ্গে যোগ দিন। সরকারের দীর্ঘ অভিজ্ঞতা ও প্রমাণিত সাফল্যের মাধ্যমে এরিকের রয়েছে সেই নেতৃত্বের দক্ষতা, যা আমাদের শহরকে সবচেয়ে কঠিন চ্যালেঞ্জগুলো থেকে এগিয়ে নিয়ে যাবে এবং সব সম্প্রদায়ের জন্য একটি উন্নত ভবিষ্যৎ গড়ে তুলবে।"
এরিক এডামস
কে ভোট দিন
এবং পূনরায় নির্বাচিত করুন
নির্বাচন তারিখ
নভেম্বর ৪, ২০২৫
Design & Print by: ihopeprint.com, 929-538-7903


Dimond Sponsor
NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
GOLDEN AGE
HOME CARE
Gold Sponsor
Empire Care Agency
LHCSA Licensed Health Home Care
NURUL AZIM
CEO
Ph: 516-451-3748
Presents
সাউথ জ্যামাইকা
বাংলাদেশী মেলা ২৫
বিশাল এই মেলায় আপনারা আমন্ত্রিত
অনিক রাজ
চন্দন চৌধুরী
রানো নেওয়াজ
শাহ মাহবুব
শিমুল খান
রেশমি মির্জা
নিপা জামান
শারমিনা সিরাজ
জহরা আলীম
২৮ সেপ্টেম্বর ২০২৫, রবিবার @ সকাল ১০ টা থেকে রাত ৯টা পর্যন্ত
আর্চি স্পিগনার পার্ক, ১১১ এভেনিউ & মেরিক বুলেভার্ড
সাউথ জ্যামাইকা , কুইন্স, নিউ ইয়র্ক-১১৪৩৩
কিভাবে যাবেন? : Q4, Q5, Q84, Q85, Q86, Q87, Q89
বাসে যাত্রা করে ১১১ এভেনিউ & মেরিক বুলেভার্ড আসবেন
Belal Ahmed
Convenor
স্টলের জন্য যোগাযোগ:
347-935-0263, 646-662-9353
Zahrul Amin Tapader
Member Secretary

Dimond Sponsor
NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE

GOLDEN AGE
HOME CARE

Gold Sponsor
Empire Care Agency
LHCSA Licensed Health Home Care
NURUL AZIM
CEO
Ph: 516-451-3748
Email: Empirehcam@gmail.com

Presents

# সাউথ জ্যামাইকা
# বাংলাদেশী মেলা ২৫

প্রধান অতিথি



**জনাব শাহ্ নেওয়াজ**
চেয়ারম্যান
ট্রাস্টি বোর্ড, বাংলাদেশ সোসাইটি
বিশিষ্ট ব্যবসায়ী ও কমিউনিটি এক্টিভিস্ট
প্রেসিডেন্ট ও সিইও, গোল্ডেন এজ হোম কেয়ার
সম্পাদক ও প্রকাশক, সাপ্তাহিক আজকাল

বিশেষ অতিথি

**জনাব আতাউর রহমান সেলিম**
সভাপতি, বাংলাদেশ সোসাইটি

**জনাব ফখরুল ইসলাম দেলোয়ার**
সদস্য, ট্রাস্টি বোর্ড, বাংলাদেশ সোসাইটি
প্রতিষ্ঠাতা সভাপতি, জ্যামাইকা-বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটি

**জনাব মোহাম্মদ আলী**
সাধারণ সম্পাদক, বাংলাদেশ সোসাইটি

**জনাব নুরুল আজিম**
সিইও, এমপায়ার কেয়ার এজেন্সি

**নাঈমা খান**
চেয়ারপার্সন, খানস টিউটোরিয়াল

**জনাব মোহাম্মদ খাইরুল**
প্রেসিডেন্ট ও সিইও, এসকে মার্কেটিং ইনক

## বিশাল এই মেলায় আপনারা আমন্ত্রিত

**Belal Ahmed**
Convenor

**Zahrul Amin Tapader**
Member Secretary

# China and India are sponsors of the Ukraine war Trump

Ajkal Desk



President Donald Trump delivered a combative speech to the United Nations General Assembly on Tuesday morning, lambasting the international body while touting the work of his administration. He said, China and India are the main sponsors of the war in Ukraine because of their purchases of Russian oil.

Trump spared no criticism in the hourlong address, beginning with his predecessor former President Joe Biden before taking aim at world leaders on everything from migration to the Russia-Ukraine war. "One year ago, our country was in deep trouble. But today, just eight months into my administration, we're the hottest country anywhere in the world, and there is no other country even close," he said at the top of his remarks. Trump touted the U.S. as having the "strongest" borders, military and relationships around the world.

The president then turned his attention the United Nations, accusing it of not living up to its promise and even accused it of bringing on more problems. "What is the purpose of the United Nations?" Trump asked. "It has such tremendous, tremendous potential. But it's not even coming close to living up to that potential. For the most part, at least for now, all they seem to do is write a really strongly-worded letter and then never follow that letter up. It's empty words and empty words don't solve war. The only thing that solves war and wars is action."

Trump accused the organization of ignoring conflicts around the world that he claims he solved, casting himself as a peacemaker. "Everyone says that I should get the Nobel Peace Prize for each one of these achievements," Trump said. "But for me, the real prize will be the sons and daughters who lived to grow up with their mothers and fathers because millions of people are no longer being killed in endless and inglorious wars."

**Trump threatens Russia sanctions, but says Europe must do more**

Trump said the United States is prepared to enforce a "very strong round of powerful tariffs" on Russia should Moscow not be ready to make a peace deal. But he said other countries need to pull back on buying Russian oil and energy products "otherwise we're all wasting a lot of time."

"Europe has to step it up. They can't be doing what they're doing. They're buying oil and gas from Russia while they're fighting Russia. It's embarrassing to them," Trump said.

Trump also took a moment to criticize China and India, calling them the main sponsors of the war in Ukraine because of their purchases of Russian oil.

The president has threatened for months to impose harsher economic penalties on Russia but has yet to do so. He didn't say on Tuesday what it would take for him to determine Russia doesn't want peace, though he said the war is "not making Russia look good, it's making them look bad."

**Trump bashes world leaders on migration, green energy**

Trump said other countries should be modeling the U.S. on the issue of immigration.

"Not only is the U.N. not solving the problems it should, too often it's actually creating new problems for us to solve," Trump said. "The best example is the No. 1 political issue of our time, the crisis of uncontrolled migration. It's uncontrolled. Your countries are being ruined."

To leaders gathered in the conference hall, Trump said: "Your countries are going to hell."

He also encouraged leaders to reject policies geared toward fighting climate change and global warming, falsely calling climate change "the greatest con job ever" and touting his administration's withdrawal from the Paris Agreement. "If you don't get away from this green scam, your country is going to fail," Trump said.

**Trump demands Hamas release hostages, disagrees on Palestinian statehood**

On Israel's war against Hamas in Gaza, Trump said the world has to "come together" to "end the war in Gaza." He reiterated that he wanted to see the hostages released immediately, but offered no clear path forward on progressing negotiations.

Trump continued to express his disagreement with countries moving to recognize Palestinian statehood. Several key U.S. allies, most recently France, have announced they are recognizing a Palestinian state.

"Now, as if to encourage continued conflict, some of this body is seeking to unilaterally recognize a Palestinian state. The rewards would be too great for Hamas terrorists for their atrocities," Trump said. Trump instead called for a united message from the body for Hamas to release hostages.

"Those who want peace should be united with one message: release the hostages now. Just release the hostages now. Thank you," Trump said. Trump warns drug smugglers, 'We will blow you out of existence'

The president highlighted his administration's recent strikes against alleged narcoterrorists from Venezuela, an unprecedented use of of lethal military force against a criminal enterprise that has raised legal questions.

"We've recently begun using the supreme power of the United States military to destroy Venezuela terrorists and trafficking networks led by Nicolas Maduro to every terrorist thug smuggling poisonous drugs into the United States of America," Trump said in his speech. "To every terrorist thug smuggling poisonous drugs into the United States of America. Please be warned that we will blow you out of existence. That's what we're doing," Trump added.

## Rents continued climbing across the board Queens



Anik Raj

The average rental price for apartments in Queens rose across the board among each unit type year-over-year in August 2025, according to a report by M.N.S. Real Estate. Over this period of time, the overall average rent in Queens rose 4.55%, from $2,926 in August 2024 to $3,059 in August 2025. Studios had the most significant percentage growth among all unit types in this span, at 6.44%, from $2,372 in 2024 to $2,525 in 2025. Forest Hills had the biggest spike in average price among the 11 Queens neighborhoods included in the study, up from $2,123 last year to $2,574 this year. One-bedroom units had a 3.03% increase in average rent, from $2,839 in 2024 to $2,925 in 2025. Astoria had by far the largest gain, from $2,854 last year to $3,222 this year. Two-bedroom units had the largest price jump in terms of actual value, having gone up 4.5% from $3,566 in 2024 to $3,726 in 2025. Rego Park went up the most, from $3,135 last year to $3,955 this year. Long Island City continues to lead the neighborhoods in the most expensive units across the board. In August 2025, the average rents there were $3,632 for studios, $4,393 for one-bedroom units and $6,327 for two-bedroom units. Elmhurst had the most affordable studios, at $1,978. The cheapest one-bedroom and two-bedroom units were both in Jackson Heights, at $2,329 and $2,943, respectively. Nearly every neighborhood included in the report experienced an increase in the overall average rent. The lone exception was the Woodside/Maspeth neighborhood, where the average price decreased 1.8%, from $3,003 in 2024 to $2,948 in 2025. *(Source-Astoria Post)*

## Poet Rezauddin Stalin appointed Shilpakala Academy DG



Ajkal Desk

Poet Rezauddin Ahmed Stalin was appointed on Sunday director general of the Bangladesh Shilpakala Academy for one year. The public administration ministry issued a notification in this regard on the day. Born in 1962 in Jhenaidah, Rezauddin Stalin, a Dhaka University graduate, built his career in journalism and cultural activities and later served as deputy director of the Nazrul Institute. Author of 45 poetry books, he received the Bangla Academy Literary Award in 2006. Earlier, an interim order had assigned the role to Abul Foyez Md Alauddin Khan, additional secretary at the ministry of cultural affairs, on September 16. After the fall of Sheikh Hasina-led government on August 5, 2024, in a mass uprising, Liaquat Ali Lucky stepped down from the post on August 12. He had taken charge as the BSA director general on April 7, 2011.





## Man found guilty of trying to kill Trump in Florida

Ajkal Desk

Ryan Routh, the 59-year-old accused of attempting to kill Donald Trump as the former and future president played a round of golf on his Florida course last year – the second attempt on Trump's life during his second campaign – has been found guilty on all charges against him. Routh appeared to try to stab himself in the neck with a pen after the verdict was read, a person in the courtroom told CNN. Authorities stopped him from doing so. His daughter also had an emotional outburst in the courtroom after the verdict was read. Routh, who represented himself at his federal trial in Fort Pierce, Florida, was facing five charges, including attempted assassination of a major presidential candidate, assaulting a federal officer, possessing a firearm and ammunition as a felon, and possession of a firearm with an obliterated serial number. Authorities say Routh created a "sniper's nest" near the sixth green of Trump International Golf Club, but never fired a shot at Trump.

Jurors deliberated for under three hours before delivering the guilty verdict. Routh will be sentenced on December 18 by Judge Aileen Cannon. He faces the possibility of life in prison. Trump took to social media after the verdict to congratulate law enforcement. "Congratulations to Attorney General Pam Bondi, Deputy Attorney General Todd Blanche, and the entire DOJ team on the conviction, in Florida, of the person who attempted an assassination on my life," Trump wrote on Truth Social.

"This was an evil man with an evil intention, and they caught him," the president added. US attorneys rested their case on Friday after calling 38 witnesses. Nearly two weeks of testimony and hundreds of exhibits culminated with the final witness who pieced together how Routh was allegedly "stalking" Trump and collecting both "physical and electronic evidence." Kimberly McGreevy, an FBI supervisory special agent, focused on evidence collected between August 14 and September 15, 2024, leading up to the alleged assassination attempt. Prosecutors ticked through a mountain of evidence with McGreevy on the stand, including call logs, text messages, bank records and video surveillance. Highlighting cellphone records allegedly from Routh's "burner phones," the witness pointed to calls and text messages Routh allegedly made to arrange for the purchase of the rifle. The FBI witness told the jury cellphone data showed Routh "in the vicinity" of the golf club for weeks before the incident, including on September 2 for 16 hours beginning at 4 a.m. A Google account on one of Routh's alleged "burner phones" showed he searched for "Trump's upcoming rallies" and "Palm Beach traffic cameras," according to prosecutors.

The government also laid out Routh's alleged getaway plan: multiple license plates, three aliases, and Google searches for "directions to Miami airport" and "flights to Mexico." Text messages allegedly show he told a friend in Mexico, "I may see you Monday," the day after his alleged plan to shoot Trump. Other searches online, prosecutors say, included "hospitals in the area" and instructions on "how to make a tourniquet."

# Mamdani works to win NYC's Black voters

Shah Nawaz



During a recent canvassing call for New Yorkers with Caribbean ties, one of the city's most prominent Black leaders tried to dispel rumors about Zohran Mamdani, the 33-year-old democratic socialist and Democratic nominee for mayor.

"I just want to make clear nobody around Zohran is trying to take Black people's homes," Public Advocate Jumaane Williams said on the Zoom call, which was attended by approximately 90 people. "Quite the opposite. He wants to make sure that we're able to stay in our homes."

Mamdani, virtually unknown to most New Yorkers when he entered the June Democratic primary, beat Andrew Cuomo even as he lost in majority-Black neighborhoods across the city. His campaign has long been accused of relying on younger, wealthier residents who are pricing out longstanding residents – a critique summarized by an adviser to House Minority Leader Hakeem Jeffries who referred to Mamdani's backers as "Team Gentrification."

Ahead of a November election where he will face Cuomo and incumbent Mayor Eric Adams as independents, Mamdani is working to make inroads with Black voters by emphasizing his commitment to homeownership and lowering costs for people trying to stay in neighborhoods that are getting more expensive.

There is still some skepticism of Mamdani's credentials and his proposals, giving an opening to Adams, the second Black mayor in the city's history, and Cuomo, who has long counted on Black voters in his runs for governor. Cuomo's allies are pushing Adams to end his reelection bid, hoping that will help Cuomo consolidate Black voter support against Mamdani.

"Right now, the decisive vote could be the Black vote," said Rev. Al Sharpton, the civil rights leader. "If two-thirds of the Black vote goes against you, it'd be very difficult to win in November."

A recent round of polls from Quinnipiac University and The New York Times showed Mamdani is ahead among Black voters. And while Jeffries has withheld his endorsement, other Black leaders have backed Mamdani, notably New York Attorney General Letitia James, US Rep. Yvette Clarke, State Assembly Speaker Carl Heastie, State Senate Majority Leader Andrea Stewart-Cousins and Brooklyn Democratic Party Chair Rodneyse Bichotte.

Sharpton, founder of the National Action Network, said he was impressed with Mamdani but hadn't decided on whom to endorse.

Rev. Malcolm Byrd, pastor of Mother AME Zion Church in Harlem, which has hosted Mamdani at their Sunday service, said he has watched for years as his congregation changes rapidly.

"There is a constant cycling of new people and in Black communities, the Black church is the one place where if you unite your messaging, you can get a message across to Black America," Byrd told CNN.

Donovan Richards, the Queens borough president, previously represented parts of southeast Queens that are home to a large middle-class Black community where many residents own their homes. Mamdani lost the area in the primary, but not by large margins. Now, as Mamdani adjusts his message to include a focus on homeowners, Richards says Mamdani is reaching out to older communities with the help of established Black leaders like him who have endorsed him.

Some of the city's Black leaders including Richards have cautioned Mamdani that his rent freeze proposal for rent-stabilized apartments may alienate some Black voters, including some small landlords who rely on rental income.

Mamdani has responded by highlighting his campaign proposal to tackle the city's onerous property tax system. The notoriously complex system has gone without reform for decades, resulting in an antiquated structure that taxes homeowners in more affluent neighborhoods at much lower rates than those in poorer areas. Mamdani has also said he would end a city policy to sell tax liens when homeowners fall behind on their property taxes. The policy has been found to disproportionally affect Black and brown homeowners, resulting in the loss of their homes to foreclosure.

While Byrd also hasn't endorsed a candidate, he said Mamdani had "won a lot of people over" the Sunday he addressed the congregation and warned against candidates who assume that if the Black churches have with them before, they will be with them again.

Mamdani is a constant on the Sunday church circuit, visiting over a dozen churches in the last month, he has gathered with young black entrepreneurs, visited small businesses in Brooklyn's Little Caribbean neighborhood and recently made an appearance at the West Indian Day Parade – a political right of passage for all political candidates where lack of rhythm could temporarily make or break support.

"I've always said that a good leader is a good listener, so before you ask me to wine, I need to see a good example," Mamdani told a crowd of parade revelers referencing the Jamaican dance. The crowd obliged and Mamdani followed, swinging his hips from side to side encouraging the crowd to join in the dance.

During a recent meeting with young Black and Latino entrepreneurs in the Bronx Mamdani listened as the crowd discussed access to capital, education, business investments and the cost of living.

Some of the entrepreneurs were wary of his ties to democratic socialism and worry that their chance to make money in a system that has historically disadvantaged them could slip away.

For years, progressives have struggled to gain traction with older and more moderate Black voters, even as they've been able to appeal to a diverse base of young people. That dynamic was on display during the 2016 and 2020 presidential primaries, in which Black voters in South Carolina rejected independent Vermont Sen. Bernie Sanders in favor of the party's eventual nominees, Hillary Clinton and President Joe Biden.

-based Democratic strategist who advises Reps. Jim Clyburn and Hakeem Jeffries, said progressives still have work to do.

"What no voter wants, in particular Black voters, is someone showing up telling you what's good for you, instead of listening to what your needs, concerns, fears, hopes and aspirations are."

A former backer of Cuomo and Adams, Shirley Fearon, 80, said she first met Mamdani during a community barbecue after her youngest daughter and grandchildren had mentioned him in their conversations. Slowly she came around, concluding that the other two candidates in the race "were tainted," she said.

"For sure, they're a little suspicious," Fearon said of neighbors and friends in church who have told her they're still not sure whether they will vote for Mamdani. "The older folks, we sort of go with what we know."

## Govt regrets over troubling incident in NY, vows legal response

Ajkal Desk

The interim government has expressed its deep regret over the troubling incident that occurred here in the USA on Monday targeting the political leaders and vowed to meet the incident with appropriate legal and diplomatic responses. 'Acts of political violence and intimidation—whether within Bangladesh or beyond its borders—will not be tolerated and will be met with appropriate legal and diplomatic responses,' said a statement issued by the Chief Adviser's Press Wing.



The government also reiterated its unwavering commitment to upholding democratic principles and the rule of law, both at home and abroad, it added.

'The interim government of Bangladesh expresses its deep regret over the troubling incident that occurred on Monday in New York, in which Bangladesh Nationalist Party (BNP) Secretary General Mirza Fakhrul Islam Alamgir, along with National Citizen Party (NCP) leaders Akhter Hossen and Tasnim Jara were subjected to a targeted and politically motivated assault,' the statement said. 'The attack was allegedly carried out by affiliates and supporters of the ousted autocrat, Sheikh Hasina,' it added. This reprehensible act is a stark and 'painful reminder of the toxic and violent political culture that flourished under Hasina's regime'—a legacy the interim government is firmly committed to dismantling in order to build a peaceful, democratic, and inclusive Bangladesh, the statement read. Explaining the Bangladesh government's security measures taken for the Chief Adviser's entourage in New York, it said, 'In anticipation of potential security risks during the visit of the Chief Adviser and accompanying political leaders, the Ministry of Foreign Affairs had coordinated a series of precautionary security measures'.

Upon arrival at John F Kennedy International Airport, the delegation was initially directed through a designated VVIP gate and boarded into a specially secured transportation unit, the statement said, adding, however, due to unexpected and last-minute visa-related complications, the delegation was required to reroute and proceed through an alternative exit. 'Despite a formal request made at the highest levels of the Interim Government for continued VVIP access and security facilitation for the political leaders, airport authorities regrettably denied the request,' it said, adding, this lapse inadvertently exposed members of the delegation to risk.

Immediately following the incident, the statement said, the interim government—through the Bangladesh Mission in New York—engaged with the New York Police Department to ensure a swift and lawful response. 'We have been informed that one individual has already been apprehended, and a formal investigation into the matter is currently underway,' it said, adding, as a result of this incident, security measures for the Chief Adviser and all members of the official delegation have been significantly reinforced.

'The interim government remains in close and continuous coordination with U.S. federal and local law enforcement agencies to ensure the safety and dignity of its representatives abroad,' the statement read.




## Shah Rukh Khan and Rani Mukerji receive their first National Film Awards

Anik Raj

Bollywood superstar Shah Rukh Khan was honoured with his first National Film Award for Best Actor for his performance in "Jawan", at a glittering ceremony held at Vigyan Bhavan, today. President Droupadi Murmu conferred the honours.

Shah Rukh, who has been one of Bollywood's most celebrated stars for over three decades, shared the Best Actor title with Vikrant Massey, recognised for his acclaimed performance in "12th Fail", which also won Best Hindi Film.

Actress Rani Mukerji took home her first National Award for Best Actress for her powerful portrayal in "Mrs Chatterjee vs Norway", based on a real-life child custody battle. Veteran Malayalam legend Mohanlal received the prestigious Dadasaheb Phalke Award, the highest honour in Indian cinema, for his illustrious career spanning over 350 films since his debut in 1978.

Actor Vicky Kaushal, who essayed the titular role in Sam Bahadur, was recognised with the Best Feature Film on National Integration award.

In addition, filmmaker Karan Johar won the award for Best Popular Film Providing Wholesome Entertainment for his multi-starrer family drama Rocky Aur Rani Kii Prem Kahaani.

The 71st edition of the awards turned into a milestone evening for the Hindi film industry, with Shah Rukh Khan and Rani Mukerji both achieving their long-awaited first National Awards.

# এই সপ্তাহের কবিতা



## নিষিক্ত আঁধারে
এবিএম সালেহউদ্দীন

অজস্র ঝিঁঝিঁ পোকার ডাক
পতঙ্গলি অতিসারে ফুল ফোটার স্বপ্নে বিভোর
আপেল,অরেঞ্জ ,আঙুর আর সপেদার
মিস্টি ফল নেই!
বিষাক্ত রসায়নে খেজুর বাগানেও,-শকুনের হানা
অজানা বিলাপে চতুর্দিকে বিরহ বিদ্রুপ
প্রেয়সীর ছলছলানো চোখ স্পন্দনে ঝলসে ওঠে
তখনও আমি আশাকরি বৃষ্টির
মাঝে মাঝে ঘুম ভাঙে শঙ্কিত আর্তনাদে
প্রমত্তনদীর উচ্ছলিত ঢেউয়ে নগ্নতার কল্লোল
প্লাবিত হয় সমুদ্র বাতাস
সারদ সন্ধ্যায় সোপার্জিত খাঁজে তিথিরির মতো
তবু,-জোৎস্নার বাসনা বিলাস
পলেপলে নিশিরাতে দেহমনে আগুন জ্বলে
যখন রাত বাড়ে-
ক্ষুধার তাড়নায় সবকিছু অসার হয়ে যায়।



## ফুল পাখি প্রজাপতি
শাহীন খান

ফুলপাখি প্রজাপতি দখিনা বাতাস
খুব বেশি ভালো লাগে সুনীল আকাশ।

চাঁদ তারা স্রোতধারা নদনদী ফুল
বড় বেশি ভালো লাগে শেফালি বকুল।

মায়ের স্নেহ আর বাবার চুমু
বুকে বাজে সারাক্ষণ রুমুঝুমু।

ঝিঁঝিদের গালাগান,কোয়েলের সুর
কোকিলের কুহুসুর সকাল দুপুর।

কবিদের লেখাজোখা গল্প ও গান
রূপকথা শুনে শুনে ভরে যায় প্রাণ।

সবুজের সমারোহ মাঠ আর ঘাট
ভালো লাগে কি যে আহা কোরআনের পাঠ।

গ্রাম ভালো লাগে আর হাট ক্ষেত গঞ্জ
বৈশাখীমেলা, বাঁশি, পুতুলের মঞ্চ।

নদনদী ঝরনা পুকুর ও খাল
নৌকার পাল দেখে হই বেসামাল।

বৃষ্টি ও ভালো লাগে শ্রাবণ ভাদর
বোনের সোহাগ যতো ভাইয়ের আদর।

ছড়া লেখা ভালো লাগে লিখে লিখে যাই
অনাবিল স্বপ্নীল ছোঁয়া তার পাই।

সব ভালো লাগা এই বুকে তুলে রাখি
সাতরঙা রঙ মেখে ছবি তার আঁকি।



## আবারও ছুটে চলা
বেগম মুয়াখ্যিরা খানুম স্বপ্না

যাপিত জীবনের জমে থাকা শব্দগুলো যখন
ভাষাহীন নিরবতায় রুদ্ধ বুকে বন্দী হয়ে থাকে,
সারাদিনের না বলা কথাগুলো--
ব্যথার চক্রাবর্তে স্বপ্নহীন ব্যাকুলতায় আড়ষ্ট,
চলমান জীবন হয় সম্পর্কহীন অচেনা!
হয় দীর্ঘশ্বাসের তাপদাহে ঝলসানো
বিবর্ণ কংক্রিটের কঙ্কাল।

বিদীর্ণ বিষাদের অববাহিকায়
বহমান স্মৃতির তীরে উঁকি দেয়-
ঘরের স্যাঁতস্যাতে মেঝেতে লুকানো
আমার দেখা সব থেকে ঘেন্নার-
কেঁচো-ব্যাঙ আর ঘুগরি।

হই ভীত-সন্ত্রস্ত-উদভ্রান্ত
পাগলের মত করি ছুটোছুটি।
এক সময় অবচেতন মনের নিথর দেহটা
পরে থাকে সেই মেঝেতে।

আবার ঘুঘু ডাকা নিঝুম দুপুরের
রোদটুকু গোধূলীকে ছুঁয়ে যায়,
কদম ফোটা সাঁঝের অসীম মায়ায় ভরে-
পাঁজর ভেঙ্গে বেড়িয়ে আসে একেকটি কবিতা।

আসন্ন রাত্রির বড্ড অসময়ে
ঘরের দেয়াল ঘেঁষে বসে ভোরের দোয়েল।
বাজিয়ে যায় শিষ, জানায় অভিবাদন।
ভুলিয়ে দেয় সব যন্ত্রণা,
এগিয়ে দেয় নিরন্তর ছুটে চলা,
বাঁচতে শেখায় হাজার বছর।



## ক্রোধের আগুনে জ্বলছে মাটি
আহম্মদ হোসেন বাবু

এত হিংস্র, নিষ্ঠুর কীভাবে হতে পারে মানুষ?
মৃত মানুষকে পুড়িয়ে ফেলা নয় কোন ফানুস!

এ বর্বরতা পৃথিবীর সবকিছুকে হার মানায়!
মন কাঁদে প্রান কাঁদে, প্রকাশের ভাষা খুঁজে না পায়।

যে আগুনে পুড়ে তুমি সবকিছু করো ক্ষয়
সে আগুনে একদিন তোমারও ঘটবে পরাজয়।

বিশাল আকাশ জয় করতে পারে কী লোলুপ পাখি?
দিন শেষে বুঝবে, সব ছিল ভণ্ডকর্মের ফাঁকি।

এতদিন ভেবেছিলাম, মরে গিয়ে বেঁচে যাবো
কিন্তু মব জাস্টিস যদি বলে- এবার তোরে খাবো!

তোমাদের আস্ফালনে, আমি ভীত হবার নয়
নপুংসক তোমরা, পৌরুষের ব্যবহার জানতে হয়।

ক্রোধের আগুনে জ্বলছে মাটি, বলছে- যাও নিপাত যাও
চরণ ধরি, চুমু দিয়ে মা চোখের জল মুছতে দাও।।



## হৃদয় সিন্দুকে
লুৎফুর রহমান চৌধুরী

বন্ধু তোমাকে আদর করে রেখে-ছিলাম
আমার হৃদয়ের সিন্দুকে,
কখনো বুঝতে দেইনি কাটার আঘাত
প্রখর ঝড় মাথা পেতে নিয়েছি --
বিন্দুমাত্র দুঃখ কষ্ট স্পর্শ করতে দেইনি
নদীর স্রোতে ভাসিয়ে দিয়েছি নিজেকে
কোথায় সুখ কোথায় শান্তি তা খুঁজিনি,
শুধুই হৃদতা ছিল তোমার প্রতি আমার
বেলা অবেলা আগলে রেখেছি তোমাকে।

হৃদয় মন্দিরে কত ঝড়-ঝাপ্টা বয়ে গেছে
তা কখনো চিন্তাভাবনা করতে দেইনি,
কারণ চাইনি মম আঘাতে তুমি ব্যথিত হও
মনের মধ্যখানে রেখেছি সূর্যের আলো করে
জানি না মোর বিসর্জন দেওয়া ভালোবাসা
তোমার হৃদয় ছুঁতে পেরেছে কি না!
তবুও দিয়ে যাবো অনন্তকাল উজার করে
যতটুকু আছে হৃদয়ে জমা নিঃস্বার্থ প্রেম
তোমাকে নিয়ে আমার আকাশ সমান স্বপ্ন
স্বপ্ন বাস্তবের মুখ দেখবে কি না জানি না।



## হেমন্তের রুপ
হানিফ সরকার শান্ত

নবান্নের নব রূপে দেশে,
হেমন্ত আসে শরতের শেষে।
সোনার ফসল মাঠে ভাসে,
কৃষক হেমের হাসি হাসে।

কৃষক কাটে ক্ষেতে ধান
গায় বাটিয়ালীরে গান।
কৃষকের মুখে যে হাসি,
রাখাল বাজায় যে বাঁশি।

হেমন্তে ব্যস্ত কৃষক কাজে,
আকাশের ভিন্ন রুপের সাজে।
হেমন্তের বিনি ধানের কই,
খেতে আসে অতিথি সই।

খেতে দেই পিঠা কলা দই।
সারাক্ষণ খুশিতে মেতে রই,
ঘ্রাণ যদি পাও বিন্নি ধানের খই
চারপাশ খুশিরে হইচই।

হেমন্তের গোলা বড়া ধান।
কৃষকের মুখে মিষ্টি হাসি,
মনে বাজে শান্তির গান
হেমন্তের নব রূপে দান।



## গোধূলীর স্পর্শ
রিমা খান

পড়ন্ত বিকেলে গোধূলির স্পর্শ
ফুলের মতো মিষ্টি--
প্রকৃতির সাথে আকাশের প্রেম
মহান আল্লাহর সৃষ্টি!

রাতের আঁধারে লুকিয়ে থাকে
সূর্যের সোনালি প্রতিশ্রুতি,,
আঁধার শেষে জেগে ওঠে
সকালের আলোক দ্যুতি।।

উদিত আলোক প্রভাত
আসা যাওয়ার ফাঁকে,
মিশে বিকিরণে রোজ
প্রকৃতিতে আসার বাঁকে।

নীরব প্রকৃতি সূর্য ওঠা
হৃদয়ের অব্যক্ত কথা,,
পাখিরা আশ্রয় খোঁজে
অনন্ত সকালের গাঁথা!!



## সবুজ বরণ গাঁয়
সুফিয়ান আহমদ চৌধুরী

বাঁশের ঝাড়ে ডাকছে পাখি
সবুজ বরণ গাঁয়,
রোদের হাসি সোনালি কত
মন সুখে রাঙায়।

পুকুর পাড়ে লাজুক বধূ
কলসি কাঁখে হাসে,
ধানের মাঠে সরল চাষি
রঙিন স্বপ্নে ভাসে।

শিশুর দল ব্যাগটা কাঁধে
গাঁয়ের পথে হাঁটে,
মনটা দেয় পাঠ্য বইয়ে
ক্লাসে ঠিক পাঠে।

বিকেল বেলা গাঁয়ের মাঠে
জমিয়ে করে খেলা,
অথই খুশি দোলায় মন
আনন্দে মিষ্টি বেলা।

সবুজ গাঁয়ে মনটা টানে
অনেক স্মৃতি ঘিরে,
বাল্য বেলার রঙিন দিন
কথার মালা ভিড়ে।

লেখক: কবি, কুইন্স, নিউইয়র্ক।



## সময়ে ভালোবাসা হারায়, মায়া থাকে
মোহাম্মদ মহিবুর রহমান

ভালোবাসা-মায়া মানব জীবনের প্রাণ
এর অভাবে জীবন হয় শূন্য, নিস্তব্ধ ও ম্লান।
কখনো বাড়ে, কখনো কমে আবেগের সুর
পরিবার-সমাজের চাপে ভালোবাসা চলে যায় দূর।

সময়ের সাথে চাওয়া-পাওয়া বদলায় বারবার
নতুন আর পুরাতনের মাঝে মিলন হয় আবার।
কেউ আঁকে অতীত দিনের সুখের ছবি
আবার কেউ ভবিষ্যতের খোঁজে হারায় সবই।

প্রেম-ভালোবাসা ক্ষণস্থায়ী, মায়া চিরকাল
চোখের জলে ভাসে রাতের নিঃশব্দ কাল।
স্পর্শের মতো রয়ে যায় অদৃশ্য ছায়া
হারালেও হৃদয়ে থাকে সেই মায়া।

ভালোবাসা সময়ে ফুরায়, মায়া ফুরায় না
হৃদয়ের গভীরে থাকে, মুছে যায় না।
প্রেম ম্লান হলেও মায়া থাকে অম্লান
মানব হৃদয়ে বাজে মায়ার জয়গান।

লেখক: কবি, নিউইয়র্ক।



ভালোবাসা সবার তরে,
ঘৃণা নয়কো কারো পরে

Love for all, hatred for none

বাংলাডেস্ক যুক্তরাষ্ট্রের ভূবনে স্বাগতম

**For more information contact:**
Bait-uz-Zafar 188-15 McLaughlin Ave, Hollis NY 11423
(347) 530-5791


بسم الله الرحمن الرحيم

নিখিলবিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের বর্তমান ইমাম ও আমীরুল মু'মিনীন হযরত মির্যা মসরূর আহমদ খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.) গত ১৪ই জুন, ২০২৪ তারিখে যুক্তরাজ্যের (ইসলামাবাদস্থ) মসজিদে মুবারকে প্রদত্ত জুমুআর খুতবায় 'বনু নযীর' এর যুদ্ধের ঘটনা বিশদভাবে উল্লেখ করেন এবং দু'জন শহীদের স্মৃতিচারণের পাশাপাশি পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষভাবে দোয়ার আহ্বান জানান।

তাশাহুদ, তা'ঊয ও সূরা ফাতিহা পাঠের পর হুযূর (আই.) বলেন, আজ বনু নযীরের যুদ্ধের কিছু ঘটনা বর্ণনা করবো। বনু নযীর গোত্রের পরিচিতি হলো, এরা মদীনার ইহুদীদের একটি বংশ ছিল। কোনো কোনো ঐতিহাসিক লিখেছেন, বনু নযীর খয়বরের ইহুদীদের একটি গোত্র ছিল এবং তাদের বসতিকে যাহ্রা বলা হতো। মহানবী (সা.) যখন মদীনায় আগমন করেন তখন বনু নযীর গোত্রের নেতা ছিল হুয়াই বিন আখতাব। তার পিতৃপুরুষের ষষ্ঠ প্রজন্মে নযীর বিন নাহামের নাম পাওয়া যায়, যার নামে এই গোত্রটি বনু নযীর নামে প্রসিদ্ধি লাভ করে। উম্মুল মু'মিনীন হযরত সাফিয়া (রা.) বনু নযীরের নেতা হুয়াই বিন আখতাবের কন্যা ছিলেন। ইতিহাসের গ্রন্থাবলীতে লেখা আছে, হুয়াই বিন আখতাবের বংশধারা হযরত মূসা (আ.)-এর ভাই হযরত হারূন (আ.)-এর সাথে গিয়ে মিলিত হয়। হুয়াই এর বংশে কতিপয় ব্যক্তি নবুওয়াতের সম্মানে ধন্য হয়েছিলেন, যাদের কারণে সে গর্বিত ছিল। আর এই অহংকারের কারণেই সে বলতো, আল্লাহ্ তা'লা আমাদের প্রতি ইহকালেও দয়ালু এবং পরকালেও আমাদের প্রতি স্নেহ ও অনুগ্রহ করবেন। তিনি আমাদেরকে পাপের কারণে কয়েকদিন শাস্তি দিবেন, অবশেষে জান্নাতই হবে আমাদের স্থায়ী নিবাস। এই বংশীয় আত্মগরিমা ও ঔদ্ধত্যের কারণেই হুয়াই মহানবী (সা.)-এর শিক্ষামালা থেকে মুখ ফিরিয়ে নিয়েছিল। অবস্থানের দিক থেকে বনু নযীর গোত্রটি মসজিদে কুবা থেকে আধা মাইল দূরে উত্তর পূর্ব দিকে (অবস্থিত) ছিল। আর মদীনার মধ্যভাগে এর বসতি প্রায় আসতো এবং মসজিদে কুবা এর থেকে কিছুটা দূরত্বে দক্ষিণ পার্শ্বে অবস্থিত ছিল।

চতুর্থ হিজরীর রবিউল আউয়াল (মাসে) বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়। এক তথ্য অনুসারে এটি উহুদের যুদ্ধের পূর্বের ঘটনা আর ইমাম বুখারীর তথ্যও এটিই। তবে ইমাম বুখারী (রহ.) এখানে একথাও লিখেছেন যে, ইবনে ইসহাকের মতে এই যুদ্ধ উহুদ ও বি'রে ম'ঊনার পরে হয়েছিল। যদিও আল্লামা ইবনে কাসীর ছাড়াও অধিকাংশ ঐতিহাসিক এবং জীবনীকার বলেছেন, উহুদের যুদ্ধের পরেই বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়েছিল। বনু নযীরের যুদ্ধের প্রেক্ষাপট হলো, মক্কার কুরাইশ কাফিররা বদরের যুদ্ধের পূর্বে আবদুল্লাহ্ বিন উবাই বিন সলূল এবং আওস ও খাযরাজ গোত্রের অন্যান্য প্রতিমাপূজারীদের লিখেছিল, [তখন মহানবী (সা.) মদীনায় ছিলেন।] তোমরা আমাদের নবীকে আশ্রয় দিয়েছ। মদীনায় তোমাদের সংখ্যা সবচেয়ে বেশি। আমরা শপথ করে বলছি, হয় (তোমরা) তাদের সাথে যুদ্ধ করো অথবা তাদেরকে নিজেদের শহর থেকে বহিষ্কার করো; নতুবা আমরা গোটা আরবকে ঐক্যবদ্ধ করে তোমাদের ওপর আক্রমণ করবো। তোমাদের যোদ্ধাদের সাথে যুদ্ধ করবো, তোমাদের নারী ও শিশুদের (নির্মমভাবে) হত্যা করবো। যখন ইবনে উবাই এবং অন্য প্রতিমাপূজারীরা এই পত্র পায় তখন তারা একে অপরকে বার্তা পাঠায় এবং মহানবী (সা.) ও তাঁর সাহাবীদের সাথে যুদ্ধ করার জন্য দৃঢ় সংকল্প করে। এই সংবাদ পাওয়ার পর মহানবী (সা.) তাঁর সাহাবীদের একটি দলকে নিয়ে মদীনার নেতাদের সাথে সাক্ষাৎ করেন। তিনি (সা.) বলেন, কুরাইশরা তোমাদেরকে কঠোর হুঁশিয়ারি দিয়ে পত্র লিখেছে। এই পত্র তোমাদেরকে কোনো ধোঁকায় ফেলে না ফেলে, পাছে তোমরা স্বয়ং ধোঁকা ও প্রতারণার শিকার হয়ে নিজেদেরই ভাই ও পুত্রদের সাথে আবার যুদ্ধ করতে না আরম্ভ করো। মহানবী (সা.)-এর একথা শোনে তারা বিষয়টি অনুধাবন করতে পারে এবং নিজেদের সংকল্প স্থগিত করে আর ছত্রভঙ্গ হয়ে যায়। এভাবে মক্কার কুরাইশের এই হুমকি আর শেষ পর্যন্ত কার্যকর হয়নি।

এরপর কুরাইশরা বদরের যুদ্ধের পর ইহুদীদের কাছে একটি পত্র লিখে যে, তোমাদের কাছে অস্ত্র আছে আর তোমরা দুর্গেরও মালিক। হয় তোমরা আমাদের সহযোগী হয়ে যুদ্ধ করো নতুবা আমরা তোমাদের ওপর আক্রমণ করবো এবং তোমাদের পুরুষদেরকে হত্যা করবো আর তোমাদের নারীদেরকে আমাদের দাসী বানাবো। এই পত্র যখন ইহুদীদের কাছে পৌঁছায় তখন বনু নযীর গোত্র মহানবী (সা.)-কে ধোঁকা দেয়ার জন্য সম্মত হয়, কেননা ইহুদী গোত্রগুলো তো আগে থেকেই সুযোগ খুঁজছিল যাতে মুসলমানদের আধিপত্য ও ক্ষমতার যতদূর সম্ভব অবসান করা যায়। এ পর্যায়ে তারা এমন দুরভিসন্ধি করার চিন্তা করে যাতে মহানবী (সা.)-কে নাঊযুবিল্লাহ্ হত্যা করা যায়। অতএব, তারা তাঁর নিকট সংবাদ প্রেরণ করে যে, আপনি আপনার ত্রিশজন সাহাবীকে নিয়ে আসুন, আমাদের ত্রিশজন আলেমও আপনার সামনে উপস্থিত হবে; এমনকি আমরা এমন এক স্থানে মিলিত হবো যা আমাদের এবং আপনাদের মাঝখানের হবে। আমাদের লোকেরা আপনার কথা শুনবে। তারা যদি আপনাকে সত্যায়ন করে অর্থাৎ ইহুদী আলেমরা যদি আপনার প্রতি ঈমান আনয়ন করে তাহলে আমরাও আপনার প্রতি ঈমান আনব। পরের দিন মহানবী (সা.) ত্রিশজন সাহাবীকে সাথে নিয়ে তাদের উদ্দেশ্যে যাত্রা করেন। ত্রিশজন ইহুদী আলেমও তাঁর কাছে আসে। ইহুদীরা যখন খোলা প্রান্তরে আসে তখন তারা পরস্পরকে বলে, তোমরা তাঁর ওপর কীভাবে আক্রমণ করবে? কেননা তাঁর সাথে ত্রিশজন সঙ্গী রয়েছেন। ত্রিশজন সঙ্গীর উপস্থিতিতে আক্রমণ করা তো কঠিন আর তারা এমন সঙ্গী, যারা তাঁর জন্য প্রাণ বিসর্জন দিতেও কুণ্ঠাবোধ করবে না। তখন ইহুদীরা তাঁর কাছে পুনরায় এই সংবাদ প্রেরণ করে যে, আমরা ষাটজন পরস্পর কীভাবে প্রজ্ঞাপূর্ণ আলোচনা করবো? আপনি এক কাজ করুন, তিনজন সঙ্গীকে নিয়ে আসুন আর আমরাও আমাদের তিনজন আলেমকে নিয়ে আসবো, তারা আপনার আলোচনা শুনবে। তখন তিনি (সা.) তিনজন সাহাবীকে সাথে নিয়ে আসার প্রস্তাবটি গ্রহণ করেন। তিনজন ইহুদী আলেমও রওয়ানা হয় আর ঐ ইহুদীদের কাছে খঞ্জর বা ধারালো ছুরি ছিল। তারা মহানবী (সা.)-এর ওপর আক্রমণ করতে চাচ্ছিল। যাহোক, মহানবী (সা.) যাত্রার জন্য প্রস্তুত ছিলেন, পথিমধ্যেই বনু নযীরের একজন হিতাকাঙ্ক্ষী নারী একজন আনসারী মুসলমানকে এবং পরে মহানবী (সা.)-কে বনু নযীরের সকল চক্রান্তের কথা বলে দেয়। তাই মহানবী (সা.) ইহুদীদের কাছে না গিয়ে মদীনায় ফেরত চলে আসেন।

এই যুদ্ধের আরেকটি কারণ বর্ণনা করতে গিয়ে একজন রচয়িতা লিখেছেন, বনু নযীর গোত্র সংগোপনে কুরাইশের কাছে বার্তা পাঠায় আর তাদেরকে মহানবী (সা.)-এর বিরুদ্ধে যুদ্ধ করতে প্ররোচিত করে বরং তাদেরকে মুসলমানদের প্রতিরক্ষা-খাতের কিছু দুর্বলতার কথাও জানিয়ে দেয়। কোনো কোনো বর্ণনা অনুযায়ী উহুদের যুদ্ধের পূর্বে ইহুদীরাও মক্কার কুরাইশকে চরমভাবে উত্তেজিত করেছিল যার ফলশ্রুতিতে উহুদের যুদ্ধ সংঘটিত হয়েছিল।

এ যুদ্ধের একটি গুরুত্বপূর্ণ ও তাৎক্ষণিক কারণ এটিও বর্ণনা করা হয় যে, বি'রে ম'ঊনা থেকে প্রত্যাবর্তনের সময় যখন হযরত আমর বিন উমাইয়া যামরী (রা.) বনু আমেরের দু'জনকে হত্যা করেছিলেন যাদের সাথে মুসলমানদের সন্ধিচুক্তি ছিল, তাই তাদেরকে রক্তপণ প্রদান আবশ্যক ছিল। এ উদ্দেশ্যে মহানবী (সা.) বনু নযীরের কাছে গিয়েছিলেন, কেননা মহানবী (সা.) ইহুদীদের সাথে যে সন্ধিচুক্তি করেছিলেন এর একটি ধারায় ছিল, 'আইয়া'ওয়ানুহু ফীদ্ দিয়াত' অর্থাৎ তারা রক্তপণের ব্যাপারে মুসলমানদের সাথে সহযোগিতা করবে। এই ঘটনার বিশদ বিবরণ হলো, হযরত আমর বিন উমাইয়া যামরী (রা.) যখন মহানবী (সা.)-এর নিকট এসে পুরো বৃত্তান্ত বর্ণনা করেন তখন তিনি (সা.) বলেন, তুমি খুবই অন্যায় কাজ করেছ। তাদের সাথে আমাদের চুক্তি এবং নিরাপত্তার শর্ত ছিল। হযরত আমর বিন উমাইয়া যামরী (রা.) বলেন, আমি এই সন্ধিচুক্তির বিষয়টি জানতাম না। আমি তাদেরকে মুশরিক মনে করতাম আর তাদের গোত্র আমাদের সাথে প্রতারণাও করেছে। হযরত আমর (রা.) তাদের মালপত্র এবং কাপড়-চোপড় সাথে করে নিয়ে এসেছিলেন। মহানবী (সা.) তাকে নির্দেশ দেন তাদের মালপত্র এবং কাপড়-চোপড় যেন তাদের শোকসন্তপ্ত পরিবারের কাছে ফেরত পাঠানো হয়। মহানবী (সা.) রক্তপণ সহ সেগুলো পাঠিয়ে দেন। মহানবী (সা.) শনিবার দিন বনু নযীর গোত্রের উদ্দেশ্যে রওয়ানা হন, মসজিদে কুবায় নামায পড়েন। প্রায় দশজনের মতো মুহাজির ও আনসার সাহাবী মহানবী (সা.)-এর সাথে ছিলেন। তিনি (সা.) বনু নযীরকে তাদের বৈঠকে উপবিষ্ট দেখতে পান। তিনিও তখন সেখানে আসন গ্রহণ করেন যাতে করে মৃত দুই ব্যক্তির রক্তপণ আদায়ের ব্যাপারে তাদের সাথে শলাপরামর্শ করতে পারেন, যেন তারা দু'জন নিহত ব্যক্তির রক্তপণ পরিশোধে তাঁকে সহযোগিতা করে।

এই দুরভিসন্ধির কারণ কি ছিল এ ব্যাপারে হযরত মির্যা বশীর আহমদ সাহেব এম, এ (রা.)'র একটি তথ্য পাওয়া যায় যা থেকে বিষয়টি আরও সুস্পষ্ট হয়। তিনি (রা.) লিখেন, এই যুদ্ধের কারণ বর্ণনা করতে গিয়ে প্রসিদ্ধ হাদীসবেত্তাগণ বিভিন্ন আঙ্গিক তুলে ধরেছেন আর এ কারণেই এই যুদ্ধ ঠিক কখন আরম্ভ হয়েছিল সে ব্যাপারেও দ্বিমত রয়েছে। বনু নযীরের পক্ষ থেকে বিভিন্ন সময়ে বিভিন্ন দুষ্কর্মের সূচনা হয়েছে। সকল ঘটনাই ভিন্ন ভিন্ন সময় ও স্থান সাপেক্ষে সঠিক। কিন্তু সর্বশেষ যুদ্ধ সেটি ছিল যা বনু আমেরের দু'জন ব্যক্তির রক্তপণ আদায়ের সময় আরম্ভ হয়েছিল, বাকি আল্লাহ্ই ভালো জানেন। রক্তপণ আদায়ের ব্যাপারে মহানবী (সা.) একদল সাহাবীকে নিয়ে বনু নযীরের নিকট উপস্থিত হন এবং চুক্তি অনুসারে রক্তপণ আদায়ের বিষয়টি তাদের কাছে উত্থাপন করেন। তারা বলে, হ্যাঁ, আবুল কাসেম! আপনি খাবার খেয়ে নিন এরপর আমরা এ ব্যাপারে কথা বলছি। এভাবে বাহ্যিকভাবে ইহুদীরা খুবই হাস্যোজ্জ্বলভাবে মহানবী (সা.)-এর সাথে কথা বলে। কিন্তু ভেতরে ভেতরে তারা মহানবী (সা.)-কে হত্যার ষড়যন্ত্র করতে থাকে। তখন তিনি (সা.) তাদের বাড়ির এক দেয়ালের পাশে উপবিষ্ট ছিলেন। একজন বর্ণনাকারী ইহুদীদের মহানবী (সা.)-কে হত্যার ঘৃণ্য ষড়যন্ত্রের কথা উল্লেখ করতে গিয়ে লিখেন, বনু নযীরের সর্দার হুয়াই বলে, "হে ইহুদীর দল! মুহাম্মদ (সা.) তাঁর কতিপয় সাথীকে নিয়ে তোমাদের কাছে উপস্থিত হয়েছে, তাদের সংখ্যা দশজনেরও কম। এই বাড়ির ছাদে উঠে বড় একটি পাথর ফেলে মুহাম্মদকে (সা.)-কে হত্যা করো, তোমরা এর চেয়ে উত্তম সুযোগ আর কখনো পাবে না। যদি তাকে মেরে ফেলতে পারো তাহলে তার সঙ্গীরা ছত্রভঙ্গ হয়ে যাবে। মক্কা থেকে আসা তোমাদের সাথীরা মক্কায় ফিরে যাবে এবং এখানে শুধু আওস ও খাযরাজ থাকবে, যারা তোমাদেরই মিত্র। তাই তোমরা যা করতে চাও, এখনই করো"। একথা শুনে এক দুর্ভাগা ইহুদী আমর বিন জাহাশ বলে, "আমি বাড়ির ছাদে উঠে পাথর ফেলে মুহাম্মদ (সা.)-কে (নাঊযুবিল্লাহ্) হত্যা করবো"। যখন এসব সলাপরামর্শ করা হচ্ছিল তখন বনু নযীরের এক নেতা সালাম বিন মিশকাম বলে, "হে ইহুদীর দল! তোমরা চাইলে সারাজীবন আমার বিরোধিতা কোরো, কিন্তু আজ আমার কথা মেনে নাও। আল্লাহ্র কসম! মুহাম্মদ (সা.)-কে তোমাদের এই ষড়যন্ত্রের ব্যাপারে অবগত করা হবে। আর এটি আমাদের এবং তাদের মাঝে বিদ্যমান সন্ধিচুক্তির লঙ্ঘনও বটে।" কিন্তু ইহুদীরা তার কথায় কর্ণপাত না করে নিজেদের সিদ্ধান্তে অটল থাকে। হুযূর (আই.) বলেন, 'ইনশাআল্লাহ্ আগামীতে বর্ণনা করা হবে যে, তারা কি পরিকল্পনা করেছিল এবং কীভাবে আল্লাহ্ তা'লা মহানবী (সা.)-কে রক্ষা করে তাদের ষড়যন্ত্রকে ব্যর্থ করে দিয়েছিলেন।'

পরিশেষে হুযূর (আই.) পাকিস্তানের আহমদীদের জন্য দোয়ার আহ্বান জানিয়ে বলেন, 'পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষ দোয়ার আহ্বান করতে চাই। সম্প্রতি তাদের ওপর পুনরায় নির্যাতন শুরু হয়েছে। আল্লাহ্ তা'লা শীঘ্র পাকিস্তানের আহমদীদেরকে অত্যাচারের কবল থেকে মুক্তি দিন আর সেখানেও আমাদের পরিস্থিতি অনুকূল করে দিন। কেননা কুরবানীর বিষয়কে কেন্দ্র করে তাদের বিরুদ্ধে মামলা-মোকদ্দমা ও নির্যাতনের চেষ্টা করা হচ্ছে।' এরপর হুযূর (আই.) পাকিস্তানের দু'জন শহীদ ও একজন মরহুমের স্মৃতিচারণ করেন এবং নামাযের পর তাদের গায়েবানা জানাযা পড়ান। শহীদদের একজন হলেন, ৬৪ বছর বয়স্ক মুকাররম গোলাম সারোয়ার সাহেব আর অপরজন হলেন ৩২ বছর বয়স্ক শহীদ মুকাররম রাহাত আহমদ বাজওয়া সাহেব। মণ্ডী বাহাউদ্দিন জেলার সাইফুল্লাহপুরে গত ৮ই জুন, ২০২৪ তারিখে একজন মাদ্রাসা ছাত্র সৈয়দ আলী রেযার গুলিতে তারা উভয়েই ঘটনাস্থলে শাহাদত বরণ করেন, ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিঊন। হুযূর (আই.) তাদের সংক্ষিপ্ত স্মৃতিচারণ করার পর মুকাররম মালেক মুজাফ্ফর খান সাহেবেরও স্মৃতিচারণ করেন এবং তাদের তিনজনের আত্মার মাগফিরাত ও শান্তি কামনা করে দোয়া করেন, 'আল্লাহ্ তা'লা তাদের সাথে প্রতি দয়া ও ক্ষমাসুলভ আচরণ করুন এবং তাদের শোকসন্তপ্ত পরিবারকে ধৈর্য ধারণের তৌফিক দিন' আমীন।

[প্রিয় পাঠকবৃন্দ! হুযূরের খুতবা সম্পূর্ণ শোনার কখনোই কোনো বিকল্প নেই, আমরা সময়ের প্রতি লক্ষ্য রেখে খুতবার সারমর্ম উপস্থাপন করছি মাত্র। আপনাদেরকে হুযূরের পুরো খুতবাটি শোনার অনুরোধ রইল। হুযূরের খুতবাটি পুরো শুনতে পাবেন আমাদের এমটিএ'র নিয়মিত ওয়েবসাইট অর্থাৎ, **www.mta.tv** এবং আমাদের কেন্দ্রীয় বাংলা ওয়েবসাইট **www.ahmadiyyabangla.org** -এ]

(সূত্র: কেন্দ্রীয় বাংলাডেস্ক লন্ডনের তত্ত্বাবধানে প্রস্তুতকৃত)

# জয় বাংলা ছিল মুক্তিযুদ্ধের চেতনা শ্লোগান

৬ পৃষ্ঠার পর

হত্যা মামলা থেকে মুক্ত করে দেয়া হয়েছে। বিএনপি নেতারা এখন বিবৃতি দিচ্ছে আদালত নাকি ন্যায় বিচার করেছে আর বাংলাদেশে নাকি একুশে আগস্ট এর মত কোন ঘটনাই ঘটেনি। সম্প্রতি নাটোরে যুবলীগ নেতা - সাইদুর রহমান বাবু অতি সহজ সরল একজন দরিদ্র মানুষ তার অপরাধ সে আওয়ামীলীগ করে, সে অপরাধে তাকে বাসা থেকে ধরে এনে রাস্তায় বিদ্যুতের খুটির সাথে বেঁধে লাঠি, লোহার রড দিয়ে পেটানো হয়, সাথে কিল, ঘুষি, লাথি তো আছে - এভাবে তাকে চার দিন ধরে থেমে থেমে মেরেছে বিএনপির সদস্যরা। চারদিন পর তার মৃত্যু হয় - তার লাশটা পর্যন্ত নিজ এলাকায় দাফন করতে দেয়নি বিএনপির কর্মীরা। এরপর সারা দেশে ধর্ষণ নারী নির্যাতন - আওয়ামী লীগ সমর্থন করত কোন নারী অথবা পরিবারের কোনো পুরুষ সদস্য - যদি পুরুষ সদস্যকে খুঁজে পাওয়া না যেত তাহলে পরিবারের নারী সদস্য স্ত্রী, মেয়ে সবাইকে একসাথে ধর্ষণ করত জামাত-বিএনপির সন্ত্রাসীরা। সারাদেশে একযোগে যে জুলুম, নির্যাতন, হত্যা, লুটপাট চলছে তা সরকারের নির্দেশেই চলছে। সরকার ঘটনাস্থলে কোন পুলিশ পাঠায় না - যাতে সন্ত্রাসীরা ঘটনা ঘটিয়ে খুব সহজে পালিয়ে যেতে পারে। ড. ইউনূসের লক্ষ্য একটা স্বাধীন সার্বভৌম বাংলাদেশকে বিলীন করে দিয়ে যাবে - এখানে স্বাধীনতা সার্বভৌমত্ব বলে কিছু থাকবে না।

আর যারা এর পক্ষে কথা বলবে তাদের হত্যা করা হবে। বাংলাদেশ এখন পৃথিবীর সবচেয়ে জঘন্য বর্বর আর একটি অসভ্য রাষ্ট্রে পরিণত হয়েছে। এখানে নেই কোন শান্তি শৃঙ্খলা, আচার, বিচার, আইন, আদালত, ভদ্রতা, নম্রতা এটি কোন সভ্য মানুষের বসবাসের জায়গা নয় - এটি সন্ত্রাসীদের অভয়ারণ্য। এর সাথে যুক্ত করা হয়েছে কিছু কুকুরকে যারা সত্য ইতিহাসের কবর রচনা করে জাতির সামনে মিথ্যা বানোয়াট অযৌক্তিক ইতিহাস প্রচার করে - এদের একজন ড. সলিমুল্লাহ, একজন মাহফুজুর রহমান, ব্যারিস্টার ফুয়াদ, বিদেশে পলাতক হিন্দু মৌলবাদী পিনাকী নামক চোর। সর্বশেষ আরেকজন বদরুদ্দীন উমর, সে মারা গেছে। এইসব মানুষদের লেলিয়ে দেয়া হয়েছে ইতিহাস বিকৃত করে এই প্রজন্মকে বিভ্রান্ত করার জন্য। আজ নির্বাচন কমিশনকে দিয়ে ঘোষণা দেয়া হয়েছে - আওয়ামী লীগকে আর জাতীয় পার্টি কে নির্বাচন করতে দেয়া হবে না। এদেশের প্রায় ৬০ ভাগ মানুষ এই দুটি রাজনৈতিক দলের সমর্থক অথচ তাদের নির্বাচন করতে দেয়া হবে না। দীর্ঘ এক বছর যাবত যে চেতনার ডুগডুগি বাজানো হচ্ছে।

সংস্কার কমিশন, তারা ৭১ এর চেতনায় শাণিত মুক্তিযুদ্ধের ইতিহাস পাল্টাবেন, ৭২ এর সংবিধান পাল্টাবেন, রবীন্দ্রনাথের লেখা আমাদের জাতীয় সংগীত পাল্টাবেন, নতুন সংবিধান রচনা করবেন আলী রীয়াজ আর বদিউল আলম মজুমদার, ২৪ এর চেতনায় যে সংবিধান রচনা হবে সেখানে থাকবে - চোর ডাকাত খুনিদের নেতৃত্বে বাংলাদেশ দখল করার ইতিহাস, জঙ্গি তালেবানদের ক্ষমতা দখলের ইতিহাস, ৭১ এর কায়দায় নারী ধর্ষণের ইতিহাস, গণভবন লুটপাট আর চুরির ইতিহাস, বিএনপির চুরি ডাকাতি লুটপাট আর ধর্ষণের ইতিহাস, ৩২০০ পুলিশ হত্যার ইতিহাস, থানা থেকে অস্ত্র গোলাবারুদ লুটপাটের ইতিহাস। এই ইতিহাস নিয়েই তৈরি হচ্ছে চেতনায় ২৪, আর যে স্লোগান ২৪ এর চেতনাকে শাণিত করেছে তা হচ্ছে - ঘরের চালে কাউয়া, ইউনূস বিপ্লবীদের না...

# শিবিরের উত্থানের রাজনীতি, বাস্তবতা ও নানা সমীকরণ

৭ পৃষ্ঠার পর

এখনো হাজির আছে। অনেকে এখন স্বীকার করছেন যে শিবিরকে প্রকাশ্যে রাজনীতি করতে না দেওয়াটাই বড় ভুল ছিল। এ দীর্ঘ সময়ে অপ্রকাশ্যে বিভিন্ন কৌশলে সাংগঠনিক কার্যক্রম পরিচালনা করতে গিয়ে তারা এমন পদ্ধতি বেছে নিয়েছিল, যেটি পরবর্তী সময়ে 'গুপ্ত রাজনীতি' হিসেবে আলোচিত হয়েছে। তাদের রাজনীতির এমন ধরন নিয়ে যদিও নানা সমালোচনা আছে। কয়েক দশকের চর্চা থেকে এর কাঠামোগত বিস্তার একটা শক্তিশালী ছিল যে ছাত্রলীগের কঠোর প্রভাব, নিয়ন্ত্রণ, আধিপত্য, ক্ষমতা ও শক্তিচর্চার মধ্যেও সেটির উন্মোচন হয়নি। এমনকি ছাত্রলীগের ভেতরেও বিভিন্নভাবে তারা তাদের অবস্থান তৈরি করতে সক্ষম হয়েছিল।

শিবিরের পক্ষে সাধারণ শিক্ষার্থীদের বড় একটি সমর্থনের আরেকটি গুরুত্বপূর্ণ কারণ হচ্ছে, ছাত্রদলের 'ছাত্রলীগ' হয়ে ওঠার আশঙ্কা। জাতীয় নির্বাচনে জিতে বিএনপি ক্ষমতায় গেলে ছাত্রদলের 'পুরোনো রূপ' প্রকাশ ঘটতে পারে, এমন ভীতিও কাজ করেছে তাদের মধ্যে। কারণ, ছাত্রলীগের নিপীড়নের ট্রমা এখনো সাধারণ শিক্ষার্থীদের মনে গেঁথে আছে।

যাহোক, দীর্ঘ সময় ধরে এমন পদ্ধতি ও কৌশল অবলম্বন করতে গিয়ে শিবির যেদিকে সবচেয়ে বেশি মনোযোগী হয়, তা হচ্ছে ক্যাম্পাসের বিভিন্ন সাহিত্য-সংস্কৃতি-বিতর্ক ও আঞ্চলিক সংগঠনগুলোতে, এমনকি বিশ্ববিদ্যালয়ের সাংবাদিক সমিতিতেও নিজেদের জোরালোভাবে সংযুক্ত করা। এসব পরিসরে বিভিন্ন সংগঠনের নেতৃত্বেও তাদের নেতা-কর্মীরা জায়গা করে নেন। বলা যায় বিশ্ববিদ্যালয়ের বুদ্ধিবৃত্তিক চর্চার পরিসরগুলোতে নিজেদের শক্ত অবস্থান তৈরি করার কৌশল এবারের ডাকসু নির্বাচনে তাদের বিজয়ের ক্ষেত্রে বড় 'বিনিয়োগ' হিসেবে কাজ করেছে।

অভ্যুত্থানের পর হলে হলে দলীয় রাজনীতি নিষিদ্ধ থাকলেও 'সাধারণ শিক্ষার্থী'রূপে শিবির অপ্রকাশ্যভাবে তার পুরোনো রাজনৈতিক অবস্থান ধরে রাখে। সেখানে বিশ্ববিদ্যালয় প্রশাসনের সহযোগিতামূলক মনোভাব পরিলক্ষিত হয়। অনেকের মতে, ক্যাম্পাসে বিশেষ করে হলে হলে কৌশলগতভাবে এই 'অন্যায্য' সুবিধা নিয়ে শিবির আসলে সাংগঠনিকভাবে অন্যদের চেয়ে এগিয়ে গিয়েছিল এবং শিক্ষার্থীদের ওপর প্রভাব বিস্তার করতে সক্ষম হয়েছিল।

শিবিরের এ বিজয়ের পেছনে অন্যতম বড় কারণ হিসেবে যুগপৎভাবে সামনে আসে গণ-অভ্যুত্থানের পর ডাকসুকে ঘিরে তাদের পরিকল্পনা ও প্রস্তুতি এবং সে জায়গায় অন্য রাজনৈতিক পক্ষগুলোর ব্যর্থতা। গত এক বছর শিক্ষার্থীদের আকৃষ্ট করতে বহুমুখী কর্মসূচি ও কর্মকাণ্ড তারা গ্রহণ করেছে।

এর পেছনে অর্থের জোগান নিয়ে প্রশ্ন উঠলে বলতে হয়, শিবিরের সাংগঠনিক 'অর্থনৈতিক মডেল' এখানে বড় ভূমিকা রেখেছে। অন্য সংগঠনগুলোর নিজস্ব অর্থনৈতিক বন্দোবস্ত নেই বললেই চলে।

সেই সঙ্গে শিবিরের প্যানেলে কারা নেতৃত্বে থাকছে, সেটিও অন্তত ছয় মাস আগে নিশ্চিত করা হয়। প্রধান প্রার্থী সাদিক কায়েমকে, যিনি ৫ আগস্টের পর গণ-অভ্যুত্থানের ভূমিকার জন্য আলোচনায় আসেন, নির্বাচনের জন্য নানাভাবে ব্র্যান্ডিং করে তাঁকে সবার কাছে গ্রহণযোগ্য করে তোলা হয়।

সেদিক দিয়ে প্রতিদ্বন্দ্বী পক্ষগুলো ছিল অনেক পিছিয়ে, বিভক্ত ও অগোছালো বা কার্যত পরিকল্পনাহীন। নির্বাচনের তফসিল ঘোষণার পরও তাদের প্যানেলের প্রার্থিতা নিশ্চিত করা যায়নি। অন্যদিকে শিবির সর্বোচ্চভাবে ক্যাম্পাসের প্রত্যেক শিক্ষার্থীর কাছে তথা ডোর টু ডোর, ম্যান টু ম্যান প্রচার-প্রচারণা ও সংযোগ স্থাপন করেছে। কিন্তু অন্যরা সেই সময়টুকুই পায়নি প্রস্তুতি ও পরিকল্পনায় পিছিয়ে থাকায়। উমামা ফাতেমার মতো গণ-অভ্যুত্থানের আলোচিত নেত্রীর ক্ষেত্রেও তেমনটি আমরা দেখতে পাই।

ডাকসুর সাবেক একজন সদস্যের মতে, ফ্যাসিবাদী আমলে গণতান্ত্রিক রাজনীতি কোণঠাসা থাকায় দেশজুড়ে পরোক্ষভাবে দক্ষিণপন্থীরা প্রভাব বিস্তার করা শুরু করে এবং চব্বিশের গণ-অভ্যুত্থানের পর তাদের উত্থান ঘটে। শিবিরের এ বিজয় আসলে দক্ষিণপন্থী রাজনীতি উত্থানেরই প্রতিফলন।

আবার নাগরিক সমাজের কারও কারও মতে, একসময়কার শহুরে মধ্যবিত্ত-উচ্চ মধ্যবিত্ত পরিবারের সন্তানদের কারণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের যে সাংস্কৃতিক ভিত্তি ছিল, সেখানে বড় একটি পরিবর্তন ঘটে গেছে। এসব পরিবারের দ্বিতীয় বা তৃতীয় প্রজন্মের সন্তানেরা এখন ঢাকা বিশ্ববিদ্যালয়ের তুলনায় বেসরকারি বিশ্ববিদ্যালয় বা বিদেশের বিশ্ববিদ্যালয়কেই বেছে নিচ্ছেন। তাঁদের জায়গায় চলে এসেছেন নিম্নমধ্যবিত্ত পরিবারের সন্তানেরা এবং গ্রাম-মফস্বলের স্কুল-কলেজ বা মাদ্রাসা থেকে উঠে আসা শিক্ষার্থীরা, যাঁদের অনেকের উঠে আসার পেছনে শিবিরের সাংগঠনিক অনেক কর্মসূচি ও পরিকল্পনা বড় ভূমিকা রাখে। এটি ছাত্র সংসদ নির্বাচনগুলোতে শিবিরের জন্য একটি জোরালো পরোক্ষ ভূমিকা রেখেছে।

তবে শিবিরের রাজনীতির একজন পর্যবেক্ষক ডাকসুর সাবেক সদস্যের দাবিটি নাকচ করে দিয়ে শিবিরের প্রচলিত ধর্মীয় রাজনীতি থেকে বের হয়ে প্যানেল গঠনে 'সেক্যুলার অ্যাপ্রোচ' রাখার দিকটিকে বরং অধিক গুরুত্বপূর্ণ মনে করছেন।

তাঁর মতে, শিবির নিয়ে প্রচলিত যেসব ধ্যানধারণা সাধারণ শিক্ষার্থীদের মধ্যে প্রতিষ্ঠিত, সেসব ভাঙতে এবং এর প্রতি বিশ্বাস স্থাপনে ও আস্থা অর্জনে তারা ক্যাম্পাসে বহুমুখী কৌশলগত প্রচার-প্রচারণা চালিয়েছে, যা শিক্ষার্থীদের তাদের প্রতি আগ্রহী করে তোলে। তবে কারও কারও মধ্যে এই আশঙ্কাও আছে, নির্বাচিত হওয়ার পর শিবির ক্যাম্পাসে তাদের সেই 'সেক্যুলার অ্যাপ্রোচ' ধরে রাখবে, নাকি আগের প্রচলিত রূপেই ফেরত যাবে?

ছাত্রদল নিয়ে শঙ্কা ও আগের ট্রমার বিষয়টি সাধারণ নারী শিক্ষার্থীদের মধ্যেও গুরুত্ব পেয়েছে। ফলে শিবিরের বিরুদ্ধে 'নারীবিরোধী অবস্থান' নিয়ে প্রচারণাও খুব একটা জোর পায়নি। ক্যাম্পাসে শিবিরের 'মোরাল পুলিশিং' নিয়ে অভিযোগ থাকলেও শিবিরের ক্যাম্পেইন সেটিকে ছাপিয়ে গেছে।

প্যানেলে নিজেদের সংগঠনের বাইরে অন্য নারীদের অন্তর্ভুক্তির বিষয়টি ইতিবাচক বার্তা দেয়। ফলে মেয়েদের হলে হলে শিবিরের প্রচার-প্রচারণার বিপুল উপস্থিতি দেখতে পাওয়া যায়। এ ছাড়া ক্যাম্পাসে লাগানো পোস্টারে প্যানেলের হিজাবপরিহিত এক নারী সদস্যের ছবি বিকৃতির ঘটনাকে শিবির প্রচারণা হিসেবে কাজে লাগায়। ক্যাম্পাসে আওয়ামী শাসনামল থেকে নানা ঘটনায় 'ইসলামোফোবিক' বা 'হিজাবোফোবিক' ইস্যুগুলোও এখানে গুরুত্ব পায়।

শিবিরের পক্ষে ক্যাম্পাসে জনমত তৈরিতে আরেকটি মাত্রা যুক্ত করেছে, তা হচ্ছে দেশে-বিদেশে তাদের নেতাকর্মী ও আলোচিত বড় বড় ইউটিউবার ও ইনফ্লুয়েন্সারদের প্রচার-প্রচারণা। যেখানে শিবিরের পক্ষে ন্যারেটিভ বা বয়ান তৈরি করতে, তাদের বিপক্ষে প্রচারণার জবাব দেয়া বা প্রতিদ্বন্দ্বী প্যানেল বা প্রার্থীদের সমালোচনার মধ্য দিয়ে পাল্টা বয়ান হাজির করতে দেখা গেছে, যা নির্বাচনে শিবিরের পক্ষে প্রভাব ফেলেছে বলেও কেউ কেউ মনে করেন।

শিবিরের মুক্তিযুদ্ধ বিষয়ে অবস্থান নিয়ে প্রতিপক্ষদের প্রচারণাও খুব বেশি গুরুত্ব পায়নি। কারণ, ক্যাম্পাসে মুক্তিযুদ্ধবিরোধী বলে শিবির তকমা দিয়ে সাধারণ শিক্ষার্থীদের ওপর নির্যাতন করা হয়েছিল। সেই দুর্বিষহ স্মৃতি শিক্ষার্থীরা এখনো ভুলতে পারেননি। একইভাবে আওয়ামী শাসনামলে শিবির প্রার্থীদের 'জয় বাংলা' স্লোগান দেওয়া নিয়ে প্রচারণাও খুব একটা কাজে আসেনি বলে মনে করেন ক্যাম্পাসের শিবিরের সাবেক নেতারা। কারণ, বিগত আমলে অধিকাংশ শিক্ষার্থীর হলে থাকতে গিয়ে বাধ্য হয়ে এমন পরিস্থিতির মধ্য দিয়ে যেতে হয়েছে।

সব পক্ষের সব প্যানেলের একমাত্র প্রতিপক্ষ হয়ে যাওয়ার বিষয়টি শিবিরের প্রতি সাধারণ শিক্ষার্থীদের আগ্রহ আরও বাড়িয়েছে। শুধু 'অ্যান্টি-শিবির' অবস্থানে জোর দিয়ে প্রতিপক্ষদের হিতে বিপরীতও হয়েছে বলে অনেকে মনে করেন।

যেমন গণ-অভ্যুত্থানের পরিচিত মুখদের নিয়ে গঠিত নতুন ছাত্রসংগঠন গণতান্ত্রিক ছাত্রসংসদ (বাগছাস)-সমর্থিত প্যানেলের ভরাডুবির এটিও একটি কারণ। গণ-অভ্যুত্থানের আলোচিত মুখ আবদুল কাদের এতটা কম ভোট পাবেন, তা ছিল কল্পনাতীত। একই নীতিতে তথা 'অ্যান্টি-শিবির' অবস্থানে তাদের চেয়ে বাম ছাত্রসংগঠনের প্রতিরোধ পর্ষদ প্যানেলই বরং বেশি গ্রহণযোগ্যতা পেয়েছে। কেন্দ্রীয় সংসদে সাধারণ সম্পাদক হিসেবে চব্বিশের আরেক আলোচিত মুখ মেঘমল্লার বসুর প্রাপ্ত ভোট সেটিই ইঙ্গিত দেয়।

ডাকসুতেও প্রতিপক্ষ প্যানেলগুলোর পরিকল্পনায়, প্রস্তুতিতে ও কৌশলগত প্রচার-প্রচারণায় ব্যর্থতা শিবিরকে সেখানে বড় সাফল্য এনে দিয়েছে। তবে শিবিরের রাজনীতির পর্যবেক্ষণকারী ও সাবেক শিবির নেতাদের মধ্যে অনেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিবিরের একচেটিয়া জয় আশা করেননি। এটিকে তাঁরা শিবিরের জন্য চ্যালেঞ্জিংও মনে করছেন। এতে শিবিরের রাজনীতি জন্য 'বুমেরাং' হওয়ার আশঙ্কাও করছেন তাঁরা। আর, ক্যাম্পাসে কোনো কিছু ঘটলে সবাই মিলে শিবিরের ওপর চাপ তৈরি করবে। ফলে শিবিরের পক্ষে ছাত্র সংসদ চালানো সহজ হবে না।

অন্যদিকে শিবিরের রাজনীতির সমালোচকদের মতে, দলটির প্যানেলের একচেটিয়া জয় ক্যাম্পাসে নতুন আধিপত্যবাদী রাজনীতির প্রকাশ ঘটাতে পারে। শিবির-প্রভাবিত ক্যাম্পাসের পুরোনো দিনগুলোর কথাও স্মরণে করিয়ে দেন তাঁরা। তবে চব্বিশের গণ-অভ্যুত্থানের পর সেটি কতটা সম্ভব হবে, সেই প্রশ্নও আছে কারও কারও।

রাফসান গালিব: প্রথম আলোর সম্পাদকীয় সহকারী।

# নিউইয়র্ক আন্তর্জাতিক বাণিজ্য মেলা আজ

৩ পৃষ্ঠার পর

হচ্ছে। এর মধ্যেই লুকিয়ে আছে দেশের রপ্তানি সম্ভাবনার এক প্রতিচ্ছবি। যে দেশ একসময় শুধুই পোশাক শিল্পে সীমাবদ্ধ ছিল, সে দেশ এখন পাটজাত পণ্য বিশ্বকে চমক দেখাচ্ছে, তথ্যপ্রযুক্তিতেও নতুন বাজারে প্রবেশের স্বপ্ন দেখছে।

উদ্বোধনী আসরে থাকছেন ক্ষুদ্র ব্যবসা প্রশাসনের প্রধান কেলি লোফলার এবং বাণিজ্য দপ্তরের উপসচিব পল ডেবর। প্রথমবারের মতো ইউরোপীয় ইউনিয়ন থেকে দশ সদস্যের প্রতিনিধি দল যোগ দিচ্ছে। ইতালি, যুক্তরাজ্য, স্কটল্যান্ড ও পোল্যান্ড থেকে অংশ নিচ্ছেন শিল্পপতি, ব্যবসায়ী ও নীতিনির্ধারকেরা। ইতালি থেকে আসছেন ইতালি-বাংলাদেশ চেম্বারের সভাপতি ও আগ্রাবাদ গ্রুপের প্রধান মোহাম্মদ ইরাদ আলী, টাটকা কোম্পানির স্বত্বাধিকারী সিআইপি এমদাদুর রহমান চৌধুরী, সিকে ফুড লিমিটেডের নির্বাহী পরিচালক সিরাজুল ইসলাম, জেনিন গ্রান অ্যান্ড ফ্যাশন লিমিটেডের নির্বাহী পরিচালক এম এম রহমান ও পরিচালক মাকসুদা বেগম, ম্যাকমার্ট গ্রুপ লিমিটেডের নির্বাহী পরিচালক ফায়জাল আলম।

যুক্তরাজ্য থেকে থাকছেন এনটিভি ইউরোপের নির্বাহী পরিচালক সাবরিনা হুসাইন এবং যুক্তরাজ্য-বাংলাদেশ কেটারার্স অ্যাসোসিয়েশনের সভাপতি অলি খান এমবিই এফআরএসএ। স্কটল্যান্ড থেকে আসছেন সংসদ সদস্য ফয়সাল চৌধুরী এমবিই এমএসপি। পোল্যান্ড থেকে থাকছেন ব্যবসা উপদেষ্টা মনসুর মাহমুদ। এই প্রতিনিধি দলের নেতৃত্ব দেবেন ফায়জাল আলম, যিনি ইউরোপ সমন্বয়ের দায়িত্বে আছেন।

এ ধরনের আয়োজন প্রবাসী বাংলাদেশিদের জন্য শুধুই প্রদর্শনী নয়। এটি প্রবাসী তরুণ উদ্যোক্তাদের জন্য একটি প্ল্যাটফর্ম, যেখানে তারা বিশ্ববাজারের প্রবণতা বুঝতে পারে, বিদেশি বিনিয়োগকারীদের সঙ্গে নেটওয়ার্ক গড়তে পারে এবং বাংলাদেশের সম্ভাবনাময় খাতগুলোকে নতুন আঙ্গিকে উপস্থাপন করতে পারে। এক্সপোতে যুক্তরাষ্ট্রের দুই শতাধিক স্টলের সাথে যুক্ত হচ্ছে বাংলাদেশের তৈরী পোষাক শিল্পের ২টির মতো প্রতিষ্ঠান।

নিউইয়র্ক আন্তর্জাতিক বাণিজ্য মেলা ও চেম্বার এক্সপো ২০২৫- এর আহ্বায়ক ডা. জিয়াউদ্দিন আহমেদ বাংলাদেশি ব্যবসায়ী ও তরুণ উদ্যোক্তাদের এ এক্সপোতে যোগ দিয়ে বাংলাদেশি ব্যবসায়ী ও উদ্যোক্তাদের আহ্বান জানিয়েছেন।

# আদার ব্যাপারী জাহাজের মালিক

১২ পৃষ্ঠার পর

দেখা যাচ্ছে না। তারা সরকারি দলের সুযোগ নিচ্ছে এবং সুবিধা ভোগ করছে। এসব দেখে প্রতিদ্বন্দ্বী জামায়াত-এনসিপি চাঁদাবাজ-দখলবাজ বলছে বিএনপিকে। প্রায় সাত হাজার নেতাকর্মীকে শাস্তি দিয়ে এ অভিযোগ সত্য বলে মেনে নিয়েছে দলটি। কিন্তু জামায়াত-এনসিপির চাঁদাবাজি-তদবিরবাণিজ্য প্রকাশ্যে আসছে কম। অভিযুক্ত হলেও নামমাত্র ব্যবস্থাপত্রে বহাল থাকছে নেতৃত্ব। অব্যাহত প্রচারণায় বিএনপিকে ভবিষ্যতের 'আওয়ামী লীগ' তকমা লাগিয়ে দিয়েছে তারা। নিজেদের প্রচারমাধ্যমের দুর্বলতা ও ব্যক্তিগত ব্যস্ততায় বিএনপির নেতাকর্মীরা উপযুক্ত জবাব দাঁড় করাতে পারছে না। উপরন্তু, তাদের ব্যবহারে সাধারণ মানুষ সরকারি দল মনে করে বিরক্ত হচ্ছে। মজলুম থেকে এক বছরেই জমিদারি আচরণ ফিরে পাওয়ায় ক্ষতিগ্রস্ত হচ্ছে দলটি। নির্বাচন দেরি হলে জনপ্রিয়তা কমতে থাকবে বিএনপির। এটা অনেকেই বলাবলি করছে। একই অবস্থা ড. ইউনূসের। নির্বাচন বিলম্বিত ও প্রশ্নবিদ্ধ হলে বিশ্ববরেণ্য এ ব্যক্তির ভাবমূর্তি ক্ষুণ্ন হবে। নোবেলজয়ীর পরাজয় পৃথিবী মেনে নেবে না।

ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার খুব শখ ছিল নোবেলের। এজন্য চাটুকারদের প্ররোচনায় লবিস্ট নিয়োগ করে রাষ্ট্রীয় কোষাগারের অনেক ক্ষতিও করেছিলেন তিনি। না পাওয়ার ক্ষোভ গিয়ে পুরোটা পড়ে ড. ইউনূসের ঘাড়ে। যার মাশুল তাকে গুনতে হয়েছে আদালতে লোহার খাঁচায় ঘণ্টার পর ঘণ্টা দাঁড়িয়ে থেকে। এবার নোবেল নিয়ে পাগলামি করতে দেখা যাচ্ছে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে। অক্টোবর মাস প্রায় চলেই এলো। নোবেল পুরস্কার ঘোষণা করা হবে শিগগিরই। কারা পাবেন, তা নিয়ে এখন চলছে আলোচনা। এমন সময় ঘোষণা করা হয়েছে ইগ নোবেল পুরস্কার। বিভিন্ন গবেষক দলকে মজার গবেষণার জন্য দেওয়া হয় এই ইগ নোবেল। নোবেল কমিটির সঙ্গে এর কোনো সম্পর্ক নেই। তবে সেপ্টেম্বরেই এ পুরস্কার ঘোষণা করা হয়। ১৮ সেপ্টেম্বর যুক্তরাষ্ট্রের বোস্টন বিশ্ববিদ্যালয়ে ২০২৫ সালের ইগ নোবেল পুরস্কার ঘোষণা করা হয়। এ পুরস্কার এমন গবেষণাকে স্বীকৃতি দেয়, যা প্রথমে মানুষকে হাসায়, পরে ভাবায়। এবার শান্তি পুরস্কার পেয়েছে জার্মান, ডাচ ও ব্রিটিশ গবেষকদের একটি দল।

তারা দেখিয়েছে, এক পেগ অ্যালকোহল পান করলে মানুষের বিদেশি ভাষায় কথা বলার আত্মবিশ্বাস বেড়ে যায়। অন্যান্য পুরস্কারের মধ্যে ইঞ্জিনিয়ারিং পুরস্কার পেয়েছেন ভারতীয় গবেষকরা। তারা একটি জুতার র‍্যাক তৈরি করেছেন। যেটি দুর্গন্ধযুক্ত জুতার দুর্গন্ধ দূর করে। এই র‍্যাকে একটি ইউভি আলো বসিয়ে দেওয়া হয়। ইউভি আলো দুর্গন্ধ সৃষ্টিকারী ব্যাকটেরিয়াকে কয়েক মিনিটের মধ্যে মেরে ফেলে। তবে ব্যাকটেরিয়া মারার পাশাপাশি এই আলো জুতাও পুড়িয়ে ফেলে। জাপানের কৃষি ও খাদ্য গবেষণা সংস্থার ডাক্তার তোমোকি কোজিমা ও তার দল জীববিজ্ঞানে পুরস্কার পেয়েছেন। তার দল দেখিয়েছে, গরুর গায়ে জেব্রার মতো কালো দাগ আঁকলে মাছি কম কামড়ায়। তিনি বলেন, 'আমি বিশ্বাস করতে পারছিলাম না। আমার মনে হয়েছিল আমি স্বপ্ন দেখছি।' এরকম মজার মজার বিভিন্ন বিষয়ে এ ব্যঙ্গ নোবেল পেয়েছে আরও কয়েকটি গবেষক দল। তবে, এই বঙ্গে এরকম বিষয় শুধু মজা হয়েই থাক। সত্যি সত্যি কোনো ব্যক্তি বা দল ব্যঙ্গের শিকার না হোক।

বড় দল হিসেবে বড় মনের পরিচয় দিতে হবে বিএনপিকে। বাপ-দাদার উল্লেখযোগ্য পরিচয় নেই বলে কোনো আদার ব্যাপারী জাহাজের মালিক হতে পারবে না-এমন কথা এখন টেকে না। এখন অনেক আদার ব্যাপারী, শুধু জাহাজের খবর রাখে না; মালিকও হয়েছে। তবে, এই নতুন মালিকদের অনেকের শরীর থেকে আদার ঝাঁজালো গন্ধ আসে। শিক্ষা-রুচি-আচরণে মিষ্টি গন্ধ অর্জন করতে হয়। সেটা হলে সমস্যা কম হবে। ডেনিশ দার্শনিক ও কবি সোরেন কিয়েরকেগার্ড বলেছেন, 'চিন্তার স্বাধীনতাকে মানুষ কম ব্যবহার করে বলেই কথার স্বাধীনতা দিয়ে পুষিয়ে দেওয়া হয়।' সরকার ও দলগুলোকে এ কথা বুঝতে হবে। অভ্যুত্থানের মাধ্যমে স্বৈরাচারীর পতন হয়েছে। এখন কথার চেয়ে কাজ জরুরি। পরস্পরকে ফ্যাসিস্ট আসার ভয় না দেখিয়ে নিজ নিজ দল ও এলাকায় গণতন্ত্রের চর্চা করতে হবে।

লেখক: হেড অব নিউজ, আরটিভি।

# ফিলিস্তিনিদের প্রতি সহমর্মিতা জাগ্রত হোক

১২ পৃষ্ঠার পর

Jewish communities in Palestine or the rights and political status enjoyed by Jews in any other country. I should be grateful if you would bring this declaration to the knowledge of the Zionist federation.'

বেলফুর'র ঘোষণার ৩০ বছর পর ১৯৪৭ সালে জাতিসংঘে ৫৫ শতাংশ ভূমি ইহুদিদের ও ৪৫ শতাংশ আরবদের দিয়ে দুটি রাষ্ট্র গঠনের একটি প্রস্তাব পাশ হয়েছিল। সেই থেকে ফিলিস্তিনিদের জাতীয় ট্র্যাজেডির সূচনা। সশস্ত্র ইহুদিরা বলপূর্বক ফিলিস্তিনিদের নিজ ভূমি থেকে উচ্ছেদ করে। ফিলিস্তিনিরা আবাসভূমি হারিয়ে ফেলে। সেই থেকে ফিলিস্তিনি শিশুদের প্রথম পাঠ ছিল পাখিদেরও নীড় আছে, আমাদের কোনো নীড় নেই। সেই থেকে সূচিত হয়েছিল ফিলিস্তিনিদের অব্যাহত লড়াই-সংগ্রাম। তারা বিভিন্ন আরব দেশে ছড়িয়ে-ছিটিয়ে ছিল। জর্ডানে ফিলিস্তিনিরা তাঁবু গেড়ে শিবিরে বাস করত। তাদের বর্ধিত সমরশক্তি জর্ডানের বাদশাকে আতঙ্কিত করে তোলে। জর্ডানের বাদশাহ-এর নির্দেশে ফিলিস্তিনি শিবিরগুলোতে সশস্ত্র হামলা চালানো হয়। শত শত ফিলিস্তিনিকে নির্মমভাবে হত্যা করা হয়। এটা হলো, মধ্যপ্রাচ্যের রাজা-বাদশাহদের ফিলিস্তিনিদের প্রতি আচরণের এক জঘন্য নমুনা। আজ গাজায় যে গণহত্যা চলছে, তার জন্য মধ্যপ্রাচ্যের মুসলিম রাষ্ট্রগুলোকে দায়ী করার কোনো বিকল্প আছে কি? মিসরের স্বৈরশাসক সিসি আল ফাত্তাহ থেকে শুরু করে মধ্যপ্রাচ্যের অন্য রাজা-বাদশাহরা মার্কিনিদের অঙ্গুলি হেলনে ওঠবস করছে বলেই, আজ গাজাবাসীর জীবনে নেমে এসেছে কেয়ামতের আগে আরেক কেয়ামত। এরা বোধহয় ফেরাউন-নমরুদদের বংশধর।

আমাদের প্রজন্ম, গত শতাব্দীর ষাটের দশক দেখেছে। ষাটের দশক ছিল দুনিয়াব্যাপী মুক্তি-সংগ্রামে উত্তাল দশক। ভিয়েতনাম, লাওস, কম্বোডিয়া, ওমান, ইয়েমেন, আলজেরিয়া, অ্যাঙ্গোলা, মোজাম্বিক, কঙ্গো, কিনিয়া, গুয়েতেমালাসহ পৃথিবীর অনেক দেশেই চলছিল সশস্ত্র মুক্তি-সংগ্রাম। ফিলিস্তিনিরাও এ মুক্তি-সংগ্রামে বাস্তুচ্যুত অবস্থায় মুক্তি-সংগ্রাম চালিয়ে যাচ্ছিল আল ফাতাহ, পপুলার ফ্রন্ট ফর লিবারেশন অব প্যালেস্টাইন এবং পপুলার ডেমোক্রেটিক ফ্রন্ট ফর দি লিবারেশন অব প্যালেস্টাইন প্রভৃতি সংগঠনের নেতৃত্বে। লায়লা খালেদ ছিলেন পপুলার ফ্রন্ট ফর লিবারেশন অব প্যালেস্টাইনের অমিত তেজি এক সদস্য। তিনি ১৯৬৯ সালের ২৯ আগস্ট একটি টিমের সদস্য হিসেবে টি ডব্লিউ এ ফ্লাইট ৮৪০ রোম থেকে তেল আবিবে যাওয়ার পথে হাইজ্যাক করেন এবং এ বোয়িং ৭০৭ বিমানটি দামেস্কে নিয়ে যান। কিছু মিডিয়া থেকে জানা যায়, পপুলার ফ্রন্টের নেতৃত্ব ভেবেছিলেন আইজ্যাক রবিন, যিনি ছিলেন মার্কিন যুক্তরাষ্ট্রে ইসরায়েলের রাষ্ট্রদূত, তিনি এ বিমানে যাত্রী ছিলেন। কিন্তু আসলে তিনি ওই বিমানে ছিলেন না। লায়লা খালেদ পাইলটকে হুকুম করেছিলেন, বিমানটিকে যেন তার জন্মস্থান হাইফার ওপর দিয়ে চালিয়ে নেন, যাতে তিনি তার জন্মস্থান দেখতে পান। কোনো যাত্রীকে আহত করা হয়নি এবং তাদের নিরাপদে বিমান থেকে নেমে যেতে দেওয়া হয়। তারপর হাইজ্যাকাররা বিমানটির সামনের অংশ উড়িয়ে দেয়। সে সময় লায়লা খালেদ হয়ে উঠেছিলেন আমাদের মতো তরুণ-তরুণীদের স্বপ্ন। সেদিন স্লোগানে স্লোগানে লায়লা খালেদের নাম উচ্চারিত হতো। লায়লা খালেদ বিমানটি হাইজ্যাক করে ফিলিস্তিনের মুক্তি-সংগ্রামের প্রতি বিশ্ববাসীর দৃষ্টি আকর্ষণ করতে চেয়েছিলেন। লায়লা খালেদ সেদিন সফল হয়েছিলেন।

গাজায় ইসরায়েলি হামলা শুরু হওয়ার পর খোদ মার্কিন যুক্তরাষ্ট্রের নামকরা বিশ্ববিদ্যালয়গুলোর ছাত্রছাত্রী গাজায় ইসরায়েলি হামলার অবসানের দাবিতে দিনের পর দিন বিক্ষোভ চালিয়ে যায়। তাদের শিক্ষকদের অনেকে তাদের প্রতি সহানুভূতি ও সমর্থন জানায়। কিন্তু বিগড়ে যান প্রেসিডেন্ট ট্রাম্প। তিনি বিশ্ববিদ্যালয়গুলোর তহবিল বন্ধের ঘোষণা দেন। কোনো কোনো শিক্ষার্থীকে কারাগারে নেওয়া হয়। মার্কিন বিশ্ববিদ্যালয়গুলোর কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়ের স্বাধীনতা রক্ষায় ট্রাম্পের রক্তচক্ষুকে উপেক্ষা করেন। পাশ্চাত্যের অনেক জনগোষ্ঠীর মধ্যে ফিলিস্তিনের প্রতি পাশ্চাত্যের জনগণ যে সংহতি প্রদর্শন করেছে, তা অতুলনীয়। ইউরোপের দেশে দেশে নর-নারী, যুবক-যুবতী, কিশোর ও শিশু হাজারে হাজারে সমবেত হয়ে ফিলিস্তিনের পতাকা উড়িয়ে বিক্ষোভ সমাবেশ করে স্লোগান তুলেছে, 'ফ্রি, ফ্রি প্যালেস্টাইন।' বিক্ষোভ হয়েছে অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, জাপান, ভারত ও পাকিস্তানেও। এসব বিক্ষোভের ছবি দেখে আপ্লুত হয়েছি। যারা বিক্ষোভে অংশগ্রহণ করেছে, তাদের চোখে-মুখে দেখেছি জায়নবাদের প্রতি ঘৃণা! এবং নিজ দেশের শাসকদের প্রতি ক্ষোভের আগুন। এ রকম দু-একটি মিছিলে কিছু ইহুদিও আন্তরিকভাবে অংশগ্রহণ করেছে গাজায় ইসরায়েলি হিংস্রতার অবসান দাবি করে।

রক্ত দিয়ে, জীবন দিয়ে, সহায়-সম্পদ হারিয়ে প্রায় ছারখার হয়ে যাওয়া সত্ত্বেও গাজাবাসী, সামগ্রিকভাবে ফিলিস্তিনিরা মাথা নোয়ানোর নয়। হয় মৃত্যু, না হয় স্বাধীনতাই তাদের প্রতিজ্ঞা। ইসরায়েল ক্রমান্বয়ে বিশ্ব থেকে বিচ্ছিন্ন হয়ে পড়ছে। পাশ্চাত্যের বেশকিছু পুঁজিবাদী দেশ ফিলিস্তিনকে স্বীকৃতি দিয়েছে। আগামী দিনে আরও অনেক দেশের স্বীকৃতি আসবে। বিশ্ব জনমত এখন ফিলিস্তিনের পক্ষে। আমরা বাংলাদেশেও নিজেদের ফিলিস্তিনবাসীদের থেকে আলাদা করে ভাবতে পারি না। প্রতি শুক্রবার মসজিদে-মসজিদে নির্যাতিত ফিলিস্তিনবাসীর জন্য অশ্রুসিক্ত চোখে দোয়া করা হয়। কিন্তু খুব দুঃখ লাগে যখন দেখি, ঢাকার রাজপথে ইসরায়েলি হানাদারদের বিরুদ্ধে তেমন কোনো বিক্ষোভ হচ্ছে না। একটা সময় ছিল যখন বাংলাদেশি জওয়ানরা ফিলিস্তিনি মুক্তিযোদ্ধাদের কাঁধে কাঁধ মিলিয়ে যুদ্ধ করেছিল। কোথায় হারিয়ে গেল সেই বিশ্বমানবতাবাদী তরুণদের আদর্শ। আবারও ঢাকার রাজপথে নামুক ফিলিস্তিন সংহতির মিছিল। মিছিলে মিছিলে সয়লাব হয়ে যাক ঢাকা নগরী।

ড. মাহবুব উল্লাহ : শিক্ষাবিদ ও অর্থনীতিবিদ।

# হ্যান্ডস অন ফিসিক্যাল থেরাপি রিহাবিলেইশন

## এ. ভূঁইয়া

এলআইসি. ফিসিক্যাল থেরাপিস্ট

আপনি কি নিম্নে উল্লেখিত যে কোন ব্যথায় ভুগছেন?
তাহলে আজই যোগাযোগ করুন।
আমাদের আছে ২০ বছরের অভিজ্ঞতা।

* পিঠ ব্যথা
* গাড় ব্যথা
* বাহু ব্যথা
* কব্জি ব্যথা
* হাঁটু ব্যথা
* পায়ের পাতা ব্যথা
* পায়ের আঙ্গুল ব্যথা

ক্লিনিক খোলা থাকার সময়
সোমবার থেকে শুক্রবার
সকাল ১০.০০-সন্ধ্যা-৭টা
শনিবার
সকাল ১০.০০-বিকাল-৪টা
রবিবার বন্ধ

আমরা প্রায় সব ইন্স্যুরেন্স গ্রহণ করি

আমরা ইংলিশ, স্প্যানিশ, হিন্দি, বাংলা ও আরবীতে কথা বলি

75-17 41 Ave. Elmhurst, NY 11373
(Corner of 76th St & Broadway

170-08 Hillside Ave, Jamaica, NY 11432

Tel : 917-832-7824, Cell : 718-696-7002
Fax : 917-832-6100



# হোমিও চিকিৎসা

জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



ডাঃ এফ হক
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

## হোমিও ভিটামিন সেলিং সেন্টার
## Homeo & Vitamin Selling Center

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন

**347-596-3111, 347-485-8020**

জ্যাকসন হাইটস্ অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।

# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ
- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ
- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of
FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

**Captor USA, Inc.**
Franchise & Business Consulting Firm
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা

## মামদানি'র প্রচার-প্রচারণায় জীবনের স্বেচ্ছাসেবীরা

৬২ পৃষ্ঠার পর

সদস্যদের মধ্যে - মামুন সরদার, মেহেদী মামুন, হক, ইসলাম, মাফিজ, রাশিদ, ফারুকী, তৌফিক, আদনান, শেখ আমিন,আব্দুল্লাহ, আকাশ সহ আরো অনেকে - স্বেচ্ছাসেবক হিসেবে অংশগ্রহণ করে প্রচারপত্র বিলি করেন এবং ভোটার নিবন্ধনে সহযোগিতা করেন। গত মাস থেকে তারা নিয়মিতভাবে প্রতি সপ্তাহে এ ধরনের প্রচারণা চালিয়ে আসছেন এবং আসন্ন নির্বাচনের আগ পর্যন্ত এই কার্যক্রম অব্যাহত থাকবে বলে জানিয়েছেন সংগঠনের নেতৃবৃন্দ।

শুধু প্রচারপত্র বিতরণই নয়, ভোটারদের সচেতন ও ক্ষমতায়িত করতে জীবন বিশেষ গুরুত্ব দিচ্ছে। এর অংশ হিসেবে তারা নিউ ইয়র্ক সিটির প্রবীণ ভোটারদের জন্য বিনামূল্যে পরিবহন সেবা চালু করেছে, যাতে বাসা থেকে ভোটকেন্দ্র পর্যন্ত পৌঁছে দেওয়া যায়। এর ফলে বয়স্ক ও চলাফেরায় সীমাবদ্ধ নাগরিকদেরও ভোট প্রদানের পূর্ণ সুযোগ নিশ্চিত করা হবে। জীবনের সভাপতি কারাম চৌধুরী বলেন, 'এই ধরনের কার্যক্রম আমাদের ঐক্যবদ্ধ করে, নাগরিক দায়িত্ববোধ জাগ্রত করে এবং অবিচল গঠনে আমাদের কণ্ঠস্বরকে আরও শক্তিশালী করে তোলে।' আগামী নির্বাচন পর্যন্ত প্রতি সপ্তাহে এই প্রচারণা অব্যাহত রাখার অঙ্গীকারের মাধ্যমে জীবন আবারও প্রমাণ করেছে যে, তারা কেবল কমিউনিটির পাশে নয়, বরং গণতন্ত্রের শক্তিশালী ভিত গড়ে তোলার অংশীদার।

## নিউইয়র্কে ইউএস-বাংলাদেশ এক্সিকিউটিভ বিজনেস রাউন্ডটেবিল

৬২ পৃষ্ঠার পর

অধিবেশনের ফাঁকে আয়োজিত Transforming Primary Healthcare Bangladesh Blueprint শীর্ষক উচ্চপর্যায়ের কর্মসেশনে বক্তব্য দিয়েছেন এনসিপি নেত্রী ডা. তাসনিম জারা। গত বুধবার নিউইয়র্কে অনুষ্ঠিত এ কর্মসেশনে তিনি বাংলাদেশের প্রাথমিক স্বাস্থ্যসেবা খাতের সংস্কার অভিজ্ঞতা, চ্যালেঞ্জ ও সাফল্যের নানা দিক তুলে ধরেন। তাসনিম জারা বলেন, প্রাথমিক স্বাস্থ্যসেবাকে শক্তিশালী করা ছাড়া টেকসই উন্নয়ন লক্ষ্য অর্জন সম্ভব নয়। অনুষ্ঠানে জাতিসংঘের কর্মকর্তারা, বিভিন্ন দেশের নীতি নির্ধারক, স্বাস্থ্য বিশেষজ্ঞ এবং আন্তর্জাতিক উন্নয়ন সহযোগীরা উপস্থিত ছিলেন। তারা বাংলাদেশের উদ্যোগের প্রশংসা করেন এবং অভিজ্ঞতা ভাগাভাগির মাধ্যমে বৈশ্বিক স্বাস্থ্যব্যবস্থাকে আরও সমৃদ্ধ করার আহ্বান জানান।

## নিউইয়র্কে আ.লীগের সহিংস আচরণ, সরকারের ব্যর্থতা ও নতুন সংঘাতের লক্ষণ

৫ পৃষ্ঠার পর

ভুল করবে। বিগত কয়েক মাসে তাদের প্রতি যদি কোনো সহানুভূতি তৈরি হয়েও থাকে, তবে এ ধরনের আচরণ মানুষের মধ্যে বিরক্তি ও ঘৃণার উদ্রেক করবে। আওয়ামী লীগের বোঝা উচিত, জুলাই-আগস্ট মাসে যে হত্যাযজ্ঞের নেতৃত্ব তারা দিয়েছে, তার স্মৃতি মানুষের মন থেকে সহজে মুছে যাবে না। নিউইয়র্ক বা লন্ডনকে মঞ্চ বানিয়ে ক্ষমতা দেখিয়ে আওয়ামী লীগের পক্ষ থেকে বোঝানো হচ্ছে, তারা এখনো প্রতিপক্ষকে চ্যালেঞ্জ করতে পারে। কিন্তু প্রতীকী এই প্রদর্শন জনগণের কাছে উল্টো নেতিবাচক বার্তা দেয়। এখন আরেকটি প্রশ্ন হচ্ছে, প্রবাসে আওয়ামী লীগের এসব সহিংস আচরণে সরকারের দায় কী? বিশেষ করে নিউইয়র্কে যে বিষয়টি ঘটেছে, তার দায় সরকার ও নিউইয়র্কের বাংলাদেশের কনস্যুলেট অফিস এড়াতে পারেন না। সামাজিক যোগাযোগমাধ্যমে পাওয়া ভিডিওগুলো স্পষ্টভাবে দেখায় যে সেখানে প্রধান উপদেষ্টার সফরসঙ্গী রাজনীতিবিদদের নিরাপত্তার অভাব ছিল। বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে এমন ধারণা করা ভুল নয় যে আওয়ামী লীগের নেতা-কর্মীরা এমন কাজ করতে পারেন, তবে কেন সরকার ও নিউইয়র্ক কনস্যুলেট ঘটনার মোকাবিলার জন্য যথাযথ পূর্বপরিকল্পনা ও নিরাপত্তা নিশ্চিত করতে ব্যর্থ হলো? অন্যদিকে এই হামলার ঘটনায় যে প্রতিক্রিয়া দেশের অভ্যন্তরে আমরা দেখছি, তা আশঙ্কাজনক। কেউ কেউ হামলাকারীদের ছবি শেয়ার করে তাদের পরিবারের 'খোঁজ খবর' নেওয়ার আহ্বান জানিয়েছেন। একজন লিখেছেন, নিউইয়র্কে সরকারি প্রোটোকলের দায়িত্বে থাকা কনস্যুলেট অফিসারদের একটি তালিকা চাই-প্রশ্ন উঠেছে, তাঁরা এই তালিকা নিয়ে কী করবেন: আইন কি নিজেদের হাতে নেবেন? তাঁদের রাগ ও ক্ষোভের উৎস আওয়ামী লীগের কর্মীদের অবিবেচক আচরণ। সমাজবিজ্ঞানের ভাষায় একে বলা যায় পারস্পরিক উগ্রতা (রেসিপ্রোক্যাল র‍্যাডিক্যালাইজেশন), যেখানে এক পক্ষের সহিংসতা অপর পক্ষকে আরও উত্তেজিত করে তোলে। কিন্তু এই উত্তেজনা আমাদের কোথায় নিয়ে যাবে? আমরা কি আরও সহিংসতার দিকে এগিয়ে যাচ্ছি?

যুক্তরাষ্ট্র, লন্ডন কিংবা সুইজারল্যান্ডের জেনেভায় যে ঘটনাগুলো ঘটেছে, তা শুধু বাংলাদেশি রাজনীতির নোংরামির ধারাবাহিকতা নয়, বরং এগুলো দেখায় বাংলাদেশের রাজনৈতিক সহিংসতা এখন আর অভ্যন্তরীণ পরিসরে সীমাবদ্ধ নেই, সেটা ট্রান্স-ন্যাশনালাইজড হয়েছে। এই মুহূর্তে বিবদমান পক্ষগুলো এই সহিংসতার মাধ্যমে প্রতীকী ক্ষমতার প্রদর্শন করছে। বিশেষ করে আওয়ামী লীগ দেখাতে চাচ্ছে যে প্রবাসের মাটিতে তারা রাজনৈতিক আধিপত্য কায়েম রেখেছে। কিন্তু এতে লাভ কি আওয়ামী লীগের? এতে করে তাদের প্রতি মানুষের ক্ষোভ ও রাগ আর বাড়বে। এ ধরনের আচরণ দেশে থাকা আওয়ামী লীগের সাধারণ নেতা-কর্মীদের আরও বিপদের মুখে ঠেলে দেবে। আওয়ামী লীগের নেতৃত্বও যাঁরা প্রবাসে থেকে এসব কাজের ইন্ধন দিচ্ছেন, তাঁদের বোঝা উচিত, সহিংসতা করে, মানুষকে হেনস্তা করে জনসমর্থন পাওয়া যায় না।

বাস্তবতা হলো প্রবাসী রাজনৈতিক সহিংসতা শুধু বিদেশে অশান্তি তৈরি করবে না, বরং বাংলাদেশের রাজনীতিকে আরও অস্থিতিশীল করবে। পাশাপাশি সরকার কূটনৈতিক পর্যায়ে নিরাপত্তাসংকট পূরণ করতে ব্যর্থ হয়েছে। বিদেশের মাটিতে দূতাবাসগুলোর নিরাপত্তা ব্যর্থতা বাংলাদেশের অভ্যন্তরীণ সংঘাতকে আরও উসকে দেবে।

আসিফ বিন আলী : ডক্টরাল ফেলো, জর্জিয়া স্টেট ইউনিভার্সিটি।

## রাজনীতির মাঠে ডুগডুগি বাজায় কে...

৫ পৃষ্ঠার পর

পাওয়া যেতে পারে। কানাডার এ সতর্কতা জারি বাংলাদেশের জন্য মোটেও ভালো বার্তা বহন করে না। অন্যদিকে দেশের দারিদ্র্যের হার বেড়েই চলেছে। দিন দিন বাড়ছে কর্মহীন মানুষের সংখ্যা। সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা হোসেন জিল্লুর রহমান সম্প্রতি এক নিবন্ধে অভিমত প্রকাশ করেন, 'দারিদ্র্য নিরসনে আমরা উল্টোপথে হাঁটছি, কারণ অর্থনীতির গতি কমে গেছে। বেকারত্ব এখন একটি বড় সমস্যা। কর্মসংস্থানে মহাদুর্যোগের পর্যায়ে আমরা আছি।' হোসেন জিল্লুর মন্তব্য করেছেন, এক বছর ধরে সরকার ও নাগরিক সমাজের একটি বড় অংশ পুরো সময় ব্যয় করেছে সাংবিধানিক সংস্কার নিয়ে আলোচনার পেছনে। সরকারকে আমরা প্রতিদিন দেখতে পাচ্ছি। কিন্তু কার্যকর শাসনের ক্ষেত্রে এক ধরনের 'অনুপস্থিত সরকার সিনড্রোম' (লক্ষণ) দেখা যাচ্ছে। ফলে সহিংসতা ও সহিংস্রতার নানা ধরনের ঘটনা ঘটছে এবং তা বিস্তার লাভ করছে।

কয়েকটি সফর নিয়ে চলছে আলোচনা ও নানা গুঞ্জন। প্রধান উপদেষ্টার নিউইয়র্ক সফরসঙ্গী হয়েছেন তিন দলের তিনজন গুরুত্বপূর্ণ নেতা। তারা হলেন-বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, জামায়াতে ইসলামীর নায়েবে আমির সৈয়দ আব্দুল্লাহ মোহাম্মদ তাহের ও এনসিপির সদস্য সচিব আখতার হোসেন। তবে প্রতিনিধিদলে বিএনপির আরও একজন নেতা রয়েছেন। অবশ্য শেষ মুহূর্তে জামায়াত ও এনসিপির আরও দুজন প্রতিনিধিও যুক্ত হয়েছেন সফরটিতে। রাজনীতির মাঠের তিন শক্তির নেতাদের নিয়ে প্রধান উপদেষ্টা নিউইয়র্কে নির্বাচন প্রশ্নে সমঝোতায় পৌঁছানোর বিশেষ কোনো চেষ্টা চালাবেন কি না, তা দেখার বিষয়। ঐকমত্য কমিশনের সহসভাপতি লাগাতার সংলাপ করেও জুলাই সনদ নিয়ে সৃষ্ট জট খুলতে পারেননি। কমিশনের সভাপতি হিসেবে প্রধান উপদেষ্টার মধ্যস্থতায় নিউইয়র্কে তিন দলের সঙ্গে বিশেষ সংলাপ হয় কি না, সেদিকে অনেকের দৃষ্টি থাকবে। কারণ, প্রফেসর ইউনূস সংবিধান সংস্কারে সাংবিধানিক আদেশ বা গণভোট নয়, রাজনৈতিক সমঝোতাকেই অগ্রাধিকার দিচ্ছেন। ১৪ সেপ্টেম্বর ঐকমত্য কমিশনের বৈঠকে তিনি এমন বার্তাই দিয়েছেন। রাজনৈতিক দলগুলোকে নির্বাচনের তপশিল ঘোষণার আগপর্যন্ত সময় দেওয়ার কথাও বলেছেন। কমিশনের সহসভাপতি আলী রীয়াজও ঠিক এ সময় দশ দিনের জন্য আমেরিকা যাওয়ায় নিউইয়র্কে সমঝোতার সূত্র খোঁজা নিয়ে জল্পনা জোরালো হচ্ছে। যেমনটি হয়েছিল নির্বাচনের সময় নির্ধারণ নিয়ে জুন মাসে লন্ডনে প্রফেসর মুহাম্মদ ইউনূস ও তারেক রহমানের বৈঠকে। এ বৈঠকের মধ্য দিয়েই ফেব্রুয়ারির প্রথমার্ধে নির্বাচনের ঘোষণা আসে। যদিও জামায়াতসহ কয়েকটি দল 'বিদেশের মাটিতে বসে শুধু একটি দলের সঙ্গে আলোচনা করে' নির্বাচনের সময় নির্ধারণের বিষয়ে সমালোচনায় মুখর হয়। যদিও পরে এসব দল ফেব্রুয়ারি মাসে নির্বাচনের সময় মেনে নেয় 'যদি, তবে' শর্ত জুড়ে দিয়ে। আরেকটি সফর নিয়েও তৈরি হয়েছে গুঞ্জন। তালেবান সরকারের আমন্ত্রণে আফগানিস্তান গেছেন হেফাজতে ইসলামসহ ধর্মভিত্তিক দলের সাত নেতা। এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলামের একটি বক্তব্য রাজনৈতিক মহলে ব্যাপক আলোচনার জন্ম দিয়েছে। লন্ডনে তথ্য উপদেষ্টা মাহফুজ আলমের ওপর হামলাচেষ্টার পর নাহিদ ইসলাম মন্তব্য করেছেন, উপদেষ্টা পরিষদসহ অন্তর্বর্তী সরকারের ভেতরেও মাহফুজ আলমকে অপদস্থ ও হত্যার মৌন সম্মতি তৈরি করা হয়েছে। নাহিদের অভিযোগ, সরকার ও উপদেষ্টারা মাহফুজদের যথেচ্ছ ব্যবহার করে মৃত্যুর মুখে ঠেলে দিচ্ছে। ভেরিফায়েড ফেসবুক অ্যাকাউন্টে এনসিপি আহ্বায়ক ও সাবেক উপদেষ্টা নাহিদ ইসলাম লিখেছেন, 'মাহফুজ আলমের ওপর হামলার ঘটনায় কোনোবারই অন্তর্বর্তী সরকার কোনো পদক্ষেপ নেয় নাই। কোনো শক্ত বার্তা দেয় নাই। কোনো উপদেষ্টা বা প্রেস সচিব একটা মন্তব্য কখনো করেন নাই। আমরা এগুলো মনে রাখছি। রাজনৈতিকভাবে এর জবাব দেয়া হবে।'

জুলাই সনদ ইস্যুতে রাজনৈতিক দলগুলোর মধ্যে যখন বিভাজন বেড়েই চলছে এবং জামায়াতসহ কয়েকটি দল রাজপথে কর্মসূচি পালন করছে, তখন কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের ঝটিকা মিছিলের সংখ্যা বাড়ছে। রাজধানীতে মাঝেমধ্যেই এখন আওয়ামী লীগ মিছিল করছে এবং তাতে উপস্থিতির সংখ্যাও বেড়ে চলেছে। পুলিশ মিছিল থেকে কখনো কয়েকজনকে আটক করলেও মিছিল বন্ধ করা যাচ্ছে না। সম্প্রতি লন্ডনে বড় ধরনের মিছিল করেছেন শিক্ষার্থী-জনতার অভ্যুত্থানে ক্ষমতাচ্যুত দলটির স্থানীয় নেতাকর্মীরা। সংগত কারণে মনে করা যেতেই পারে, নির্বাচন পদ্ধতি ও জুলাই সনদ বাস্তবায়ন নিয়ে আন্দোলনের রাজনৈতিক শক্তিগুলোর বিপরীতমুখী অবস্থান এবং নির্বাচন বিলম্বিত হওয়ার আশঙ্কা পতিত স্বৈরাচারকে নানামুখী তৎপরতা বাড়াতে উৎসাহিত করছে। নির্বাচন বানচাল করা, নিদেনপক্ষে প্রশ্নবিদ্ধ করার জন্য ফাঁদ পাততে পারে টানা ১৫ বছর ক্ষমতায় থাকা এবং গণআন্দোলনে ক্ষমতাচ্যুত দলটি। বিএনপি-জামায়াতসহ বিভিন্ন রাজনৈতিক দলের মূল দাবি ছিল, গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য তত্ত্বাবধায়ক সরকারের অধীনে অবাধ, সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন। এই একটি দাবিকে এখন অসংখ্য এজেন্ডায় পরিণত করা হয়েছে। নির্বাচন পদ্ধতি নির্ধারণ করতে গিয়ে নির্বাচনকেই অনিশ্চিত করে তোলা হচ্ছে। অথচ পরপর তিনটি একতরফা ও কলঙ্কিত নির্বাচনের পরও জাতীয় নির্বাচন আয়োজন করা সম্ভব হয়নি। ঐকমত্য কমিশনে এমন অনেক বিষয়কে এখন মূল এজেন্ডা হিসেবে আনা হয়েছে, যা জটিলতা বাড়িয়েছে, জট পাকিয়েছে। সে জট এখন খোলা যাচ্ছে না। প্রশ্ন উঠেছে, ঐকমত্য কমিশন বিশেষ কোনো এজেন্ডা বাস্তবায়নে কাজ করছে কি না? যেখানে ৫৪ বছরেও দেশে গণতন্ত্র প্রতিষ্ঠা করা যায়নি, সেখানে একবারেই সবকিছুর ফয়সালা করার চেষ্টা কতটা ফলপ্রসূ হবে? জামায়াতসহ কয়েকটি ইসলামী দল পিআর পদ্ধতির বিষয়ে সোচ্চার। এসব দল পিআরের ফয়সালা ও গণভোটের দাবিতে কর্মসূচি নিয়ে মাঠে নেমেছে। এ কর্মসূচি কোন দিকে মোড় নেয়, তা দেখার বিষয়।

সময় দ্রুত ফুরিয়ে যাচ্ছে। নির্বাচনের নির্ধারিত সময় ফেব্রুয়ারির প্রথমার্ধ। এ হিসেবে রাজনৈতিক দলগুলোর নির্বাচনমুখী হওয়ার কথা। কোনো কোনো দলের প্রার্থীরা নিজ নিজ আসনে প্রচারে নেমে পড়েছেন অনেক আগেই। জামায়াতে ইসলামী দেশ আগেভাগে ৩০০ আসনে প্রার্থী চূড়ান্ত করে নির্বাচনী দৌড়ে এগিয়ে আছে। তবে সামগ্রিক বিবেচনায় দেশকে মোটেও নির্বাচনমুখী বলা যায় না। জুলাই সনদ ও নির্বাচন পদ্ধতি নিয়ে রাজনৈতিক দলগুলো দ্রুত সমঝোতায় পৌঁছাতে ব্যর্থ হলে দেশ ও জাতি ভয়াবহ সংকটে পড়বে। রাজনৈতিক দলগুলোও পড়বে বিপর্যয়ের মুখে।

লেখক: জ্যেষ্ঠ সাংবাদিক ও রাজনীতি বিশ্লেষক।


জ্যামাইকায় বাংলাদেশী আমেরিকান অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা পরিচালিত মেডিকেল ও ডেন্টাল অফিস

মেডিসিন বিশেষজ্ঞ



এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়।

Cell: 718-864-8882

আমরা প্রায় সব ধরনের ইন্সিওরেন্স গ্রহণ করি।

Dr. Mohammad M. Rahman, MD

Attending Physician, NYU School of Medicine

Board Certified in Internal Medicine, Geriatrics, Hospice & Palliative Care Medicine



Astoria Office

30-04 36th Avenue

LIC, NY 11106

Tel: 718-383-4500

www.drmrahman.com

718-526-0700

অভিজ্ঞ ডেন্টিষ্ট

Digital Xray সহ সর্বাধুনিক প্রযুক্তিতে অত্যন্ত যত্নসহকারে শিশু, বয়োজেষ্ঠ সহ সবার দাঁতের সকল প্রকার চিকিৎসা করা হয়।



We Do Implant



Dr. Siddiqur Rahman D.D.S.

We accept Medicaid, Metro Plus, Health Plus, Wellcare, Fidelis, Health First, United Health Care, Affinity & Other PVT. INS.

Dental Office

Jamaica Office

170-12, Highland Ave,

Jamaica NY 11432

Tel: 718-526-0700

Mon-Tue-Thu-Fri (2Pm to 7 Pm)

Wednesday (12 Pm to 5 Pm) Saturday (12pm to 5 Pm)

MEDICAL & DENTAL OFFICE

170-12, HIGHLAND AVE, JAMAICA, NY 11432

# NY INSURANCE BROKERAGE INC

NY I — NY INSURANCE BROKERAGE

# আপনি কি TLC প্লেট নিতে চান??

**NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ**

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২)
প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি,
তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**



Design & Print by: ihopeprint.com, 929-538-7903

**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372

office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

## 347-659-8842

## 7 DAYS OPEN



আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)

## 'গোল্ড কার্ড' ভিসার দাম ১০ লাখ ডলার

১ পৃষ্ঠার পর

কর্মীকে স্পনসর করতে চায়, তবে তাকে দিতে হবে ১০ লাখ ডলার। ধনীদের জন্য এই 'গোল্ড কার্ড' ভিসা মার্কিন নাগরিকত্বের পথ সুগম করবে।

মার্কিন বাণিজ্যমন্ত্রী হাওয়ার্ড লুটনিক এই নীতি সম্পর্কে বলেন, 'ঐতিহাসিকভাবে কর্মসংস্থান-ভিত্তিক গ্রিন কার্ড কর্মসূচির মাধ্যমে বছরে ২ লাখ ৮১ হাজার মানুষ যুক্তরাষ্ট্রে আসতেন। তারা গড়ে ৬৬ হাজার ডলার উপার্জন করতেন এবং তাদের সরকারি সহায়তা কর্মসূচিতে অন্তর্ভুক্ত হওয়ার সম্ভাবনা পাঁচ গুণ বেশি ছিল। আমরা সবচেয়ে নিম্ন স্তরের লোকদের (আয়ের দিক থেকে) নিচ্ছিলাম, যা একজন গড় আমেরিকান থেকে কম। এটি অযৌক্তিক ছিল।'

লুটনিক আরও বলেন, 'আমরা এটা করা বন্ধ করে দেব। আমরা কেবল অসাধারণ এবং সর্বোচ্চ স্তরের ব্যক্তিদের নেব, যারা আমেরিকায় চাকরি নেওয়ার চেষ্টা করার পরিবর্তে ব্যবসা এবং কর্মসংস্থান তৈরি করবে।' তিনি দাবি করেন, এই প্রোগ্রাম মার্কিন ট্রেজারির জন্য ১০০ বিলিয়ন ডলারেরও বেশি রাজস্ব আনবে।

'গোল্ড কার্ড' ভিসার আবেদনকারীদের জন্য একটি কঠোর যাচাই-বাছাই প্রক্রিয়া থাকবে। যার খরচ বাবদ অতিরিক্ত ১৫ হাজার ডলার ফি দিতে হবে। এই ভিসার একটি গুরুত্বপূর্ণ শর্ত হলো, আবেদনকারী যদি মার্কিন যুক্তরাষ্ট্রে বসবাস শুরু করেন, তবে তাকে বিশ্বব্যাপী তার উপার্জনের ওপর মার্কিন কর দিতে হবে। এই শর্তের কারণে আন্তর্জাতিক আর্থিক লেনদেনের সঙ্গে জড়িত অনেক আবেদনকারী আগ্রহ হারাতে পারেন বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

এইচ-১ বি ভিসায় পরিবর্তন : ট্রাম্প একই সঙ্গে আরেকটি ঘোষণা দিয়েছেন-এইচ-১বি ভিসার আবেদনের জন্য এখন ১ লাখ ডলার ফি দিতে হবে। এটি এমন একটি পদক্ষেপ, যা বিদেশি কর্মীদের ওপর নির্ভরতা কমাতে এবং মার্কিন কর্মীদের জন্য কর্মসংস্থান সুরক্ষিত করতে সহায়তা করবে বলে দাবি ট্রাম্প প্রশাসনের। বাণিজ্যমন্ত্রী হাওয়ার্ড লুটনিকের মতে, এই নতুন ফির কারণে বড় প্রযুক্তি সংস্থাগুলো আর বিদেশি কর্মীদের নিয়ে আসতে উৎসাহিত হবে না। তিনি বলেন, 'এখন থেকে বড় প্রযুক্তি কোম্পানিগুলোকে বিদেশি কর্মীদের প্রশিক্ষণ দেওয়ার পরিবর্তে আমেরিকানদের প্রশিক্ষণ দিতে হবে।' দক্ষ কর্মিরা প্রতিবছর মার্কিন সরকারকে দিতে হবে ১ লাখ ডলার। ৩ বছরের জন্য এইচওয়ান বি ভিসার জন্য দিতে হবে। ৩ লাখ ডলার। অনেক টেক কোম্পানী এতে উদ্বেগ প্রকাশ করেছেন। বহু বিদেশি দক্ষ কর্মি বছরে ১ লাখ ডলার উপার্জন করেন না। এমতাবস্থায় বিদেশি দক্ষ কর্মির আগমনে ধ্বস নামবে। আর এতে সবচেয়ে ক্ষতিগ্রস্থ হবে ভারত ও চীনের চাকুরি প্রার্থীরা।

ট্রাম্পের এই নতুন নীতির ফলে মার্কিন অভিবাসন ব্যবস্থা মূলত 'যোগ্যতাভিত্তিক' থেকে 'সম্পদভিত্তিক'-এ রূপান্তরিত হচ্ছে। সমালোচকরা বলছেন, এটি ধনী অভিবাসীদের কাছে আমেরিকার দরজা খুলে দেবে এবং শ্রমজীবী মানুষকে দূরে ঠেলে দেবে। ডেমোক্রেটিক প্রশাসনের সাবেক কর্মকর্তা ডগ র‍্যান্ড এই নীতিকে 'হাস্যকরভাবে বেআইনি' বলেছেন।

তবে, হোয়াইট হাউসের স্টাফ সেক্রেটারি উইল স্কার্ফ এই পদক্ষেপকে অবৈধ অভিবাসন প্রতিরোধের পাশাপাশি এমন ব্যক্তিদের জন্য নতুন পথ খুলে দেওয়ার একটি উপায় বলে অভিহিত করেছেন, যারা আমেরিকায় অবদান রাখতে পারেন।

## কোন ষড়যন্ত্রই নির্বাচন রুখতে পারবে না

১ পৃষ্ঠার পর

একদিনও তিনি ক্ষমতায় থাকতে চান না। এমন দাবি করলেন প্রধান উপদেষ্টার প্রেস সেক্রেটারি শফিকুল আলম। নিউইয়র্কের স্থানীয় সময় ২৩ সেপ্টেম্বর সন্ধ্যা সাড়ে ৮টায় গ্রান্ড হায়াত হোটেলের লবিতে প্রেস ব্রিফিংকালে তিনি এ কথা বলেন। এ সময় ডেপুটি প্রেস সেক্রেটারি আজাদ মজুমদারও উপস্থিত ছিলেন। উল্লেখ্য প্রধান উপদেষ্টা ড. ইউনূস ও বিএনপি মহাসচিব ফখরুল ইসলাম আলমগীর সহ জাতিসংঘের অধিবেশনে যোগদানকারি পুরো টিম এ হোটেলে অবস্থান করছেন। শফিকুল আলম আরও বলেন, ১৫ ফেব্রুয়ারির আগেই নির্বাচন সম্পন্ন করার জন্য নির্বাচন কমিশনকে নির্দেশনা দেয়া হয়েছে। তারা কাজ করছেন। নির্বাচন নিয়ে কিঞ্চিত পরিমান কারও সন্দেহ থাকার সুযোগ নেই।

'এনসিপি নেতা সারজিস আলম শাপলা প্রতীক না পেলে নির্বাচন হতে দিবেন না বলে ঘোষণা দিয়েছেন।' তার এ বক্তব্যকে কিভাবে দেখছেন? জবাবে প্রেস সচিব বলেন, রাজনৈতিক নেতারা তাদের অবস্থান থেকে বিভিন্ন বক্তব্য দিতেই পারেন। আমরা তাদের সাথে আলোচনা করে ঠিক করবো। কিন্তু নির্বাচনী ট্রেন থামবার কোন সুযোগ নেই।

শেখ হাসিনার শাসনামলে পাচার হওয়া অর্থ প্রসংগে তিনি বলেন, শেখ হাসিনা ও তার দলের লোকজন ২৩৪ বিলিয়ন ডলার পাচার করেছে। এ সকল অর্থ ফেরত আনতে সরকার কাজ করছে। অগ্রগতিও আছে। অর্ন্তবর্তি সরকারের আমলে তা দেশে না এলেও নির্বাচিত আগামী সরকারের আমলে ফেরত আসবে। এ ধরনের পাচারকৃত অর্থ ফেরত আনতে ৪-৫ বছর লেগে যায়। আমরা শুরুটা করে যাচ্ছি। তার সুফল আগামীতে পাওয়া যাবে।






## নিউইয়র্কে ডিম নিক্ষেপকারীকে টাকা দিয়ে গ্রেপ্তার আ.লীগ নেতা

১ পৃষ্ঠার পর

কার্যনির্বাহী সদস্য এবং বঙ্গবন্ধু ফাউন্ডেশনের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের সভাপতি মো. মোজাম্মেল হককে (৬৭)। ঢাকার গুলশান-১ এলাকায় অভিযান চালিয়ে গতকাল তাকে গ্রেপ্তার করা হয়।

বিষয়টি নিশ্চিত করে গুলশান থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) হাফিজুর রহমান জানান, মোজাম্মেল হক সম্প্রতি যুক্তরাষ্ট্রে এনসিপি নেতা আকতার হোসেনের ওপর ডিম নিক্ষেপের ঘটনায় জড়িত নেতাকর্মীদের টাকা পাঠিয়েছিলেন। এছাড়া তার বিরুদ্ধে আওয়ামী লীগের মিছিল আয়োজনে অর্থায়ন করার অভিযোগ রয়েছে। মোজাম্মেল হকের মোবাইল ফোন থেকে আওয়ামী লীগের বিভিন্ন কর্মসূচির সূচি সংগ্রহ করে সামাজিক যোগাযোগমাধ্যমে প্রচার করার প্রমাণও পাওয়া গেছে। এ ঘটনায় গুলশান থানা পুলিশের উপপরিদর্শক মো. মাহবুব হোসাইন সন্ত্রাসবিরোধী আইনে একটি মামলা দায়ের করেন।

## আখতারকে নিরাপত্তা দিতে ব্যর্থদের শাস্তি চাই : নাহিদ

১ পৃষ্ঠার পর

কর্মকর্তাদের শনাক্ত করে তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছে দলটি। ২৩ সেপ্টেম্বর মঙ্গলবার বিকেলে রাজধানীর বাংলামটরে জাতীয় নাগরিক পার্টির কেন্দ্রীয় কার্যালয়ে এক জরুরি সংবাদ সম্মেলনে এই দাবি জানান দলের আহ্বায়ক নাহিদ ইসলাম।

তিনি বলেন, আওয়ামী লীগ পরিকল্পিতভাবে জুলাই গণঅভ্যুত্থানের নেতৃবৃন্দকে দেশ-বিদেশে হামলার টার্গেট (নিশানা) পরিণত করেছে। গোপালগঞ্জে জুলাই পদযাত্রায় তাদের হত্যাচেষ্টা, উপদেষ্টা মাহফুজ আলমের ওপর বিদেশে হামলার চেষ্টা এবং নিউইয়র্কের ঘটনা কোনো বিচ্ছিন্ন ঘটনা নয়।

নাহিদ ইসলাম অভিযোগ করে বলেন, সরকার ও পররাষ্ট্র মন্ত্রণালয় রাজনৈতিক নেতাদের নিরাপত্তা দিতে ব্যর্থ হয়েছে। প্রশাসনের ভেতরের একটি অংশের মদদেই এসব হামলা ঘটছে। আমরা দেখেছি ট্রাইব্যুনালের বাইরে সাধারণ কোর্টে যে মামলাগুলো হয়েছে, সেগুলোতে জামিন দিয়ে দেওয়া হচ্ছে। জামিনে এসে আসামিরা অনেকে প্রকাশ্যে ঘুরে বেড়াচ্ছে এবং শহীদ পরিবার ও আহতদের হুমকি দিচ্ছে।

সংবাদ সম্মেলনে কয়েকটি দাবি জানানো হয়। সেগুলো হলো- যুক্তরাষ্ট্রে আখতার হোসেনের ওপর হামলাকারী সবাইকে চিহ্নিত ও অবিলম্বে গ্রেপ্তার করতে হবে। নিউইয়র্কের কনস্যাল জেনারেল, জাতিসংঘ মিশনের স্থায়ী প্রতিনিধিকে অবিলম্বে পদত্যাগ এবং ঘটনার পূর্ণ তদন্ত করে নিরাপত্তা দিতে ব্যর্থ কর্মকর্তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিতে হবে। ফ্যাসিবাদের জমানায় নিয়োগকৃত আওয়ামী লীগের দোসরদের পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে অপসারণ, উপদেষ্টা মাহফুজ আলমের ওপর হামলাকারী হিসেবে যে পাঁচজনকে গ্রেপ্তার করা হয়েছে তাদের তালিকা প্রকাশ এবং জুলাই গণহত্যার বিচার স্বচ্ছ ও ত্বরান্বিত করতে হবে। দল হিসেবে সন্ত্রাসী আওয়ামী লীগের বিচার নিশ্চিত করতে হবে।




## নিউইয়র্কে নজরুল জয়ন্তী ১১ অক্টোবর

৬২ পৃষ্ঠার পর

নৃত্য পরিবেশনা, একক ও সমবেত সংগীতসহ নানা ধরনের সাংস্কৃতিক উপস্থাপনা। এতে নজরুল একাডেমির শিল্পীদের পাশাপাশি অতিথি শিল্পীরাও অংশ নেবেন। এছাড়াও এ উপলক্ষে একটি স্মরণিকা প্রকাশিত হবে। অনুষ্ঠানটি সন্ধ্যা ৬টা থেকে রাত ১১টা পর্যন্ত নিরবিচ্ছিন্নভাবে চলবে। আগত অতিথিদের জন্য আসন সংরক্ষণের সুব্যবস্থা রাখা হয়েছে। উত্তর আমেরিকায় বসবাসরত সকল বাংলাভাষী নজরুলপ্রেমী, সঙ্গীত ও সংস্কৃতিপ্রেমীদের সাদর আমন্ত্রণ জানানো হচ্ছে।

## বন্দুকধারীর হামলায় ডালাসে নিহত ১

৬২ পৃষ্ঠার পর

পেয়েই পুলিশ ঘটনাস্থলে পৌঁছায়। পুলিশের প্রাথমিক তদন্তে জানা গেছে, সন্দেহভাজন হামলাকারী পার্শ্ববর্তী একটি ভবন থেকে গুলি চালায়। কিছু সূত্রের মতে, হামলাকারী একটি অ্যাপার্টমেন্ট ভবনের ছাদ থেকে গুলি চালায়। পরে পুলিশ বা ফেডারেল এজেন্টদের কাছে ধরা পড়ার আগেই সে আত্মহত্যা করে।

এ ঘটনায় ঘটনাস্থলেই একজনের মৃত্যু হয়েছে। আর আহত দুইজনকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। তাদের অবস্থা সম্পর্কে তাৎক্ষণিকভাবে বিস্তারিত কিছু জানা যায়নি। ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটির মুখপাত্র ট্রিসিয়া ম্যাকলাফলিন জানান, আইসিই-এর কোনো কর্মকর্তা আহত হননি। তবে হতাহতদের মধ্যে আইসিইতে আটককৃত ব্যক্তি বা সংস্থাটির কোনো কর্মকর্তা আছেন কিনা তা এখনও স্পষ্ট নয়। রাজনৈতিক সহিংসতার নতুন ঢেউ নিয়ে উদ্বেগের মধ্যে এমন বন্দুক হামলার ঘটনা ঘটলো। দুই সপ্তাহ আগে ইউটাহ এক ইভেন্টে স্নাইপারের গুলিতে রক্ষণশীল কর্মী চার্লি কার্কের মৃত্যুর ঘটনা যুক্তরাষ্ট্রজুড়ে রাজনৈতিক উত্তেজনা বাড়িয়ে তুলেছে। প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্প এবং ভাইস প্রেসিডেন্ট জেডি ভান্সসহ অন্যান্য সরকারি কর্মকর্তারা এ ধরনের সহিংসতার জন্য উদারপন্থী সংস্থাগুলোকে দায়ী করেছেন। ডনাল্ড ট্রাম্প প্রশাসন অভিবাসন বিরোধীদের ওপর কঠোর পদক্ষেপ নিতে আইসিই এজেন্টদের ব্যবহার করছে, যা ডেমোক্রেট এবং উদারপন্থী অ্যাক্টিভিস্টদের মধ্যে তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি করেছে। আইসিই আটক কেন্দ্রগুলো প্রায়শই বিক্ষোভের স্থল হয়ে ওঠে।

## 'থ্রি মেকানিক্যাল ইয়ংকার্স' হিটিং সিস্টেমে বিশ্বস্ততার প্রতীক

৬২ পৃষ্ঠার পর

যুক্তরাষ্ট্রের মূলধারায় ব্যাপক সুনাম অর্জন করেছে। এদিকে বাসা-বাড়িতে হিটিং ও এসি স্থাপনের এই সরকারী অনুদান খুব শিগগিরই বন্ধ হয়ে যেতে পারে এমন তথ্য জানিয়ে থ্রি মেকানিক্যাল ইয়ংকার্স'র কর্ণধার তোফায়েল চৌধুরী বলেছেন, আমরা জানতে পেরেছি এ বছরের শেষে বন্ধ হওয়ার সিরিয়াস আলোচনা চলছে। সরকারি অনুদানে বাসা-বাড়িতে হিটিং ও এসি স্থাপনের সুবিধা শেষের আগেই সিটির বাসা-বাড়ি মালিকদের প্রতি আগাম বুকিং দেয়ার আহবান জানাচ্ছি। তিনি জানান, এই সেক্টরে গত কয়েক বছরে আমরা বাংলাদেশি এবং আমেরিকান কমিউনিটিতে বিশুদ্ধ এবং আস্থার প্রতিষ্ঠানে পরিণত হয়েছি। তার প্রতিষ্ঠানের মাধ্যমে নিজ বাসায়, এমনকি ব্যবসা প্রতিষ্ঠানে অত্যাধুনিক ও পরিবেশবান্ধব হিটিং ও কুলিং সিস্টেম (এয়ার কন্ডিশন্ড) বাড়ি মালিকরা স্থাপিত নিতে পারেন। মুক্তি পেতে পারেন বয়লার সিস্টেম থেকে এবং সাশ্রয় করতে পারেন অতিরিক্ত বিল দেয়া থেকেও। তোফায়েল চৌধুরী জানান, বর্তমানে নিউইয়র্ক সিটি থেকে প্রতি পরিবারকে ৮ থেকে ১০ হাজার ডলার রিবেট দেয়া হচ্ছে। ব্যবসা প্রতিষ্ঠানের জন্যেও অনুদানে আগাম বুকিং দিতে পারেন। এই সুবর্ণ সুযোগ সংশ্লিষ্ট সবার গ্রহণ করা উচিত। এজন্য তারা এখনই যোগাযোগ করতে পারেন জানা গেছে, প্রবাসী বাংলাদেশি কমিউনিটিকে সহযোগিতা বা সেবা প্রদানের উদ্দেশ্যে তোফায়েল চৌধুরী ৪ বছর আগে নিউইয়র্কের ইয়াংকার্সে এই প্রতিষ্ঠান চালু করেন। তাদের কেন্দ্রিয় অফিস বা প্রতিষ্ঠান ইয়াংকার্সে হলেও নিউইয়র্কের সর্বত্র এই কাজ তারা করেন। রয়েছে লং আইল্যান্ড এবং ওয়েস্টচেস্টার কাউন্টিতে অফিস। বলা চলে অনেকটা বিনা অর্থে এই সিস্টেম স্থাপিত দিচ্ছেন তিনি। সেই সঙ্গে দিচ্ছেন ১০ বছরের গ্যারান্টি-ওয়ারেন্টি। আরো রয়েছে বিক্রয়োত্তর সেবা।

বৃহত্তর সিলেটের কৃতি সন্তান ও সফল ব্যবসায়ী তোফায়েল চৌধুরী জানান, এটি মূলত নিউইয়র্ক সিটির প্রোজেক্ট। নিউইয়র্ক সিটিতে গ্রিন সিটি করার পরিকল্পনার অংশ হিসেবে এই প্রোজেক্ট। চালু করা হয়। অন্য কমিউনিটির লোকজন এই সুযোগ গ্রহণ করছে। কিন্তু বাংলাদেশিদের সেবা দেয়ার জন্য আমি এই প্রজেক্ট চালু করি। তিনি বলেন, এই সিস্টেম চালুর জন্য প্রয়োজন শুধু একজন বাড়ির মালিক বা ব্যবসায়ীর সিদ্ধান্ত নেওয়া। সিদ্ধান্ত নেওয়ার পর আমরাই নিজেদের লোক দিয়ে সবকিছু বাস্তবায়ন করবো এবং সিটির অর্থায়নের ব্যবস্থাও আমরা করবো। বিস্তারিত যোগাযোগের জন্য ৯১৪-২২২-৯৪৭৭ নম্বরে যোগাযোগ করতে অনুরোধ জানিয়েছেন তোফায়েল চৌধুরী।

## আবদুল্লাহ তাহেরকে নিউইয়র্কে সংবর্ধনা

৬২ পৃষ্ঠার পর

সফর উপলক্ষে গত ২২ সেপ্টেম্বর বিকালে জেএফকে আন্তর্জাতিক বিমানবন্দরে এসে পৌঁছলে কমিউনিটির বিভিন্ন পেশাজীবি সংগঠনের নেতৃবৃন্দ, দলীয় কর্মী-সমর্থক ও শুভানুধ্যায়ীসহ বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী বিমানবন্দরে তাকে স্বাগত জানান এবং ফুল দিয়ে বরণ করে নেন।

এ সময় কোয়ালিশন অব বাংলাদেশি আমেরিকান এসোসিয়েশনের ব্যানারে কয়েকশ নেতাকর্মী বিভিন্ন ব্যানারে তাকে স্বাগত জানানোর পাশাপাশি তার নামে 'তাহের ভাই, তাহের ভাই' শ্লোগান দেন। তাদের হাতে 'ওয়েলকাম টু ইউনাইটেড ন্যাশন' 'ওয়েলকাম টু আমেরিকা' লেখা সংবলিত প্লেকার্ড দেখা যায়।

পরে বিমানবন্দরের অনাকাঙ্খিত ঘটনা এড়িয়ে বিমানবন্দর থেকে বিশাল গাড়ীবহরে নিয়ে তাকে ম্যানহাটানস্থ প্রান্ত হায়াত হোটেলে নিরাপদে পৌঁছে দেয়া হয়। হোটেল লবিতে জামায়াতে ইসলামীর যুক্তরাষ্ট্র'র মুখপাত্র নকিবুর রহমান তাহেরের নেতৃত্বে তাকে ফুল দিয়ে শুভেচ্ছা জানানো হয়। এসময় বৃহত্তর কুমিল্লা সমিতি, যুক্তরাষ্ট্র ইনক এর সাবেক সভাপতি এমদাদুল হক কামাল, বিশিষ্ট শিক্ষাবিদ মোহাম্মদ সাজিদ তারেক, বিশিষ্ট আইনজীবি এটর্নী মোহাম্মদ আব্দুল আজিজসহ কমিউনিটির বিভিন্ন পেশাজীবি সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। এরপর উপস্থিত সাংবাদিকদের সাথে মতবিনিময় করেন এবং বিভিন্ন প্রশ্নের উত্তর দেন তিনি। এ সময় তিনি বলেন, যারা অতিথিদের উপর ডিম নিক্ষেপ করেছে তারাই বাংলাদেশকে অসম্মানিত করেছে। নিঃসন্দেহে এটা একটা খারাপ কালচার। এটি বাংলাদেশের জন্য লজ্জাজনক। বিমানবন্দরের ঘটনায় কমিউনিকেশন গ্যাপ আছে বলে মনে হয়েছে। বিমান বন্দর থেকে বের হবার পথে প্রথমে সবাইকে গাড়িতে করে এক জায়গায় নেয়া হয়। পরে আবার সরমাণ প্রসেসে বের করা হয়। এটা হাইকমিশনের ম্যানেজমেন্ট ব্যর্থতা। সবাই এক সঙ্গে থাকলে আওয়ামীলীগের কারো সাধ্য ছিল না কিছু করার, ধারে-কাছে ঘেষার। তারা অল্পকয়জন লোক ছিল। সফরে দলীয় কিছু কর্মসূচিতে অংশ নেওয়ার কথাও জানান তিনি।

এদিকে জামায়াতে ইসলামীর নায়েবে আমীর ডা. সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহের-এর নিউইয়র্ক আগমন উপলক্ষে প্রবাসী বাংলাদেশীর পক্ষ থেকে তাকে গণসংবর্ধনার আয়োজন করা হয়েছে। আগামী ২৬ সেপ্টেম্বর শুক্রবার বিকাল ৬-৩০ মিনিটে নিউইয়র্ক সিটির এস্টোরিয়া ওয়ার্ল্ড ম্যানরের বলরুমে এই অনুষ্ঠান আয়োজিত হবে বলে জানা গেছে।

## ট্রাম্পকে ফেব্রুয়ারিতে ভোটের আশ্বাস ইউনূসের

৬২ পৃষ্ঠার পর

পৌঁছেছিলেন এবং প্রায় দেড় ঘণ্টা পর্যন্ত ছিলেন। যতক্ষণ না তার মোটরকেড ৮-৩৯ মিনিটে এ হোটেল ছেড়ে চলে যায় নেতাদের সাথে কথোপকথনে লিপ্ত হয়। হোয়াইট হাউসের এক কর্মকর্তা বলেন, '১৪৫ জন বিশ্বনেতা এবং তাঁদের স্বামী-স্ত্রী রাষ্ট্রপতি দম্পতির সঙ্গে ছবি তোলার জন্য লাইনে দাঁড়িয়েছিলেন এবং কেউ কেউ ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষা করেছিলেন।'

ট্রাম্প আগস্টে আর্মেনিয়া ও আজারবাইজানের মধ্যে মধ্যস্থতা করা আজারবাইজানি নেতাসহ নেতাদের সাথে বেশ কয়েকটি অনানুষ্ঠানিক কথোপকথনে ছিলেন। তিনি বলেন, 'আপনার আর্মেনিয়ান এবং আজারবাইজানি বন্ধুদের ধন্যবাদ। আমি তোমার জন্য গর্বিত। আমি নিশ্চিত নই যে সেখানকার পরিস্থিতি কেমন।' নোবেলজয়ী বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান ড. মুহাম্মদ ইউনূস ট্রাম্পকে তাঁর সুবিধার্থে বাংলাদেশ সফরের জন্য আনুষ্ঠানিকভাবে আমন্ত্রণ জানান। এদিকে প্রায় একই সময়ে, প্রেসিডেন্ট লি জায়েমিন সিনিকেশ্বর সাথে ডিনার করেন। নিউইয়র্কের একটি স্থানে দক্ষিণ কোরিয়ায় নিযুক্ত রাষ্ট্রদূত এবং ইউএন এ নিযুক্ত দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রদূত কাং কিয়ং-ওয়া।

বাংলাদেশের প্রেস মিনিস্টার জানান, মোহাম্মদ ইউনূসের কাছে বাংলাদেশের পরিস্থিতি, সংস্কার ও নির্বাচন নিয়ে জানতে চেয়েছেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ফেব্রুয়ারিতেই ভোট বলে অবহিত করেছেন প্রধান উপদেষ্টা। তার আমন্ত্রণ জানিয়েছেন ঢাকা সফরের জন্য। এ আয়োজন চলাকালে প্রেসিডেন্ট ট্রাম্প ও আরও কয়েকজন বিশ্বনেতার সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন ড. ইউনূস। তাদের মধ্যে ছিলেন স্পেনের রাজা ষষ্ঠ ফিলিপ, জাপানের প্রধানমন্ত্রী শিগেরু ইশিবা, জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেস এবং সুইডেনের প্রধানমন্ত্রী শেরিং তোবগে। প্রধান উপদেষ্টা সংবর্ধনায় যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও এবং দক্ষিণ ও মধ্যএশিয়ার জন্য যুক্তরাষ্ট্রের বিশেষ দূত সের্জিও গরের সঙ্গেও সাক্ষাৎ করেন। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প আয়োজিত এক সংবর্ধনা অনুষ্ঠানে যোগ দিয়েছেন প্রধান উপদেষ্টা প্রফেসর মুহাম্মদ ইউনূস। স্থানীয় সময় মঙ্গলবার তিনি প্রেসিডেন্ট ট্রাম্পকে সুবিধাজনক সময়ে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানান। প্রধান উপদেষ্টা বর্তমানে জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে যোগ দিতে নিউইয়র্কে অবস্থান করছেন। প্রেসিডেন্ট ট্রাম্পের আমন্ত্রণে তিনি এ সংবর্ধনা অনুষ্ঠানে অংশ নেন। অনুষ্ঠানে প্রফেসর ইউনূস প্রেসিডেন্ট ট্রাম্পের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন এবং বিশ্বের বিভিন্ন শীর্ষ নেতার সঙ্গে মতবিনিময় করেন। তাদের মধ্যে ছিলেন স্পেনের রাজা ষষ্ঠ ফিলিপে, জাপানের প্রধানমন্ত্রী শিগেরু ইশিবা, জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেস এবং ভুটানের প্রধানমন্ত্রী শেরিং তোবগে।

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372


মহিলাদের জন্য
মহিলা গাইডের
সুব্যবস্থা আছে
KARNAFULLY
TRAVEL INC.
EXCLUSIVE UMRAH
PACKAGE FOR NOVEMBER 2025
JFK-JEDDAH
19TH NOV
MADINA-JFK
29TH NOV.
TOTAL DAYS
9 DAYS
(2 Jummah Makka & Madina)
PACKAGE INCLUDES
1. Round Trip Ticket From Jfk To Jedda & Madina To JFK.
2. 1 Year Multiple Entry Tourist Visa (Us Passport) & Perform Umrah With Guide.
3. 5* Star Hotel Makka & Madina Near to Haram With VIP Breakfast Buffet in Hotel.
4. Full Ground Transportation With Luxury Bus From Jedda Airport To Makka Hotel, Makka To Madina, Madina To Airport.
5. Historical & Religius Tours With Guidance (Makka & Madina).
6. Extra Visit Makka Tayef & Madina Wadi-E-Jinn.
7. Individual Family Package Also Available. *
KARNAFULLY TRAVEL INC.
37-16 73rd St. Suite # 201 FR, Jackson Heights, NY 11372
Tel: +1-718-205-6050, Cell: +1-646 724 5933
karnafullytravel@yahoo.com I www.karnafullytravel.com


"যা দেবী সর্বভূতেষু মাতৃরূপেণ সংস্থিতা।
নমস্তস্যৈ নমস্তস্যৈ নমস্তস্যৈ নমো নমঃ"
সার্বজনীন শারদীয়
দুর্গোৎসব
২৭ সেপ্টেম্বর হতে ০১ অক্টোবর
পুষ্পাঞ্জলি : দুপুর ২টা থেকে বিকাল ৫টা পর্যন্ত
মহাপ্রসাদ: দুপুর ২:৩০ মিঃ থেকে রাত ১১টা পর্যন্ত
সন্ধ্যা আরতি : সন্ধ্যা ৭ ঘটিকা
পৌরহিত্যে: শ্রী প্রভাস চক্রবর্তী, শ্রী রনজিত ভাদুরী ও শ্রী শিবতোষ চক্রবর্তী।
পূজা পরিক্রমা
মহাষষ্ঠী :
২৭শে সেপ্টেম্বর, শনিবার
মহাষষ্ঠী বিহিত অধিবাস রাত ৮:০১ মিঃ
মহাসপ্তমী :
২৮শে সেপ্টেম্বর, রবিবার
মহাসপ্তমী বিহিত পূজা দুপুর ১২:০১ মিঃ
মহাঅষ্টমী:
২৯শে সেপ্টেম্বর, সোমবার
অষ্টমী বিহিত পূজা দুপুর ১২:০১ মিঃ,
সন্ধি পূজা সন্ধ্যা ৬:৩০ মিঃ
মহানবমী :
৩০শে সেপ্টেম্বর, মঙ্গলবার
মহানবমী বিহিত পূজা সকাল ১১:৩০ মিঃ
বিজয়া দশমী:
১লা অক্টোবর, বুধবার
দশমী বিহিত পূজা দুপুর ১২:৩০ মিঃ সমাপনান্তে বিসর্জন
বিকাল ৪ টায় প্রশান্তি বন্দনা, সন্ধ্যা ৬ টায় সিঁদুর দান উৎসব,
ধামাইল নৃত্য ও আবৃত্তি "ঢাকের তালে তালে"
ঢাক বাজিয়ে ধামাইলে আমাদের সাথে থাকবেন
মহিতোষ তালুকদার
সাংস্কৃতিক অনুষ্ঠান পরিচালনায় ও উপস্থাপনায়
সুতিপা চৌধুরী
মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান
প্রতিদিন রাত ৮টা থেকে ১১:৩০ মি: পর্যন্ত
সুধী ভক্তবৃন্দ,
আসছে ২৭শে সেপ্টেম্বর, শনিবার হতে ০১ লা অক্টোবর, বুধবার পর্যন্ত বিশুদ্ধ বাংলা পঞ্জিকার ওয়াশিংটন সময় অনুযায়ী মহাসমারোহে জ্যাকসন হাইটস্থ ওম শক্তি মন্দিরে ৫ দিন ব্যাপী শারদীয় দুর্গোৎসবের বর্ণাঢ্য আয়োজনে আপনারা সপরিবারে ও সবান্ধবে আমন্ত্রিত।
প্রণামান্তে
শ্রী গৌরাঙ্গ রায়
সভাপতি
(৭১৮) ৪১৫-২০৩৫
শ্রী স্বরূপ সাহা
সাধারণ সম্পাদক
(৩৪৭) ৪৫৯-২১৯৩
কোজাগরী লক্ষী পূজা
৬ অক্টোবর, সোমবার ২০২৫
রাত ৮:০০ মিঃ
কালী পূজা
২০ অক্টোবর, সোমবার ২০২৫
রাত ৮:০০ মিঃ
উপদেষ্টা মন্ডলী: গৌরাঙ্গ কুন্ডু, ডাঃ অশোক সাহা, দুলাল ভট্টাচার্য, রবীন্দ্রনাথ রায়, জীবন চৌধুরী, অশোক আনন্দ দাস, বিপ্লব সাহা, রঞ্জন রক্ষিত, দীনেশ ক্ষত্রিয়, শ্যামল সাহা, দিবাকর রায়, সুভাষ মজুমদার, ধীমান মন্ডল, অমরনাথ চক্রবর্তী, টুটুল পোদ্দার, রণবীর রায়, বিমান দাস, গৌতম মজুমদার, সত্যজিত দে, ডঃ সৌমিত্র চৌধুরী, ডঃ রুমা চৌধুরী, সোমা রায় চৌধুরী ও উত্তম কুণ্ডু।
সার্বিক সহযোগিতায়: স্বপন কুন্ডু, ভবতোষ সাহা, সুভাষ রায়, জয়দেব দে, সাগর চৌধুরী, রীনা কুন্ডু, টিংকু পাল, কানু দেব, রিপন দেব, পঙ্কজ তালুকদার, লিটন সাহা, প্রদীপ খাসখেল, সুমন কুন্ডু, সমর বর্ধণ, বিংকু পাল খোকন, বিজন পাল, রনি মজুমদার, সাগর কুমার পাল, সুতিপা চৌধুরী শম্পা, অনুপ কুন্ডু, সুমন্ত পাল, রাজন দাস, সব্যসাচী দে সোহাগ, দিলীপ কুন্ডু, শংকর গোস্বামী, শুভ পোদ্দার, সুমন পোদ্দার, অসীম চন্দ্র দাস, দুলাল সূত্রধর, সৌরভ দে, কিশোর চক্রবর্তী, উত্তম ডাকুয়া, জয়ন্ত ব্রক্ষচারী, চন্দন সাহা, পুস্পেন বিকাশ গোয়ালা, ঝর্ণা চক্রবর্তী, নিরুপমা দাস, চায়না কুন্ডু, নমিতা কুন্ডু, জয়া কুন্ডু, পুষ্প কুন্ডু, পুতুল কুন্ডু, লীলা কুন্ডু, শান্তনা কুন্ডু, সঞ্চিতা দাস, প্রিয়া দেবনাথ, ছবি চক্রবর্তী, মিনতি সাহা, অর্চণা রায়, Ruven Gottlieb, Sukanta Patnaik, বিদ্যুত মালাকার, পলাশ নন্দী, তপন সাহা, সুধন দাস, উত্তম চন্দ, জীবন শীল, নিখিল বাবু, জয়ন্ত দে, পরিতুষন সরকার, রূপক মোদক, শ্যামল দাস, বাবুল কুমার সরকার, কাকলি রক্ষিত, ডলি সাহা, মিঠুয়া রায়, শিল্পনা সাহা ও জলি রানী, জগন্নাথ নন্দী, দূর্জয় সাহা ও নরেশ সূত্রধর।
ওম শক্তি মন্দির
OM SHAKTI MANDIR
৪০-২৩ ৭২ স্ট্রীট, উডসাইড, নিউ ইয়র্ক ১১৩৭৭


Galaxy media
PRESENTS
ASIF
AKBAR
& ATIYA ANISHA
USA HERITAGE TOUR
TITLE SPONSOR:
GOLDEN AGE
HOME CARE
POWERED BY:
NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
CALL FOR BOOKING:
929-538-7903
Want to book them in your city?
Media Partner:
Rtv
আজকাল
ইনকিলাব
WEEKLY INQILAB

GOLDEN AGE HOME CARE

GOLDEN A
HOME CA

PCA HOME CARE সেবা
আমাদের স

আমরা শীর্ষস্থানীয় PCA HOME CARE সেবা
আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদান করে,
সার্ভিস -এ এনরোল করে নেব এবং সব সধরনে

Please Contact

Shah Nawaz MBA
President & CEO
GOLDEN AGE HOME CARE INC.

Tel: 718-775-
Cell: 646-591-83
Email: shah@gol

আমাদের নিজস্ব PCA ও HHA ট্রেনি

JACKSON HTS OFFICE
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

BRONX OFFICE
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834

HILLSIDE AVE. O
170-18A Hillsid
Jamaica, NY 1
Ph: 718-530-1
Fax: 917-396-

Email: info@goldenagehomecare.c

AGE
RE

HHA/PCA SERVICE

SKILLED NURSING

নিতে চান?
াথে যোগাযোগ করুন

প্রদানকারী প্রতিষ্ঠান
আপনাকে HOME CARE
নের সেবা প্রদান করবো

Design by: ihopeprint.com, 929-538-7903



7852
96 Text: 646-591-8396
denagehomecare.com

ঃ স্কুল আছে

FFICE
e Ave
432
820
115

BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115

We Hire And Train HHA/PCA Certificate Holder AIDES

আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি

om | www.goldenagehomecare.com




## ঢাকা ও নিউইয়র্কের সাংবাদিকদের মতবিনিময় সভা





৬৪ পৃষ্ঠার পর

মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন প্রেসক্লাবের সভাপতি মনোয়ারুল ইসলাম এবং সঞ্চালনা করেন সাধারণ সম্পাদক মোমিনুল ইসলাম মজুমদার। বিশিষ্টজনদের মধ্যে উপস্থিত ছিলেন আজকাল সম্পাদক শাহ নেওয়াজ, বিএনপি নেতা গিয়াস আহমেদ, মূলধারার রাজনৈতিক এটর্নি মঈন চৌধুরী, নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলী ডিস্ট্রিক্ট ৩৬- এর আগামী নির্বাচনে প্রার্থী মেরি জোবায়দা প্রমুখ। নিউইয়র্ক ও বাংলাদেশের বিভিন্ন ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার অর্ধশতাধিক সাংবাদিক এ মতবিনিময় সভায় অংশ নেন। এর মধ্যে উল্লেখযোগ্যরা ছিলেন ঢাকা থেকে আসা। জাতীয় প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক ইলিয়াস খান, বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের সাবেক সাধারণ সম্পাদক নুরুল আমীন রোকন, গাজী টিভির বার্তা প্রধান গাজীউল আজম বিপু, দৈনিক নয়া দিগন্তের সিনিয়র রিপোর্টার ও ডিইউজে নেতা আব্দুল কালাম, চ্যানেল ওয়ান-এর মোহাম্মদ হাবিবুর রহমান, নিউজ ২৪-এর এম মোশাররফ হোসাইন, বাংলাদেশ প্রতিদিন-এর সাখাওয়াত কাওসার, ডিবিসি'র মোহাম্মদ সাজ্জাদ হোসাইন, দৈনিক যুগান্তরের মুজিব মাসুদ, দৈনিক জনকণ্ঠের



মীর মোহাম্মদ জসিম, বাংলা এডিশন-এর মোহাম্মদ শিমুল ইসলাম, রূপালী বাংলাদেশ-এর শাওন সোলায়মান ও দীন ইসলাম, দৈনিক পূর্বাঞ্চল ও স্টার নিউজ-এর খুলনা ব্যুরো চীফ রফিকুল ইসলাম টুটুল সহ আরো অনেকে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সাংবাদিকরা বলেন, সাংবাদিকরা সব সময় অবহেলিত নির্যাতিত। পত্রিকা-টিভিসহ বাংলাদেশের হাতে গোনা ১০-১২ টি গণমাধ্যম ছাড়া অধিকাংশ গণমাধ্যমেই সাংবাদিকরা নিয়মিত বেতন-ভাতা পান না। যারা নিয়মিত বেতন পান এবং যে বেতন পান তা দিয়ে সংসার চালানো কঠিন। কিন্তু দেশের সব কিছুর জন্য সাংবাদিকদেরই দোষ দেয়া হয়। অথচ তাদের সুযোগ সুবিধার কথা কোন সরকারই বলে না। নিজেদের নাম কামানোর জন্য যেমন তেমন ভাবে পত্রিকা চলছে, তা দেখার জন্যও কেউ নেই। যে পত্রিকা ২ হাজার কপি ছাপে না তারা তথ্য মন্ত্রণালয় থেকে ২লাখ কপি ছাপানোর পত্র যোগাড় করে। এমন চলতে দেওয়া যায় না।

তারা বলেন, শুধু বাংলাদেশেই নয়, নিউইয়র্কের বাংলাদেশি কমিউনিটিতেও কোন সাংবাদিক শুধু সাংবাদিকতা করে জীবন নির্বাহ করতে পারে না। তাদের উপর সবার প্রত্যাশা থাকে। কিন্তু তারা কিভাবে সংসার চালাবেন, তা নিয়ে কেউ ভাবে না। মতবিনিময় সভার এক পর্যায়ে তুমুল হট্টগোলের ঘটনা ঘটেছে। সভায় ঢাকার সাবেক সাংবাদিক সুলতানা রহমানের বক্তব্য প্রদানকালে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। তার বক্তব্যে ক্ষুব্ধ হয়ে উঠেন উপস্থিত অনেকেই। এসময় তার সাথে আওয়ামী লীগের ঘনিষ্ঠতা ও আওয়ামীলীগের সাথে আঁতাত করে সাংবাদিকতার অভিযোগে ঢাকার বেশ কয়েকজন সাংবাদিকদের তোপের মুখে পড়েন তিনি। একপর্যায়ে সভায় তর্ক-বিতর্ক ও হৈচৈ শুরু হয়, যা দীর্ঘ সময় ধরে চলতে থাকে। পরে তিনি বক্তব্য দেয়া থেকে বিরত থাকেন।

সুলতানা রহমান নিজেকে মুক্তিযুদ্ধের পক্ষের শক্তি দাবি করে বলেন, মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাস করার জন্য কেউ যদি আমাকে ফ্যাসিস্ট বলে বলুক। আমি প্রাউড করি ফ্যাসিস্ট হতে পেরে। জেনজির ঘটনায় সুলতানা রহমান বলেন আমার উপর মৌখিক মব সৃষ্টি করা হয়েছে। বক্তব্যে সুলতানা রহমান দাবি করেন যারা বিগত সরকারের কাছ থেকে কোন 'কিছু' পাওয়া আশা করেছিলেন তারাই সমস্যায় পড়েছে। বর্তমান সরকারের সময়ে দেশে অনেক সাংবাদিকদের নামে হত্যা মামলার হয়েছে। তার এ বক্তব্যের প্রতিবাদ করেন ঢাকা ও নিউইয়র্কের সাংবাদিকরা। তারা বলেন, সুলতানা ফ্যাসিস্টের দোসর ছিলেন তাই তার কোন সমস্যা হয়নি। তিনি শেখ হাসিনার এক ডেপুটি প্রেস সেক্রেটারির ঘনিষ্ট ছিলেন, তিনিতো ভালো থাকবেনই। সাগর-রুনিসহ আরো সাংবাদিক হত্যা নিয়ে তিনি নির্বিকার। তিনি তার সমমনা ফ্যাসিস্টের দোসরদের জন্য চিন্তিত। জুলাই-আগষ্টের আন্দোলন কালে হাজার-হাজার ছাত্র-জনতার খুনের সময়ও যেসব সাংবাদিক শেখ হাসিনার এ ঘৃণ্য কাজের প্রশংসা করেছেন, এবং তা চালিয়ে যাবার উৎসাহ দিয়েছেন, তার সঙ্গে আছেন বলে খুনের সহায়তা করেছেন তাদের নামেই মামলা হয়েছে। কোনো সৎ ও নিরপেক্ষ সাংবাদিকের নামে মামলা হয়নি।

## বাংলাদেশি আংকেল-আন্টিরা আমার জয়ের সারথী : মামদানি









৬৪ পৃষ্ঠার পর

নিউইয়র্ক সিটির মেয়র পদপ্রার্থী জোহরান মামদানি বাংলা মিডিয়া টাইম টিভি ও বাংলাপত্রিকার প্রতিষ্ঠাবার্ষিকীতে অংশ নিয়ে এ কথা বলেন। ২০ ও ২১ সেপ্টেম্বর এস্টোরিয়া ওয়ার্ল্ড ম্যানরের গ্র্যান্ড বলরুমে প্রতিষ্ঠানটির সিইও আবু তাহেরের সভাপতিত্বে প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়।

অনুষ্ঠানে কমিউনিটির সর্বস্তরের মানুষের শুভেচ্ছায় আবারও অভিষিক্ত হলো মিডিয়া দুটি। প্রতিষ্ঠাবার্ষিকীর নানা আয়োজনের মধ্যে ছিলো সেমিনার, শুভেচ্ছা বিনিময়, অ্যাওয়ার্ড বিতরণ, সাংস্কৃতিক অনুষ্ঠান ও নৈশভোজ।

অনুষ্ঠানে নিউইয়র্ক সিটির মেয়র পদপ্রার্থী জোহরান মামদানী সহ মূলধারার রাজনীতিক ও কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিরা আমন্ত্রিত অতিথি ছিলেন। অনুষ্ঠানে কী নোট স্পীকার ছিলেন সিটি কাউন্সিলওম্যান শাহানা হানিফ।

অনুষ্ঠানে বিভিন্ন পর্বে অনুষ্ঠিত কর্মসূচিতে অংশ নেন ব্যবসায়ী মনির হোসেন, ডা. জিয়া উদ্দিন আহমেদ, আতাউর রহমান সেলিম, মোহাম্মদ আলী, ডা. ওয়াদুদ ভূইয়া, আহসান হাবীব, কাজী সোফিয়া হাসান ফেরদৌস, মেরী জোবায়দা সাবেক লেফটেন্যান্ট শামসুল হক, ড. নকিবুর রহমান, ডা. সবুর, আসমান চৌধুরী সিপিএ, আলহাজ্ব সোলায়মান ভূইয়া,মাহতাব খান, আহাদ আলী সিপিএ, নাসির খান পল, ব্যারিস্টার শেল, আহাদ আলী সিপিএ, মোহাম্মদ জাবেদ উদ্দিন, গ্রীন মেকানিক্যাল ইয়ংকার্স-এর প্রেসিডেন্ট তোফায়েল চৌধুরী, ড. ইমরুল কবীর, ডা. কাজী হাসান নজরুল ইসলাম,কাজী হেলাল আহমেদ ও কয়েস আহমেদ। সাংস্কৃতিক পর্বে সঙ্গীত পরিবেশন করেন কাণা মিয়া, শিমুল খান, কবির হাওলাদার, মিলিয়া হাসান ও শাহ মাহবুব। এদিনের অনুষ্ঠান উপস্থাপনায় ছিলেন সৈয়দ আল আমীন রাসেল, আমাবা মৌ, সোনিয়া শারমিন, নাদিয়া খন্দকার ও দিমা নেফারতিতি।

অনুষ্ঠানে বাংলা পত্রিকা'র প্রতিষ্ঠাতা সম্পাদক মাহফুজুর রহমান-কে আজীবন সম্মাননা ও সৈয়দ ইলিয়াস খসরুকে টাইম টেলিভিশনের বেস্ট টিম মেম্বারের সম্মাননা প্রদান করা হয়।

অনুষ্ঠানের প্রধান আকর্ষণ জোহরান মামদানি বলেন, টাইম টেলিভিশন তার কর্মকাণ্ডের মধ্য দিয়ে শুধু কমিউনিটি নয়, আমেরিকান রাজনীতিতে প্রতিষ্ঠিত মিডিয়া হিসেবে স্থান করে নিয়েছে। মামদানী বলেন, আমার নির্বাচনে আন্টি-আংকেল, ব্রাদার-সিস্টারগণ ভোট দিয়ে আমাকে জয়ী করেছেন। আগামীতেও সবাই আমাকে জয়ী করলে, আমরা সবাই মিলেই জয়ী হবো।






# বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

## আমরা বিশ্বের যে কোন দেশের ভিসা প্রসেস করি



সৌদি আরবের ১০ বছরের মাল্টিপল এন্ট্রি ভিসা




ইন্ডিয়া মাল্টিপল / মেডিকেল ভিসা



১০ বছরের কানাডিয়ান মাল্টিপল ভিসা




USA 5 YEARS MULTIPLE TOURIST VISA

## দ্রুত ভিসা প্রসেস করার জন্য আমাদের সাথে যোগাযোগ করুন








# SCHENGEN TOURIST VISA

এক ভিসাতে ভ্রমণ হবে ২৭টি দেশ

BANGLA TRAVELS · JACKSON HEIGHTS, NEW YORK

# BANGLA TRAVELS

## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার

*Visa Issued by Consulate General

**NEW YORK OFFICE**

7305 37TH ROAD, JACKSON HEIGHTS
NY 11372. কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়
PHONE : 917-396-4140, 917-592-7828
E-MAIL : digitalonetravel@gmail.com
www.digitalonetravel.com

**DHAKA OFFICE**

NAGAR SHEFALI, FLOOR # 03, HOUSE # 09
ROAD # 17, BLOCK-E, BANANI, DHAKA-1213
PHONE : +88 01711256871, +88 01711256872
E-MAIL : digitalonetravel@gmail.com
www.banglatravel.net

## 'রোনালদোকে ঘৃণা করি না, মেসি-রোনালদোর একজনকে বেছে নেওয়া কঠিন'

৫২ পৃষ্ঠার পর

ছিলাম।' মেসি বনাম রোনালদো বিতর্ক নিয়ে রুনির ব্যাখ্যা, 'আমি শুধু বলেছিলাম মেসির খেলার ধরনে একটু বাড়তি কিছু ছিলড় ড্রিবলিং, খেলোয়াড়দের কাটানো ইত্যাদি। রোনালদো ছিলেন খাঁটি গোলস্কোরার, এক কথায় কিলার। এজন্য অনেকে ভাবে আমি রোনালদোকে অপছন্দ করি, আসলে ব্যাপারটা মোটেও তেমন নয়।' মেসি ও রোনালদোর মধ্যে তুলনা প্রসঙ্গে তিনি বলেন, 'দুজনই ইতিহাসের সেরা ফুটবলার। কারও পক্ষ নেওয়া সম্ভব নয়। আমি মেসির খেলার ধরনটা পছন্দ করি, কিন্তু রোনালদোকে নিয়ে খারাপ কিছু বলার সুযোগ নেই। ও ৪০ বছর বয়সেও যা করছে, তা অবিশ্বাস্য।' রুনির মতে, মেসি ও রোনালদো দুজনই ফুটবল ইতিহাসে সর্বকালের সেরা খেলোয়াড়দের মধ্যে নিঃসন্দেহে শীর্ষে।

## পাকিস্তানকে হারানোর পর যা বললেন বাংলাদেশ কোচ

৫২ পৃষ্ঠার পর

ফয়সাল। পরের মিনিটে লিড দ্বিগুণ করেন অপু রহমান। তবে ম্যাচ সেরার স্বীকৃতি পেয়েছেন বাংলাদেশ অধিনায়ক। খেলা শেষে ফয়সাল বলেছেন, 'আমার দল ফাইনালে উঠেছে, অনেক ভালো লাগছে। দলের সবাইকে ধন্যবাদ জানাই, এটা (ম্যাচ সেরার পুরস্কার) তাদের জন্যই পেয়েছি।'

টুর্নামেন্টের গ্রুপ পর্বে নেপাল ও শ্রীলঙ্কাকে সমান ৪-০ গোলে হারিয়ে সেমিতে ওঠে বাংলাদেশ। আজও জয়ের ধারাবাহিকতা ছিল। দলের এমন পারফরম্যান্সে খুশি কোচ। ম্যাচ শেষে বলেছেন, 'প্রথমে সৃষ্টিকর্তাকে ধন্যবাদ জানাই। আমাদের যে লক্ষ্য তার কাছাকাছি চলে এসেছি। দুর্দান্ত পারফরম্যান্স, পরিশ্রম ও ডিসিপ্লিন ফুটবল খেলে এখানে আসছি। সবার কাছে দোয়া চাই। তারা আমাদের যেভাবে সাপোর্ট করে যাচ্ছেন সেটা যেন অব্যাহত থাকে। ছেলেরা যেন সুস্থভাবে ফাইনাল খেলতে পারে এবং আমরা আমাদের লক্ষ্যে যেন পৌঁছাতে পারি।' আগামী শনিবার সাফের ফাইনাল।


বিশ্বের যেকোন দেশে ভ্রমণের জন্য
একমাত্র আমরাই দিচ্ছি সর্বনিম্ন মূল্যের নিশ্চয়তা।
আমরা ওমরার প্যাকেজ করে থাকি
আমাদের প্যাকেজ বিবরণ
ওমরা ভিসা
এয়ার টিকেট
১ দিন মক্কায় ট্যুর
১ দিন মদিনা ট্যুর
মক্কা থেকে মদিনা গাড়িতে
এয়ারপোর্ট থেকে হোটেল
(4 Star Hotel with Breakfast.)
মদিনার হোটেল থেকে এয়ারপোর্ট ড্রপ অফ
(একজন বাংলাদেশী মোয়াল্লেম মক্কা ও মদিনা)
* হজের পর পরই ওমরাহ পুরোদমে শুরু হয়ে যাবে ইনশাআল্লাহ
* শুধুমাত্র গ্রুপ প্যাকেজের জন্য প্রযোজ্য।
NAFS TRAVEL INC.
SANU SHEAK (SANA)
Cell: 347-537-7657
Email: nafstravel@gmail.com
www.nafstravel.com
NAFS TRAVEL

37-59 74th Street, Jackson Heights, NY 11372
(Inside Mollika electronics next to CITI Bank)




MD Golam Mostofa, ESQ.
NY State Attorney
LL. B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh.
Barrister-At-Law, London.
Attorney-At-Law, NY.
- Personal Injuries & Death Claims
- Car Accidents and Medical Mal Practice
- Divorce, Family Matters and Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure proceedings
- Bankruptcy
- All Civil Matters
- Wills, Trust and Estate Planning
- All Criminal Matters
- All Immigration Matters
Address:
Queens: 148-45 Hillside Ave
Jamaica, NY 11435
Phone# 718-487-4873, Cell: 917-285-6247(Text) Email: abmostofa1@gmail.com


## চীন ও ভারতের বিরুদ্ধে ক্ষোভ প্রকাশ

৩ পৃষ্ঠার পর

ইসরাইলের যুদ্ধ- এই দুই ক্ষেত্রেই তার প্রচেষ্টা ব্যর্থ হয়েছে। তিনি বলেন, ওয়াশিংটনের কিছু মিত্র দেশ ফিলিস্তিন রাষ্ট্রকে স্বীকৃতি দিয়ে আসলে হামাসকে পুরস্কৃত করছে। শান্তির পথে অগ্রসর হতে হলে হামাসকে অবশ্যই জিম্মিদের মুক্তি দিতে হবে। ট্রাম্প ইউরোপীয় মিত্র, চীন ও ভারতের বিরুদ্ধে অভিযোগ আনেন যে, তারা রাশিয়ার কাছ থেকে তেল কেনা বন্ধ করেনি। তবে মস্কোর ব্যাপারে তিনি তুলনামূলক নরম অবস্থান নেন, যদিও জানান, যুক্তরাষ্ট্র প্রয়োজনে নতুন নিষেধাজ্ঞা দিতে প্রস্তুত। সবচেয়ে কঠোর ভাষা ট্রাম্প ব্যবহার করেন অভিবাসন প্রসঙ্গে।

তিনি বলেন, ওপেন বর্ডার বা উন্মুক্ত সীমান্তের ব্যর্থ পরীক্ষার অবসান ঘটাতে হবে। তোমাদের দেশ নরকে যাচ্ছে। পাশাপাশি লন্ডনের মেয়র সাদিক খানকেও (প্রথম মুসলিম মেয়র) কটাক্ষ করেন তিনি। দ্বিতীয় মেয়াদে ট্রাম্প আবারও চরম জাতীয়তাবাদী নীতি নিয়ে আন্তর্জাতিক সহযোগিতা হ্রাস করেছেন। তিনি যুক্তরাষ্ট্রকে বিশ্ব স্বাস্থ্য সংস্থা এবং জাতিসংঘ জলবায়ু চুক্তি থেকে প্রত্যাহার করেছেন। যুক্তরাষ্ট্রের উন্নয়ন সহায়তা ব্যাপকভাবে কমিয়ে দিয়েছেন। এমনকি বিদেশি বিচারকদের বিরুদ্ধেও নিষেধাজ্ঞা আরোপ করেছেন। এবারের বার্ষিক সম্মেলনের উদ্বোধনী বক্তৃতায় জাতিসংঘ মহাসচিব অ্যান্তোনিও গুতেরেস সতর্ক করেন, যুক্তরাষ্ট্র নেতৃত্বহীন সাহায্য কমিয়ে দেয়ায় বিশৃঙ্খলে তাণ্ডব চলছে। বলেন, আমরা কোন পৃথিবী বেছে নেব? কাঁচা শক্তির পৃথিবী-নাকি আইনের পৃথিবী?

ট্রাম্প ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির সঙ্গে বৈঠক করেছেন। আগস্টে আলাস্কায় রুশ প্রেসিডেন্ট পুতিন-এর সঙ্গে সাক্ষাতের পর এটি তাদের দ্বিতীয় বৈঠক। যদিও সেই শীর্ষ সম্মেলনে কোনো সমাধান আসেনি। রাশিয়া সাম্প্রতিক সময়ে ইউক্রেনে আক্রমণ অব্যাহত রেখেছে এবং ন্যাটো সদস্য দেশ পোল্যান্ড, এস্তোনিয়া ও রোমানিয়ার আকাশসীমায় অনুপ্রবেশ ঘটিয়ে পরিস্থিতি আরও উত্তেজিত করেছে। গত সপ্তাহে ট্রাম্প বলেন, পুতিন তাকে খুব হতাশ করেছেন।

জাতিসংঘের সাধারণ পরিষদে (ইউএনজিএ) বিশ্ব নেতাদের উদ্দেশ্যে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, রাশিয়া-ইউক্রেন যুদ্ধের 'প্রধান অর্থদাতা' ভারত ও চীন। কারণ তারা রাশিয়ার তেল ক্রয় অব্যাহত রেখেছে। পাশাপাশি মস্কো থেকে জ্বালানি আমদানি কমাতে পর্যাপ্ত পদক্ষেপ না নেওয়ার জন্য ন্যাটো দেশগুলিরও সমালোচনা করেছেন ট্রাম্প। ২৩ সেপ্টেম্বর (মঙ্গলবার) জাতিসংঘের সাধারণ পরিষদে দেওয়া বক্তব্যে তিনি এ অভিযোগ করেন।

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেন, 'চীন ও ভারত রাশিয়ার তেল ক্রয় অব্যাহত রেখে চলমান যুদ্ধের প্রধান অর্থদাতা। এই বিষয়টি অমার্জনীয়। পাশাপাশি ন্যাটো দেশগুলিও রাশিয়ান জ্বালানি এবং পণ্য আমদানি খুব বেশি বন্ধ করেনি। আমি প্রায় দুই সপ্তাহ আগে জানতে পেরেছিলাম এবং আমি খুশি ছিলাম না। তারা নিজেদের বিরুদ্ধে যুদ্ধে অর্থায়ন করছে। কেউ কখনও এই কথা শুনেছে?'

তিনি বলেন, 'যদি রাশিয়া শান্তি চুক্তিতে পৌঁছাতে প্রস্তুত না হয়, তাহলে ওয়াশিংটনের কঠোর শুল্ক আরোপের জন্য প্রস্তুত হও। আমার বিশ্বাস, এতে খুব দ্রুত রক্তপাত বন্ধ হবে।' পাশাপাশি ইউরোপীয় দেশগুলিকে এই ধরনের পদক্ষেপ কার্যকর করার জন্য মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে যোগ দেওয়ার আহ্বান জানান ট্রাম্প।

## নিউইয়র্কে ফিলিস্তিনকে রাষ্ট্রের স্বীকৃতি দিল ফ্রান্স

৩ পৃষ্ঠার পর

মাল্টা, অ্যান্ডোরা ও সান মারিনোও একই পথে হাঁটতে যাচ্ছে। গাজায় মানবিক বিপর্যয় ও পশ্চিম তীরে দখলদার বসতি স্থাপনের কারণে ইসরাইলের ওপর আন্তর্জাতিক চাপ বেড়েই চলেছে।

ইসরাইল বলছে, ফিলিস্তিন রাষ্ট্রকে স্বীকৃতি দেয়া মানে ২০২৩ সালের ৭ অক্টোবর দক্ষিণ ইসরাইলে হামলা চালানো হামাসকে পুরস্কৃত করা। ওই হামলায় প্রায় ১২০০ জন নিহত এবং ২৫১ জনকে জিম্মি করে হামাস। এরপর থেকে ইসরাইলের হামলায় এ পর্যন্ত কমপক্ষে ৬৫০০০ ফিলিস্তিনি নিহত হয়েছেন। বর্তমানে ইসরাইলি সেনারা গাজা সিটির দখল নেয়ার জন্য স্থল অভিযান চালাচ্ছে। সেখানে একসময় প্রায় ১০ লাখ মানুষ বসবাস করতেন। ম্যাক্রন বলেন, যুদ্ধ বন্ধ করার সময় এসেছে এবং হামাসের হাতে থাকা অবশিষ্ট ইসরাইলি জিম্মিদের মুক্তি দিতে হবে।

ইউরোপীয় কমিশনের প্রেসিডেন্ট উরসুলা ভন ডার লিয়েন বলেন, গাজার পুনর্গঠনের জন্য ইইউ একটি নতুন আর্থিক তহবিল গঠন করবে। তিনি জাতিসংঘে বলেন, আমাদের আরও বেশি কিছু করতে হবে। তাই আমরা একটি ফিলিস্তিন দাতার গ্রুপ গঠন করব। জাতিসংঘ মহাসচিব অ্যান্তোনিও গুতেরেস গাজার পরিস্থিতিকে 'নৈতিক, আইনি ও রাজনৈতিকভাবে অসহনীয়' আখ্যা দিয়ে বলেন, দ্বিরাষ্ট্রভিত্তিক সমাধানই ইসরাইলি ও ফিলিস্তিনিদের মধ্যে শান্তির একমাত্র গ্রহণযোগ্য পথ। ফিলিস্তিনি প্রেসিডেন্ট মাহমুদ আব্বাস যুক্তরাষ্ট্রের ভিসা বাতিল করায় জাতিসংঘ সাধারণ পরিষদে সরাসরি উপস্থিত হতে পারেননি। তিনি ভিডিও বার্তায় ভাষণ দেন। তিনি স্থায়ী যুদ্ধবিরতির আহ্বান জানান এবং বলেন, হামাস গাজা শাসনে কোনো ভূমিকা রাখতে পারবে না। দলটিকে অস্ত্রসমূহ ফিলিস্তিনি কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করতে হবে। তিনি বলেন, আমরা একটি ঐক্যবদ্ধ রাষ্ট্র চাই, যেখানে অস্ত্র থাকবে না। আব্বাস হামাসের ৭ অক্টোবরের হামলাকে নিন্দা জানান এবং ইসরাইলিদের উদ্দেশে বলেন, আমাদের ভবিষ্যৎ ও আপনাদের ভবিষ্যৎ নির্ভর করছে শান্তির ওপর। যথেষ্ট হয়েছে সহিংসতা ও যুদ্ধ।

ম্যাক্রন জানান, ফ্রান্স গাজায় একটি স্থিতিশীলতা মিশন-এ অংশ নিতে প্রস্তুত এবং হামাস ভেঙে দেয়ার প্রক্রিয়া পর্যবেক্ষণে ফিলিস্তিনি কর্তৃপক্ষের অংশগ্রহণে একটি অন্তর্বর্তী প্রশাসন গঠন করা উচিত। তবে তিনি স্পষ্ট করে দেন, সব জিম্মি মুক্তি এবং যুদ্ধবিরতি না হলে ফ্রান্স কোনো ফিলিস্তিনি দূতাবাস খুলবে না। ফ্রান্সের ঘোষণার আগে জাতিসংঘে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন ইসরাইলের রাষ্ট্রদূত ড্যানি ড্যানন। তিনি বলেন, ৭ অক্টোবর হামলার পর দ্বিরাষ্ট্রভিত্তিক সমাধান 'টেবিল থেকে বাদ হয়ে গেছে' এবং এই সপ্তাহের জাতিসংঘ বৈঠকগুলোকে তিনি 'প্রহসন' আখ্যা দেন। তিনি পশ্চিম তীর দখল করে নেয়ার সম্ভাবনাও উড়িয়ে দেননি। প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু জোর দিয়ে বলেন, জর্ডান নদীর পশ্চিমে কোনো ফিলিস্তিনি রাষ্ট্র হবে না। প্রেসিডেন্ট আইজ্যাক হারজগ বলেন, এমন স্বীকৃতি কেবল 'অন্ধকার শক্তিকে সাহসী করবে।'

## এত শঙ্কা এত ভয় তবু আশায় থাকা

১০ পৃষ্ঠার পর

এনসিপি চায় গণপরিষদ নির্বাচন। জাতীয় পার্টি নিষিদ্ধ করার একটা ইস্যুও আছে। জামায়াত চায় আওয়ামী লীগের কার্যক্রম যেভাবে নির্বাহী আদেশে নিষিদ্ধ করা হয়েছে, জাতীয় পার্টির কার্যক্রমও সেভাবেই নিষিদ্ধ করা হোক। এনসিপিও তা-ই চায়। তবে বিএনপির কথা, কোনো নির্বাহী আদেশে নয়, সেটা করা হোক বিচারের মাধ্যমে। নির্বাচনের সময় যত এগিয়ে আসবে, এই ইস্যুটিও ততই বড় হবে। এটা রাজনীতিতে দর-কষাকষির একটা বড় ইস্যু হবে। কারণ, জাতীয় পার্টি নির্বাচনে অংশ নিতে পারলে সেটা জামায়াত ও এনসিপির জন্য হুমকি হয়ে দেখা দেবে। প্রধান বিরোধী দল হওয়ার বিষয়ে জামায়াত অনিশ্চয়তায় পড়বে। আবার জাতীয় পার্টি নিষিদ্ধ হলে সেটা বিএনপিকেও চ্যালেঞ্জের মুখে ফেলবে। কারণ, তখন জামায়াত ও এনসিপি মিলে বিএনপিকে বড় ধরনের চাপ দিতে পারবে।

কেউ কেউ মনে করছেন, জামায়াত ও তার সহ-আন্দোলনকারী দলগুলো আসলে বিএনপিকে শক্তি দেখাতে চাইছে। সে কারণেই তারা রাজধানী, জেলাসহ সারা দেশে ধারাবাহিক কর্মসূচি দিচ্ছে। এর মাধ্যমে তারা নির্বাচনে বিএনপির কাছ থেকে সুবিধা নিতে চাইছে। এ ছাড়া এই কর্মসূচির মাধ্যমে তারা নির্বাচনের আগে একটা রাজনৈতিক মোর্চাও গড়তে চাইছে। সে লক্ষ্য থেকেই 'সব ভোট এক বাক্সে আনার' কথাও বলছেন দলগুলোর কোনো কোনো নেতা। এদিকে অতিসম্প্রতি জামায়াত ও এর মিত্র দলগুলোর সঙ্গে কর্মসূচি নিয়ে মতভেদের দেখা দিয়েছে এনসিপির। জামায়াতে ইসলামীর নেতৃত্বে যুগপৎ আন্দোলনে না যাওয়া প্রসঙ্গে এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম বলেছেন, 'জামায়াতের সঙ্গে যেই যুগপৎ আন্দোলন হচ্ছে, সেটিতে আমরা নাই। কারণ, নিম্নকক্ষে আমরা পিআর চাই না। নিম্নকক্ষে পিআরের বিরুদ্ধে আমরা অবস্থান নিয়েছি। আমরা শুধু উচ্চকক্ষে পিআর এবং জবাবদিহির জন্য একটি কার্যকর উচ্চকক্ষ চাচ্ছি।' গত শুক্রবার সন্ধ্যায় এক প্রেস ব্রিফিংয়ে তিনি এসব কথা বলেন। জামায়াতসহ সংশ্লিষ্ট দলগুলো যেসব ইস্যুতে কর্মসূচি পালন করছে, সেগুলোর সঙ্গে একমত নয় এবি পার্টি এবং গণঅধিকার পরিষদও। আগে শোনা যাচ্ছিল যুগপৎ আন্দোলনে তারাও থাকবে। কিন্তু শেষ পর্যন্ত তারা থাকেনি।

সরকার ফেব্রুয়ারিতে নির্বাচনের দিকে যাচ্ছে বলেই মনে করছে জামায়াত ও তার সঙ্গে যুগপৎ কর্মসূচিতে থাকা দলগুলো। ওই দলগুলোর নেতারা ফেব্রুয়ারিতে নির্বাচনের সরাসরি বিরোধিতা না করলেও বাস্তবে তাঁরা নানা হিসাবনিকাশ থেকে ফেব্রুয়ারিতে নির্বাচন চান না। দুটি বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংসদ নির্বাচনে ভালো করায় তাঁরা মনে করছেন, এই ধারা অব্যাহত থাকলে রাজনীতির মাঠে তাঁদের অবস্থা দিনদিন আরও ভালো হবে।

ওই দলগুলোর নির্বাচন চাওয়ার পাশাপাশি 'দাবি না মানলে আমরা নির্বাচনে যাব না'-এমন মনোভাব দেখানোয় তাদের আসল উদ্দেশ্যটা বোঝা যায়। সব মিলিয়ে নির্বাচন নিয়ে এখনই আশায় বুক বাঁধতে পারছেন না অনেকেই। খেলাফত মজলিসের নেতা মামুনুল হকের হঠাৎ আফগানিস্তান সফর নিয়েও নানা প্রশ্নের জন্ম দিয়েছে। এমন এক সময়ে এই সফর যখন কিনা তালেবান সরকার দেশটিতে বিশ্ববিদ্যালয়ের পাঠক্রম থেকে নারীদের লেখা সব বই নিষিদ্ধ করেছে। ফলে এই সফর উদারমনা মানুষের মনে শঙ্কা না জাগিয়ে কি পারে? মার্কিন সেনা ও বিমানবাহিনীর শতাধিক কর্মকর্তা ১০ সেপ্টেম্বর উড়োজাহাজে করে ঢাকা থেকে চট্টগ্রামে অবতরণ করেন। সেই সঙ্গে দুটি হারকিউলিস পরিবহন বিমানে প্রচুর যন্ত্রপাতিও এনেছে। সরকারি ভাষ্যমতে, 'প্যাসিফিক অ্যাঞ্জেল মহড়ার মাধ্যমে প্রতিরক্ষা সহযোগিতা এগিয়ে নিচ্ছে যুক্তরাষ্ট্র ও বাংলাদেশ।' কিন্তু প্রশ্ন হলো, মার্কিন সেনা এত ঘন ঘন কেন আসছে বাংলাদেশে? এ বছরের মে থেকে সেপ্টেম্বর পর্যন্ত একের পর এক বাংলাদেশে আসছে-যাচ্ছে মার্কিন সেনা প্রতিনিধিদল। কখনো প্রশিক্ষণের নামে, কখনো দ্বিপক্ষীয় মতবিনিময়ের ছুতোয়, কখনোবা মহড়ার নামে। তলেতলে কি কিছু ঘটছে? এতসব শঙ্কা-উদ্বেগের মধ্যেও আশায় আছি, ফেব্রুয়ারিতে একটি অবাধ ও সুষ্ঠু নির্বাচন যাতে অনুষ্ঠিত হয়। যদিও জানি, নির্বাচিত সরকার এলেই দেশে সব ঠিক হয়ে যাবে না।

লেখক: সাংবাদিক ও গবেষক।


আমরাই একমাত্র
যারা সর্বোচ্চ সুবিধার
নির্ভরযোগ্য
নিশ্চয়তা
প্রদান করি
ZAM ZAM
TRAVEL US
আমাদের সার্ভিস সমূহ
এয়ার টিকেটিং
HOTEL
হজ্ প্যাকেজ
সার্ভিস প্রোভাইডার
হোটেল বুকিং
ভিসা প্রোসেসিং
ওমরাহ্ প্যাকেজ
সার্ভিস প্রোভাইডার
কেন আমাদের সার্ভিস নিবেন ?
বিশেষজ্ঞ দল
যাচাইকৃত ভিসা চেকলিস্ট
প্রিমিয়াম সহায়তা
নিখুঁত ভিসা আবেদন পরিষেবা
ZAM ZAM TRAVEL US
in a Partnership with
إثراء الخير
ITHRAA ALKHAIR
এয়ার লাইন সমূহ
السعودية SAUDIA
QATAR AIRWAYS القطرية
Emirates
TURKISH AIRLINES
ঢাকা অফিস
+88 017 1133 6292
Tropical Mollah Tower
Shop no: 08 (4th Floor), Progoti Sharoni
Middle Badda, Dhaka 1212, Bangladesh
নিউইয়র্ক অফিস
+1 718 395 9697
37-15 73 Street (Suite-207),
Jackson Heights, NY-11372
zamzamtravelus
www.zamzamtravelus.com
zamzamtravelus@gmail.com

# Open Letter To Chief Advisor Peoples Republic of Bangladesh

To

**Chief Advisor Dr.Mohammad Yunus**

Peoples Republic of Bangladesh.

**Subject: NRB are seeking help to aquire purchased land from Bashundhara group.**

**Dear Sir,**

We are all Bangladeshi Americans,victims from the Land Company, Bashundhara Baridhara and Riverview Project of

Bangladesh. We have purchased Lands about 15-24 years ago from Bashundhara Baridhara and

Riverview Project and our land has never been handed until today. We paid off land price,

Registration fees and others about ten to eighteen years ago but we are being frauded and delayed to hand over our plots.

Instead of giving us our purchased land the Bashundhara Group issued a new letter to the buyers that we can not get the land we have purchased from them. We have invested our hardworking money to the land. Now they are trying to send us over the Balu River project in Norshindi district which is called P-extension which we never purchased from there. The land on the P-extension is very cheaper in value than the proposed Bashundhara Baridhara and Riverview Project in Dhaka. We have been trying to rescue our land from the company which we have bought. Thousands of US citizens are the Victims by the Bashundhara Group Company.

We have been requesting you to take necessary action so that we can get our land back that proposed land we purchased.

We will highly appreciate your help and action that you will take to help us.

Thank you

**Kamruz Zaman Baccu**

Phone:347-465-3220

kamruzbaccu1@gmail.com

On behalf of NRB Victims



## দূতাবাসের গোপন মিশনে রাজনৈতিক তান্ডব!

১ পৃষ্ঠার পর

নির্বাহি চেয়ারম্যান, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষক, প্রেস উইংয়ের ৫ সদস্যের কোলাহল; সেই সাথে নিউইয়র্কে আওয়ামী লীগের রাজনৈতিক তান্ডব এখন তুঙ্গে। বিএনপি ও এনসিপির নেতাদের আওয়ামী কর্মীদের হাতের মুঠোয় তুলে দিয়ে আনন্দের ঢেকুর গিলেন দূতাবাসে কর্মরত বিশ্বাসঘাতকরা। নিউইয়র্কের কনস্যুলেটে তথ্য উপদেষ্টা মাহফুজ আলমের আগমনে তার ওপর হামলার রেশ কাটতে না কাটতেই এবারের নারকীয় ঘটনা নানা প্রশ্নের জন্ম দিয়েছে। সরকারী আমলাদের দ্বারা ড. ইউনূস সরকার কতটা অসহায় তার করুণ চিত্র ফুটে উঠেছে নিউইয়র্কে। সরকারের ভেতরে আরেকটি সরকারের বিভৎস চেহারা ধরা পড়েছে বলে বিশ্লেষকরা মনে করছেন। দেশের জঞ্জাল বিদেশে আনার পরিকল্পকরা এখন সরকারের ভেতরেই। স্থায়ি মিশনের একজন কর্মকর্তা এই প্রতিবেদককে জানান, 'বিগত স্বৈর সরকারের মতোই তাদের আচরণ, সাপটে কাজ করা কঠিন। তারা এখনো আগের মতোই সবকিছু করে যাচ্ছে।' এবার প্রধান উপদেষ্টার প্রেস উইংয়ের প্রধান শফিকুল আলম, ডেপুটি প্রেস সেক্রেটারি আবুল কালাম আজাদ, ডেপুটি প্রেস সেক্রেটারি অপূর্ব জাহাঙ্গীর, সি. এসিসটেন্ট সেক্রেটারি ফয়েজ আহম্মদ, প্রধান উপদেষ্টার এসিসটেন্ট প্রেস সেক্রেটারি সুশমিতা তিথি ছাড়াও পিআইডির ৯ জন এসেছেন। ক্যাডার আমলার একজন নারী উপদেষ্টা সিঙ্গাপুরে কিছুদিন আগে চিকিৎসাধিন থাকলেও এবার তিনি জাতিসংঘে সফরে এসেছেন। ড. ইউনূসের বিশাল এই টিমের অধিকাংশই ব্যাক্তিগত কাজে ব্যস্ত বলে জানা গেছে।

ওয়াশিংটনে বাংলাদেশ দূতাবাসের নতুন রাষ্ট্রদূত তারেক মোঃ আরিফুল ইসলাম এবং নিউইয়র্কে জাতিসংঘে বাংলাদেশের স্থায়ি প্রতিনিধি সালাহউদ্দিন নোমান চৌধুরীর নিয়োগের পরই মিশনের গোপন পরিকল্পনা শুরু হয় বলে সূত্র জানিয়েছে। তাদের পরিকল্পনায় সাজানো হয় ড. ইউনূস ও তাঁর সফরসঙ্গিদের জন্য 'চৌকুস প্রটোকল টিম'। এই পরিকল্পনার সাথে আরও শীর্ষ প্রভাবশালীরা জড়িত থাকার আশংকা করা হচ্ছে। এজন্য নেপাল বাংলাদেশ দূতাবাস থেকে একজন কর্মকর্তা মোঃ শোয়েব আবদুল্লাহকে হায়ার করে নিউইয়র্কে নিয়ে আসা হয়। মিশনে তাদের কয়েকদিন মিটিংও হয়েছে। হাসিনা লীগের একনিষ্ঠ ক্যাডার হিসেবে শোয়েবের নিয়োগ আর এবার ড. ইউনূস ও তাঁর সফরসঙ্গীদের হেনস্থা করতে তাকে নিউইয়র্কে আনা হয় বলে অভিযোগ। জাতিসংঘে ড. ইউনূসের সফর সঙ্গীদের যে তালিকা রয়েছে তাতে দেখা যায় '৮৮ নম্বরে' আছে শোয়েবের নাম। নেপাল বাংলাদেশ দূতাবাসের ওয়েব সাইটে দেখা যায়, শোয়েব আবদুল্লাহ নেপাল বাংলাদেশ দূতাবাসের 'ডেপুটি চিফ' হিসেবে কর্মরত। আরেকটি সূত্র জানায়, তাকে নেপালে বদলি করা হলেও খুঁটির জোরে নিউইয়র্কেই তিনি অবস্থান করছেন। ফোন করে শোয়েব আবদুল্লাহকে পাওয়া যায়নি। শোয়েব আবদুল্লাহ জাতিসংঘ বাংলাদেশ মিশনের প্রধান সালাহউদ্দিন নোমান চৌধুরীর রাজনৈতিক শিষ্য ও অত্যন্ত ঘনিষ্ঠ হিসেবে হেনস্থার কাজে তাকে হায়ার করার অভিযোগ উঠেছে। দূতাবাস, স্থায়ি মিশন ও কনস্যুলেটের কর্মকর্তাদের সমন্বয়ে প্রটোকল টিম না সাজিয়ে নেপাল থেকে মোঃ শোয়েব আবদুল্লাহকে নিয়ে আসার পেছনের ঘটনা ক্ষীণ হতে শুরু করে। প্রথমে রাজনৈতিক নেতাদের চলে যাওয়ার একটা ভুল তথ্য ছড়ানো হয় বিমানবন্দরে। তাদের কথামতো বিএনপির সমর্থকরা ৪ নম্বর টার্মিনাল থেকে চলে যায়। তবে আওয়ামী লীগ কর্মীদের সেখানে থাকার জন্য ভেতর থেকে বলা হয়। এর কিছুক্ষণ পরই ঘটে শোয়েব আবদুল্লাহ ও তার সহকর্মীদের ন্যাক্কারজনক আসল ঘটনা। ২২ সেপ্টেম্বর জেএফকে বিমানবন্দর। ৪ নম্বর টার্মিনালে শোয়েবই প্রথম বিএনপির মহাসচিব ফখরুল ইসলাম আলমগীরকে হাত ধরে টানাটানি শুরু করেন। তাঁকে শোয়েব যেভাবে টানছিলেন তা ছিল সকল কূটনৈতিক শিষ্টাচার বহির্ভূত এক নোংরা দৃশ্য। বিএনপি নেতা ফখরুল ইসলাম বারবার শোয়েবের হাত থেকে নিজেকে ছাড়িয়ে নিতে চান। তবে শোয়েব জোর করে তাঁকে আসামির মতো হাত ধরে টানতেই থাকেন। তার টানাটানির দৃশ্য মুহুর্তে ভাইরাল হয়ে যায়। বিএনপি মহাসচিবকে টেনে বাইরে বের করার পথেই অপেক্ষমান ছিল যুবলীগ ও আওয়ামী লীগের কর্মীরা। ফখরুল ইসলাম আলমগীরের পেছনে তাকে অনুসরণরত ছিলেন এনসিপির নেতা আখতার হোসেন ও ডা. তাসনিম জারা। জামাত নেতা আব্দুল্লাহ মোঃ তাহের পেছনে থেকে সব দেখে নিউইয়র্কের সমর্থকদের ফোন করেন। তারা এগিয়ে আসলে তিনি সবাইকে নিয়ে স্লোগান দিতে দিতে বের হয়ে যান। এদিকে ফখরুল ইসলাম আলমগীর, আখতার এবং ডা. জারাকে অতি নিকটে এবং একা পেয়ে অস্বাভাবিক এক রাজনৈতিক তান্ডব চালিয়ে যেতে থাকে আওয়ামী সমর্থকরা। খুব কাছে গিয়ে মিজান নামের এক কর্মী আখতারকে ডিম মারতে থাকে। ডা. জারাকে অশ্রাব্য ভাষায় গালি দিয়েছে আওয়ামী লীগ কর্মীরা। এই দৃশ্য সকালেই দুনিয়াব্যাপি ছড়িয়ে যায়। বাংলাদেশের মানুষ রাতেই বিমানবন্দরে তান্ডবের এই দৃশ্য দেখে হতবাক হয়েছেন। অন্যদিকে ড. ইউনূস বিশেষ প্রটোকল নিয়ে ম্যানহাটনের গ্রান্ড হায়াত হোটেলে উঠে যাবার পর ঘটনা জানতে পারেন। তবে তাঁর মিশনের কোন কর্মকর্তারা সহযোগিতায় এগিয়ে আসেননি বলে অভিযোগ করেছেন ভুক্তভোগিরা। যুক্তরাষ্ট্রে দুই রাষ্ট্রদূতের নিয়োগের পেছনে জোড়ালো সমর্থন দেন ইউনূস সরকারের বিতর্কিত পররাষ্ট্র উপদেষ্টা তৌহিদ হোসেন। জেএফকে বিমানবন্দরে আমিরাত এয়ারলাইন্সের ফ্লাইট সব সময় ৪ নম্বর টার্মিনালেই ভিড়ে। তারপরও ২২ সেপ্টেম্বর প্রটোকল কর্মকর্তাদের চাতুরির কারণে ড. ইউনূসের সঙ্গে আসা অতিথিরা হেনস্থার শিকার হয়েছেন। এর আগেই আওয়ামী লীগের পক্ষ থেকে পরিষ্কার ভাষায় প্রধান উপদেষ্টা ড. ইউনূসকে হামলার আভাস দেয়া হয়েছিল। তার সফরসঙ্গীদেরও হামলার টার্গেট করা হয়। মিশন কর্মকর্তারা কোন পদক্ষেপ না নেয়ার হামলাকারীরা শক্তিশালী হয়ে উঠে বিদেশে। আইন উপদেষ্টা আসিফ নজরুল সুইজারল্যান্ডের জেনেভা বিমানবন্দরে আওয়ামী কর্মীদের দ্বারা হেনস্থার শিকার হয়েছিলেন। জানা গেছে, সেই হামলা চালানোর জন্য উস্কানি দিয়েছিলেন বর্তমান ওয়াশিংটনের নতুন রাষ্ট্রদূত তারেক মোঃ আরিফুল ইসলাম। এর আগে তিনি সুইজারল্যান্ডের জেনেভায় বাংলাদেশের স্থায়ি মিশনের প্রধান হিসেবে দায়িত্বে ছিলেন। জানা যায়, তিনি ২০১৪ থেকে ২০১৭ সাল পর্যন্ত দিল্লিতে বাংলাদেশ হাইকমিশনে থাকাকালিন এই নেটওয়ার্ক গড়ে তোলেন। বর্তমান মিশন প্রধান সালাহউদ্দিন নোমান চৌধুরী এবং ওয়াশিংটনে বাংলাদেশের রাষ্ট্রদূত তারেক মোঃ আরিফুল ইসলাম ১৯৯৮ সালে পররাষ্ট্র দফতরে যোগ দেন। তারা হাসিনালীগের সঙ্গে জড়িত থাকার সুবাদে পতিত সরকারের সঙ্গে ছিলেন ঘনিষ্ঠ। এই রিপোর্ট লেখা পর্যন্ত বিভিন্ন রাজনৈতিক দলের নেতাদের নিউইয়র্কে এক সঙ্গে আনার পেছনে গ্রান্ড হায়াত হোটেলে একটি বৈঠকের আভাস পাওয়া যাচ্ছে। সেখানে তারা আগামী জাতীয় নির্বাচনের একটা রফা করতে চান বলে সূত্র জানিয়েছে। অন্যদিকে আওয়ামী লীগ নেতা কর্মীরা ড. ইউনূসের হোটেলের বাইরে অবস্থান নিয়ে বিক্ষোভ করছেন প্রতিদিন। আজ শুক্রবার সকালে ড. ইউনূস জাতিসংঘে তাঁর ভাষণ প্রদান করবেন।

## এশিয়া কাপের ফাইনালে পাকিস্তান

৫২ পৃষ্ঠার পর

আসা-যাওয়ার মিছিলে ভরসা হয়েছিলেন শামীম। কিন্তু ১৬.৫ ওভারে চাপের কাছে তিনিও মাথা নত করলেন। শাহীন আফ্রিদির বলে ক্যাচ তুলে ফিরেছেন তিনি। তার ২৫ বলের ইনিংসে ছিল ২টি ছয়। বাংলাদেশ ৯৭ রানে হারিয়েছে সপ্তম উইকেট। বাংলাদেশি বিপদ আরও বাড়িয়ে গেলেন জাকের : ৫ উইকেট হারিয়ে বিপদে পড়ে যাওয়া বাংলাদেশকে আরও বিপদে ফেলে গেছেন ভারপ্রাপ্ত অধিনায়ক জাকের আলী। ৯ বলে ৫ রানে অবিবেচকের মতো ক্যাচ তুলে ফেরেন তিনি। তার বিদায়ে ৭৩ রানে পতন হয় ষষ্ঠ উইকেটের।

## ডিম নিক্ষেপকারি মিজানকে হাসিনার ফোন



১ পৃষ্ঠার পর

ছাড়া পেয়েছেন। যুক্তরাষ্ট্র আওয়ামীলীগের প্রচার সম্পাদক মোহাম্মদ হামিদ এ তথ্য নিশ্চিত করেছেন। তার মুক্তির পর যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ জ্যাকসন হাইটস ও ব্রুকলিনে আনন্দ মিছিল বের করে। এতে নেতৃত্ব দেন আওয়ামী লীগ সভাপতি ড. সিদ্দিকুর রহমান ও সহ সভাপতি আব্দুর রহিম বাদশা। অন্যতে বসবাসরত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা মিজানকে টেলিফোনে বাহবা দিয়েছেন। সাহসী এ ধরনের কর্মসূচি অব্যাহত রাখার জন্য যুক্তরাষ্ট্র আওয়ামী লীগকে আহবান জানিয়েছেন।

স্থানীয় সময় সোমবার ২২ সেপ্টেম্বর রাত সাড়ে নয়টার দিকে যুবলীগের এই নেতাকে জ্যাকসন হাইটসের নবান্ন রেষ্টুরেন্টের সামনে থেকে গ্রেপ্তার করে পুলিশ। তার দেশের বাড়ি সিলেট জেলার জকিগঞ্জ উপজেলায়। ব্রুকলিনের ২০৫ স্ট্রিট মেকডোনাল্ড এলাকায় তার বসবাস। প্রধান উপদেষ্টা ড. ইউনূসের জাতিসংঘ ডেলিগেট সদস্য হিসেবে বিএনপির মহাসচিব ফখরুল ইসলাম সেগুনবাগিচা বিএনপি নেতা হুমায়ুন কবির, জামায়াত নেতা ডা আবু তাহের, এনসিপি নেতা আখতার হোসেন ও এনসিপি নেত্রী তাসনিম জারা নিউইয়র্কে আসেন সোমবার দুপুরে। বিকেল ৩টার দিকে জেএফকে বিমানবন্দরে ইমিগ্রেশন চেক শেষে বেরিয়ে আসলে পথিমধ্যে আওয়ামী লীগের নেতা কর্মিরা তাদের ওপর চড়াও হন। অকথ্য ভাষায় গালিগালাজ করেন। আখতার হোসেনকে লক্ষ করে ডিম ছুঁড়ে মারেন। জারাকে উদ্দেশ্য করে নোংরা মন্তব্য করেন। আখতার হোসেনের দিকে ডিম ছোড়ার আগে ভিডিও লুকিও দেন হামলাকারি মিজান। আওয়ামী লীগ কর্মিরা ফখরুল ইসলাম আলমগীরের উদ্দেশ্যে খারাপ মন্তব্য করেন। এ ঘটনার পর পুরো নিউইয়র্ক শহরের বাংলাদেশি কমিউনিটিতে উত্তেজনা ছড়িয়ে পড়ে। সন্ধ্যা ৮টা নাগাদ মিজান জ্যাকসন হাইটসে এসে আড্ডা দিচ্ছিলেন। বন্ধুদের সাথে এই সাহসী ঘটনার উৎসব করছিলেন। ছিল নিজের মধ্যে হিরো ইমেজও। এ সময় কোন একজন পুলিশকে খবর দিলে তাকে গ্রেফতার করে নিয়ে যায়। বিএনপির কেন্দ্রীয় নেতা গিয়াস আহমেদ এক প্রতিক্রিয়ায় বলেছেন, 'আওয়ামী লীগের সন্ত্রাসীরা তাদের পলাতক নেত্রীর নির্দেশে পূর্ব ঘোষণা দিয়ে এ জঘন্যতম মব সৃষ্টি করেছে। আমরা এসব চিহ্নিত সন্ত্রাসীকে আটক করার দাবি জানিয়েছিলাম।' প্রধান উপদেষ্টার প্রেস সেক্রেটারি শফিকুল ইসলাম ঘটনার নিন্দা জানিয়েছেন।




# TUITION FREE TAX SCHOOL*

# লিবার্টি ট্যাক্স স্কুল

## BECOME A TAX PROFESSIONAL

Complete our Income Tax Course

and Join America's Fastest Growing Tax Preparation Company for the Upcoming Tax Season.

* Tuition is Free but there is little fee for books

• Day and Evening Classes are available for your convenience.

PLEASE CONTACT : (718) 297-3500

147-20 Hillside Ave, 2nd Floor, Jamaica NY 11435

Email: libertytaxschool101@gmail.com (আল-আকসা রেস্টুরেন্টের উল্টো দিকে)

(One Block East From Sutphin Blvd on the corner of Hillside Ave Train Station, Close by F & E Train)

## প্রভাবিত না হওয়ার অনুরোধ প্রভার

৪৪ পৃষ্ঠার পর

অ্যাকাউন্ট চালানো হচ্ছে। এ বিষয়ে উদ্বিগ্ন প্রভা বলেন, 'হ্যাঁ, অনেকগুলো ফেইক আইডি দেখেছি। এমনকি আমার ছবিসহ পোস্ট দিয়ে লেখা হচ্ছে, আইডির রিচ কমে গেছে, সবাই কমেন্টে সাড়া দিন। এগুলো মোটেও আমার নয়।' ফেইক অ্যাকাউন্ট নিয়ে ক্ষোভ প্রকাশ করে তিনি বলেন, 'আপনাদের কি কোনও যোগ্যতা নেই যে, আমার ছবি বা কাজ নিয়ে ফেইক করতে হবে? আল্লাহ সবাইকে কোনও না কোনও গুণ দিয়ে পাঠিয়েছেন, সেটা কাজে লাগান। কিন্তু এসব নকল প্রোফাইল বন্ধ করুন।' শেষে প্রভা তার ভক্তদের সতর্ক করে বলেন, 'ভুয়া আইডি থেকে রাজনৈতিক মন্তব্য, দেশবিরোধী লেখা বা অর্থ দাবি করা হলে তা বিশ্বাস করবেন না। আমার নামের প্রোফাইল ব্যবহার করে যদি কেউ এমন কিছু করে, তাতে প্রভাবিত হবেন না।' বলা দরকার, সম্প্রতি একসঙ্গে দুটি সিনেমার খবর পাঠালেন প্রভা। একটি সাদেক সিদ্দিকী পরিচালিত 'দেনা পাওনা'। অন্যটি খুব্র আলম ভুঁইয়ের পরিচালনায় 'দুই পয়সার মানুষ'। বর্তমানে এ নিয়েই ব্যস্ত আছেন অভিনেত্রী।

## কাজী জহিরুল ইসলামকে নিয়ে 'অথর্স টক'

৩ পৃষ্ঠার পর

শোনান এবং সাক্ষাৎকার পর্ব পরিচালনা করেন। এতে কবি নিজের লেখক হয়ে ওঠার গল্প বলেন এবং রামায়ণ-মহাভারত, পিবি শেলি, রুমি, এজরা পাউন্ড, জীবনানন্দ দাশ, নজরুল ও রবীন্দ্রনাথসহ নানা প্রসঙ্গ তুলে ধরেন।

এরপর দর্শকদের প্রশ্নোত্তর পর্বে কাজী জহিরুল ইসলাম বলেন, পৃথিবীতে সৎ ও নৈতিক মানুষকে সম্মান করলে, তবে সবাই সততা অর্জনের চেষ্টা করত। অর্থ ও ক্ষমতার পেছনে দৌড় না দিয়ে পৃথিবীকে সঠিক পথে নিতে হবে।।

পুরো অনুষ্ঠানটি ইংরেজিতে রেকর্ড করে সংরক্ষণ করেছে কুইন্স লাইব্রেরি।

কাজী জহিরুল ইসলাম সমকালীন বাংলা সাহিত্যের একজন গুরুত্বপূর্ণ কবি, কথাশিল্পী ও বুদ্ধিজীবী। তিনি ৯৬টি গ্রন্থের লেখক এবং বাংলা সাহিত্যে ক্রিয়াপদহীন কবিতার প্রবর্তক। ২০২৩ সালে নিউইয়র্কের শ্রী চিন্ময় সেন্টার থেকে তিনি বিশ্বশান্তি ও আধ্যাত্মিক জাগরণের জন্য 'পিস রান টর্চ বিয়ারার অ্যাওয়ার্ড' পান। এ ছাড়া দেশ-বিদেশে পেয়েছেন অসংখ্য সম্মাননা। তার কবিতা উড়িয়া, সার্বিয়ান, আলবেনিয়ান ও ইংরেজিসহ বিভিন্ন ভাষায় অনূদিত হয়েছে। অর্ধশতাধিক দেশ ভ্রমণ করেছেন তিনি। পেশাগতভাবে কাজী জহিরুল ইসলাম জাতিসংঘ সদর দপ্তরের একজন আন্তর্জাতিক কর্মকর্তা।

'শুদ্ধ শিল্পের নিবিড় চর্চা'-এ স্লোগান নিয়ে তিনি প্রতিষ্ঠা করেছিলেন শিল্প-সাহিত্যের সংগঠন 'উজানগাঙ', যা এখন নিউইয়র্কের একটি গুরুত্বপূর্ণ সাংস্কৃতিক প্ল্যাটফর্মে পরিণত হয়েছে।

## নিহত পুলিশ অফিসার দিদারুলের পরিবারের সঙ্গে প্রধান উপদেষ্টার সাক্ষাৎ

৩ পৃষ্ঠার পর

বাবা মোহাম্মদ আবদুর রব, মা মিনারা বেগম, দুই ছেলে আয়হান ইসলাম ও আহমান ইসলাম, ভাই কামরুল হাসান, ভাইয়ের ছেলে আরিয়ান হাসান, বোন নাদিমা বেগম ও চাচা আহমেদ জামাল উদ্দিন। এ ছাড়া উপস্থিত ছিলেন প্রধান উপদেষ্টার সফরসঙ্গী জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সদস্য সচিব আখতার হোসেন ও যুগ্ম আহ্বায়ক ডা. তাসনিম জারা।
প্রধান উপদেষ্টা বলেন, পত্রিকায় ঘটনাটি পড়েছি। পড়ে হতবাক হয়ে গিয়েছিলাম। বুঝতে পারছিলাম না কীভাবে হলো। টিভিতে দেখেছি নিউইয়র্কে তার শেষ বিদায়ে হাজারো মানুষের ঢল নেমেছিল। বহু মানুষের শোক-শ্রদ্ধা ভালোবাসা পেয়েছেন তিনি। নিউইয়র্কে আসার পরিকল্পনার মধ্যেই আমাদের মনে হয়েছে অবশ্যই আপনাদের সঙ্গে দেখা করতে হবে।
পরিবারের সদস্যরা জানান, দিদারুল ইসলাম নিউইয়র্ক পুলিশের একজন দায়িত্বশীল ও প্রশংসিত কর্মকর্তা ছিলেন। তিনি ২০২১ সালে পুলিশ বিভাগে যোগ দেন। ব্রঙ্কসের ৪৭ নম্বর প্রিসিঙ্কটে তিনি কর্মরত ছিলেন। তার দুটি সন্তান রয়েছে।
গত ২৮ জুলাই নিউইয়র্কের ম্যানহাটানের পার্ক অ্যাভিনিউয়ে বন্দুকধারীর গুলিতে নিহত হন দিদারুল ইসলাম। বন্দুকধারী এক তরুণ সেদিন বহুতল করপোরেট ভবনের ভেতরে ঢুকে এলোপাতাড়ি গুলি চালান এবং পরে নিজেই গুলি করে আত্মহত্যা করেন। সেসময় জীবনের ঝুঁকি নিয়ে হামলাকারীকে থামাতে গিয়ে গুলিতে দিদারুল নিহত হন। দিদারুলের মরদেহে আট থেকে দশটি বুলেটের চিহ্ন ছিল বলে জানিয়েছেন তার পরিবার।

## জাতিসংঘের সদর দপ্তরে ট্রাম্পের চলন্ত সিঁড়ি বন্ধ

৩ পৃষ্ঠার পর

প্রমাণিত হয় যে জাতিসংঘের কোনো কর্মী ইচ্ছাকৃতভাবে প্রেসিডেন্ট ও ফার্স্ট লেডিকে বিপদে ফেলতে চেয়েছেন তবে তাদের জবাবদিহিতার মুখোমুখি হতে হবে এবং আমি নিজেই তা নিশ্চিত করব। তিনি এক্সে এক পোস্টে বলেন, যদি কেউ ইচ্ছা করে এস্কেলেটর বন্ধ করে থাকে, তাদের চাকরি যাবে এবং তাৎক্ষণিকভাবে তদন্ত করতে হবে। জাতিসংঘের মুখপাত্র স্টিফেন দুজারিক জানান, ট্রাম্পের আগে দাঁড়ানো একজন ব্যক্তি নিরাপত্তা সেন্সর সক্রিয় করায় চলন্ত সিঁড়ি স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যায়। পরে যন্ত্রটি রিসেট করে চালু করা হয়। ৭৯ বছর বয়সী ট্রাম্প এবং ফার্স্ট লেডি মেলানিয়া ট্রাম্প চলন্ত সিঁড়িতে পা রাখার পরপরই তা হুট করে বন্ধ হয়ে যায়। পরে ভাষণ শুরু করতে গিয়ে ট্রাম্প দেখেন টেলিপ্রম্পটারও কাজ করছে না। তিনি মন্তব্য করেন, যে এই টেলিপ্রম্পটার চালাচ্ছে সে বড় সমস্যায় পড়বে। তিনি মজা করে বলেন, জাতিসংঘ থেকে আমি দুটি জিনিস পেয়েছি- একটি খারাপ চলন্ত সিঁড়ি এবং একটি খারাপ টেলিপ্রম্পটার।


বাড়ি ক্রয়-বিক্রয় ও ভাড়া
kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY
লাইসেন্স বিহীন কোন ব্যক্তির সহযোগিতায় বাড়ি ক্রয়, বিক্রয় করে প্রতারিত হবেন না, আমরা বিনামূল্যে বাড়ি সংক্রান্ত যেকোন বিষয়ে পরামর্শ দিয়ে থাকি।

বিঃদ্রঃ আপনি যদি রিয়েল এস্টেট জব করতে চান আপনাকে ১০০% সহযোগিতা করা হবে।
Md. Alamgir Hossain
Associate Broker
75-35 31st Ave, Suite 202
East Elmhurst, NY 11370
Cell : 347-774-6432
Office : 347-846-1200
Email: mdahossain@kw.com
মোঃ আলমগীর হোসেন
লাইসেন্স এসোসিয়েট ব্রোকার
যোগাযোগ:৩৪৭-৭৭৪-৬৪৩২



REAL ESTATE, DIVORCE, IMMIGRATION & SMALL BUSINESS

বাড়ি ঘর বা ব্যবসা কেনা/বেচা, তালাকের মামলা, ইমিগ্রেশন, দুর্ঘটনা বা পিছলে পড়া, এবং যাবতীয় অন্যান্য আইনগত সহায়তার জন্য, অভিজ্ঞ কার্যোপযোগী বাংলাদেশী এটর্নির সাথে যুগাযুগ করুন
নিউ ইয়র্কের লাইসেন্সধারী অভিজ্ঞ এটর্নি
Hasan Malik, Esq.
718-433-9243
37-13 74TH ST, FLOOR 2
JACKSON HEIGHTS, NY 11372
ATTORNEY ADVERTISING



জ্যাকসন হাইটস ও জ্যামাইকায় দুই যুগেরও বেশি সময় ধরে প্রবাসিদের নিম্নবর্ণিত সার্ভিস গুলি সাফল্যের সাথে সেবা দিয়ে আসছে
TRANS GLOBAL REAL ESTATE & GLOBAL TAX AND FINANCIAL SERVICES
রিয়েল স্টেট ট্যাক্স ও ইমিগ্রেশন সার্ভিসেস

FLORIDA- ফ্লোরিডায়
জমি ও বাড়ীর মালিক হওয়ার অপূর্ব সুযোগ
Please Call: 929-391-6274
For further inquiry
Jackson Height Office:
37-18-74th Street, 2nd Floor,
Jackson Height, NY 11372
Phone: 718-779-7600
Jamaica, Hollis Office:
184-02 Hillside Ave, 1st Floor,
Jamaica, NY 11432
Phone: 718-779-7600

TAX Services
ট্যাক্স সার্ভিসেস
25 YEARS EXPERIENCED
Please Call:
718 581 6081
347 392 4312
718 779 7600
AUTHORIZED IRS e-file PROVIDER
TAX FILING, FAST REFUND
REASONABLE FEES!

REAL ESTATE Services
রিয়েল স্টেট সার্ভিসেস
Global Tax and Financial Services
Year round Tax, Immigration, Real Estate & Multi Services

Cell: 718-581-6081, 718-779-7600
Email: rahmangfs@yahoo.com
Maksudur Rahman
I.R.S Registered Tax Preparer

আপনি জানেন কি?
পরীক্ষা ও আবেদন ফি ছাড়া আমেরিকার নাগরিকত্ব লাভের সুযোগ রয়েছে। এছাড়া অন্যান্য ইমিগ্রেশন ফরম ও আবেদন ফি ছাড়া আবেদন করার সুযোগ আছে। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন।

জ্যাকসন হাইটস, উডসাইড এ নিরিবিলি পরিবেশে

বাংলাদেশী ডাক্তার

মেডিসিন বিশেষজ্ঞ

Internal Medicine

Geriatric Medicine

শামীম আহমেদ এম, ডি

- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
- ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।

35-30 , 64th Street, Woodside NY 11377 (Subway E, F, R, N, V, G, 7)

TEL: 718-205-6561

Starling Car Service LLC

Best Choice for your trip



একটি বাংলাদেশী প্রতিষ্ঠান

- 24 Hours Service
- Experienced & Professional Driver
- Affordable Price
- Airport Service
- Long Distance - Short Distance Hourly Service
- Special Occasions Service
- Wheelchair Available
- Corporate Transporation

Please Contact:
Md. Kamroul Hasan
President & CEO
718-612-8825

2115 Starling Ave
2nd Fl, Bronx
NY 10462
Tel: 718-612-8825
914-294-1845
Email: starlingcarservice@gmail.com

We arrange
Base Letter & Base Affiliate

এস্টোরিয়ায় বহু বছরের অভিজ্ঞ বাংলদেশি মালিকানাধীন বিশ্বস্থ অটো রিপেয়ার শপ

ইউনাইটেড অটো রিপেয়ার এন্ড বডি শপ

24 Hours Open



TOYOTA LEXUS Mercedes-Benz Ford BMW LAND-ROVER MITSUBISHI HYUNDAI SUZUKI

১০০% গ্যারান্টি সহ যাবতিয় গাড়ির রিপেয়ারিং
* দক্ষ মেকানিক দ্বারা ত্রুটি নির্নয়
* সুলভ মুল্যে ফুল অটো রিপেয়ার
* নতুন ও রিবিল্ড ট্রান্সমিশন স্থাপন

Our Services
* All kinds of body works
* Computerized Wheel Alignments
* Complete Mechanical works.
* Rebuild Transmission
* Tire and Wheel Balancing
* N.Y.S. Inspection
+Low Price & Fully Guaranteed

Contact : AZAM

Tel: 718-786-6677 / 718-361-6432

Address: 38-06 31st Street (Between 38 & 39 Ave.)
Astoria, NY 11101.

## প্রবাসীদের প্রতি এটর্নি মঈন চৌধুরীর আহ্বান

৬৪ পৃষ্ঠার পর

শ্রদ্ধা করব"-এই বার্তা নিয়ে নিউইয়র্কে প্রধান উপদেষ্টার আগমনকে স্বাগত জানালেন আমেরিকান সুপ্রিম কোর্টের লাইসেন্সপ্রাপ্ত বাংলাদেশী বংশোদ্ভূত এটর্নি মঈন চৌধুরী। তিনি প্রবাসীদের উদ্দেশে বলেন, "আমাদের যেকোনো প্রতিবাদ বা কর্মসূচি অবশ্যই আমেরিকার বিদ্যমান আইন মেনে চলতে হবে। আইন ভেঙে নয়, বরং আইনের ভেতর থেকেই আমাদের শক্তি দেখাতে হবে।" রোহিঙ্গা সংকট প্রসঙ্গে তিনি স্মরণ করিয়ে বলেন, এই সমস্যা বহু বছর ধরে বাংলাদেশের জন্য একটি গভীর ক্ষত। বহু সরকারের প্রতিশ্রুতি সত্ত্বেও এখনো কার্যকর সমাধান আসেনি। তাই এখনই সম্মিলিতভাবে কাজ করার সময়। ।
প্রবাসীদের ঐতিহাসিক অবদানের কথা উল্লেখ করে মঈন চৌধুরী বলেন, "আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের স্বীকৃতি আদায়ে প্রবাসীদের কূটনৈতিক অবদান রাষ্ট্র হয়তো ভুলে গেছে। কিন্তু আমরা দেশের জন্য সবসময় নিবেদিতপ্রাণ।"
তিনি বলেন, প্রধান উপদেষ্টার সঙ্গে ২৭ সেপ্টেম্বর বৈঠকের আশা থাকলেও এখনো অনেক প্রবাসী আনুষ্ঠানিক আমন্ত্রণ পাননি। তবুও তিনি আশাবাদ ব্যক্ত করে বলেন, এই সফর প্রবাসীদের জন্য রাষ্ট্রের সঙ্গে নতুনভাবে সংযোগ স্থাপনের সুযোগ তৈরি করবে। শেষে প্রবাস বন্ধু হিসেবে খ্যাত মঈন চৌধুরী প্রবাসীদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, "বিভক্তি নয়, দেশের জন্য ঐক্যবদ্ধ হোন, আর আমেরিকায় আইন মেনে চলুন-তাহলেই আমাদের কণ্ঠস্বর হবে আরও শক্তিশালী। (প্রেসবিজ্ঞপ্তি)

## রেমিট্যান্স গেলো ২৭ হাজার ২৫৫ কোটি টাকা

৬৪ পৃষ্ঠার পর

মার্কিন ডলার বা ২ দশমিক ২৩ বিলিয়ন ডলার। টাকার অঙ্কে (প্রতি ডলার ১২২ টাকা ধরে) এর পরিমাণ প্রায় ২৭ হাজার ২৫৫ কোটি। এই ধারা অব্যাহত থাকলে পুরো মাস শেষে রেমিট্যান্স তিন বিলিয়ন ডলার আসতে পারে বলে ধারণা করছে বাংলাদেশ ব্যাংক। গত বছরের একই সময়ে এসেছিল ১৯০ কোটি ৯০ লাখ ডলারের রেমিট্যান্স। সে হিসাবে গত বছরের একই সময়ের তুলনায় রেমিট্যান্স বেড়েছে ৩২ কোটি ৫০ লাখ ডলার। ২০২৫-২৬ অর্থবছরের প্রথম মাস জুলাই থেকে সেপ্টেম্বরের ২১ দিন পর্যন্ত রেমিট্যান্স এসেছে ৬৯৩ কোটি ডলার। গত ২০২৪-২৫ অর্থবছরের একই সময়ে রেমিট্যান্স এসেছিল ৫৭৭ কোটি ডলার। অর্থবছর হিসাবে গত অর্থবছরে একই সময়ের চেয়ে রেমিট্যান্স প্রবৃদ্ধি ২০ দশমিক ১ শতাংশ। ২০২৫-২৬ অর্থবছরের প্রথম মাস জুলাইয়ে রেমিট্যান্স এসেছিল ২৪৭ কোটি ৭৯ লাখ ১০ হাজার ডলার, যা বাংলাদেশি টাকায় প্রায় ৩০ হাজার ২৩৯ কোটি টাকা। আর গেল আগস্টে এসেছিল ২৪২ কোটি ২০ লাখ ডলার বা ২৯ হাজার ৫৪৮ কোটি ৪০ লাখ টাকা। এর আগে ২০২৪-২৫ অর্থবছরের মার্চ মাসে সর্বোচ্চ ৩২৯ কোটি ডলারের রেমিট্যান্স এসেছিল, যা ছিল বছরের রেকর্ড পরিমাণ। আর পুরো অর্থবছরে (২০২৪-২৫) জুড়ে প্রবাসী আয় এসেছে ৩০ দশমিক ৩৩ বিলিয়ন ডলার, যা আগের অর্থবছরের তুলনায় ২৬ দশমিক ৮ শতাংশ বেশি।

## সাবেক প্রেসিডেন্ট সারকোজিকে ৫ বছরের কারাদণ্ড

৬৪ পৃষ্ঠার পর

হয়েছে। জানা গেছে, ২০০৭ সালের প্রেসিডেন্ট নির্বাচনে নিজের প্রচারের জন্য সারকোজি তৎকালীন লিবিয়ান শাসক মুয়াম্মার গাদ্দাফির কাছ থেকে কয়েক মিলিয়ন ইউরো অবৈধভাবে গ্রহণ করেছিলেন। যার বিনিময়ে তিনি পশ্চিমা বিশ্বে গাদ্দাফির ভাবমূর্তি পুনর্গঠনে সহায়তা করার প্রতিশ্রুতি দেন। প্যারিস ফৌজদারি আদালত সারকোজিকে অবৈধ প্রচার তহবিল গ্রহণ এবং ঘুষ নেওয়ার অভিযোগ থেকে অব্যাহতি দিলেও, তাকে অপরাধমূলক ষড়যন্ত্রে লিপ্ত থাকার অভিযোগে দোষী সাব্যস্ত করে।

## এবারের ভোটে পিআর পদ্ধতি নয়

৬৪ পৃষ্ঠার পর

আমন্ত্রণ, পিআর পদ্ধতি, পোস্টাল ভোট, নতুন দল নিবন্ধন, নির্বাচনি পরিবেশ ও ইসির ভোট প্রস্তুতিসহ সার্বিক বিষয়ে প্রশ্নের উত্তর দেন। আগামী বছরের ফেব্রুয়ারিতে নির্বাচন হবে কি না-এমন প্রশ্নে সিইসি বলেন, এই প্রশ্ন তো অনেকে করে। ফেব্রুয়ারিতে ইলেকশন করার জন্যই আমাদের চূড়ান্ত প্রস্তুতি চলছে। আগামী বছর ফেব্রুয়ারিতে রমজানের আগে নির্বাচন করার জন্য যা যা প্রস্তুতি নেওয়া দরকার আমরা জোরেশোরে নিচ্ছি। তিনি বলেন, আমরা কারও কোনো কথায় চলতে চাই না। বিবেকের তাড়নায় চলি। আইনকানুন মতো চলতে চাই। কনস্টিটিউশন মতো চলতে চাই। এবং একটা সরল সোজা পথে চলতে চাই। কোনো বাঁকা পথে নয়। কাউকে কোনো ফেভার করার জন্য নয়, একদম নিরপেক্ষভাবে কাজ করতে চাই। তিনি বলেন, রাজনীতিবিদরা চাচ্ছেন যে একটা 'লেভেল প্লেয়িং' ফিল্ড যাতে হয়। সবাই যাতে সুন্দরভাবে খেলতে পারে (নির্বাচনে অংশ নিতে) সেই ব্যবস্থাটা করে দেওয়া। সেটা আমরা ইনশাআল্লাহ করে দেব এবং সর্বশক্তি নিয়োগ করব। আমরা একটা শুদ্ধ ইলেকশন উপহার দিতে চাই। তিনি আরও বলেন, আমাদের স্বরাষ্ট্র উপদেষ্টা বলেছেন, নির্বাচনে এক লাখ আর্মি মাঠে থাকবে। আপনারা তো দেখছেন আর্মিকে আমরা নির্বাচনে আইনশৃঙ্খলা বাহিনীতে অন্তর্ভুক্ত করার জন্য আরপিওতে প্রস্তাব দিয়েছি। তাহলে উনারা (আর্মি) অন ডিউটিতে থাকবেন। সুতরাং আমি কিন্তু খুব কনফিডেন্ট ইনশাআল্লাহ যে ভয় আপনারা পাচ্ছেন, সেই ভয় করার কোনো কারণ নেই। নির্বাচনের আগে রাজনৈতিক দলগুলোকে 'ফাউল করা' থেকে দূরে থাকতে আহ্বান জানিয়ে এএমএম নাসির উদ্দিন বলেন, যারা খেলবেন তারা যদি ফাউল করার নিয়তে সবাই মাঠে নামেন, তাহলে মুশকিল। কেউ ফাউল যাতে না করতে পারেন, তার যাবতীয় ব্যবস্থা আমরা নেব। যারা স্টেকহোল্ডার, যারা খেলবেন ইলেকশনের মাঠে, তারা ফাউল করার নিয়তে নামবেন না বলে আমি বিশ্বাস করি এবং একটা ভালো নির্বাচন হবে।

## প্রবাসে বাংলাদেশের রাজনীতি কার স্বার্থে?

৬৪ পৃষ্ঠার পর

যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্যসহ ইউরোপ এবং মধ্যপ্রাচ্যের দেশগুলোয় বাংলাদেশের রাজনৈতিক দলগুলোর সমর্থনে প্রবাসীদের দলাদলি এমনকি সংঘর্ষে জড়ানোর অনেক অভিযোগ উঠেছে।
সর্বশেষ অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসের সফরসঙ্গী এনসিপি নেতা আখতার হোসেনের ওপর নিউইয়র্কে ডিম নিক্ষেপ বা হেনস্তা করার ঘটনায় সেখানে দেশি রাজনীতির উত্তাপ ছড়িয়েছে। কিন্তু বাংলাদেশের আইনে ভৌগোলিক সীমানার বাইরে দেশের রাজনৈতিক দলের শাখা বা কমিটি গঠনে বিধি-নিষেধ থাকলেও তা কাগজে-কলমেই রয়ে গেছে। বরং বিদেশে অব্যাহতভাবে চলছে দেশীয় রাজনীতির সমর্থনে দলাদলিসহ নানা তৎপরতা। আর এ ক্ষেত্রে ক্ষমতার সাথে থাকা বা ব্যক্তিস্বার্থ বড় একটা বিষয় এবং একইসঙ্গে রাজনৈতিক দলগুলোরও দায় রয়েছে বলে মনে করেন রাজনীতির পর্যবেক্ষকেরা। এখানে উদাহরণ টানলে দেখা যায়, ক্ষমতাচ্যুত আওয়ামী লীগের শাসনে যুক্তরাজ্য আওয়ামী লীগের একজন নেতা দেশে এসে ওই দলের মনোনয়নে সিলেটে মেয়র হয়েছিলেন। অনেকের এমপি হওয়ার গল্পও রয়েছে। এখন আবার জাতীয় নির্বাচন সামনে রেখে যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যসহ ইউরোপের বিভিন্ন দেশ থেকে বিএনপি সমর্থক অনেকে দেশে এসেছেন, অনেকে আছেন আসা-যাওয়ার মধ্যে। যদিও কোনো রাজনৈতিক দলই বিদেশে দেশীয় রাজনীতির তৎপরতা বা দলাদলি সমর্থন করে না-- এমন বক্তব্যই দিচ্ছেন নেতারা। কিন্তু তারা তাদের কথা ও কাজের ফারাকটা লুকাতে পারছেন না। দেশের বাইরে দলীয় কর্মকাণ্ড বন্ধে কোনো দলের কার্যকর কোনো পদক্ষেপ নেই। বরং তারা ফায়দা নিচ্ছেন বলে বিশ্লেষকেরা মনে করেন। যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যে বিএনপি ও আওয়ামী লীগের রাজনীতিতে সম্পৃক্ত কয়েকজনের সঙ্গে কথা বললে তারা দাবি করেন, অন্য দেশের নাগরিকত্ব নিলেও তারা নিজ দেশের উন্নয়নের জন্য, অর্থাৎ বাংলাদেশের স্বার্থে এই রাজনীতি করছেন। কিন্তু সাধারণ চোখে দেখলে ব্যক্তি ও দলের নেতাদের স্বার্থ সেখানে বড় বিষয় বলে মনে হয়। আর ব্যক্তিস্বার্থের ক্ষেত্রে বড় লক্ষ্য থাকে নিজ দেশে ক্ষমতার স্বাদ পাওয়া বা ক্ষমতার কাছাকাছি থাকা। লন্ডন ও নিউইয়র্কে একাধিক প্রবাসী সাংবাদিকের সঙ্গে কথা বলেও এমন ধারণা পাওয়া যায়।
২০২৩ সালের জুন মাসে অনুষ্ঠিত সিলেট সিটি করপোরেশন নির্বাচনে আওয়ামী লীগের টিকেটে মেয়র নির্বাচিত হন যুক্তরাজ্যপ্রবাসী আনোয়ারুজ্জামান চৌধুরী। বিলেত থেকে এসে তার মেয়র প্রার্থী হওয়ার ঘটনায় খোদ আওয়ামী লীগের সিলেটের নেতা-কর্মীরা ক্ষোভ প্রকাশ করেছিলেন, জানিয়েছিলেন প্রতিবাদ। কিন্তু সে সময় স্থানীয় নেতা-কর্মীদের সেই ক্ষোভ-প্রতিবাদ আমলে নেয়নি আওয়ামী লীগের শীর্ষ নেতৃত্ব। অভিযোগ রয়েছে, শীর্ষ নেতৃত্বের আশীর্বাদে যুক্তরাজ্য আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আনোয়ারুজ্জামান চৌধুরী লন্ডন থেকে দেশে এসে সিলেটে দলটির মেয়র প্রার্থী হয়েছিলেন। তবে জুলাই গণ-অভ্যুত্থানে আওয়ামী লীগের শাসনের পতন হলে দেশ ছেড়ে আবার লন্ডন চলে গেছেন মি. চৌধুরী। লন্ডন থেকে আরেকজনের দেশে এসে আওয়ামী লীগের মনোনয়ন নিয়ে এমপি হওয়ার গল্পটা আরও চমকপ্রদ। জানা গেছে, ওই ব্যক্তির লন্ডনে একটি কমিউনিটি হল আছে। সেই হলে আওয়ামী লীগের বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হতো। এর জন্য কোনো অর্থ নিতেন না ওই ব্যক্তি। এর প্রতিদান তিনি নিয়েছিলেন এবং দেশে এসে আওয়ামী লীগের টিকেটে এমপি হয়েছিলেন। বিদেশে থাকা বিএনপির সমর্থকদের ক্ষেত্রেও অনেক উদাহরণ আছে এবং এখন নতুন করে তৈরি হচ্ছে। দলটির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান বিগত আওয়ামী লীগের শাসনের সময়টাতে ১৭ বছর ধরে লন্ডনে অবস্থান করছেন। সেকারণে যুক্তরাজ্যে বিএনপির সমর্থকদের তৎপরতা ছিল বেশি।
দেশে রাজনৈতিক পটপরিবর্তনের পর লন্ডন থেকে বিএনপির অনেকেই এখন দেশে এসেছেন। শুধু যুক্তরাজ্য নয়, যুক্তরাষ্ট্রসহ পশ্চিমা দেশগুলোতে বসবাসকারী বিএনপির রাজনীতিতে সম্পৃক্ত অনেকেই আসন্ন জাতীয় নির্বাচনে প্রার্থী হওয়ার চিন্তা থেকে বাংলাদেশমুখী হয়েছেন বলে দলটির সূত্রে জানা গেছে। লন্ডন প্রবাসী সাংবাদিক বুলবুল হাসান বিবিসি বাংলাকে বলেন, "ব্রিটেনে প্রবাসী বাংলাদেশিদের রাজনীতিতে যুক্ত হওয়ার পেছনে নানা বাস্তবতা কাজ করে। কেউ কেউ বাংলাদেশে ক্ষমতা কাঠামোর কাছাকাছি থাকতে চান, কেউ আবার দেশে জমি রক্ষা, ব্যবসা-বাণিজ্য কিংবা তদবিরের মাধ্যমে আর্থিকভাবে লাভবান হন। যুক্তরাষ্ট্রের চিত্রটিও একইরকম বলে জানিয়েছেন নিউইয়র্কের একাধিক সাংবাদিক। বিদেশে থেকে দেশি রাজনীতিতে সম্পৃক্তদের একটা অংশের কাছে দেশে সম্পদ ও ব্যবসা-বাণিজ্য রক্ষা করাটা বড় বিষয়। দেশের বড় কোনো দলের সঙ্গে যুক্ত থাকলে সেটা করা সম্ভব বলে তাদের ধারণা।
প্রবাসে যারা দেশের কোনো দলের সঙ্গে সম্পৃক্ত, সেই দল ক্ষমতায় গেলে তাদের জন্য তদবির করা সহজ-- বলছিলেন লন্ডনে বসবাসকারী একাধিক বাংলাদেশি। এর কারণ ব্যাখ্যায় তারা বলেন, দেশে মন্ত্রী, এমপিদের সঙ্গে দেখা করা বেশ কঠিন। কিন্তু দলের নেতারা যখন লন্ডনে আসেন, তখন সেখানকার সমর্থকেরা তাদের সংবর্ধনা দেওয়াসহ যথেষ্ট সময় দিয়ে থাকেন। এগুলোও এক ধরনের বিনিয়োগ। সেই নেতারা মন্ত্রী-এমপি হলে অতীতের বিনিয়োগের প্রতিদান পাওয়ার সুযোগ তৈরি হয়। ফলে অনেকে তদবির বাণিজ্যে জড়িয়ে পড়েন। এছাড়া যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্যসহ পশ্চিমা দেশগুলোতে নাগরিকত্ব পেয়ে যারা বসবাস করছেন, তাদের একটা বড় অংশ ওই দেশগুলোর মূলধারার রাজনীতিতে যেতে পারেন না বা সেভাবে অবস্থান তৈরি করতে পারেন না। তাদের অনেকে সেখানকার কমিউনিটিতে প্রভাব তৈরি করা এবং দেশে সুবিধা পাওয়ার ব্যক্তিস্বার্থ থেকে দেশি রাজনীতিতে সম্পৃক্ত হন। একেবারে রাজনৈতিক আদর্শ ধারণ করেও অনেকে দেশি রাজনীতিতে যুক্ত রয়েছেন। তবে সেই সংখ্যাটা অনেক কম। এমন ধারণা পাওয়া যায় প্রবাসীদের অনেকের সঙ্গে কথা বলে।
আরেকটি অংশ আছেন, যারা অবৈধভাবে ওই দেশে যান, তারা রাজনৈতিক আশ্রয় চেয়ে আবেদন করেন। তারা তাদের অবস্থানের কারণে দেশি রাজনীতির সঙ্গে যুক্ত হন। দলগুলোরও স্বার্থ রয়েছে। কোনো কোনো দলের জন্য ডোনেশন বা আর্থিক সহায়তা পাওয়ার একটা বিষয় রয়েছে বলে পর্যবেক্ষকেরা বলছেন। তবে বিদেশে দলের তৎপরতায় জামায়াতে ইসলামী কৌশল একেবারে ভিন্ন। দলের নাম দিয়ে বিদেশে তাদের কোনো তৎপরতা নেই। জামায়াতের নেতা-কর্মী-সমর্থকেরা যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্যসহ ইউরোপে ও মধ্যপ্রাচ্যে তাদের দলীয় নাম বাদ দিয়ে সামাজিক, স্বেচ্ছাসেবক, মুসলিম উম্মাহসহ বিভিন্ন নামে বা ব্যানারে তৎপরতা চালায়। প্রবাসীদের রাজনীতির পর্যবেক্ষকেরা বলছেন, বিদেশেও তৎপরতা চালানোর ক্ষেত্রে কৌশলী জামায়াত। কিন্তু অন্য দলগুলো প্রকাশ্যে দেশের ধারাতেই তাদের রাজনৈতিক কর্মকাণ্ড চালায়। তাদের কমিটি গঠন নিয়ে দ্বন্দ্ব অনেক সময় সংঘর্ষেও রূপ নেয়। আবার প্রতিপক্ষকে হেনস্তা করার অনেক ঘটনা ঘটে বলেও অভিযোগ রয়েছে।

## সুষ্ঠু বিসিবি নির্বাচন নিয়ে শঙ্কা সৌম্য-তাইজুলদের

৫২ পৃষ্ঠার পর

তালিকায় জায়গা পাওয়া অনেককে নিয়ে চলছে আলোচনা-সমালোচনা। পরিকল্পিতভাবে কিছু ক্লাবকে বাদ দেয়ার অভিযোগও উঠেছে। এরই মধ্যে সামাজিক যোগাযোগমাধ্যমে নির্বাচনের সুষ্ঠুতা নিয়ে আশঙ্কা প্রকাশ করে পোস্ট করেছেন জাতীয় দলের বেশকিছু ক্রিকেটার। নির্বাচনের সুষ্ঠুতা নিয়ে হতাশা প্রকাশ করে গত ২৪ সেপ্টেম্বর একই স্ট্যাটাস দিয়েছেন সৌম্য সরকার, তাইজুল ইসলাম, ইরফান শুক্কুর, মোহাম্মদ মিঠুন, মুমিনুল হক। একই দিন প্রায় একই ধরনের স্ট্যাটাস দিয়েছেন এনামুল হক বিজয়ও। আজ একই বিষয়ে স্ট্যাটাস দিয়েছেন সদ্য সাবেক টাইগার অধিনায়ক নাজমুল হোসেন শান্তও। মুমিনুল-তাইজুলরা ফেসবুক স্ট্যাটাসে লিখেছেন, 'বিসিবি নির্বাচন ঘিরে যা যা হচ্ছে, এসব কখনোই কাম্য নয়। এটা বাংলাদেশ ক্রিকেট ও ক্রিকেটারদের ভবিষ্যতের ব্যাপার। আমরা চাই, বিসিবি নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ হোক।' এনামুল হক বিজয় লিখেছেন, 'আমরা চাই, বিসিবি নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ হোক। এটা বাংলাদেশ ক্রিকেট ও ক্রিকেটারদের ভবিষ্যতের ব্যাপার।' শান্ত লিখেছেন, 'আমরা সবাই চাই বিসিবি নির্বাচন হোক আস্থা এবং ঐক্যের প্রতীক যেখানে জয়ী হবে শুধু বাংলাদেশের ক্রিকেট'।
বিসিবি নির্বাচনের আনুষ্ঠানিক প্রক্রিয়া শুরু হতে না হতেই নাটকীয়তা দেখা দিয়েছে। নির্বাচনের আগেই প্রতিপক্ষ আমিনুল ইসলাম বুলবুলের দিকে ক্ষমতার অপব্যবহারের অভিযোগ তুলেছেন তামিম ইকবাল। নিয়মের বাইরে গিয়ে অ্যাডহক কমিটি থেকে কাউন্সিলর মনোনয়নের জন্য জেলা ও বিভাগীয় ক্রীড়া সংস্থায় চিঠি দেয়ার অভিযোগ উঠেছে বিসিবি সভাপতির বিরুদ্ধে। এই অভিযোগ কোর্টে উঠলে অবশ্য সেই চিঠির কার্যকারিতা স্থগিত করে হাইকোর্ট।
এসব জটিলতার কারণে কাউন্সিলরের খসড়া তালিকা প্রকাশের দিন পেছানো হয়েছে দুইবার। তবুও নির্ধারিত দিনে তালিকা ঘোষণা করা সম্ভব হয়নি। আনুষ্ঠানিক তফসিলে ২২ তারিখ এই তালিকা প্রকাশের কথা থাকলেও সেটা করা হয় ২৩ সেপ্টেম্বর। খসড়া তালিকায় মোট ১৭২ জন কাউন্সিলরের নাম প্রকাশ করা হয়। ৫টি জেলা সংস্থার মনোনয়ন চূড়ান্ত না হওয়ায় তাদের নাম প্রকাশ করা হয়নি। বিতর্ক থাকায় ১৫ টি ক্লাবকে আপিল করার সুযোগ দেয়া হয়েছিল।

## ভিন্নমাত্রার আবেদন নিয়ে নবান্নের চাইনিজ




৩ পৃষ্ঠার পর

সুন্দর,স্মার্ট এক যুবক ও নেপালী এক সুন্দরী যুবতী আপনাকে স্বাগত জানাবে। এই চাইনিজ রেষ্টুরেন্টটি সম্পূর্ন বুফে সিস্টেমে পরিচালিত হচ্ছে। ২০টির উপরে আইটেম। কি নেই তাতে। সারিসারি খাবার দেখে কোনটা ছেড়ে কোনটা নেবেন এমন দ্বিধাদ্বন্দ্বে পড়তে পারেন কাস্টমাররা। মাত্র ১৯.৯৯ ডলারে বিনিময়ে সারতে পারেন লাঞ্চ কিংবা ডিনার। বাচ্চাদের খাবারের মূল্য মাত্র ৭.৯৯ ডলার। ম্যানুতে থাকছে চিকেন ললিপপ,অন্থন, স্প্রিং টেমপুরা,স্প্রিং রোল,মমস, ফ্রাইড রাইস,চিকেন চো মিন,বিফ সিজলিং,চিলি চিকেন,হাক্কা নুডুলস,থাই প্যাড,থাই স্যুপ,ভেজিটেবল স্যুপ,টম ইয়াম স্যুপ,আইসক্রীম ও লাভা কেক। এসবই মাত্র ১৯.৯৯ ডলারে। নবান্ন চাইনিজের ম্যানেজার জামিল আজকালকে বলেন, শতভাগ সেবা দেবার প্রতিশ্রুতি নিয়ে চালু করেছি এই চাইনিজ। প্রত্যেক দিন তৈরি করা টাটকা খাবার থাকছে ম্যানুতে। কোন বাঁসী খাবার এখানে থাকবে না। কোস্টমারের কোন অভিযোগ কিংবা প্রশ্ন সাথে সাথে আমরা সমাধান করছি। কমিউনিটির সেরা চাইনিজ রেষ্টুরেন্ট করার প্রতিশ্রুতি আমাদের। প্রমান পেতে আজই গ্রাহকদের আসার আমন্ত্রন জানাচ্ছি।

## জনপ্রতিনিধি নির্বাচন

৬ পৃষ্ঠার পর

আগে মোটরসাইকেল নিয়ে মহড়া দেওয়া। মানুষ গুনে গুনে দেখে কোন প্রার্থী কতগুলো মোটরসাইকেল নিয়ে মহড়া দেন, মোটরসাইকেলের আগে-পেছনে কতটি জিপ, কতটি গাড়ি আছে। প্রতিদিন তাঁর সঙ্গে যারা প্রচার করে, তাদের কত টাকা করে দিয়েছেন, এগুলো হিসাব করে তার পেছনে মানুষ ঘোরে এবং তাঁকে ভোট দেওয়ার জন্য জনগণকে উদ্বুদ্ধ করে।
অতএব বুঝে দেখুন, এখানে ভোট দেওয়ার ক্ষেত্রে বা প্রচার করার ক্ষেত্রে, সমাজের সর্বস্তরের মানুষেরও একটি দায়বদ্ধতা আছে। নাগরিক দায়বদ্ধতা থেকে আমরা সঠিক যোগ্য ব্যক্তিকে যদি নির্বাচিত না করি, তাহলে বিপর্যয় যা হওয়ার তা তো হবেই, এ রকম বিপর্যয় বারবার হতেই থাকবে।
অনেক ক্ষেত্রে ভয়ভীতি প্রদর্শন করেও জনগণের ভোট আদায় করা হয়। সব ক্ষেত্রে না হলেও একরকম শক্তি প্রদর্শন করা হয়। এখনো আমাদের সমাজে ভয়ভীতি প্রদর্শনের নমুনা আছে, যেটা আমরা আগে দেখেছি, ভবিষ্যতে সেই ব্যবস্থা যেন না দেখি, সেই জন্যই আমাদের সতর্কতা অবলম্বন করা দরকার।
কথায় কথায় আমরা বলি, জনগণই ক্ষমতার উৎস। কথাটা সত্য, জনগণ যাঁকে নির্বাচিত করে তিনিই জনগণের প্রতিনিধিত্ব করেন। তবে সেই জনতা হতে হবে সচেতন জনতা, যে জনতা সঠিক ব্যক্তিকে নির্বাচিত করবে, নিজের স্বার্থ হাসিল করে জনগণের দোহাই দিয়ে ভুল মানুষকে নির্বাচিত করবে না। আমরা সেই জনতাকে চাই, যে জনতা লোভ-লালসার ঊর্ধ্বে উঠে সঠিক ব্যক্তিকে নির্বাচন করবে, সঠিক প্রতিনিধিকে সংসদে পাঠাবে অথবা স্থানীয় সরকারের সর্বোচ্চ পর্যায়ে পাঠাবে, সেই জনতাকে দেখতে চাই, যে জনতা আসলেই হয়ে উঠবে ক্ষমতার উৎস।
লেখক: প্রকৌশলী।

## ড. ইউনূস প্রবাসী সমাবেশ ভাষণ দেবেন শনিবার

৬৪ পৃষ্ঠার পর

প্রবাসীদের এক সমাবেশে বক্তব্য দেবেন। সমাবেশে অংশগ্রহণকারীদের আগে থেকে নিবন্ধন বাধ্যতামূলক করা হয়েছে। এনআরবিকানেক্টিভের ফটকম ওয়েবসাইটে নিবন্ধন করা যাচ্ছে। সমাবেশে বিভিন্ন শ্রেণিপেশার প্রবাসীর উপস্থিতি নিশ্চিত করার লক্ষ্যে নিউইয়র্কে কনসাল জেনারেল ১৭ সেপ্টেম্বর বিএনপির কেন্দ্রীয় পর্যায়ের কয়েকজন নেতাসহ বিশিষ্টজনদের সঙ্গে মতবিনিময় করেন। এ সময় আরও জানানো হয়, সমাবেশে প্রধান উপদেষ্টার সূচনা বক্তব্যের পর বাংলাদেশে বিনিয়োগের সুযোগ-সুবিধার কথা বলবেন বিডা ও অর্থনৈতিক উন্নয়ন অঞ্চল কর্তৃপক্ষের চেয়ারম্যান আশিক চৌধুরী। এরপরই সমাপনী বক্তব্য দেবেন প্রধান উপদেষ্টা। সমাবেশে ইউনূসের সফরসঙ্গী বিএনপি, জামায়াত এবং এনসিপির নেতারা বক্তব্য দেবেন কি না নিশ্চিত হওয়া যায়নি। সমাবেশটি অনুষ্ঠিত হবে জাতিসংঘ সংলগ্ন ম্যানহাটানের বিলাসবহুল একটি হোটেলের বলরুমে। এদিকে সমাবেশস্থলের বাইরে শান্তিপূর্ণ বিক্ষোভ কর্মসূচি ঘোষণা করেছে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগসহ সমমনা দলগুলো।

## শেখ হাসিনার বিদায় পছন্দ করেনি ভারত: ড. ইউনূস

৬৪ পৃষ্ঠার পর

কারণেই বর্তমানে ঢাকা-নয়াদিল্লি সম্পর্কের টানাপোড়েন চলছে বলে প্রতিবেদনে জানিয়েছে এনডিটিভি।
বক্তব্যে দক্ষিণ এশীয় আঞ্চলিক সহযোগিতা সংস্থা (সার্ক) পুনর্জীবিত করার প্রস্তাবও দেন ড. ইউনূস। তিনি বলেন, বাংলাদেশ আঞ্চলিক বাণিজ্য ও সাগরপথে প্রবেশাধিকারের সেতুবন্ধন হিসেবে কাজ করতে পারে।
প্রধান উপদেষ্টা বলেন, 'আমাদের এখন ভারতের সঙ্গে সমস্যা রয়েছে, কারণ তারা ছাত্রদের কর্মকাণ্ডকে ভালোভাবে নেয়নি।' একই সঙ্গে অভিযোগ করেন, ভারতীয় গণমাধ্যমে ছড়ানো 'ভুয়া সংবাদ' এই উত্তেজনা আরও বাড়িয়ে দিয়েছে।



## শিবলী নোমানীর স্মরণে শোকসভা অনুষ্ঠিত



৬৪ পৃষ্ঠার পর

পরিচালনা করেন জ্যামাইকা মুসলিম সেন্টারের খতিব মাওলানা মির্জা আবু জাফর বেগ। এ সময় উপস্থিত সকলেই আমিন আমিন ধ্বনিতে কান্নায় ভেঙে পড়েন।
মরহুম শিবলী নোমানীর রূহের মাগফিরাত কামনায় আয়োজিত দোয়া মাহফিলে অন্যান্যের মধ্যে অংশ নেন প্রবীণ ডেমোক্রেট নেতা মোর্শেদ আলম, শাহ নেওয়াজ গ্রুপের চেয়ারম্যান শাহ নেওয়াজ, মোহাম্মদ আলী, কমিউনিটি অ্যাক্টিভিস্ট রাব্বী সৈয়দ, আহসান হাবিব, ফখরুল ইসলাম দেলোয়ার, সুলতান যোখারী, জে মোল্লা সানী, সুলতান আহমেদ, শামীম আল মামুন, বক্কার সেলিম, আমজাদ হোসেন সেলিম ও আনজাম সিদ্দিকী সহ অনেকে।
দোয়া মাহফিল শেষে সবার মাঝে ডিনার সার্ভ করা হয়। উল্লেখ্য, গত ১৪ সেপ্টেম্বর শনিবার হৃদরোগে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেন শিবলী নোমানী।

KARNAFULLY TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc Approved

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত




# কর্ণফুলি ট্রাভেল
আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372
E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com
**Web: www.karnafullytravel.com**

# সমীরের নিশানায় আরিয়ান-শাহরুখ

## হাইকোর্টে কোটি টাকার মামলা!

আজকাল বিনোদন





মাদককাণ্ডে গ্রেফতার হওয়াকে ব্যাঙ্গ ও নিজের চরিত্রকে ওয়েব সিরিজে নেতিবাচকভাবে তুলে ধরায় আইনি পদক্ষেপ নিয়েছেন প্রাক্তন নারকোটিক্স কন্ট্রোল ব্যুরো (এনসিবি) অফিসার সমীর ওয়াংখেড়ে। 'ব্যাডস অব বলিউড' সিরিজের প্রযোজক ও ওটিটি প্ল্যাটফর্ম নেটফ্লিক্সের বিরুদ্ধে মানহানির মামলা করেছেন তিনি।

ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভির প্রতিবেদন থেকে জানা যায়, সমীরের দায়ের করা মামলায় উল্লেখ করা হয়েছে একাধিক অভিযোগ। ওয়াংখেড়ের দাবি, 'দ্য ব্যাডস অব বলিউড'-এ ইচ্ছাকৃতভাবে সমীর ওয়াংখেড়ের খ্যাতিকে মলিন এবং পক্ষপাতদুষ্টভাবে নষ্ট করার উদ্দেশে তৈরি এবং বাস্তবায়িত করা হয়েছে।

ভারতের দিল্লি হাইকোর্টে দায়ের করা মামলায় অভিনেতা শাহরুখ খান এবং গৌরী খানের মালিকানাধীন রেড চিলিজ এন্টারটেইনমেন্ট প্রাইভেট লিমিটেড, ওটিটি প্ল্যাটফর্ম, নেটফ্লিক্স এবং অন্যান্যদের বিরুদ্ধে স্থায়ী এবং বাধ্যতামূলক নিষেধাজ্ঞা, ঘোষণা এবং ক্ষতিপূরণের প্রকৃতির প্রতিকার চেয়ে মানহানির মামলা দায়ের করা হয়।

রেড চিলিজের নির্মিত এবং নেটফ্লিক্সের সম্প্রচারিত মিথ্যা, বিদ্বেষপূর্ণ এবং মানহানিকর ভিডিও টেলিভিশন সিরিজ 'দ্য ব্যাডস অব বলিউড'। এটি নির্মাণ করায় প্রযোজকের কাছে ২ কোটি রুপি ক্ষতিপূরণ চান সমীর।

মামলায় উল্লেখ করা হয়েছে, ক্ষতিপূরণের অর্থ ক্যানসার রোগীদের চিকিৎসার জন্য টাটা মেমোরিয়াল ক্যানসার হাসপাতালে দান করা হবে।

১৮ সেপ্টেম্বর থেকে নেটফ্লিক্সে স্ট্রিম হয়েছে বলিউড মেগাস্টার শাহরুখ খান পুত্র আরিয়ান খান পরিচালিত নতুন ওয়েব সিরিজ 'দ্য ব্যাডস অব বলিউড'। প্রথম কাজেই ভারতের এনসিবি-র অফিসারকে ব্যঙ্গ করেন এ তারকা সন্তান। নতুন মুক্তি পাওয়া সিরিজটিতে রয়েছে ভারতের এনসিবি-র অফিসার সমীর ওয়াংখেড়ের চরিত্র। সিরিজটির প্রথম পর্বেই দেখা যায়, উচ্চস্বরে এক অফিসার পুলিশ জিপ থেকে নেমে এরপর ৫৩ পৃষ্ঠায়



## যুক্তরাষ্ট্রে সেরা অভিনেতার পুরস্কার জিতলেন ইন্তেখাব দিনার

আজকাল বিনোদন

বাংলাদেশি অভিনেতা ইন্তেখাব দিনার আবারও প্রমাণ করলেন তার অসাধারণ অভিনয়ক্ষমতা। যুক্তরাষ্ট্রের 'এলএ ডাইভারসিটি ফিল্ম ফেস্টিভ্যাল ২০২৫'-তে সেরা অভিনেতার পুরস্কার জিতলেন তিনি। স্বল্পদৈর্ঘ্য এরপর ৫৩ পৃষ্ঠায়







## তাহসান-সৃজিতকে নিয়ে 'অজানা কথা' বলবেন মিথিলা!

আজকাল বিনোদন

ব্যক্তিগত জীবনের একাধিক অজানা তথ্য প্রথমবার প্রকাশ করতে পডকাস্টে হাজির হচ্ছেন দুই বাংলার জনপ্রিয় অভিনেত্রী রাফিয়াত রশিদ মিথিলা। নামের সাথে ডক্টর উপাধি যোগ হওয়ার পর প্রথমবার এমন আয়োজনে দেখা যাবে তাকে। 'বিহাইন্ড দ্য ফেইম উইথ আরআরকে' এর নতুন পর্বে দেখা যাবে মিথিলাকে। অনুষ্ঠানটি এরইমধ্যে প্রকাশ করেছে অভিনেত্রীর সাথে আলোচনার বিষয়বস্তু।

রুম্মান রশীদ খানের সঞ্চালনায় বিশেষ এ পর্বে মিথিলা কিছু ব্যক্তিগত বিষয় নিয়ে কথা বলেছেন যা আগে কখনো প্রকাশ্যে আনেননি।

অনুষ্ঠানের মূল আকর্ষণ প্রাক্তন স্বামী তাহসান খান ও বর্তমান স্বামী সৃজিত মুখার্জী প্রসঙ্গ। জানা যায়, তাদের নিয়ে সাধারণ মানুষের যা অজানা সেসব তথ্যই উঠে আসবে রুম্মান-মিথিলার এবারের আলাপচারিতায়।

প্রসঙ্গত, মিথিলার অংশ নেয়া 'বিহাইন্ড দ্য ফেইম উইথ আরআরকে'-এর নতুন পর্বটি আগামী শনিবার (২৭ সেপ্টেম্বর) প্রচারের কথা রয়েছে।



## কেন বিদেশে স্থায়ী হলেন তৌকীর-বিপাশা?

আজকাল বিনোদন

বাংলাদেশের শিল্পাঙ্গনের জনপ্রিয় তারকা দম্পতি তৌকীর আহমেদ ও বিপাশা হায়াত। তাদের হাত ধরে সম্পন্ন হয়েছে খ্যাতিমান সব কাজ। কিন্তু প্রিয় দেশ ছেড়ে তারা পাড়ি জমিয়েছেন যুক্তরাষ্ট্রে। কিন্তু কী কারণে? ছিল অভিমানও। যুক্তরাষ্ট্রে পাড়ি জমানোর পর শোনা গিয়েছিল, অভিমান থেকে দেশ ছাড়ার সিদ্ধান্ত নিয়েছিলেন তৌকীর ও বিপাশা। তবে এ নিয়ে কখনোই কথা বলেননি দুজনের কেউ। সম্প্রতি এক টেলিভিশন অনুষ্ঠানে তৌকীর কথা বললেন সেই প্রসঙ্গে। জানালেন, মূলত সন্তানদের পড়াশোনার কথা চিন্তা করেই যুক্তরাষ্ট্রে স্থায়ী হওয়ার পরিকল্পনা করেছিলেন তারা। তবে অভিমানের কথাটাও অস্বীকার করেননি অভিনেতা।

তৌকীর আহমেদ বলেন, 'শিল্পীরা তো অভিমানী। সব শিল্পীই মনে করেন, তার সঠিক মূল্যায়ন হলো না। তবে, আমাদের দেশের বাইরে যাওয়ার মূল কারণ হলো বাচ্চাদের বেটার এডুকেশনের চেষ্টা করা।'

যুক্তরাষ্ট্রে নতুন পরিবেশে মানিয়ে নেয়া প্রথমে চ্যালেঞ্জিং হলেও বিষয়টি জীবনের অভিজ্ঞতা হিসেবে দেখেন তৌকীর আহমেদ। অভিনেতা বলেন, 'নির্বাসনও কিন্তু একটা অভিজ্ঞতা। হোক সেটা স্বেচ্ছা নির্বাসন।

তিনি বলেন, আমার ধারণা, এটা আমার জীবনের বড় একটা অভিজ্ঞতা। বিদেশে না থাকলে আমি হয়তো বুঝতাম না যে নির্বাসনে পাবলো নেরুদা কী ফিল করেছেন। আন্দ্রেই তারকোভস্কি কেন তার গ্রামের জন্য এরপর ৫৩ পৃষ্ঠায়

# বাংলাদেশেও বেজে উঠছে ডিক্যাপ্রিওর যুদ্ধের দামামা

আজকাল বিনোদন



হলিউড সিনেমাপ্রেমীদের কাছে লিওনার্দো ডিক্যাপ্রিও এক আকর্ষণীয় নাম। 'টাইটানিক'খ্যাত এই অভিনেতার অগণিত ভক্ত অনুরাগী রয়েছে বিশ্বজুড়ে, যারা তার সিনেমা দেখার অপেক্ষায় থাকেন। সেই অপেক্ষার পালে হাওয়া লেগেছে আবার। পর্দায় আসছে লিওনার্দোর নতুন সিনেমা। মুক্তির আগেই আলোচিত সিনেমাটির নাম 'ওয়ান ব্যাটল আফটার অ্যানাদার'।

আগামী ২৬ সেপ্টেম্বর আন্তর্জাতিকভাবে মুক্তি পাবে এটি। বাংলাদেশের দর্শকরাও আনন্দিত হতে পারেন এই খবরে যে, একই দিনে দেশের মাল্টিপ্লেক্স সিনেমা হল স্টার সিনেপ্লেক্সে মুক্তি পেতে যাচ্ছে ছবিটি। খবরটি নিশ্চিত করেছেন প্রতিষ্ঠানটির মুখপাত্র মেসবাহ উদ্দিন আহমেদ।

মহাকাব্যিক অ্যাকশন থ্রিলারধর্মী এই ছবির পরিচালক পল টমাস অ্যান্ডারসন। ১৯৯০ সালে প্রকাশিত টমাস পিঞ্চনের উপন্যাস 'ভিনল্যান্ড' থেকে অনুপ্রাণিত হয়ে ছবিটি নির্মাণ করেছেন তিনি। দীর্ঘ ২০ বছর ধরে তিনি সিনেমাটি নির্মাণ করেছেন বলে জানা গেছে। ছবিতে অন্যতম প্রধান চরিত্রে দেখা যাবে লিওনার্দো ডিক্যাপ্রিওকে। আরও অভিনয় করেছেন শন পেন, বেনিসিও দেল তোরো, রেজিনা হল, টেয়ানা টেলর, চেজ ইনফিনিটি প্রমুখ।

বিবিসিকে দেওয়া সাক্ষাৎকারে সিনেমাটিকে 'সমাজের আয়না' বলে অভিহিত করেছেন ডিক্যাপ্রিও। তার মতে, 'আমাদের সংস্কৃতির বিভাজন আর চরম মেরুকরণকে দেখায় এই সিনেমা। যদিও ছবির নির্দিষ্ট কোনও বার্তা নেই, তবে চরমপন্থার একধরনের প্রভাব এখানে কাজ করেছে।' এরপর ৫৩ পৃষ্ঠায়



## প্রভাবিত না হওয়ার অনুরোধ প্রভার

আজকাল বিনোদন

সাদিয়া জাহান প্রভা এখন বেশ ব্যস্ত সময় পার করছেন। মানে অভিনয়ে ও আলাপে নিয়মিত। আগের সেই আড়াল অনুভবটা নেই। এই সুযোগে সোশ্যাল হ্যান্ডেলে অভিনেত্রীর অনেকগুলো ভুয়া আইডি হয়েছে। যেখান থেকে প্রভার নামে প্রকাশ করা হচ্ছে অনেক বিতর্কিত ও রাজনৈতিক মতবাদ। বুধবার দুপুরে এক ফেসবুক লাইভে ভক্তদের সঙ্গে আড্ডায় যুক্ত হন প্রভা।

এ সময় ভক্তদের সতর্ক করে তিনি জানান, তার নামের ফেইক অ্যাকাউন্ট থেকে রাজনৈতিক মন্তব্য, দেশবিরোধী লেখা বা অর্থ দাবি করা হলে তা যেন কেউ বিশ্বাস না করে। লাইভ চলাকালীন সময় এক ভক্ত অভিনেত্রীকে জানান, প্রভার ছবি ব্যবহার করে একাধিক ফেইক এরপর ৪০ পৃষ্ঠায়

# পায়ের বিশেষজ্ঞ চিকিৎসক

## Bangladeshi Foot Specialist

## Dr. Sadi Alam



পায়ের কোন সমস্যায় ভুগছেন ?

নিউইয়র্কে বাংলাদেশী চিকিৎসকের পরামর্শ নিন

ডায়াবেটিক রোগীদের ইন্স্যুরেন্সের মাধ্যমে ডায়াবেটিক জুতা দেওয়া হয়।

**We Accept Wellcare, Fidelis, Medicare, Metroplus, Healthfirst and other private insurances.**

Our Office Locations

01. 16605 Highland Ave, Suite L-1, Jamaica, NY 11432
02. 264-02 Hillside Ave, Floral Park, NY 11004
03. 486 McDonald Ave, Brooklyn, NY 11218
04. 7017 37th Ave, Jackson Heights, NY 11372
05. 7721 101th Ave, Ozone Park, NY 11416
06. 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

Phone: 347-509-4470, Fax: (646) 845-1861

আজই আপনার ডাক্তারকে রেফারেলের জন্য জিজ্ঞাসা করুন।

**Call for Appointment**

# CHAUDRI CPA P.C.

FINANCE, ACCOUNTING, TAX, AUDIT & CONSULTING

## Sarwar Chaudri, CPA, MBA



ট্যাক্স একটি গুরুত্বপূর্ণ বিষয়

অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
অডিট, ফাইন্যানশিয়াল স্টেটমেন্ট, বুককিপিং
অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠা, লাইসেন্স ও পে-রোল

আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ

tax refund

AUTHORIZED IRS e-file PROVIDER

Individual and Business Tax
Audit, Financial Statement
Bookkeeping, Non-Profit
Business Setup, Licensing & Payroll
Specialized in IRS &
NYS Tax problem resolution

*Finance, Accounting, Tax Filing, Audit & Consulting*
*(Business & Not for Profit)*

**JACKSON HEIGHT OFFICE:**
74-09 37th Ave, Bruson Building, Suite # 203
Jackson Height, NY 11372, Tel: 718-429-0011
Fax: 718-865-0874, Cell: 347-415-4546
E-mail: chaudricpa@gmail.com

**BRONX OFFICE:**
1595 Westchester Avenue
Bronx, NY 10472
Cell: 347-415-4546 / 347-771-5041
E-mail: chaudricpa@gmail.com

# আমেরিকা তথা নিউইয়র্ক এ একটি গর্বিত বাড়ির মালিক হতে চান?

আমরা স্বাচ্ছন্দ্য মুল্যে বাড়ি ক্রয় বিক্রয়ে নিশ্চয়তা দিয়ে থাকি।

REALTOR® MLS EQUAL HOUSING LENDER





**KAZI N JALAL**
Licensed Sale Agent

# ARA REALTY SERVICES INC

*A full Service Real Estate Brokerage of Professional Company*

158-10 84th DriveJamaica, NY 11432
Email: realtornykazi@gmail.com

**Office: 917-417-6766**
**Cell: 516-439-0156**

ESTD 2017

## Tribune Training Academy

Workplace Safety Training School

40-38 75th Street,
Jackson Heights, NY 11373
(718) 790-2664
tribunest@gmail.com
www.tribunest.com



# 40-HR OSHA/SST: $400

Tribune Training Academy is an outstanding institution with a proven track record of excellence that has made it a top player in the field of safety and technical training. Based in New York City, our esteemed organization has continuously set the standard for quality education through our unwavering commitment to providing the very best in certification training. Below are a list of some of the courses we offer:

- 30 Hour OSHA Training
- 40 Hour OSHA/SST
- 62 Hour Supervisor SST
- 4,16 & 32 Hour Scaffold
- 8-Hour EPA Lead Renovator
- NYS Security Guard License
- Fire Guard/FSD Training
- Work-zone Flagger
- Forklift/Scissor Lift Operator
- Defensive Driving Course

**40-HR OSHA/SST: $400 [LIMITED TIME OFFER]**

Get your 40-Hour OSHA/SST Training for only $400. This is a limited time offer only and this rate will not be honored once this promotional rate ends.





# চট্টগ্রামের ঐতিহ্যবাহী মেজবান অনুষ্ঠিত

৬৪ পৃষ্ঠার পর

করেন। ঈদে মিলাদুন্নবী (সা.) মাহফিলে প্রধান অতিথি ছিলেন ব্রুকলিন বেলাল মসজিদ অ্যান্ড ইসলামিক স্কুলের ইমাম ড. মুফতি সৈয়দ আনসারুল করিম আল আজহারি। অনুষ্ঠানের সার্বিক সহযোগিতায় ছিলেন অ্যাটাস প্রেসিডেন্ট ও কর্ণফুলি ট্রাভেলস-এর স্বত্বাধিকারী মোহাম্মদ সেলিম হারুন। অনুষ্ঠানে বিপুল সংখ্যক রাসুল প্রেমিক মুসল্লির উপস্থিতি ছিল লক্ষণীয়। সকলেই অত্যন্ত ধৈর্য সহকারে বিশ্বমানবতার মুক্তির দূত, প্রিয়নবী হযরত মোহাম্মদ (সা.)-এর জীবনের নানা দিক নিয়ে আলোচনা শুনেন এবং আল্লাহপাক রাব্বুল আলামিনের কাছে শুকরিয়া আদায় করেন।

ড. মুফতি সৈয়দ আনসারুল করিম আল আজহারি মহানবী (সা.)-এর জীবনাদর্শ অনুসরণ করে ভ্রাতৃত্ববোধ ও মানবকল্যাণে ব্রতী হওয়ার আহ্বান জানান। তিনি বলেন, ধর্মীয় ও পার্থিব জীবনে মহানবী হযরত মুহাম্মদ (সা.)-এর শিক্ষা সমগ্র মানবজাতির জন্য অনুসরণীয়। তিনি আরো বলেন, মহানবী (সা.)-এর সুমহান আদর্শ অনুসরণের মধ্যেই মুসলমানদের অফুরন্ত কল্যাণ, সফলতা ও শান্তি নিহিত রয়েছে। বিশ্বব্যাপী করোনা মহামারী, যুদ্ধ-বিগ্রহ নানামুখী সমস্যায় মহানবীর (সা.) শিক্ষা ও ইবাদত বিশ্বের শান্তি ও কল্যাণ নিশ্চিত করতে পারে।

উল্লেখ্য যে, ২০১৪ সাল থেকে নিউইয়র্কে পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) উদযাপন এবং চট্টগ্রামের ঐতিহ্যবাহী মেজবান অনুষ্ঠিত হয়ে আসছে। আলোচনায় অংশ নেন পোয়েল এন্ড হোম কেয়ারের প্রেসিডেন্ট শাহ নেওয়াজ, বিশিষ্ট রাজনীতিবিদ গিয়াস আহমেদ, মুলধারার রাজনীতিক ও যুক্তরাষ্ট্র ইন্টারন্যাশনাল বার অ্যাসোসিয়েশনের পরিচালক অ্যাটর্নি মঈন চৌধুরী। অনুষ্ঠানের আহ্বায়ক ছিলেন সামসুল আলম চৌধুরী এবং সদস্য সচিব ছিলেন মনির আহমদ। সহযোগিতায় ছিলেন মনির আহমেদ, আরিফুল ইসলাম, কাজি আজম ও আলী আকবর বাপ্পী।


















Empire Care Agency
LHCSA Licensed Health Home Care
NURUL AZIM CEO
Ph: 516-451-3748
POWERED BY

GOLDEN AGE HOME CARE
Licensed Home Health Care Agency

All County Health Care
ABDUL KADER SHISHIR
President & CEO
POWERED BY

# গোল্ডেন এইজ লোক উৎসব ও পথমেলা ২০২৫

**২৭ই সেপ্টেম্বর, ২০২৫**
সকাল ১০টা থেকে রাত ১০টা

**স্থান: ৭৭ স্ট্রীট, ৩৭ রোড**
জ্যাকসন হাইটস্‌

**মেলায় থাকছে:**

- আকর্ষণীয় র‍্যাফেল ড্র
- সাংস্কৃতিক অনুষ্ঠান
- ফ্যাশন শো অনুষ্ঠান
- রকমারী স্টল



রিজিয়া পারভীন, শাহনাজ বেলী,
রানু নেওয়াজ, শাহ মাহবুব, অনিক রাজ, রেশমী মির্জা, মিমি আলাউদ্দিন,
নাজু আকন্দ, রিয়া, আয়েশা খান, কামরুজ্জামান বকুল, কালা মিয়া,
রোজী আজাদ, আফতাব জনি, সেলিম ইব্রাহিম, মেহা, স্বপ্নীল সজীব।

SPONSORED BY
LITON CHOUDHURY CEO
Moin Choudhury
DUKE KHAN
BANGLADESH CLUB USA
কর্ণফুলী ট্রাভেলস্‌ 718-205-6050, 718-205-6055
Bangla Travel
MAHADI CONSTRUCTION INC. 347-453-9116
KIM & ASSOCIATES P.C
ISTEAK RUMI
NIRU NIRA COMMUNITY ACTIVIST
CHISHTI CPA PC 347-515-3858
ESHIKA SIGN SUPPLY
VOTE SHAH SHAHIDUL HAQUE FOR NYC DISTRICT - 25, COUNCILMAN

বহ্নি শিখা
তারার আলো
তালতরঙ্গ ইনস্টিটিউট
নিউইয়র্ক ফ্যাশন হাউজ
অনুপ দাশ ডান্স একাডেমী

**গোল্ডেন এইজ পথমেলা কমিটি**

সাংস্কৃতিক
শিবলী সাদেক
মিনা ইসলাম

স্টেজ এন্ড ক্রেস্ট
আহসান হাবিব
খায়রুল ইসলাম খোকন

লটারি
জাহাঙ্গীর আলম জয়
আব্দুর রশিদ বাবু
প্রফেসর রফিকুল ইসলাম

অভ্যর্থনা
ড. রফিক আহমেদ
এড. রেদওয়ানা রাজ্জাক
কাজল মাহমুদ
আব্দুর রশিদ বাবু
প্রফেসর রফিকুল ইসলাম

পরিষ্কার পরিচ্ছন্নতায়
মো: হোসেন বাদশা
মো: মিজান

| আহ্বায়ক | প্রধান সমন্বয়কারী | ব্যবস্থাপক | সদস্য সচিব |
|---|---|---|---|
| রাশেদ আহমেদ 718-316-1948 | আব্দুল হামিদ 347-840-4118 | ইঞ্জি. আব্দুল খালেক 917-667-7324 | নুরুল আমিন বাবু 347-679-5525 |

| যুগ্ম আহ্বায়ক | যুগ্ম আহ্বায়ক | যুগ্ম সদস্য সচিব | যুগ্ম সদস্য সচিব |
|---|---|---|---|
| তরিকুল ইসলাম বাদল | জাহাঙ্গীর আলম জয় | রামদাস ঘরামী | গাজী লিটন |

**আমন্ত্রিত অতিথিবৃন্দ**
আতাউর রহমান সেলিম (সভাপতি বাংলাদেশ সোসাইটি), মো: আলি (সেক্রেটারী: বাংলাদেশ সোসাইটি), দিদারুল ইসলাম দিদার, মো: কামরুজ্জামান কামরুল, মনসুর এইচ চৌধুরী, হারুন ভূইয়া, ড. রফিক আহমেদ, মীর নিজামুল হক, জেড আলম নমী, আহসান হাবীব, খায়রুল ইসলাম খোকন, মইনুল ইসলাম (সভাপতি: জালালাবাদ এসোসিয়েশন অব ইউএসএ ইনক), এড. রেদওয়ানা রাজ্জাক সেতু, ড. এনামুল হক (সভাপতি: কুমিল্লা সোসাইটি, ট্রাষ্টি বোর্ড মেম্বার: বিডি সোসাইটি), নাইম টুটুল (ট্রাষ্টি বোর্ড মেম্বার: বিডি সোসাইটি), এম.আর চৌধুরী (সেক্রেটারী: নিউইয়র্ক ষ্টেট আওয়ামীলীগ), শাহনাজ হোসেন (কমিউনিটি এক্টিভিস্ট), জাকির এইচ চৌধুরী (বিএনপি), জাহিদ আলম (নিউইয়র্ক ষ্টেট এডাল্ট ডে কেয়ার)।

মিডিয়া পার্টনার:
CHANNEL
ঠিকানা
আজকাল

**শাহ্‌ শহীদুল হক**
প্রেসিডেন্ট, ওয়ার্ল্ডস হিউম্যান রাইটস

**লায়ন আহসান হাবিব**
সাধারন সম্পাদক, ওয়ার্ল্ডস হিউম্যান রাইটস

স্টল ও বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ: রাশেদ আহমেদ 718-316-1948, শাহ্‌ শহীদুল হক: 347-476-9424, আজিজুল হক 718-559-7451

First Time in NY
COMMUNITY CONNECT
Scan to Register
Tuesday June 17th, 2025
5.00 PM - 7.30 PM
150 State Street 4 FL
Albany 12207 NY
Speakers
The Next Bangladesh:
Powered by its Global Citizens (NRBs)
Quazi M. Ahmed
LLB, MBA (IBA), MA (Japan), IMP (NYU, USA), CISS (Norway)
Global Leadership Trainer & Coach
Founder & President, BOND
CEO, Global Center of Excellence, LLC
Cybersecurity Awarness:
Protecting Ourselves and Our Community
Mahbub Rahman
IT Professional & Career Coach
Founder & CEO at Sustain Secure and The Triple Zero LLC
Refreshments will be served
Hosted by
MAJESTIC TOUCH
Organizing Partners
BOND
SUSTAIN SECURE
QUAZI consultants
GLOBAL
EAGLES BOOST
triplezero
CXO GLOBAL ALLIANCE
America TECH

পূর্বাচল মেরিন সিটিতে সাশ্রয়ী মূল্যে
প্লট ক্রয় করে বাড়ী নির্মাণের সুবর্ণ সুযোগ
মানচিত্রে প্রকল্পের অবস্থান





যোগাযোগঃ ATM Salah Uddin, Cell: 929-462-2170, Md Mofizur Rahman, Cell: 929-395-3945
Address : 37-18-73rd st. Suite 501, Jackson Heights, NY 11372

PEOPLE N TECH
A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005



EARN 100K TO 200K PER YEAR
• Selenium Automation Testing
• SQL Server Database Administration
• Business Analyst
PROVIDED JOBS TO 7000+ STUDENTS.
100% JOB PLACEMENT
RECORD FOR THE LAST 17 YEARS.
Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu
Washington University of Science and Technology
Authorized Employment Agency by: NYC Consumer and Worker Protection
Certified Training Institute by:
If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:
info@piit.us 1-855-JOB-PIIT(1-855-562-7448) www.piit.us

US BANGLA TAX & MULTISERVICES INC.
US BANGLA TECHNOLOGY & SUPPLIES INC.
US BANGLA DEVELOPER & PROPERTY INC.
Chandan Gupta
President
347-239-3408
Mostafezur Rahman
Vice President
646-361-0250
Authorized e-file Provider
One Stop Services
37-47 73rd Street, Suite #217
Jackson Heights, NY-11372
Tel :718-255-6783
Fax:718-255-6783
usbanglagroup@yahoo.com
Services : Individual & Business Tax Services, Immigration Services, Loan Modification, Real Estate Property Investment.

আপনার স্বপ্নের বাড়ীটি বেছে নিন
Dream Cottage Realty Inc
আমরাই আপনার এটর্নি, প্রি-অ্যাপ্রুভড
লোন সহ সকল ব্যবস্থা করে থাকি।
শত ভাগ গ্যারান্টি
সবচেয়ে কম রেটের মর্টগেজে
সহযোগীতা প্রদান করা হয়
Fazle Shohag Khan
Licensed Real Estate Sales
Cell: 1-917 770 1341
Office: 1-516 800 5160
e-mail: shohag.khan@hotmail.com

Video & Photo
PRODUCTION SERVICES

DFC TV
DREAM FRAME CREATIVE

- Brand Videos
- Event Coverage
- Product Demos
- Corporate Videos
- Video Editing

সোশ্যাল মিডিয়ার জন্য কনটেন্ট দরকার? আমাদের হাতে তৈরি করুন ফাস্ট ও স্মার্টলি!

আমাদের সেবাসমূহ:
ইভেন্ট ফিল্মিং (বিয়ে, গায়ে হলুদ, জন্মদিন)
কর্পোরেট ও প্রোমোশনাল ভিডিও
সোশ্যাল মিডিয়া ও ইউটিউব কনটেন্ট
লাইভস্ট্রিমিং (Facebook, YouTube)
ডকুমেন্টারি

ইভেন্ট কভারেজ থেকে কর্পোরেট ভিডিও —সবকিছু এক ছাতার নিচে!



Phone
(646) 457-6732
(929) 498-0979

Website
www.dfcreative.org

Location
Jamaica, NY 11432



We Speak বাংলা, English, हिन्दी العربية

ALAM MEDICAL

লং আইল্যান্ডে ডিয়ার পার্কে
আপনার পরিবারের স্বাস্থ্যসেবা এখন হাতের নাগালে।

Dr. Rehana Alam
DO, DPM
Board certified family medicine physician



আমাদের সেবাসমূহ :
- হেলথ চেকআপ।
- দীর্ঘস্থায়ী (ক্রনিক) রোগ নির্ণয় ও ব্যবস্থাপনা (ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ ও অন্যান্য)।
- রোগ প্রতিষেধক টিকা প্রদান।
- শিশু ও কিশোর-কিশোরীদের স্বাস্থ্যসেবা।
- নারীদের স্বাস্থ্য পরীক্ষা ও সেবা, যার মধ্যে রয়েছে জরায়ুর ক্যান্সার নির্ণয়ের জন্য প্যাপ স্মিয়ার, গর্ভধারণ পরামর্শ ও মেনোপজ ব্যবস্থাপনা সহায়তা।

আমাদের সাথে যোগাযোগ করুন

Contact us 631-778-4048 1755 Deer Park Ave, Deer Park, NY 11729
www.alammedical.com



WIN ZONE REALTY INC.
Licensed Real Estate Broker
Win Zone Realty Inc.

Specialist on Residential & Commercial, Bank Own Properties, Short Sale, REO and Loan Modification.
**Hard Money Loan Available.**

রিয়েল স্টেট লাইসেন্স প্রাপ্ত আমেরিকাতে বাড়ি বেচা-কেনা ও লোন সংক্রান্ত বিষয়ে বহু বছরের অভিজ্ঞতা সম্পন্ন বিশিষ্ট রিয়েল্টর



Somnath Ghosh ( SAM)
Licensed Real Estate Agent
Tel: ( Direct)
646-597-1760

Office : 81-15 Queens Blvd
2nd FL, Elmhurst, NY 11373
Tel: 718-899-7000
Fax: 516-407-5615
Email:sstreamline@ gmail.com



মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?
Low Income, No Problem

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS CORP.



Direct Lender
আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি

★ ট্যাক্সী ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট

646-920-4799

আপনাদের সেবাই আমাদের লক্ষ্য



- ব্যক্তিগত পরামর্শ
- ইন্টারেষ্ট রেট কম
- ইনভেষ্টমেন্ট
- ফ্রি এপ্রোভাল
- ফাষ্ট ক্লোজিং
- দ্রুত এবং বিশ্বস্ত

139-27 Queens Blvd, Jamaica, NY 11435
Akib Hussain

আমাদের সম্মানিত সকল গ্রাহক ও শুভানুধ্যায়ীদের জানাই দিওয়ালীর শুভেচ্ছা





আমাদের ৫৫ তম

দুর্গা পূজা - দশেরা ও দিওয়ালী সেল

সমগ্র স্টোর জুড়ে
40%
পর্যন্ত মূল্যহ্রাস

শুরু হবে
বৃহস্পতিবার ২৫ সেপ্টেম্বর থেকে
মঙ্গলবার ২১ অক্টোবর ২০২৫

আমরা প্রতিদিন নিত্য নতুন ডিজাইনের পোশাক স্টোর করে থাকি।

আমাদের সবচেয়ে সুন্দর বিয়ের শাড়ীও এই সেলের আওতায় রয়েছে।

প্রতিদিন সকাল ১০:৩০ মিনিট থেকে
সন্ধ্যা ৭:৩০ মিনিট পর্যন্ত

বছরে একবারই,
সমগ্র স্টোরজুড়ে আধুনিক বিচিত্র ফ্যাশনের শাড়ী, বিয়ের শাড়ী, ইন্ডিয়ান সিল্ক (বেনারস ও সাউথ), সুতির শাড়ী (প্রিন্টেড ও এমব্রডারী) ফ্রেঞ্চ পিউর সিল্ক সিফোন, প্রিন্ট ও ব্লক প্রিন্ট সিফোন, ফ্রেঞ্চ স্যানট্যালি লেছ, কুর্তা, সালোয়ার কামিজ ও পুরুষদের অভিজাত ফ্যাশনের পাঞ্জাবী, মন মাতানো পোশাক পরিচ্ছেদের
অসাধারণ মূল্যহ্রাসের উৎসব।

This Diwali celebration do your shopping at ISP

এই মৌসুমে আমাদের মূল্যহ্রাসের সুযোগ নিন

ISP INDIA SARI PALACE
SINCE 1971
37-07, 74th Street, Jackson Heights, Queens New York, NY 11372, Tel: (718) 426-2700
OPEN EVERYDAY 10:30 AM TO 7:30 PM
E-mail: ispny@hotmail.com


Empire Care Agency
LHCSA Licensed Home Health Care
PCA / HHA SERVICE
WHY CHOOSE US?
We Pay The Highest Rate
Our Experienced Nurse Will Advocate for your more Hours
হোম কেয়ার সেবা দিয়ে অর্থ উপার্জন করুন
আমরা সর্বোচ্চ পেমেন্ট দিয়ে থাকি
OUR SERVICES
Skilled Nursing
Home Health Aides
Medicaiton Remindrs
Meal Preparation
Personal Care
Light Housekeeping
$23
Per Hour Giver to PCA & HHA Care Giver
WE SPEAK BANGLA, HINDI, URDU, PUNJABI, SPANISH
NURUL AZIM
CEO
516-451-3748
119-40 Metropolitan Ave
Suite 101C, Kew Gardens
NY 11415
516-900-7860
Fax: 212-381-0649
Empirehcam@gmail.com


ঈদ উপলক্ষে 10% DISCOUNT
DUO NEST
REAL ESTATE TUTORING CENTER
নিউ ইয়র্কে আপনার রিয়েল এস্টেট ক্যারিয়ার শুরু করুন
কোন অভিজ্ঞতার প্রয়োজন নেই!
DUO NEST REAL ESTATE TUTORING- এ, আমরা আপনার লাইসেন্স পাওয়ার প্রক্রিয়া সহজ এবং ঝামেলামুক্ত করে তুলি
কেন রিয়েল এস্টেট লাইসেন্স নেবেন?
দ্রুত একটি নির্ভরযোগ্য আয় উপার্জন করুন।
নিউ ইয়র্কের ক্রমবর্ধমান রিয়েল এস্টেট বাজারে একটি সম্মানিত ক্যারিয়ার তৈরি করুন।
স্বাধীনভাবে বা নেতৃস্থানীয় রিয়েল এস্টেট সংস্থাগুলির সাথে কাজ করুন।
ধাপে ধাপে আর্থিক প্রবৃদ্ধি অর্জন করুন।
আপনার সাফল্যের মাধ্যমে আপনার পরিবারকে গর্বিত করুন।
শক্তিশালী ইংরেজি দক্ষতা নেই? কাজের অভিজ্ঞতা নেই?
কোন চিন্তা নেই আমরা আপনাকে প্রতিটি ধাপে গাইড করার জন্য এখানে আছি।
আমাদের সুযোগ ও সুবিধা
এককালীন পেমেন্ট, কোন এক্সট্রা ফি নেই।
আপনি পাশ করে লাইসেন্স পাওয়া না পর্যন্ত অগণিত ক্লাস।
দ্রুত শেখার জন্য ব্যক্তিগত ১-অন-১ কোচিং
পরীক্ষায় আত্মবিশ্বাস বাড়াতে প্র্যাকটিস এক্সাম
সময় অনুযায়ী অনলাইন বা সরাসরি ক্লাস আপনার সুবিধামতো সময়ে
পরিষ্কার, সহজবোধ্য ইংরেজি ব্যাখ্যা
রিয়েল এস্টেট সম্পর্কিত শব্দ ও নিয়মাবলী সহজ বাংলায় ব্যাখ্যা
Design by: ihopeprint.com, 929-538-7903
CALL US TODAY TO START YOUR REAL ESTATE CAREER
929-414-7746
929-608-6206
646-508-2434
duonest03@gmail.com
169-24 Hillside Ave, FL 2
Jamaica, NY 11432
www.duonest.us

# এশিয়া কাপের ফাইনালে পাকিস্তান

## ব্যাট হাতে প্রত্যাশা মেটাতে পারেনি বাংলাদেশ

সংক্ষিপ্ত স্কোর: ২০ ওভারে ১২৪/৯ (মোস্তাফিজ ৬*, রিশাদ ১৬* ; পারভেজ ০, হৃদয় ৫, সাইফ ১৮, মেহেদী ১১, সোহান ১৬, জাকের ৫, শামীম ৩০, তানজিম ১০, তাসকিন ৪)
ফল: পাকিস্তান ১১ রানে জয়ী।
২০ ওভারে ১৩৫/৮ (রউফ ৩*, ফাহিম ১৪*; ফারহান ৪, সাইম ০, ফখর ১৩, হুসেইন ৩, সালমান ১৯, শাহীন ১৯, হারিস ৩১, মোহাম্মদ নওয়াজ ২৫)



আজকাল স্পোর্টস

দুবাইয়ে এশিয়া কাপের সুপার ফোরে বাংলাদেশ-পাকিস্তান ম্যাচটা কার্যত পরিণত হয়েছিল অঘোষিত সেমিফাইনালে। বল হাতে পাকিস্তানকে ১৩৫ রানে রুখে দিতে পারলেও ব্যাট হাতে প্রত্যাশা মেটাতে পারেনি তারা। ব্যাটিং ব্যর্থতায় পাকিস্তানের কাছে ১১ রানে হেরে টুর্নামেন্ট থেকে বিদায় নিয়েছে বাংলাদেশ। আর প্রথমবারের মতো আগামী রবিবার এশিয়া কাপের ফাইনালে ভারতের মুখোমুখি হতে যাচ্ছে পাকিস্তান।

ব্যাট হাতে পাওয়ার প্লেতেই ধাক্কা খায় বাংলাদেশ। ২৯ রানে হারায় ৩ উইকেট। সেই ধাক্কা আর সামলাতে পারেনি তারা। দলকারি জুটিটাই গড়তে পারেনি। সর্বোচ্চ ইনিংস খেলা শামীম ৩০ রানে ফিরতেই শেষ হয় আশা। ১০১ রানেই হারায় নবম উইকেট। শেষ দিকে ৬ বলে যখন ২৩ রান দরকার রিশাদ বড় শট খেলে ব্যবধান কমানোর চেষ্টা করেছেন। তাতে ৯ উইকেটে ১২৪ রানে থামে বাংলাদেশের ইনিংস।
১৭ রানে ৩টি উইকেট নেন শাহীন আফ্রিদি। ৩৩ রানে তিনটি নেন হারিস রউফও। ১৬ রানে দুটি নেন সাইম আইয়ুব। ১৪ রানে একটি নেন মোহাম্মদ নওয়াজ।

৯ উইকেট নেই বাংলাদেশের : শামীমের আউটের পর প্রতিরোধ গড়ার মতো কিছু করতে পারেননি তানজিম, তাসকিনরা। ১৮তম ওভারে হারিস রউফের বলে বিদায় নিয়েছেন দুজনেই। তানজিমের পর তাসকিনও বোল্ড হলে বাংলাদেশ ১০১ রানে হারায় ৯ উইকেট।
শামীমের বিদায়ে কঠিন হলো পথ : সতীর্থদের এরপর ৩৯ পৃষ্ঠায়




## সুষ্ঠু বিসিবি নির্বাচন নিয়ে শঙ্কা সৌম্য-তাইজুলদের

আজকাল স্পোর্টস

আগামী ৬ অক্টোবর অনুষ্ঠিতব্য বিসিবি নির্বাচনকে ঘিরে উত্তাপ ছড়াতে শুরু করেছে। সভাপতি পদের বড় দুই প্রতিপক্ষ ইতোমধ্যেই দৃশ্যমান- বিসিবি সভাপতি আমিনুল ইসলাম বুলবুল এবং তারকা ব্যাটার তামিম ইকবাল। নির্বাচনের সময় যতই এগোচ্ছে, ততই লড়াইটা নজরে আসছে। এই লড়াইয়ে দুই ভাগে বিভক্ত হয়ে পড়েছেন সংগঠক থেকে শুরু করে ক্রিকেটাররাও।
নির্বাচনের চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের চূড়ান্ত করা হবে ২৬ সেপ্টেম্বর। গত মঙ্গলবার ২৩ সেপ্টেম্বর ঘোষণা করা হয়েছে খসড়া ভোটার তালিকা। খসড়া এরপর ৪২ পৃষ্ঠায়



## লিওনেল মেসির জোড়া গোলে প্লে-অফে ইন্টার মিয়ামি

আজকাল স্পোর্টস

আরও একবার বাঁ পায়ের ঝলক দেখালেন লিওনেল মেসি। তার জোড়া গোলে জয় করে নিউইয়র্ক সিটিকে ৪-০ ব্যবধানে উড়িয়ে দিলো ইন্টার মিয়ামি। এই জয়ে মেজর লিগ সকার (এমএলএস) প্লে-অফে নিজেদের জায়গা নিশ্চিত করেছে মিয়ামি। ম্যাচের ৪৩ মিনিটে বালতাসার রদ্রিগেজের গোলে এগিয়ে যায় ইন্টার মিয়ামি। শেষদিকে নয় মিনিটে তারা করেছে তিন গোল।
৭৪ আর ৮৬ মিনিটে দুটি গোল করেন মেসি। হতে পারতো হ্যাটট্রিকও। কিন্তু ম্যাচের ৮৩তম মিনিটে ইন্টার মিয়ামি পেনাল্টি পেলে মেসি তার দীর্ঘদিনের সতীর্থ লুইস সুয়ারেজকে সুযোগ করে দেন। মেসি গত ১২ ম্যাচের মধ্যে ৮টিতে দুই বা ততোধিক গোল করেছেন, যা এমএলএস ইতিহাসে চতুর্থ খেলোয়াড় হিসেবে এক মৌসুমে এমন অর্জনের নজির স্থাপন করলো। ম্যাচ শেষে দলের কোচ হাভিয়ের মাশ্চেরানো বলেন, আমরা খুশি, কারণ এখন আমরা আনুষ্ঠানিকভাবে প্লে-অফে জায়গা করে নিয়েছি। এটি আমাদের জন্য খুবই গুরুত্বপূর্ণ ছিল। এখন আমাদের সামনে এগিয়ে যেতে হবে। বর্তমানে ইন্টার মিয়ামি ইস্টার্ন কনফারেন্সের পয়েন্ট টেবিলে ২৯ ম্যাচে ৫৫ পয়েন্ট নিয়ে তৃতীয় স্থানে রয়েছে। তারা লিগের শীর্ষ দল ফিলাডেলফিয়া ইউনিয়নের থেকে দুটি ম্যাচ কম খেলেছে। এখন ইন্টার মিয়ামির নজর শনিবারের গুরুত্বপূর্ণ ম্যাচের দিকে, যেখানে টরন্টো এফসির বিপক্ষে জয় পেলে তারা সাপোর্টার্স শিল্ডের দৌড়ে আরও একধাপ এগিয়ে যাবে।




## ‘রোনালদোকে ঘৃণা করি না, মেসি-রোনালদোর একজনকে বেছে নেওয়া কঠিন’

আজকাল স্পোর্টস

পাঁচ বছর একসঙ্গে খেলেছেন ক্রিশ্চিয়ানো রোনালদো এবং ওয়েন রুনি। ২০০৪ থেকে ২০০৯ সাল পর্যন্ত স্যার অ্যালেক্স ফার্গুসনকে তিনটি প্রিমিয়ার লিগ শিরোপা ও একটি চ্যাম্পিয়ন্স লিগ জিতিয়েছেন তারা দু'জন। ক্লাবের জার্সিতে কাঁধে কাঁধ মিলিয়ে খেললেও জাতীয় দলের জার্সিতে যখনই দু'জন মুখোমুখি হতেন, তখন রোনালদোর প্রতি রুনির বিদ্বেষ দেখা যেতো বেশি। তখনই বোঝা যেতো দু'জনের সম্পর্ক মোটেও ভালো নয়। ২০০৬ বিশ্বকাপে ইংল্যান্ড-পর্তুগাল কোয়ার্টার ফাইনালে রুনির লাল কার্ডে রোনালদোর ভূমিকা নিয়ে বিতর্ক তৈরি হয়েছিল।
সেই রোনালদো এখনও খেলছেন। আর রুনি খেলা ছেড়ে পুরোদস্তুর কোচ হয়ে গেছেন। দীর্ঘদিন পর রোনালদোর সঙ্গে সম্পর্ক নিয়ে মুখ খুলেছেন রুনি। জানালেন, রোনালদোকে কখনোই ঘৃণা করতেন না তিনি। একই সঙ্গে মেসি এবং রোনালদোর তুলনা করতেও নারাজ ছিলেন তিনি। ম্যানচেস্টার ইউনাইটেড কিংবদন্তি রুনি বরং পর্তুগিজ তারকাকে তিনি 'জিনিয়াস' বলে অভিহিত করেন। 'রিও ফার্ডিন্যান্ড প্রেজেন্টস' পডকাস্টে রুনি বলেন, 'মানুষ ভাবে আমি রোনালদোকে ঘৃণা করি। আসলে আমি ওকে ভালোবাসি। আমি মনে করি, ও একজন জিনিয়াস। খেলোয়াড় হিসেবে ও অসাধারণ। আমি ক্রিস্টিয়ানোকে ভালোবাসি এবং ওর সঙ্গে খেলতে পেরে আনন্দিত। আমরা আসলে খুব ঘনিষ্ঠ এরপর ৩৬ পৃষ্ঠায়

# পাকিস্তানকে হারিয়ে ফাইনালে বাংলাদেশ

আজকাল স্পোর্টস

ম্যাচটি যেভাবে শুরু করেছিল বাংলাদেশ তাতে মনে হয়েছিল পাকিস্তান গোলেই ভেসে যাবে। সাফ অনূর্ধ্ব-১৭ চ্যাম্পিয়নশিপের সেমিফাইনালের বয়স ৪ মিনিট হতে না হতেই বাংলাদেশের নামের পাশে দুই গোল।
তৃতীয় মিনিটে নাজমুল হুদা ও চতুর্থ মিনিটে অপু রহমানের গোলে শুরুতেই পাকিস্তানকে কোণঠাসা করে রাখে বাংলাদেশের কিশোররা। তবে বাকি ৮৬ মিনিটে ব্যবধান আর বাড়াতে পারেনি বাংলাদেশ। ২-০ গোলের জয়েই উঠে যায় ফাইনালে।
কলম্বোর রেসকোর্স স্টেডিয়ামে বাংলাদেশ লিড নিয়েছিল পাকিস্তানের ডিফেন্স আর গোলরক্ষকের ভুলে। ডান দিক থেকে অপু রহমানের বাড়ানো বল ক্লিয়ার করতে পারেননি পাকিস্তানের রক্ষণের কেউ। বল চলে গিয়েছিল দলটির গোলরক্ষকের কাছে। ঝাঁপিয়ে পড়েছিলেন পাকিস্তানের গোলরক্ষক। রাখতে পারেননি। বল ছুটে গেলে অপু হালকা প্রেসিংয়ে পাঠান পাকিস্তানের জালে।
বাংলাদেশ লিড দ্বিগুণ করে পরের মিনিটেই। দর্শনীয় গোল করেন অপু রহমান। বাম দিক দিয়ে বক্সে ঢুকে কোনাকুনি শটে পাকিস্তান গোলরক্ষককে বোকা বানান এই ফরোয়ার্ড। দ্বিতীয়ার্ধে ব্যবধান বাড়ানোর সহজ সুযোগ নষ্ট করেন মাহিন। নাজমুল হুদা ফয়সালের ডিফেন্সচেরা পাস মাহিনের পায়ের সামনে দিয়ে বাইরে চলে যায় বাইরে। যখন পাকিস্তানের গোলরক্ষক ছিলেন বেশ দূরে। রাত ৮ টায় দ্বিতীয় সেমিফাইনালে মুখোমুখি হবে ভারত ও নেপাল। জয়ী দলের বিপক্ষে শনিবার ফাইনাল খেলবে গোলাম রাব্বানী ছোটনের দল।





## পাকিস্তানকে হারানোর পর যা বললেন বাংলাদেশ কোচ

আজকাল স্পোর্টস

সাফ অনূর্ধ্ব-১৭ চ্যাম্পিয়নশিপে দাপট দেখিয়ে পাকিস্তানকে ২-০ গোলে হারিয়ে ফাইনালে উঠেছে বাংলাদেশ। শিরোপার আরও কাছে গোলাম রব্বানী ছোটনের দল। এখন লক্ষ্য ট্রফি জয়। কলম্বোর রেসকোর্স স্টেডিয়ামে সেমিফাইনালের তৃতীয় মিনিটে গোল করেন নাজমুল হুদা এরপর ৩৬ পৃষ্ঠায়

# Urgent sell

1. One king size bed with mattress
2. One queen size bed with mattress
3. One twin size bed with mattress and storage drawers
4. Wooden dining table with 6 chairs+cushions
5. Wooden coffee table
6. Wooden TV stand with drawers
7. One 3 seater Sofa couch cum bed
8. 2 display tables/racks
9. Two chairs
10. Humidifier - 3
11. Study desk (White) for kids
12. Shelf
13. Floor lamps

Electronics:
1. Coffee maker
2. Air fryer oven (has several functions including rotisserie chicken)
3. Braun hand held blender
4. Three set blender
5. Bullet blender
6. Mini waffle maker
7. Hamilton Beach confectionary mixer
8. 17" Monitor for computer with key board (cord less) not used

PICK UP LOCATION:
Roosevelt island New York City

CONTACT:

CELL: +1 (347) 294-9697


## বাংলাদেশেও বেজে উঠছে ডিক্যাপ্রিওর যুদ্ধের দামামা

৪৪ পৃষ্ঠার পর

তিনি আরও বলেন, 'ওয়ান ব্যাটল আফটার অ্যানাদার' রাজনৈতিক ঘরানার সিনেমা হলেও, রাজনীতি নিয়ে সরাসরি কোনও বক্তব্য নেই। পরিচালক সব কিছু বিনোদনের মোড়কে বলে দিয়েছেন।' এই সিনেমায় রাজনৈতিক ব্যঙ্গ, ব্ল্যাক কমেডি ও অ্যাকশনের মিশ্রণ আছে। যার প্রশংসা করেছেন সমালোচকেরা। দ্য গার্ডিয়ান লিখেছে, 'এই সিনেমা অনন্য, প্রতিবাদ আর সমাজের বাইরে থাকা একাকী নায়কের গল্প, যা আজকের আমেরিকায় দেখা যায় না।' সিনেমার গল্পে সাবেক বিপ্লবীদের একটি দলের মেয়েকে উদ্ধারের জন্য ১৬ বছর পর আবার একত্রিত হয়। এ সিনেমার মুখ্য ভূমিকায় অভিনয়ের জন্য ২৩ মিলিয়ন মার্কিন ডলার পারিশ্রমিক নিয়েছেন লিওনার্দো ডিক্যাপ্রিও। ২০২৩ সালের জুনে প্রাথমিকভাবে সিনেমাটির কাজ শুরু হলেও পুরোদমে শুটিং চলতে থাকে ২০২৪ সালের ২২ জানুয়ারি পর্যন্ত। আমেরিকার বিভিন্ন লোকেশনে চিত্রায়িত এ সিনেমার প্রাথমিক নাম ছিল 'দ্য ব্যাটল অব বাকটান ক্রস'। পরে কিছু জটিলতা এড়াতে এটির নাম পরিবর্তন করে রাখা হয় 'ওয়ান ব্যাটল আফটার অ্যানাদার'। ২০০৭ সালে পরিচালক অ্যান্ডারসনের সিনেমা 'দেয়ার উইল বি ব্লাড' দুর্দান্ত ব্যবসা করেছিল। এ কারণেই ধারণা করা হচ্ছে লিওনার্দোর সঙ্গে কাজে জুটি বাঁধা এ পরিচালকের জন্য সিনেমাটি হতে পারে একটি মাইলফলক। গত ২০ মার্চ এ সিনেমার টিজার প্রকাশ করেছিল পরিবেশক ওয়ার্নার ব্রাদার্স। টিজারের পর এ সিনেমার প্রতি দর্শকদের ব্যাপক আগ্রহ লক্ষ্য করা গেছে। ১৭৫ মিলিয়ন ডলারের বাজেটে নির্মিত ছবিটিকে পরিচালক অ্যান্ডারসনের ক্যারিয়ারের সবচেয়ে উচ্চাভিলাষী প্রকল্প বলা হচ্ছে। ডিক্যাপ্রিও বলেন, 'অ্যান্ডারসন সবসময় দারুণ ছবি বানান, তবে এবার যেন নিজেকে ছাড়িয়ে গেছেন।' সবমিলিয়ে ধারণা করা হচ্ছে লিওনার্দো ডিক্যাপ্রিও এবং পরিচালক অ্যান্ডারসন দু'জনের ক্যারিয়ারেই সাফল্যের নতুন মাত্রা যোগ করবে ছবিটি।


BECOME A REALTOR
রিয়েল এস্টেট পেশায় আসুন

Make SIX-FIGURE ($$$$$$) or more income/ year !

মাত্র ১ মাসেই লাইসেন্স করা সম্ভব
বছরে লক্ষ লক্ষ ডলার ($$$$$$) আয় করুন

YES, Sky is the Limit! NO MORE ODD JOB!
No Bossing! Work Independently
Work Part-time/ Full-time, We Help You:

Pass Real Estate Exam
[ Salesperson in New York State ]
মাতৃভাষায় ব্যাখ্যা করা হয়

Unlimited Package Deal- Flat Fee - Until You Pass
পাশ-চুক্তি পড়ানো- পাশের নিশ্চয়তা ১০০%

Real Estate Productivity Coaching



Azizul Hoque
[Realtor Hoque]
Consultant, Coach & Licensed Realtor
148-45 Hillside Avenue, Suite 201B
Jamaica, NY 11435
Phone: 347 451 7307
Email: realtorhoque64@gmail.com



kw LANDMARK II
KELLERWILLIAMS REALTY




- Residential
- Foreclosures
- Short Sale
- Bank Owned/ REO Properties
- Commercial
- Auctions
- Hud
- Investment
- Co-Op & Condo
- Rentals

- List Your Property Faster with TOP $$$
- Free Market Analysis
- Consultation



Azizul Hoque
[Realtor Hoque]
Licensed Realtor

realtorhoque64@gmail.com
azizul.hoque@kw.com
www.azizul-hoque.kw.com
347-451-7307
347-846-1200
347-846-1201
75-35 31st Avenue Suite. 202
Jackson Heights, NY-11370




realtorhoque64
AzizulH48770125
azizul-hoque-880064245


## সমীরের নিশানায় আরিয়ান-শাহরুখ

৪৪ পৃষ্ঠার পর

মাদকের বিরুদ্ধে যুদ্ধের কথা বলতে শুরু করেন। এরপর বলিউডের পুরো চলচ্চিত্র শিল্পকে মাদকের সমস্যায় জর্জরিত বলে অভিহিত করেন। তিনি নিজেকে 'মাদকের বিরুদ্ধে যুদ্ধ' এবং 'এনসিবি'-এর অংশ বলে দাবি করেন। সিরিজে ওই অফিসারকে সাদা শার্ট এবং গাঢ় কালো প্যান্ট পরা দেখানো হয়েছে। পাতলা গড়ন ও ছোট চুলের সে অফিসারকে দেখতে ওয়াংখেড়ের মতোই লাগছিলো।

ভিডিওর মন্তব্যের ঘরে এক নেটিজেন লেখেন, জেনে দেখো, কাকে রোস্ট করছেন আরিয়ান? আরেকজন মজা করে লেখেন, এ ওয়েব সিরিজে ক্যামিও চরিত্রে এনসিবি-র অফিসার সমীর ওয়াংখেড়ে!

